ইতিহাস যুগে যুগে

(অষ্টম শ্রেণী)



ডক্টর প্রবীর কুমার বসু

4782
24.5.90

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্ কর্তৃক ১৯৮২ সাল হইতে প্রবর্তিত নূতন পাঠক্রম অনুযায়ী পশ্চিমবঙ্গ ও ত্রিপুরার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়সমূহের অষ্টম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য লিখিত।

[Vide Circular No. Syll/81/2, dated 30. 4. 81]

Submission No. Syll/H/VIII/81/101, dated 10.12.81

ইতিহাস যুগে যুগে

[তৃতীয় ভাগ]

[অষ্টম শ্রেণীর পাঠ্য]

ডক্টর প্রবীর কুমার বসু, এম্. এ., পি-এইচ. ডি.
অধ্যক্ষ, রবীন্দ্র শতবার্ষিকী মহাবিদ্যালয়, ঘাটাল, মেদিনীপুর ; ইতিহাসের প্রাক্তন অধ্যাপক, বিজয়গড় জ্যোতিষ রায় কলেজ, কলিকাতা ; সিউড়ি বিদ্যাসাগর কলেজ, বীরভূম।

S.C.E.R.T., West Bengal
Library
Calcutta
25/3, B. T. Road

অভিনব প্রকাশন
৩০এ, সীতারাম ঘোষ স্ট্রীট,
কলিকাতা-৭০০০০৯

প্রকাশক ঃ
সরস্বতী সাউ, বি. এস-সি
৩০এ, সীতারাম ঘোষ স্ট্রীট
কলিকাতা-৭০০ ০০৯

S.C.E.R.T. West Bengal
Date .....
Acc. No. 4782

প্রথম সংস্করণ ঃ নভেম্বর, ১৯৮১
দ্বিতীয় সংস্করণ ঃ জানুয়ারী, ১৯৮৫
তৃতীয় সংস্করণ ঃ জানুয়ারী ১৯৮৬
চতুর্থ সংস্করণ ঃ জানুয়ারী, ১৯৮৭
পঞ্চম সংস্করণ ঃ জানুয়ারী, ১৯৮৮

HVIII
PRA

মূল্য ঃ ষোল টাকা মাত্র

মুদ্রক ঃ
বংশীধর সিংহ
বাণী মুদ্রণ
১২, নরেন সেন স্কোয়ার
কলিকাতা-৭০০ ০০৯

ভূমিকা

পঞ্চদশ শতাব্দীর মধ্যভাগ থেকে আধুনিক যুগ ইউরোপে পদার্পণ করলেও বিশ্বের অন্যান্য অঞ্চলে এই যুগের আবির্ভাব বিলম্বিত হয়েছিল। বইটিতে অল্প পরিসরে বিশ্বের পাঁচশ বছরের ইতিহাসের প্রধান ধারাগুলি বর্ণিত হয়েছে। এই যুগে রাজনৈতিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক পরিস্থিতির যে পরিবর্তন ঘটেছে, তাতে পৃথিবীতে এক যুগান্তর উপস্থিত হয়েছে। এই যুগের প্রারম্ভে আধুনিক যুগের বৈশিষ্ট্যগুলি, যথা রেনেসাঁস, ধর্মসংস্কার আন্দোলন, ফরাসী বিপ্লবের তিনটি বাণী, যথা স্বাধীনতা, সাম্য ও মৈত্রী, জাতীয়তাবাদের প্রসার ও শিল্প-বিপ্লব দেখা দিয়েছিল। এই যুগের শেষে সমাজতন্ত্রবাদের বিকাশ এবং বিশ্বের বহু দেশে সাম্যবাদী রাষ্ট্র প্রতিষ্ঠার ফলে রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষেত্রে ব্যাপক পরিবর্তন হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধ পর্যন্ত ইউরোপই পৃথিবীর রাজনৈতিক ও অর্থনৈতিক কেন্দ্র ছিল। কিন্তু আমেরিকা যুক্তরাষ্ট্র, চীন ও জাপান বিশ্ব রাজনীতিতে ক্রমশঃ যেভাবে প্রভাব বিস্তার করেছিল তা প্রতিফলনের জন্য ঐ সব দেশের ইতিহাসও পাঠক্রমে বিশেষ স্থান পেয়েছে। তাছাড়া আফ্রিকার 'জাতীয় মুক্তি-আন্দোলন' ও বহু স্বাধীন রাষ্ট্রের অভ্যুত্থান এবং দক্ষিণ-পূর্ব এশিয়ায় এক নবজাগরণের ফলে ইউরোপীয় সাম্রাজ্যবাদের বিলুপ্তি এই যুগের শেষভাগের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য। দুটি বিধ্বংসী ও লোকক্ষয়কারী বিশ্বযুদ্ধও আধুনিক যুগেই সংঘটিত হয়েছিল।

আধুনিক যুগের খুঁটিনাটি বা প্রচুর তথ্য কোমলমতি ছাত্র-ছাত্রীদের পরিবেশন না করে এই যুগের ইতিহাসের মূল ধারাগুলি অনুধাবনের জন্য চেষ্টা করা হয়েছে। ভূগোল সম্বন্ধে সুস্পষ্ট ধারণা না থাকলে ইতিহাস ভালভাবে বোঝা সম্ভব নয়। এজন্য এই বইতে প্রয়োজনীয় মানচিত্র দেওয়া হয়েছে। বইটি যদি ছাত্র-ছাত্রীদের মনে আধুনিক বিশ্বের ইতিহাসের প্রধান ধারাগুলি সম্বন্ধে জ্ঞান ও অনুসন্ধিৎসা সঞ্চার করতে পারে তবে আমার শ্রম সার্থক হয়েছে বিবেচনা করবো। শিক্ষক-শিক্ষিকাগণের নিকট বিনীত নিবেদন এই যে, এই বইটির উৎকর্ষসাধনে তাঁদের মতামত জানালে বিশেষ বাধিত হবো।

কলিকাতা,
৩০শে নভেম্বর, ১৯৮১

বিনীত
ডঃ প্রবীরকুমার বসু

SYLLABUS ON HISTORY FOR CLASS VIII

1. *Modern Age:*
Changing Economy of Europe : Decay of Feudalism—some improvements in the technique of agricultural production—new crops introduced—some improvements in industrial production —impact.

2. *Renaissance in Europe* :

(a) *Its character* : An evolutionary process since the 12th Century, stimulated by the fall of Constantinople in 1453 ; revival of the learning of the ancient Greeks and Romans, and respect for scientific truth and accuracy ; recovery of the old Greek attitude towards a life not interested in otherwordliness or priestly mediation, nor inclined to believe, on traditional authority, that what happened in nature was an act of God ; open-minded critical enquiry into life despite all attempts of the Catholic Church to maintain old beliefs ; a spirit of enquiry guided by reason and broadened by personal experiment and observation since the 13th Century.

(b) Early lead in Italy, where merchant princes vied with one another in their support and encouragement of art and literature and science, was taken by Florence, from where it spread to Milan, Rome and other cities and then spilled over the Alps to Europe in Germany, Flanders, the Netherlands, Portugal, Spain, France and England.

(i) *Intellectual Renaissance or humanism* :
With reference to the development of literature in the refined vernacular languages : Dante, Petrarch, Machiavelli, Boccacio (Italy) ; Sir Francis Bacon, Chaucer, Spencer and Shakespeare (England) ; Erasmus (the Netherlands) ; Cervantes (Spain) ; Rabelais (France).

(No biographical details are wanted ; only their significant contributions towards promoting open-minded, critical enquiry into life and nature, guided by reason and human interest in everything around them).

(ii) *Renaissance in art* (painting, sculpture and architecture) specially Leonardo da Vinci, Raphael, Michelangelo.

(iii) *Renaissance in Science* : Roger Bacon, Sir Francis Bacon, Leonardo da Vinci, Copernicus, Galileo, Gutenberg (printing press).

3. *Europeans widen their world* :
The Spirit of Renaissance in Italy led to the discovery of new worlds by the intrepid navigators of Portugal and Spain with the help of the improved compass and astrelabe : Prince Henry the Navigator, Barthelomew Diaz, Al Buquerque, Vasco da Gama, Cabral (all for Portugal) ; Columbus, Balboa, Amerigo Vespucci, Magellan (all for Spain).

Results : (i) Widening knowledge of world geography and the ancient civilizations of the New Continent ;

(ii) Circumnavigation of the world ;

(iii) the flag followed trade ; Colonies and colonial exploitation ; the Spanish conquistadores.

4. *Nations—Formulation and Rising and Waning Faith* :
Reformation in Europe :
(a) Protest against abuses in the Catholic Church—in reference to the teaching and actions of John Wycliffe of Oxford, John Huss of Prague, Martin Luther of Witterberg. (In narrative form.)

(b) Results : Lutheran or Protestant Church in some states in Germany : spread of Protestantism in Northern Europe, England and Scotland.

(c) Reform within the Catholic Church :

(i) For internal reform and consolidation ; to improve the morals of the clergy : to stamp out heresy by coercive method and trial in the Inquisition Court : the Jesuit Society : the Council of Trent, 1545-1563 (mere reference only, ignoring dogmas or beliefs of the Catholic Church).

(ii) The Religious Wars in the Holy Roman Empire between the League of Protestant states and Emperor Charles V, 1546-1555 (without details) ; the treaty of Augsburg, 1555 (only reference).

(d) Attempt on the part of Philip II of Spain to stamp out Protestant heresy in the Netherlands—his misrule and heavy taxes lead to the Dutch Revolt under William of Orange—its result—the Dutch Republic's independence recognised in 1648 (*later kingdom*) ; Southern Netherlands, later known as the Austrian Netherlands, was called the kingdom of Belgium, a Catholic State.

(e) Attempt of Philip to bring Protestant England and its Church under his control (in brief)—the Spanish Armada —Philip's failure.

5. *The English Revolution in the 17th Century* :
Central issues in the conflict between King and Parliament—The Civil War (brief story)—Cromwell and the Commonwealth—The Restoration—The Bloodless or Glorious Revolution of 1688—the Bill of Rights, 1689 and other results.

6. *India* :

(A) The Mughal Empire :

(1) Foundation, growth and expansion from 1526-1707 (in brief, narrative form of description of battles and war of succession preceding Aurangzeb's enthronement may be just touched)

(2) Main features of Mughal rule—Administration, culture, social and economic life, accounts of foreign travellers.

(3) Decline of the Empire 1707-1757, a brief account.

(B) (1) Coming of the European traders—growth of rivalries (in brief story form).

(2) Rise and expansion of Maratha power (battles may be touched only without details—in story form).

(3) Rise of the Sikhs, their organisation (battles may be touched only without details—in story form).

7. *Foundation and growth of the British power in India till* 1857 *in short narrative form.*

(1) Early phase till 1818.
(2) Later phase till 1857.
(3) The 'Mutiny', causes and nature, reasons for failure.
(4) Results of British Rule : political and economic discontent.

8. *World in the 18th Century* : *Age of Reason* (no reference to "Enlightened Despotism").

The Three Revolutions :

(A) American war of Independence : causes, reasons for American success, results.

(B) Industrial Revolution in England ; meaning. The agricultural revolution, Inventions—Results.

(C) French Revolution :

(1) Pre-revolutionary thought ; eminent leaders—Rousseau, Voltaire, Mentesquieu—causes and progress (in brief).

(2) Napolean as 'Soldier of the Revolution' and as Emperor. The Revolt of Europe.

(3) Permanent results of the French Revolution.

9. *Europe since* 1815 :

(A) Forces of nationalism and democracy (liberalism) versus forces of reaction as seen in the principle of legitimacy and workings of the Quadruple Alliance and the Metternich system (in brief)

(B) Nationalism and democracy in Europe (Italy and Germany) upto 1871 (in brief).

(C) American Civil War : Central issues ; Abraham Lincoln's role.

(D) Industrialization of Europe (machine civilization) : its results. The Working Class—Marx and Engels.

10. (A) Developments in China till 1911 : (Both China and Japan should be treated in a simple general way without any details of wars and treaties.)

(i) Opium War and the Treaty of Nanking, 1842, and the British Commercial Treaty ; the Tientsin Treaties ; Treaty of ports, Foreign Settlements and extra-territorial rights ; rivalry among powers for cutting up the Chinese melon. Hay's Open Deer 1901.

(ii) Chinese reaction : The Taiping Rebellion, 1853 ; the Hundred Days Reform 1898 ; the Boxer Rebellion ; Empress Dowager's reaction ; fresh attempt at internal reform 1902-1908 ; overthrow of the last Manchu Emperor in 1911 ; China a republic, 1912 ; Sun Yat-Sen and Yuan Shi-Kai. (All in brief narrative form).

(B) Rise of Japan as a great power till 1914 : Meiji restoration 1867 ; the position of the Crown ; westernization of Japan, politically, economically, socially and militarily ; Japanese Imperialism begins with the Sino-Japanese War, 1894-95 ; the Anglo-Japanese Alliance of 1902 (the sheet-anchor of Japanese power in the Pacific) ; Russo-Japanese War, 1904-1905 ; annexation of Korea, 1910 ; World War I and Japan's 21 demands on feeble China. (all in brief narrative form).

11. *India under the Crown,* 1858-1914 :
New Administration—Imperial expansion—Reform movements in the 19th century—growth of the nationalist sentiment—the Indian National Congress. Extremist movement from 1905-1914.

12. *The First World War* : Underlying causes, its magnitude : Results (with special reference to India 1914-1918)—Reasons for India's aiding the war effort, Economic strains and popular discontent ; work of the revolutionaries in India and abroad. Home Rule movement, Lucknow pact, Rowlatt Act, Jalianwallabagh, Proposal for Montford Reforms, Muslim discontent,

Stage set for Non-Co-Operation, Emergence of Gandhiji as a national Leader.

13. *The Bolshevik Revolution Causes*— its impact on Europe and the world.

14. *Europe* 1919-1939 : Paris Peace Conference and Reconstruction of Europe—Growth of Fascism and Nazism. The League of Nations, its achievements and failure (in brief).

15. *The Second World War* : its origins and results (Brief outline).

16. *India* 1919-1947 : Different phases of the Freedom Movement : Nonco-operation movement, Peasants' & Workers' Participation : Civil Disobedience Movement, 'Quit India', 'Azad Hind' and general upsurge, transfer of power and Independence.

17. Revolution in China. 1911-1949 :
The Republic divided between Yuan Shi-Kai and Sun Yat-Sen —Yuan dies in 1916 ; China in the grip of Tu Chuns (War lords) ; Sun Yat-sen's Kuomintang (Nationalist Party)—his Three People's Principles—his death in 1925 ; K.M.T. and Communist Party of China relations from 1921-1924—Chiang Kai-shek and his attempt to unify China ; attempt to destroy the Communists led by Mao Zedung—the failure of the C.P.C.'s Hankow putsch ; Chiang's repressive policy—the 6000 mile Long March of the Communists (from Kiangsi to Shensi (1934) ; the Border Zene (Chensi, Kensu, Ninghsia) north-western China : the Sian-Fu incident of 1936 to bring in north-western China : the Sian-Fu incident of 1936 to bring Japanese invasion of Chinese territory since 1931—the invasion merges in World War II in 1941 ; the Civil War between the Kuomintang and the Communists begins after the end of World War II in 1945 ; Chiang and his Kuomintang forces driven out from China to Formoza (Taiwan)—the mainland of China united under Mao's control in October—1949. (in brief story form.)

18. Revolution in "South-East Asia" after 1945 : Indo-China, Burma, Malayasia, Indonesia.

19. Spread of nationalism and unrest in subject countries during World War II—The Atlantic Charter—Foundation of the U.N.O., its objective—Triumph of the Socialist forces—growth of socialist movement and the anti-colonial movement.

সূচীপত্র

প্রথম অধ্যায় ঃ ইউরোপের পরিবর্তনশীল অর্থনীতি ১—৩

আধুনিক যুগের সূত্রপাত ও সামন্ততন্ত্রের অবসান ১ ; কৃষি ও শিল্পের উন্নতি—এর ফলাফল ২ ; অনুশীলনী ৩।

দ্বিতীয় অধ্যায় ঃ ইউরোপে নবজাগরণ ৪—১৩

নবজাগরণের স্বরূপ ৪ ; ইউরোপে নবজাগরণের বিস্তৃতি ৫ ; চিন্তার ক্ষেত্রে নবজাগরণ ঃ মানবতাবাদ ৬ ; শিল্পের ক্ষেত্রে নবজাগরণ ৮ ; বিজ্ঞানের ক্ষেত্রে নবজাগরণ ৯ ; অনুশীলনী ১২।

তৃতীয় অধ্যায় ঃ ইউরোপীয় জগতের পরিধি বিস্তার ১৪—১৯

ভৌগোলিক আবিষ্কারের কারণ ১৪ ; ভৌগোলিক আবিষ্কারে পোর্তুগালের প্রচেষ্টা ১৪ ; ভৌগোলিক আবিষ্কারে স্পেনের প্রচেষ্টা ১৭ ; অনুশীলনী ১৯।

চতুর্থ অধ্যায় ঃ ইউরোপে ধর্মসংস্কার আন্দোলন ২০—৩০

ধর্মসংস্কার আন্দোলনের কারণ ২০ ; ধর্মসংস্কার আন্দোলনের ফলাফল ২২ ; ক্যাথলিক চার্চের অভ্যন্তরীণ সংস্কার ২৩ ; সম্রাট প্রথম চার্লস ও প্রোটেস্ট্যান্ট রাষ্ট্রসমূহের মধ্যে ধর্মীয় যুদ্ধ ২৫ ; প্রজাতান্ত্রিক নেদারল্যান্ড রাষ্ট্রের উদ্ভব ২৬ ; স্পেনের সম্রাট দ্বিতীয় ফিলিপ ও ইংলন্ড ২৮ ; অনুশীলনী ২৯।

পঞ্চম অধ্যায় ঃ সপ্তদশ শতাব্দীতে ইংলন্ডের বিপ্লব ৩১—৩৬

রাজা ও পার্লামেন্টের মধ্যে বিবাদের মূল কারণ ৩১ ; গৃহযুদ্ধ ঃ ক্রমওয়েল ও কমনওয়েলথ ৩২ ; স্টুয়ার্ট বংশের পুনঃপ্রতিষ্ঠা ৩৪ ; গৌরবময় বিপ্লব ও এর ফলাফল ৩৪ ; অনুশীলনী ৩৫।

ষষ্ঠ অধ্যায় ঃ ভারতবর্ষ ৩৭—৫২

ভারতে মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠা, বিকাশ ও বিস্তার (১৫২৬—১৭০৭)

(ক) **মুঘল সাম্রাজ্য ঃ** বাবর ৩৭ ; হুমায়ুন ৩৭ ; শেরশাহ ৩৮ ; আকবর ৩৯ ; জাহাঙ্গীর ৩৯ ; শাহজাহান ৪০ ; আওরঙ্গজেব ৪১ ; মুঘল যুগের সামাজিক ও অর্থনৈতিক জীবন ঃ বৈদেশিকদের বিবরণ ৪৩ ; মুঘল সাম্রাজ্যের ক্রমিক অবনতি ও বিলুপ্তি (১৭০৭—১৭৫৭) ৪৪।

(খ) **ভারতে ইউরোপীয় বণিকদের আগমন ঃ** পারস্পরিক প্রতিদ্বন্দ্বিতা ৪৫ ; মারাঠা শক্তির উত্থান ও বিস্তার ৪৭ ; শিখদের অভ্যুত্থান ও সংগঠন ৪৯ ; অনুশীলনী ৫১।

সপ্তম অধ্যায় ঃ ভারতে ব্রিটিশ শক্তি প্রতিষ্ঠা ও বিস্তার (১৮৫৭ পর্যন্ত) ৫৩—৬৬

প্রথম স্তর ঃ ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের পত্তন ও বিকাশ (১৮১৮ খ্রীঃ পর্যন্ত) ৫৩ ; পরবর্তী স্তর ঃ ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের বিস্তার ১৮৫৭ খ্রীঃ পর্যন্ত) ৫৭ ; সিপাহী বিদ্রোহ ৬০ ; ভারতে ব্রিটিশ শাসনের ফলাফল ঃ রাজনৈতিক ও অর্থনৈতিক অসন্তোষ (সিপাহী বিদ্রোহ পর্যন্ত) ৬৪ ; অনুশীলনী ৬৫।

অষ্টম অধ্যায় ঃ অষ্টাদশ শতাব্দীর জগৎ ঃ যুক্তিবাদের যুগ ৬৭—৮০

আমেরিকার স্বাধীনতা সংগ্রাম ৬৭ ; ইংলন্ডের শিল্পবিপ্লব ৭০ ; ফরাসী বিপ্লব ৭৩ ; অনুশীলনী ৮০।

নবম অধ্যায় ঃ ১৮১৫ খ্রীস্টাব্দ থেকে ইউরোপের ইতিহাস ৮১—৯৩

গণতন্ত্র ও জাতীয়তাবাদ বনাম প্রতিক্রিয়াশীল শক্তির বিরোধ ঃ (ক) ভিয়েনা বৈঠক ৮১ ; (খ) চতুঃশক্তি মিতালি ৮২ ; (গ) মেটারনিক ও তাঁর পদ্ধতি ৮৩ ; ইউরোপে জাতীয়তাবাদ ও গণতন্ত্র (১৮১৫—১৮৭১ খ্রীঃ) ৮৪ ; জার্মানির ঐক্যবদ্ধতার ইতিহাস ৮৬ ; আমেরিকার গৃহযুদ্ধ ৮৯ ; ইউরোপে শিল্পায়ন (যন্ত্র সভ্যতা) ৯১ ; অনুশীলনী ৯২ ।

দশম অধ্যায় ঃ চীন ও জাপানের ইতিহাস ৯৪—১০৪

পাশ্চাত্যের আঘাতে চীনের রুদ্ধদ্বার উন্মোচন ৯৪ ; চীনে বিপ্লব ও সাধারণতন্ত্রের প্রতিষ্ঠা ৯৬ ; বিশ্বের অন্যতম প্রধান শক্তিরূপে জাপানের উত্থান (১৯১৪ খ্রীঃ পর্যন্ত) ১০০ ; অনুশীলনী ১০৩ ।

একাদশ অধ্যায় ঃ ব্রিটিশরাজের অধীনে ভারতবর্ষ (১৮০৮—১৯১৪) ১০৫—১১২

নূতন শাসনব্যবস্থা ১০৫ ; সাম্রাজ্য বিস্তার ১০৫ ; ঊনবিংশ শতাব্দীতে সমাজ সংস্কার ১০৬ ; জাতীয়তাবাদী মনোভাবের বিকাশ ১০৮ ; ভারতের জাতীয় কংগ্রেস ১০৯ ; চরমপন্থী আন্দোলন ১১০ ; অনুশীলনী ১১১ ।

দ্বাদশ অধ্যায় ঃ প্রথম বিশ্বযুদ্ধ ১১৩—১২২

কারণ ১১৩ ; প্রথম বিশ্বযুদ্ধের ফলাফল ১১৫ ; ভারতে ও বিদেশে বিপ্লবীদের কার্যাবলী ১১৬ ; অনুশীলনী ১২১ ।

ত্রয়োদশ অধ্যায় ঃ রুশ বিপ্লব ১২৩—১২৮

কারণ ১২৩ ; ইউরোপ ও অন্যান্য দেশে রুশ বিপ্লবের প্রতিক্রিয়া ১২৬ ; অনুশীলনী ১২৮ ।

চতুর্দশ অধ্যায় ঃ ইউরোপের ইতিহাস (১৯১৯—১৯৩৯খ্রীঃ) ১২৯—১৩৫

প্যারিসের শান্তি সম্মেলন ও ইউরোপের পুনর্গঠন ১২৯ ; ফ্যাসিবাদ ও নাৎসীবাদের উদ্ভব ১৩০ ; জাতিসংঘের সাফল্য ও ব্যর্থতা ১৩৩ ; অনুশীলনী ১৩৫ ।

পঞ্চদশ অধ্যায় ঃ দ্বিতীয় বিশ্বযুদ্ধ ১৩৬—১৪০

যুদ্ধের কারণসমূহ ১৩৬ ; যুদ্ধের গতিপ্রকৃতি ১৩৭ ; ফলাফল ১৩৮ ; অনুশীলনী ১৩৯ ।

ষোড়শ অধ্যায় ঃ ভারতবর্ষ ঃ (১৯১৯—১৯৪৭) স্বাধীনতা আন্দোলনের বিভিন্ন স্তর ১৪১—১৫২

অসহযোগ আন্দোলন ১৪১ ; কৃষক-শ্রমিকের অংশগ্রহণ ১৪৩ ; আইন অমান্য আন্দোলন ১৪৪ ; ভারত ছাড় আন্দোলন ১৪৬ ; আজাদ্ হিন্দ ফৌজের ভূমিকা ১৪৭ ; ক্ষমতা হস্তান্তর ও ভারতের স্বাধীনতা লাভ ১৫০ ; অনুশীলনী ১৫১ ।

সপ্তদশ অধ্যায় ঃ চীনে গণবিপ্লব (১৯১১—১৯৪৯ খ্রীস্টাব্দ) ১৫৩—১৫৮

অষ্টাদশ অধ্যায় ঃ দক্ষিণ-পূর্ব এশিয়ায় বিপ্লব (১৯৪৫ খ্রীস্টাব্দের পরে) ১৫৯—১৬১

ঊনবিংশ অধ্যায় ঃ দ্বিতীয় বিশ্বযুদ্ধ জনিত পরিস্থিতি ও জাতীয়তাবাদের প্রসার ১৬১—১৬৪

অনুশীলনী ১৬৫

প্রথম অধ্যায় | ইউরোপের পরিবর্তনশীল অর্থনীতি

প্রথম পরিচ্ছেদ
আধুনিক যুগের সূত্রপাত ও সামন্ততন্ত্রের অবসান

ইতিহাস অখণ্ড, অবিভক্ত ও অবিভাজ্য ; ইতিহাসের গতি নিরবচ্ছিন্ন। যুগ থেকে যুগান্তরে ইতিহাসের রূপান্তর ঘটেছে লোকচক্ষুর অন্তরালে। যেমন রাত্রির পর দিন হঠাৎ আসে না, যেমন ঋতুর পরিবর্তন সহসা হয় না, তেমনি যুগেরও পরিবর্তন আকস্মিকভাবে হয় না।

১৪৫৩ খ্রীস্টাব্দে তুরস্কের কনস্ট্যান্টিনোপল বিজয় এবং সমসাময়িক ইটালীতে এক উন্নত কৃষ্টির বিকাশ মধ্যযুগীয় পৃথিবীকে এক নূতন যুগের সন্ধান দিল। এই ভাবধারাগুলি ক্রমশ রেনেসাঁস বা নবজাগরণের সূচনা করে। মধ্যযুগের বৈশিষ্ট্যগুলি অস্পষ্ট হয়ে আসতে থাকে এবং মানব-সভ্যতা ধীরে ধীরে প্রগতির দিকে পদক্ষেপ করে।

রেনেসাঁস পশ্চিমী সমাজের ইতিহাসে এক যুগান্তকারী ঘটনা। পঞ্চদশ শতাব্দীর শেষভাগে এবং ষোড়শ শতাব্দীর প্রথমদিকে ইউরোপে ছাপাখানার প্রচলন এবং বারুদ ও চুম্বকের ব্যবহার সমস্ত পৃথিবীর রূপ পরিবর্তন করেছিল। ধর্মসংস্কার আন্দোলন এবং দর্শন, সাহিত্য ও কৃষিক্ষেত্রে নতুন নতুন অবদানের ফলে এই সময় থেকেই ইউরোপে আধুনিক যুগের সূচনা হয়।

সামন্তপ্রথার অবক্ষয় ঃ সামন্ততন্ত্রের অবসান ইউরোপের আধুনিক যুগের অন্যতম বৈশিষ্ট্য ; ইংলণ্ডের 'কাল মহামারী' (The Black Death) ও অন্যান্য দেশের অর্থনৈতিক দুরবস্থা, নিজেদের মধ্যে রক্তক্ষয়ী সংগ্রাম এবং বিপুল সংখ্যায় ধর্মযুদ্ধে যোগদানের ফলে ইউরোপে সামন্ততন্ত্রের ধারক বহু 'ভিলেন' ও 'সার্ফ' অর্থাৎ জমিদার ও ভূমিদাস মারা গিয়েছিল। অতঃপর জমিদারেরা নগদ অর্থের বিনিময়ে কৃষি-মজুরের শ্রমের উপর নির্ভরশীল হলেন। এইসময়ে ভূমিদাস প্রথাও উঠে গেল। ধর্মযুদ্ধগুলিতে বহু সামন্ত প্রভুও নিহত হয়েছিলেন। যাঁরা এইসব যুদ্ধ থেকে প্রাণ নিয়ে দেশে ফিরেছিলেন তাঁদের স্বাস্থ্যহানি ঘটেছিল এবং তাঁরা হৃতসর্বস্ব হয়েছিলেন, কারণ ধর্মযুদ্ধের ব্যয়-নির্বাহের জন্য তাঁরা তাঁদের জমিদারি হয় বন্ধক রেখেছিলেন, না হয় বিক্রি করেছিলেন রাজা বা বড় বড় ব্যবসায়ীদের কাছে। এঁরা পরবর্তী কালে এই জমিদারিগুলি দখলের সুযোগ পেয়েছিলেন।

বারুদের আবিষ্কার যুদ্ধ-রীতির ব্যাপক পরিবর্তন ঘটিয়েছিল। বারুদ উৎপাদনে রাজাদের একচেটিয়া অধিকার থাকায় তাঁরা সামন্ততান্ত্রিক জমিদারদের চেয়ে অনেক বেশী শক্তিশালী হলেন। মধ্যযুগীয় সামন্তদের গৌরবময় যুগের অবসান হল। সামন্তদের সামরিক দায়িত্বও আর পালন করতে হল না। এই সময় থেকেই সমস্ত ইউরোপে (একমাত্র ফ্রান্স বাদে) সামন্তপ্রথার অবসান হল।

দ্বিতীয় পরিচ্ছেদ

কৃষি ও শিল্পের উন্নতি—এর ফলাফল

কৃষি উৎপাদন প্রণালীর কিছু উন্নয়ন ঃ কৃষির বিস্তার ও শিল্পের বিকাশ আধুনিক যুগের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য।

মধ্যযুগে গতানুগতিকভাবে কাঠের লাঙ্গলে জমি চাষ করা হত। এই লাঙ্গলগুলো গোরু, ঘোড়া প্রভৃতি পশুদের দিয়ে টানা হত। আধুনিক যুগের প্রারম্ভে লোহার ফালযুক্ত লাঙ্গলের প্রচলন হল। এই যুগে লোহার তৈরি কোদালের ফাল ও কাস্তেরও প্রচলন হয়। বৈজ্ঞানিক পদ্ধতিতে হল্যান্ডের কৃষকরা সর্বপ্রথম চাষ আরম্ভ করেছিল। তাদের অনুসরণ করেছিল ইংলন্ড এবং ইউরোপের চাষীরা। এই সময় থেকেই যন্ত্রের সাহায্যে ঝাড়াই-মাড়াই করা হতে থাকে। আধুনিক যুগে জমির উৎপাদিকা শক্তি বৃদ্ধির জন্য নানা রকম সার প্রয়োগ করা হতে থাকে এবং ইউরোপের বিভিন্ন দেশে, বিশেষভাবে স্পেনে মুরেরা এক উন্নত জলসেচ পদ্ধতির প্রবর্তন করেছিল। খোলা জমিতে প্রাচীর বেষ্টন, জলাজমি থেকে জল নিষ্কাশন, অনুর্বর ও পতিত জমিতে আলু ভুট্টা, শালগম চাষ এবং উন্নত পর্যায়ক্রমিক ও ঋতুভিত্তিক চাষ-পদ্ধতি অনুসরণ করে ইংলন্ড কৃষিতে বিশেষ উন্নতি করেছিল। পশুপালনের ক্ষেত্রেও অনেক উন্নতি হয়েছিল। নতুন ধরনের ফসল উৎপাদনের ফলে কৃষিকার্যে ইউরোপ অনেকটা এগিয়ে গেল।

শিল্পোৎপাদন ক্ষেত্রে উন্নয়নের পশ্চাতে নতুন নতুন ফসলের অবদান ঃ আরব সভ্যতা ইউরোপে কতকগুলি নতুন খাদ্যশস্য প্রবর্তন করেছিল। আধুনিক যুগে এই শস্যগুলির মধ্যে আখ, আঙ্গুর, ধান, তুলা, তুঁত চাষ দক্ষিণ-পশ্চিম ইউরোপে প্রবর্তিত হয়। পঞ্চদশ শতাব্দীর শেষভাগে ইটালীতে ধানের চাষ হতে থাকে। ইউরোপের বিভিন্ন জায়গায় প্রচুর তুলা এবং তুঁত চাষের ফলে বস্ত্রশিল্প এবং আঙ্গুর-চাষের ফলে মদ্যশিল্প গড়ে উঠেছিল।

আধুনিক যুগে বহু খনিজ দ্রব্যের উত্তোলন শিল্পের উন্নতির পথ প্রশস্ত করেছিল। বায়ুচালিত হাপর চুল্লীর ব্যবহারে ঢালাই লোহার যন্ত্রপাতির ব্যবহার হতে থাকে। শিল্পের বিকাশ বহু কৃষককে শ্রমজীবীতে পরিণত করেছিল। আধুনিক যুগের প্রারম্ভে উত্তর-পশ্চিম ইউরোপে বিভিন্ন শিল্পের বিকাশ হয়েছিল। ইংলন্ডের পশম ও বস্ত্র-শিল্প, ইটালীর বস্ত্র, লৌহ, তাম্র, পশম, কাচ ও ধাতুশিল্প, ফ্রান্সের রেশম, মুদ্রণ ও মদ্য উৎপাদন শিল্প, স্পেনের চর্ম, রেশম ও কাগজ-শিল্প এবং ফ্ল্যান্ডার্সের বস্ত্র বয়ন-শিল্প এই সময় প্রসিদ্ধ ছিল। ক্রুসেড বা ধর্মযুদ্ধগুলির জন্য জাহাজের চাহিদা হওয়ায় জাহাজ নির্মাণ কারখানা গড়ে ওঠে। বিশাল সরলবর্গীয় বনভূমির অবস্থান হেতু পোল্যান্ড, লিভনিয়া, রাশিয়া ও স্ক্যান্ডিনেভিয়া অঞ্চলে কাঠ-চেরাই শিল্প গড়ে উঠেছিল।

প্রভাব ঃ আধুনিক যুগে শিল্পের উন্নতি হওয়ায় ইউরোপের শিল্পপ্রধান অঞ্চল-গুলিতে লোকসংখ্যা বৃদ্ধি পেল, ধনিক শ্রেণীর সৃষ্টি হওয়ায় বহু শহর গড়ে উঠল। ব্যবসা-বাণিজ্য বৃদ্ধির ফলে ইউরোপীয় দেশগুলি ধনশালী হল। নতুন নতুন পণ্যদ্রব্য বিক্রীর জন্য ব্যবসা-বাণিজ্যের প্রসারের সাথে সাথে টাকাপয়সা লেনদেনের জন্য ব্যাঙ্কিং ব্যবস্থা গড়ে উঠল। ইউরোপের বিভিন্ন দেশগুলির মধ্যে ব্যবসা-বাণিজ্যে পারস্পরিক

প্রতিযোগিতা সৃষ্টি হল। কলকারখানায় কর্মরত শ্রমিকরা এবং কৃষিক্ষেত্রে নূতন নূতন কৃষিপণ্য উৎপাদনের জন্য কৃষকরা আর্থিক সুবিধা পেল। কি কৃষিক্ষেত্রে, কি শিল্পক্ষেত্রে —সর্বত্রই একটা সাড়া পড়ে গেল।

অনুশীলনী

বাস্তবভিত্তিক প্রশ্নাবলী ঃ

১। কত খ্রীস্টাব্দে তুরস্ক কনস্ট্যান্টিনোপল বিজয় করেছিল ?

২। ইউরোপে কখন আধুনিক যুগের সূচনা হয় ?

৩। রাজারা সামন্ততান্ত্রিক জমিদারদের চেয়ে বেশী শক্তিশালী হয়েছিলেন কেন ?

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলী ঃ

১। আধুনিক যুগে পৃথিবীর রূপ কিভাবে পরিবর্তিত হয়েছিল ?

২। ইউরোপে সার্ফরা কিভাবে ধ্বংসপ্রাপ্ত হয়েছিল ?

৩। আধুনিক যুগে ইউরোপে কি কি ফল ও খাদ্যশস্যের চাষ প্রবর্তিত হয়েছিল ?

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্নাবলী ঃ

১। ইউরোপে সামন্তপ্রথার অবক্ষয়ের কারণগুলি আলোচনা কর।

২। আধুনিক ইউরোপে কৃষির যে সব উন্নতি হয়েছিল তা সংক্ষেপে আলোচনা কর।

৩। আধুনিক যুগে শিল্পের উন্নতি কিভাবে হয়েছিল তা বর্ণনা কর।

৪। আধুনিক যুগে কৃষিবিস্তার ও শিল্পের বিকাশের ফলাফল আলোচনা কর।

রচনাত্মক প্রশ্নাবলী ঃ

১। আধুনিক যুগে ইউরোপের পরিবর্তনশীল অর্থনৈতিক অবস্থার সংক্ষিপ্ত বিবরণ দাও।

মৌখিক প্রশ্নাবলী ঃ

১। যুগের পরিবর্তন কি আকস্মিকভাবে হয় ?

২। কাল মহামারী কোথায় হয়েছিল ?

৩। কোন্ দেশের কৃষকরা সর্বপ্রথম বৈজ্ঞানিক ভিত্তিতে চাষ আরম্ভ করেছিল ?

৪। কোন্ দেশের লোকেরা উন্নত জলসেচ পদ্ধতি প্রবর্তন করেছিল ?

৫। ইটালীতে ধানের চাষ কখন আরম্ভ হয়েছিল ?

শূন্যস্থান পূরণ কর ঃ

১। —— বহু সামন্ত প্রভুও নিহত হয়েছিলেন।

২। আধুনিক যুগ থেকে —— সাহায্যে ঝাড়াই-মাড়াই করা হতে থাকে।

৩। নতুন নতুন পণ্যদ্রব্য বিক্রীর জন্য ব্যবসা-বাণিজ্যের সাথে সাথে টাকাপয়সা লেনদেনের জন্য —— ব্যবস্থা গড়ে উঠল।

৪। আধুনিক যুগে জমির উৎপাদিকা শক্তির বৃদ্ধির জন্য নানা রকম —— প্রয়োগ করা হতে থাকে।

৫। ব্যবসা-বাণিজ্য বৃদ্ধির ফলে ইউরোপীয় দেশগুলি —— হল।

দ্বিতীয় অধ্যায় | ইউরোপে নবজাগরণ

প্রথম পরিচ্ছেদ
নবজাগরণের স্বরূপ

চিন্তা ও ভাবজগতের এক বিরাট আন্দোলনের মধ্য দিয়ে ইউরোপ মধ্যযুগ থেকে আধুনিক যুগে পদার্পণ করে। এই আন্দোলন 'রেনেসাঁস' বা 'নবজাগরণ' নামে পরিচিত। ফরাসী শব্দ 'রেনেসাঁসে'র অর্থ পুনর্জন্ম। মধ্যযুগের শেষভাগে প্রাচীন গ্রীক ও রোমানদের শিল্প, সাহিত্য, দর্শন ও বিজ্ঞানের নতুন করে আলোচনা আরম্ভ হল। জ্ঞান-বিজ্ঞানের বিস্মৃতপ্রায় শাখাগুলির আলোচনা এবং অনুশীলনকেই 'রেনেসাঁস' বা শিক্ষা ও সংস্কৃতির নবজন্ম বলা হয়।

রোম সাম্রাজ্য পতনের প্রায় পাঁচ-ছয় শতাব্দী পর থেকে ইউরোপীয় সভ্যতায় এক নতুন প্রাণ-সঞ্চার হয়েছিল। একাদশ-দ্বাদশ শতাব্দী থেকে ইউরোপীয় সভ্যতা যেন আবার চলতে আরম্ভ করে। এই সময় পশ্চিম ইউরোপের বিভিন্ন দেশে কয়েকটি বিশ্ববিদ্যালয়ের সৃষ্টি হয়। এই বিশ্ববিদ্যালয়গুলি ইউরোপের চিন্তাজগতে নতুন আলোড়নের সৃষ্টি করে। এই আলোড়নের ফলেই পরবর্তী কালে 'রেনেসাঁস বা নবজাগরণ সম্ভব হয়েছিল।

১৪৫৩ খ্রীস্টাব্দে তুরস্কের কনস্ট্যান্টিনোপল আক্রমণের ফলে বহু গ্রীক পণ্ডিত ইটালী এবং পশ্চিম ইউরোপের বিভিন্ন স্থানে আশ্রয় নিয়ে ঐ সব অঞ্চলের শিক্ষা-দীক্ষায় এক জোয়ার এনেছিলেন। সমস্ত ইউরোপ, বিশেষ করে ইটালী, এই পণ্ডিতের দলকে পরম সমাদরে গ্রহণ করেছিল। তাঁদের আগ্রহ ও প্রেরণায় ইউরোপের সঙ্গে গ্রীক ও ল্যাটিন সাহিত্য, দর্শন ও বিজ্ঞানের নতুন পরিচয় ঘটল।

মধ্যযুগে ইউরোপের দৈনন্দিন জীবনে, চিন্তাধারায় ও ধর্মীয় আচার-আচরণ পালনে নানা রকম বিধিনিষেধের প্রাচীর ছিল। চিরাচরিত প্রথা ও বিশ্বাস, ধর্মীয় অনুশাসন এবং সামাজিক ও রাজনৈতিক জীবনে বিনা প্রশ্নে সব কিছু মেনে নিয়ে মানুষ একটা সংকীর্ণ গণ্ডীর মধ্যে বাস করত। এই গণ্ডীর বাইরে সে যেত না এবং তার যাবার সাহস বা মনোভাবও ছিল না।

ইউরোপের বিভিন্ন দেশে কনস্ট্যান্টিনোপল থেকে নবাগত পণ্ডিতদের শিক্ষায় এবং গ্রীক ও ল্যাটিন বিজ্ঞান-সাহিত্য-দর্শনের অনুশীলনের ফলে এই দুটি প্রাচীন জাতির প্রতি মানুষের মন গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতায় ভরে উঠল। এইসব জ্ঞানের চর্চা করে ইউরোপের মানুষরা মধ্যযুগীয় সমস্ত রকম সংস্কার ও বন্ধনের বিরুদ্ধে বিদ্রোহী হয়ে উঠল। ক্যাথলিক যাজক সম্প্রদায় মানুষকে বাস্তব-পার্থিব সুখ বিসর্জন দিয়ে কাল্পনিক স্বর্গ-সুখ অর্জনের শিক্ষা দিয়েছিল। কঠোর নিরানন্দময় পার্থিব সুখের বিনিময়ে মানুষ পুণ্য অর্জন করতে চাইল না। প্রাকৃতিক কোনও ঘটনা বা বিপর্যয়

ঘটলে যাজকরা তাকে ভগবানের কাজ বলে চিহ্নিত করত। মধ্যযুগীয় কুসংস্কার ও ধর্মীয় অন্ধবিশ্বাসের বোঝা ফেলে দিয়ে মানুষ প্রাচীন গ্রীক ও রোমানদের মত জীবনকে সুন্দর, মুক্ত ও আনন্দময় করতে চাইল। মানুষের চিন্তাধারা আর পূর্ব প্রচলিত গণ্ডীর মধ্যে আবদ্ধ থাকতে চাইল না। ইউরোপীয়রা ভৌগোলিক সীমা ছাড়িয়ে অভিযানে ও ভূখণ্ড আবিষ্কারে উদ্বুদ্ধ হল। রেনেসাঁস যে অনুসন্ধানী মনোবৃত্তির উৎপত্তি করেছিল তাতে ধর্ম ও ধর্মাধিষ্ঠানের প্রকৃত রূপ কি হওয়া উচিত সে সম্বন্ধে মানুষ ব্যগ্র হয়ে উঠল। দুর্ভাগ্যক্রমে মানুষের এই স্বাধীন চিন্তাধারাকে উপেক্ষা করে ক্যাথলিক যাজক সম্প্রদায় পুরানো ধর্মীয় বিশ্বাস ও ভাবধারা অক্ষুণ্ণ রাখতে আপ্রাণ চেষ্টা করেছিলেন। প্রাচীন সব কিছু থেকে জেনে, যুক্তি-তর্কের দ্বারা তা বুঝে, পরীক্ষা-নিরীক্ষা দ্বারা তার প্রকৃত স্বরূপ উদ্‌ঘাটন করে, তার থেকে যা কিছু ভাল তা গ্রহণ করার আগ্রহ ছিল রেনেসাঁসের একটা প্রধান বৈশিষ্ট্য। রেনেসাঁসের ফলে মানুষের মনে এক নতুন চেতনা ও বলিষ্ঠ সমালোচনার মনোভাব দেখা দিয়েছিল।

দ্বিতীয় পরিচ্ছেদ
ইউরোপের নবজাগরণের বিস্তৃতি

ইটালীতে রেনেসাঁসের সূত্রপাত হয়েছিল এবং এই দেশেই তা পূর্ণ বিকাশ লাভ করেছিল। ভূমধ্যসাগরের মধ্যস্থলে অবস্থিত হওয়ায় ইটালী অতি স্বাভাবিক কারণেই বাণিজ্য ও সংস্কৃতির কেন্দ্রস্থলে পরিণত হয়েছিল। ইউরোপ ও আরব দেশের মধ্যে যে ব্যবসা-বাণিজ্য গড়ে উঠেছিল তার সর্বাধিক সুযোগ লাভ করেছিল ইটালী। কেবল বাণিজ্যের ক্ষেত্রেই নয়, সাংস্কৃতিক ক্ষেত্রেও আরব দেশের প্রভাব ইটালীর শহরগুলিতে বিস্তৃত হয়। ইটালীর ফ্লোরেন্স, ভেনিস, মিলান এবং রোম প্রভৃতি শহরে বহু স্কুল ও কয়েকটি বিখ্যাত বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়।

ইটালী থেকে রেনেসাঁসের প্রভাব ইউরোপের অন্যান্য দেশে ক্রমে বিস্তৃত হয়। রেনেসাঁসের প্রভাব ইটালীর সীমা অতিক্রম করে আল্‌প্‌স পর্বতের উত্তরে ফ্রান্স, জার্মানি প্রভৃতি দেশে পৌঁছলে ঐ সব দেশ থেকে দলে দলে শিক্ষার্থীর দল ইটালীতে আসতে থাকেন। ইটালীর বিভিন্ন শহরে তাঁরা জ্ঞান অর্জন করতে থাকেন। চতুর্দশ শতাব্দীতে জার্মানির কোলন চিত্রশিল্পে প্রসিদ্ধি লাভ করেছিল। পঞ্চদশ শতাব্দীতে ইতালীয় চিত্রকলার প্রভাব জার্মানিতে প্রকাশ পায়। রেনেসাঁসের প্রভাবে ফ্ল্যান্ডার্স অঞ্চলে ভাস্কর্য ও চিত্রশিল্পের অপূর্ব বিকাশ হয়েছিল। বহু জার্মান প্রদেশে ও শহরে মানুষের বাস্তবতার বিকাশ হয়েছিল সত্য, তা সত্ত্বেও ফ্ল্যান্ডার্সের কৃতিত্বের কাছে এগুলি অনেকটা নিষ্প্রভ। হল্যান্ডের 'জুইভার জী'র সন্নিকটে 'ডিভেনটারের ভ্রাতৃসঙ্ঘ' রেনেসাঁসের প্রভাবে উচ্চ দার্শনিক চিন্তাধারায় ব্যাপৃত হয়েছিল। হল্যান্ডের ইরাসমাস্ বাল্যকালে ডিভেনটারের এই ভ্রাতৃসঙ্ঘের বিদ্যালয়ে কিছুকাল অধ্যয়ন করেছিলেন। রেনেসাঁসের প্রভাবে স্পেন ও পোর্তুগালে সাহিত্যানুরাগের সৃষ্টি হয়েছিল। স্পেনে ঐ যুগের চিত্রশিল্প চরম উৎকর্ষ লাভ করে। রেনেসাঁসের প্রভাবে ফ্রান্সে প্রাচীন গ্রীক ও ল্যাটিন সাহিত্যানুরাগের সৃষ্টি হয়। ইটালী থেকে রেনেসাঁসের প্রভাব ফ্রান্সে সরাসরিভাবে বিস্তার লাভ

করলে ফরাসী দেশেও প্রাচীন ল্যাটিন প্রভাবান্বিত কবিতা, নাটক ও গদ্যসাহিত্যের সৃষ্টি হয়। ইটালীর জাগৃতির প্রভাব ইংলণ্ডেও বিস্তার লাভ করে। চতুর্দশ শতাব্দীতে ইংলণ্ডে সাহিত্য চর্চার আগ্রহ দেখা দেয়।

তৃতীয় পরিচ্ছেদ

চিন্তার ক্ষেত্রে নবজাগরণ : মানবতাবাদ

রেনেসাঁসের প্রভাব কত গভীর এবং সুদূরপ্রসারী হয়েছিল তা ভালভাবে বুঝা যাবে ঐ সময়ের কয়েকজন প্রতিভাবান ব্যক্তির জীবনী থেকে যাঁদের অসাধারণ পাণ্ডিত্য, রচনা ও শিল্পসৃষ্টি আধুনিক ইউরোপীয় সভ্যতার সূত্রপাত করেছিল। রেনেসাঁসের প্রভাবে যাঁরা এসেছিলেন তাঁদের 'মানবতাবাদী' (humanists) বলা হত, কারণ তাঁদের আলোচনার বিষয়বস্তু ছিল মানুষ এবং পার্থিব জীবনের আনন্দ-উল্লাদ,—ধর্মতত্ত্ব বা পারলৌকিক চিন্তা নয়। এঁরা বলতেন : এই পৃথিবীর উন্নতি করতে হবে, মানুষের জীবনের উন্নতি করতে হবে। স্বর্গ, আত্মা ইত্যাদি চিন্তা না করলেও চলবে।

মানবতাবাদীদের মধ্যে যাঁরা সাহিত্যক্ষেত্রে অসাধারণ খ্যাতির অধিকারী হয়েছিলেন তাঁদের মধ্যে ইটালীর শ্রেষ্ঠ কবি **দান্তের** (১২৬৫—১৩২১ খ্রীস্টাব্দ) নাম বিশেষ উল্লেখযোগ্য। দান্তে তাঁর "ডিভাইন কমেডি" (Divine Comedy) কাব্যে ইতালীয় কথ্য ভাষায় গ্রন্থ রচনার পথ প্রদর্শন করেছিলেন। ইতালীয় মানবতাবাদীদের মধ্যে **পেত্রার্ক** (১৩০৪—১৩৪৭ খ্রীস্টাব্দ) অল্প বয়সেই ল্যাটিন ভাষায় ব্যুৎপত্তি অর্জন করেন এবং ল্যাটিন সাহিত্যের প্রতি তাঁর এত অনুরাগ জন্মে যে, বহু স্থান ঘুরে ঘুরে তিনি প্রাচীন পুঁথি সংগ্রহ করেন। বহুবিস্মৃত ল্যাটিন রচনা তাঁর চেষ্টার ফলে আবিষ্কৃত হয়। প্রাচীন রোমান লেখকদের অনুকরণে তিনি কিছু কবিতা লেখেন, কিছু ইতালীয় এবং কিছু ল্যাটিন ভাষায়। তাঁর রচনায় প্রাচীন সাহিত্যিকদের সৌন্দর্যপ্রীতি ও হৃদয়ের আবেগ আবার প্রকাশ পায়। পণ্ডিত ও কবি হিসাবে তাঁর খ্যাতি সমস্ত ইউরোপে ছড়িয়ে পড়ে।

পেত্রার্ক

পঞ্চদশ শতকের শেষভাগে বিখ্যাত রাজনীতিবিদ্ ম্যাকিয়াভেলি (১৪৬৯—১৫২৭ খ্রীস্টাব্দ) এই যুগের স্বাধীন চিন্তার দ্বারা প্রভাবিত হয়েছিলেন। তিনি ফ্লোরেন্স নগরে জন্মগ্রহণ করেন। ইটালীর প্রাচীন গৌরবের কাহিনী পাঠ করে

তাঁর চিত্ত শ্রদ্ধায় ভরে উঠত। জাতীয় ইতিহাস পর্যালোচনা করে তাঁর 'দি প্রিন্স' (The Prince) নামক প্রসিদ্ধ গ্রন্থে তিনি রোমান সাম্রাজ্যকে কিভাবে আবার শক্তিশালী করা যায় সে সম্বন্ধে তাঁর অভিমত দৃঢ়ভাবে ব্যক্ত করেন। তাঁর মতে ইটালীকে রক্ষা করতে হলে ইংলণ্ড, ফ্রান্স ও স্পেনের মত এক শক্তিশালী রাজার প্রয়োজন। এই রাজা প্রয়োজন হলে সমস্ত রকম ন্যায়, নীতি, ধর্মবোধ বিসর্জন দিয়ে নিজের উদ্দেশ্য সাধনে অগ্রসর হবেন। ম্যাকিয়াভেলির মতবাদের প্রভাবে ইউরোপের রাজনৈতিক জীবনে ষোড়শ ও সপ্তদশ শতাব্দীতে অনেক দুর্যোগ ঘনিয়ে এসেছিল।

ম্যাকিয়াভেলি

পেত্রার্কের শিষ্যদের মধ্যে প্রধান ছিলেন ফ্লোরেন্স নিবাসী **বোকাচ্চিও** (১৩১৩—১৩৭৫ খ্রীস্টাব্দ)। প্রাচীন গ্রন্থের পাণ্ডুলিপি সংগ্রহ এবং সেইগুলির প্রতিলিপি প্রস্তুত করে তিনি গ্রীক ও ল্যাটিন ভাষায় সাহিত্যানুরাগ আরও বাড়িয়ে তুলেছিলেন। বোকাচ্চিও গ্রীক ভাষা আয়ত্ত করেন এবং হোমারের দুইটি মহাকাব্য ল্যাটিন ভাষায় অনুবাদ করেন। তিনি "ইতালীয় গদ্য-সাহিত্যের জনক"-রূপে স্বীকৃত। তাঁর 'ডেকামেরন' (Decameron) গ্রন্থটি ইতালীয় গদ্য-সাহিত্যের এক অপূর্ব নিদর্শন।

ইংলণ্ডের প্রসিদ্ধ দার্শনিক ও বিজ্ঞানী **স্যার ফ্রান্সিস বেকন** (১৫৬১—১৬২৬ খ্রীস্টাব্দ) ছিলেন এক মহাপণ্ডিত ব্যক্তি। তিনি একাধারে সাহিত্যিক, দার্শনিক ও বিজ্ঞানী ছিলেন। তাঁর নোভাম অর্গানাম' (Novum Organum) এবং প্রবন্ধাবলী (Essays) পাণ্ডিত্যের অপূর্ব নিদর্শন। বেকন তাঁর প্রবন্ধাবলীতে দৃঢ়ভাবে উল্লেখ করেছেন যে যুক্তির সাহায্যে প্রতিষ্ঠিত এবং পরীক্ষার দ্বারা প্রমাণিত বিষয়গুলিকে বিশ্বাস করতেই হবে। ইংরেজী কবিতার জনক **জিওফ্রেচসার** (১৩৩৯—১৪০০ খ্রীস্টাব্দ) তাঁর 'ক্যাণ্টারবেরি টেলাস্'-এ (Canterbury Tales) রোমান ও স্যাক্সন ভাষার সম্পূর্ণ মিশ্রণে ইংরেজী ভাষার প্রকৃত রূপ দান করে অমরত্ব লাভ করেছেন। এই গ্রন্থে মধ্যযুগের জনগণের চরিত্র ও জীবনযাত্রার এক নিখুঁত চিত্র

সেক্সপীয়র

পাওয়া যায়। এই যুগের আর একজন বিখ্যাত কবি ছিলেন ইংলণ্ডের **এডমণ্ড স্পেন্সার** (১৫৫২—১৫৯৯ খ্রীস্টাব্দ)। স্পেন্সারের 'ফেয়ারী কুইন' (Faerie Queene) কাব্যগ্রন্থটি ইংরেজী সাহিত্যের এক অপূর্ব নিদর্শন। এই যুগের শ্রেষ্ঠ নাট্যকার ইংলণ্ডের **সেক্সপীয়রের** (১৫৬৪—১৬১৬ খ্রীস্টাব্দ) অসামান্য সাহিত্য রচনার ফলে ইংরেজী সাহিত্যের অসাধারণ উন্নতি হয়েছিল। সেক্সপীয়র ম্যাকবেথ, জুলিয়াস সীজার, মার্চেণ্ট অব ভেনিস, টেমপেস্ট প্রভৃতি ৩৭ খানা নাটক ও অনেকগুলি সনেট লিখেছিলেন।

ইরাসমাস্

পঞ্চদশ শতাব্দীর শেষভাগে হল্যাণ্ডের সবচেয়ে উল্লেখযোগ্য মানবতাবাদী ছিলেন **ইরাসমাস্** (Erasmus)। প্রথম জীবনে ইটালী পরিদর্শন না করলেও তিনি হল্যাণ্ডের 'ডিভেনটারের ভ্রাতৃসংঙ্ঘে'র এবং ইতালীয় মানবতাবাদের আদর্শে অনুপ্রাণিত শিক্ষকদের প্রভাবে আসেন। ইরাসমাস্ স্বাধীন চিন্তাধারা দ্বারা ধর্মকে নিষ্কলুষ ও দুর্নীতিমুক্ত করতে চেয়েছিলেন। তিনি ল্যাটিন ভাষায় তাঁর ভাবধারা প্রকাশ করেছিলেন। দেশীয় ভাষার প্রতি আগ্রহ ইংলণ্ড ও ফ্রান্সে দেখা গিয়েছিল সত্য, কিন্তু হল্যাণ্ডে তা সম্ভব হয় নি।

সার্ভেন্টিস (১৫৪৭—১৬১৬ খ্রীস্টাব্দ) স্পেনে রেনেসাঁসের সৃষ্টি করেন। তাঁর 'ডন কুইকজোট' (Don Quixote) গ্রন্থখানি পৃথিবীর সাহিত্যজগতের এক অমূল্য সম্পদ। এই গ্রন্থে উল্লিখিত ডন কুইকজোট ও স্যাঙ্কো পাঞ্জাব চরিত্র হাস্যরসাত্মক ও প্রসিদ্ধ। ফরাসী মানবতাবাদীদের মধ্যে অগ্রগণ্য ছিলেন **রাবেল** (Rebelais, ১৪৯০—১৫৫৩ খ্রীস্টাব্দ)। প্রথম জীবনে ইনি ছিলেন সন্ন্যাসী। পরে চিকিৎসা-শাস্ত্র অধ্যয়ন করে লিয়তে চিকিৎসা করতেন। স্পষ্ট, বলিষ্ঠ, বিদ্রূপাত্মক ও নির্ভীক সাহিত্য সৃষ্টি করে তিনি ধর্মাধিষ্ঠান ও রাষ্ট্রের বিরাগভাজন হয়েছিলেন। তাঁর রচনাবলীর মধ্যে 'প্যাণ্টাগ্রুয়েল' (Pantagruel) এবং গ্যারগানটুয়া (Gargantua) উল্লেখযোগ্য।

চতুর্থ পরিচ্ছেদ

শিল্পের ক্ষেত্রে নবজাগরণ

স্থাপত্য, ভাস্কর্য ও চিত্রশিল্পেও রেনেসাঁসের গভীর প্রভাব ছিল। এই যুগে রেনেসাঁসের প্রভাবে মধ্যযুগের গথিক শিল্পের পরিবর্তে প্রাচীন গ্রীক ও রোমান শিল্পের অনুকরণ হতে থাকে। খ্রীস্টধর্মের প্রতি বিশ্বাস ও অনুষ্ঠানকে কেন্দ্র করে মধ্যযুগের ভাস্কর্য ও চিত্রশিল্প গড়ে উঠেছিল। রেনেসাঁস যুগের শিল্পীরা নিজেদের এই সংকীর্ণ গণ্ডি থেকে মুক্ত করতে পেরেছিলেন। তাঁদের রচিত শিল্পকর্মের দৃষ্টিভঙ্গি ও বিষয়বস্তু ছিল অভিনব। মানবদেহের সৌন্দর্য, ভাবের গভীরতা এবং প্রকৃতির রূপ ফুটিয়ে তোলাই ছিল তাঁদের লক্ষ্য।

ফ্লোরেন্স নিবাসী **লিওনার্দো-দা-ভিঞ্চি** (১৪৫২—১৫১৯ খ্রীস্টাব্দ) ছিলেন একাধারে চিত্রাঙ্কন-শিল্পী, ভাস্কর, স্থপতি, কবি, সংগীতজ্ঞ, বিজ্ঞানী ও দার্শনিক। ফ্লোরেন্সের নিকটবর্তী ভিঞ্চি গ্রামে ১৪৫২ খ্রীস্টাব্দে তাঁর জন্ম হয়েছিল।

লিওনার্দো-দা-ভিঞ্চি

তাঁর অঙ্কিত চিত্র পৃথিবীর শ্রেষ্ঠ শিল্প-সৃষ্টিগুলির মধ্যে স্থান পেয়েছে ; তাঁর চিত্র-শিল্পগুলির মধ্যে দুটি বিশেষ উল্লেখযোগ্য হল 'লাস্ট সাপার' ও 'মোনালিসা'। লিওনার্দো শারীরতত্ত্ব এবং উদ্ভিদবিদ্যাও অধ্যয়ন করেছিলেন —কিভাবে চোখ কাজ করে এবং কিভাবে পেশীগুলি হাড়ের সঙ্গে যুক্ত থাকে। চিত্রশিল্পী হিসাবে এই জ্ঞান তাঁকে প্রভূত সাহায্য করেছিল।

৩১ বছর বয়সে তিনি ভারজিন অব দি রক্‌স্ (Virgin of the Rocks) এঁকেছিলেন। এই চিত্রটি লণ্ডনের ন্যাশনাল গ্যালারীতে (Natoinal Gallery, London) এখনও রয়েছে। চিত্রটির আর একটা সংস্করণ প্যারিসের ল্যুভর (Louvre) যাদুঘরে আছে। ভূতত্ত্ব, জীববিদ্যা, গণিত, ভাস্কর্য, স্থাপত্য, সংগীত ও দর্শন-শাস্ত্রেও তিনি অসাধারণ প্রতিভার অধিকারী ছিলেন, আবার যন্ত্রশিল্পী হিসাবেও তিনি খুব প্রসিদ্ধি লাভ করেছিলেন। একবার ফরাসী রাজার অভ্যর্থনার জন্য মিলানে তিনি একটা যন্ত্রচালিত সিংহ তৈরি করেছিলেন।

এই যুগের শিল্পীদের মধ্যে **রাফায়েল** (১৪৮৩—১৫২০ খ্রীস্টাব্দ) বেঁচেছিলেন মাত্র সাঁইত্রিশ বছর। কিন্তু এই স্বল্পপরিসর জীবনেই তিনি অসংখ্য সুন্দর ছবি এঁকেছিলেন। পোপের প্রাসাদের কতকগুলি প্রাচীর চিত্র ও ম্যাডোনা অর্থাৎ মাতা মেরীর কোলে যীশুর কয়েকখানি সুন্দর ছবি রাফায়েলের নাম চিরস্মরণীয় করে রেখেছে।

ফ্লোরেন্সের আর একজন শিল্পী **মাইকেল এঞ্জেলো** (১৪৭৫—১৫৬৪ খ্রীস্টাব্দ) ছিলেন একাধারে প্রসিদ্ধ শিল্পী ও ভাস্কর। রোমের সেণ্ট পিটার্স গির্জা নির্মাণ করে তিনি স্থাপত্য শিল্পে দক্ষতার পরিচয় দেন। ভাস্কর্যে তাঁর নৈপুণ্যের সাক্ষ্য বহন করছে ফ্লোরেন্সের ডেভিডের মূর্তি। পাথর কেটে মূর্তি নির্মাণে তাঁর সমকক্ষ শিল্পী পৃথিবীতে এখনও বিরল। রোমে পোপের ভ্যাটিকান প্রাসাদের সিস্‌টাইন চ্যাপেলের চালে বাইবেলের গল্পগুলি অবলম্বনে আঁকা অপূর্ব ফ্রেসকো চিত্রাবলী চিত্রশিল্পে তাঁর নাম অমর করে রেখেছে। তাছাড়া মাইকেল এঞ্জেলো ছিলেন একজন বড় কবি, দার্শনিক ও বিজ্ঞানী।

পঞ্চম পরিচ্ছেদ

বিজ্ঞানের ক্ষেত্রে নবজাগরণ

বিজ্ঞানের ক্ষেত্রেও এই সময় নতুন তথ্যাদি আবিষ্কৃত হল। ইংলণ্ডের **রোজার বেকন** (১২১৪—১২৯৪ খ্রীস্টাব্দ) বারুদ ও বায়ু-পাম্প আবিষ্কার করেন। তিনি

টেলিস্কোপের বৈজ্ঞানিক ভিত্তিগুলিও জানতেন। দীর্ঘকাল জনগণ বিশ্বাস করত যে তিনি ছিলেন একজন অপ-রসায়নবিদ্ ও মায়াবিদ্যায় পারদর্শী। কিন্তু বর্তমান যুগে তাঁর আবিষ্কারগুলির মূল্য যথাযথরূপে স্বীকৃত হয়েছে।

স্যার ফ্রান্সিস বেকন যে কেবল চিন্তাশীল দার্শনিকই ছিলেন তা নয়, তিনি

স্যার ফ্রান্সিস বেকন

কোপারনিকাস

একজন খ্যাতনামা বিজ্ঞানীও ছিলেন। বৈজ্ঞানিক পদ্ধতিতে প্রতিটি ঘটনা পর্যবেক্ষণ করে সাধারণ সিদ্ধান্তে পৌঁছানোর চেষ্টা বেকন করেছিলেন।

ফ্লোরেন্সের **লিওনার্দো-দা-ভিঞ্চি** ছিলেন একজন বিরাট প্রতিভাশালী চরিত্র। তিনি যেমন ছিলেন একজন শ্রেষ্ঠ চিত্রশিল্পী, দার্শনিক ও গণিতজ্ঞ, তেমনি ছিলেন একজন বিরাট বিজ্ঞানী। যদি তাঁকে গাছ-গাছড়া ও পাখীদের ছবি আঁকতে দেওয়া হত তবে তিনি জেনে নিতেন কিভাবে তারা বড় হয় এবং একে অন্যের থেকে পৃথক হয়। এইভাবে তিনি বিজ্ঞানে কৌতূহলী হয়ে পড়লেন। লিওনার্দো ত্রিশটি শব ব্যবচ্ছেদ করেছিলেন এবং তাঁর খাতায় মানুষের বহু অঙ্গ-প্রত্যঙ্গ—হাত, পা, মুখমণ্ডল ও হাড়ের ছবি এঁকে-

গ্যালিলিও

ছিলেন। তিনিই প্রথম আকাশে উড়ে বেড়াবার জন্য উড়োজাহাজ তৈরীর নক্শা প্রস্তুত করেন। তিনি পুল ও যুদ্ধ শকট নির্মাণে, খাল খননে ও শহর পরিকল্পনায় দক্ষ ছিলেন। অনেক ধরনের নতুন নতুন যন্ত্রপাতিও তিনি আবিষ্কার করেন।

পোল্যাণ্ডের একজন যাজক **কোপারনিকাশ** (১৪৭৩—১৫৪৩ খ্রীস্টাব্দ) ধর্ম-চিন্তার চেয়ে গণিত ও জ্যোতির্বিদ্যায় বেশী অনুরাগী ছিলেন। তিনি প্রচার করেন

গুটেনবার্গ

যে সূর্যই সমস্ত গ্রহ-নক্ষত্রের কেন্দ্র ও পৃথিবী অন্যান্য গ্রহ-নক্ষত্রের মত সূর্যকে প্রদক্ষিণ করে ঘোরে। তাঁর এই ধারণা স্বভাবতই খ্রীস্টান জগতে বিশেষ আলোড়নের সৃষ্টি করে।



মুদ্রাযন্ত্র

ইটালীর **গ্যালিলিও** (১৫৬৪—১৬৪২ খ্রীস্টাব্দ) দূরবীক্ষণ যন্ত্র আবিষ্কার করেন ও তার সাহায্যে কোপারনিকাসের সিদ্ধান্ত প্রমাণ করেন। পোপ ও খ্রীস্টান

যাজকরা গ্যালিলিওর বিরুদ্ধে যান এবং ধর্মমতের বিপরীত কথা প্রচার করার জন্য যাজকদের আদালতে অভিযুক্ত হয়ে তাঁর মৃত্যুদণ্ড হয়। গ্যালিলিওর মৃত্যুর একশ বছরের মধ্যে ইউরোপ তাঁর কথা সত্য বলে গ্রহণ করে।

অনেকের মতে কস্টার নামে হল্যাণ্ডের একজন অধিবাসী পঞ্চদশ শতাব্দীতে মুদ্রণ পদ্ধতির আবিষ্কার করেন। তবে এর ব্যাপক ব্যবহার করেন গুটেনবার্গ নামে একজন জার্মান পঞ্চদশ শতাব্দীর মাঝামাঝি। মেইনটস্ শহরে তিনি একটা ছাপাখানা স্থাপন করেন ও সেখানে বাইবেল ছাপা হয়। কিছুকালের মধ্যে ইউরোপের সর্বত্র ছাপাখানার প্রচলন ছড়িয়ে পড়ে।

অনুশীলনী

বাস্তবভিত্তিক প্রশ্নাবলী ঃ

১। রেনেসাঁস কথার অর্থ কি? ২। কনস্ট্যান্টিনোপলের পতনের পর এই শহরের বসবাসকারী গ্রীক ও ল্যাটিন পণ্ডিতরা ইউরোপের কোন্ কোন্ দেশে আশ্রয় গ্রহণ করেছিলেন? ৩। রেনেসাঁস কোন্ দেশে সর্বপ্রথম আত্মপ্রকাশ করে? ৪। সার্ভেণ্টিস কে? ৫। ইরাসমাস্ কে? ৬। 'ডিভাইন কমেডি'র রচয়িতা কে? ৭। 'দি প্রিন্স' গ্রন্থের লেখক কে? ৮। 'ক্যাণ্টারবেরী টেলস্'-এর রচয়িতা কে? ৯। 'ফেয়ারী কুইন' কে লিখেছিলেন? ১০। সেক্সপীয়র মোট কতখানা নাটক রচনা করেছিলেন? ১১। লিওনার্দো-দা-ভিঞ্চি অংকিত একখানা বিখ্যাত চিত্রের নাম কর। ১২। রোমের সেণ্ট পিটার্স গির্জার স্থপতি কে ছিলেন? ১৩। বারুদ কে আবিষ্কার করেছিলেন?

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলী ঃ

১। ইউরোপীয় সভ্যতার নতুন প্রাণের সঞ্চার কখন থেকে হয়েছিল? ২। লিওনার্দো-দা-ভিঞ্চি যে পুর্তবিদ্যায় দক্ষ ছিলেন, তার প্রমাণ দাও। ৩। কোপারনিকাসের আবিষ্কার সম্বন্ধে যা জান লিখ। ৪। গ্যালিলিও কি প্রমাণ করেছিলেন? ৫। বিজ্ঞানে গুটেনবার্গের অবদান কি?

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্নাবলী ঃ

১। ইউরোপে নবজাগরণের বিস্তৃতি সম্বন্ধে আলোচনা কর। ২। ফরাসী দেশে রেনেসাঁস সাহিত্যে কি প্রভাব বিস্তার করেছিল? ৩। ইটালীতে সাহিত্যের উপর নবজাগরণের প্রভাব আলোচনা কর। ৪। কৃষ্টির বিভিন্ন ক্ষেত্রে রেনেসাঁসের প্রভাব আলোচনা কর। ৫। লিওনার্দো-দা-ভিঞ্চির কার্যাবলী ও কৃতিত্ব আলোচনা কর।

রচনাত্মক প্রশ্নাবলী ঃ

১। ইউরোপে নবজাগরণের কারণগুলি আলোচনা কর। ২। ইউরোপে চিন্তার ক্ষেত্রে নবজাগরণ কিভাবে হয়েছিল? ৩। ইউরোপে শিল্পের ক্ষেত্রে নবজাগরণের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৪। ইউরোপে বিজ্ঞানের ক্ষেত্রে নবজাগরণের বিবরণ দাও।

মৌখিক প্রশ্নাবলী ঃ

১। 'রেনেসাঁস' কোন্ দেশীয় শব্দ?
২। ক্যাথলিক যাজক সম্প্রদায় মানুষকে কি শিক্ষা দিয়েছিল?
৩। ইটালীর কোন্ কোন্ শহরে বহু স্কুল ও কয়েকটি বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছিল?
৪। 'মানবতাবাদী'দের আলোচনার বিষয়বস্তু কি ছিল?
৫। বোকাচ্চিও কে ছিলেন?

৬। বিজ্ঞানী ফ্রান্সিস বেকন-প্রণীত একখানা গ্রন্থের নাম কর।
৭। সেক্সপীয়র মোট কতগুলি নাটক লিখেছিলেন?
৮। রাফায়েল কে ছিলেন?
৯। উড়োজাহাজ তৈরীর নক্‌শা কে প্রথম প্রস্তুত করেছিলেন?

নিম্নলিখিতগুলির মধ্যে কোন্‌টি ছবি, কোন্‌টি মূর্তি এবং কোন্‌টি বই তা শিল্পীর, স্থপতির এবং গ্রন্থকারের নাম উল্লেখ করে লিখঃ

(ক) 'মোনালিসা', (খ) 'ডেভিডের মূর্তি',
(গ) 'ম্যাডোনা', (ঘ) 'ডেকামেরণ',
(ঙ) 'লাস্ট সাপার', (চ) 'ক্যাণ্টারবেরী টেলস্‌',
(ছ) 'দি প্রিন্স'।

নীচের বাক্যগুলির মধ্যে যেটি ঠিক তার পাশে '√' চিহ্ন এবং যেটি ভুল তার পাশে 'X' চিহ্ন দাওঃ

১। রেনেসাঁস কথাটির অর্থ পুনর্জন্ম।
২। ধর্মাধিষ্ঠানগুলি ইউরোপের চিন্তাজগতে নতুন আলোড়নের সৃষ্টি করেছিল।
৩। ফ্রান্সে রেনেসাঁসের সূত্রপাত হয়েছিল।
৪। পেত্রার্ক 'ডিভাইন কমেডি' রচনা করেছিলেন।
৫। ম্যাকিয়াভেলি ছিলেন একজন চিত্রশিল্পী।
৬। সেক্সপীয়র 'জুলিয়াস সীজার' নাটকটি রচনা করেছিলেন।
৭। রাবেল প্রথম জীবনে সন্ন্যাসী ছিলেন।
৮। লিওনার্দো-দা-ভিঞ্চি ছিলেন রাজনীতিবিদ্‌।
৯। মাইকেল এঞ্জেলো ছিলেন একজন কবি।
১০। গ্যালিলিও ছিলেন একজন খ্যাতনামা বিজ্ঞানী।

তৃতীয় অধ্যায় | ইউরোপীয় জগতের পরিধি বিস্তার

প্রথম পরিচ্ছেদ
ভৌগোলিক আবিষ্কারের কারণ

রেনেসাঁস যুগের প্রারম্ভেই নাবিকদের কম্পাস, সমুদ্রের মানচিত্র, তালিকা (chart) ইত্যাদি আবিষ্কৃত হয়। রেনেসাঁসের প্রভাবে যে ব্যাপক জ্ঞান-স্পৃহা ও অনুসন্ধিৎসা জেগেছিল তা ভৌগোলিক জ্ঞানবৃদ্ধির সহায়ক হয়। গ্যালিলিও ও কোপারনিকাস প্রমুখ মনীষীদের আবিষ্কারের ফলে ইউরোপীয়রা জানতে পারল যে পৃথিবী গোলাকৃতি এবং এশিয়া মহাদেশের পূর্ব প্রান্তে চীন, জাপান ও পূর্বভারতীয় দ্বীপপুঞ্জ প্রভৃতি সমৃদ্ধ অঞ্চল রয়েছে। ভৌগোলিক জ্ঞানের এই সম্প্রসারণই ইউরোপীয়দের নতুন নতুন ভৌগোলিক আবিষ্কারে উৎসাহিত করল। কেবল ভৌগোলিক জ্ঞানের বিস্তারই নয়, নৌ-বিদ্যায়ও ইউরোপ আধুনিক যুগের প্রারম্ভে অনেক অগ্রসর হয়েছিল। ইউরোপীয় দেশগুলির নতুন নতুন দেশ আবিষ্কার করে ব্যবসা-বাণিজ্যের সুযোগ বৃদ্ধি করার ইচ্ছা ছিল। ধর্মযুদ্ধের ফলে ইউরোপের বিশেষত ইটালীর শহরগুলি এক-একটা বাণিজ্যকেন্দ্রে পরিণত হয়েছিল। বাণিজ্য-প্রসারের মাধ্যমে অর্থলাভের প্রচেষ্টা ইউরোপীয় দেশগুলিকে নতুন নতুন দেশ আবিষ্কারে প্রণোদিত করে। ইটালীর ভেনিস নামে রাষ্ট্রটি মুসলিম দেশগুলির সঙ্গে বাণিজ্যিক মৈত্রী স্থাপন করেছিল এবং ইউরোপের বাজারে প্রাচ্য পণ্যসম্ভার বিক্রির একচেটিয়া অধিকার লাভ করেছিল। বাণিজ্য ও নৌ-বিদ্যায় ঐ সময়কার ইউরোপে ভেনিস শীর্ষস্থান অধিকার করেছিল। ভেনিসের সমৃদ্ধিতে ইটালীর অন্যান্য অঞ্চল অত্যন্ত ঈর্ষান্বিত হয় এবং ইটালীর জেনোয়া প্রভৃতি রাষ্ট্র নৌ-বিদ্যা ও নৌ-বলে ভেনিসকে অতিক্রম করার জন্য বিশেষভাবে সচেষ্ট হল। জেনোয়া শহরে এক বিশাল জাহাজ নির্মাণ কেন্দ্র গড়ে ওঠে এবং এখানকার নাবিকরাও সমুদ্রযাত্রায় বিশেষ দক্ষ বলে খ্যাতি লাভ করে। পোর্তুগীজরা জেনোয়ার কাছ থেকেই নৌ-বিদ্যা আয়ত্ত করেছিল। আমেরিকার আবিষ্কারক ক্রিস্টোফার কলম্বাস প্রথমে এই জেনোয়া শহরের অধিবাসী ছিলেন। আধুনিক যুগের সূচনায় ইটালীর ভেনিস, জেনোয়া প্রভৃতি নগর-রাষ্ট্র নৌ-বিদ্যা ও সমুদ্র-পরিক্রমায় এতদূর অগ্রসর হয়েছিল যে ইটালীর বাজারে বিজ্ঞানসম্মত মানচিত্র, মহাসমুদ্রে পথ-নির্দেশক ছক (chart), দিগ্‌দর্শন যন্ত্র ও সামুদ্রিক পর্বত উচ্চতা-পরিমাপক যন্ত্রের কোন অভাব ছিল না।

দ্বিতীয় পরিচ্ছেদ
ভৌগোলিক আবিষ্কারে পোর্তুগালের প্রচেষ্টা

জলপথে নতুন নতুন দেশ আবিষ্কারে পোর্তুগীজরাই ছিল অগ্রণী।

রাজকুমার নাবিক হেন্‌রী : পঞ্চদশ শতাব্দীর প্রথমভাগে পোর্তুগালের রাজা প্রথম জনের পুত্র রাজকুমার নাবিক হেন্‌রি আফ্রিকা মহাদেশের উপকূলভাগ সম্বন্ধে প্রত্যক্ষ জ্ঞানলাভের চেষ্টা করেছিলেন। ধর্মপ্রাণ হেন্‌রীর উদ্দেশ্য ছিল

যান পাঠান হত; লক্ষ্য ছিল আফ্রিকার দক্ষিণ কোণ ঘুরে ভারতে যাবার পথ আবিষ্কার করা। হেন্‌রীর চেষ্টায় ম্যাভেরিয়া ও অ্যাজোরস্‌ দ্বীপগুলিতে উপনিবেশ স্থাপিত হয়।

বারথেলোমিউ ডিয়াজঃ ১৪৪৫ খ্রীস্টাব্দে পোর্তুগীজ নাবিক বারথেলোমিউ ডিয়াজ ভার্দে অন্তরীপ আবিষ্কার করেন। ১৪৮৮ খ্রীস্টাব্দে তিনি আফ্রিকার দক্ষিণ সীমায় উপস্থিত হন এবং ঐ জায়গার নাম দেন 'ঝটিকা অন্তরীপ'। তিনি অবশ্য স্বেচ্ছায় তা করেন নি। ঝড়ে চালিত হয়ে তাঁর জাহাজ এই অন্তরীপের তিন-দিক ঘুরে এসেছিল। কিন্তু পোর্তুগালের রাজা দ্বিতীয় জন ঐ জায়গার নামকরণ করেন 'উত্তমাশা অন্তরীপ' (Cape of Good Hope)। কারণ এই অন্তরীপ অতিক্রম করে ভারতবর্ষ ও তার নিকটবর্তী দেশগুলিতে পৌঁছান যাবে এই আশা পোর্তুগীজরা করেছিল।

আলবুকার্কঃ এক পোর্তুগীজ নৌবাহিনীর অধ্যক্ষরূপে ১৫০৩ খ্রীস্টাব্দে পোর্তুগালের আর এক নাবিক আলবুকার্ক ভারতে পদার্পণ করেন এবং নিজ প্রতিভাবলে ১৫০৯ খ্রীস্টাব্দে এদেশে পোর্তুগালের রাজ-প্রতিনিধি নিযুক্ত হন। তিনি প্রথমে বোম্বাই অঞ্চলে পোর্তুগীজ প্রভুত্ব স্থাপন করেন। পরে বাংলাদেশের হুগলীতে পোর্তুগীজদের কুঠি স্থাপিত হয়। কিছুকালের মধ্যে একদিকে আফ্রিকার উপকূলভাগ থেকে আরম্ভ করে পারস্য উপসাগর, আরব সাগর ও ভারত মহাসাগরের উপকূলভাগে দূর প্রাচ্যের এক বিস্তীর্ণ এলাকা জুড়ে পোর্তুগীজ উপনিবেশ গড়ে উঠল। এমনকি সুদূর প্রাচ্যের চীন ও জাপানেও পোর্তুগীজদের বাণিজ্য প্রসার লাভ করে। প্রাচ্যে পোর্তুগীজ আধিপত্য প্রতিষ্ঠার মূলে আলবুকার্কের দানই সর্বাধিক।

ভাস্কো-দা-গামাঃ পোর্তুগীজ নাবিক ভাস্কো-দা-গামা উত্তমাশা অন্তরীপ হয়ে দক্ষিণ ভারতের কালিকট বন্দরে পৌঁছান (১৪৯৮ খ্রীস্টাব্দ)। তাঁর কালিকট পৌঁছানর সঙ্গে সঙ্গে ইউরোপীয় নাবিকদের বহুকালের আশা পূর্ণ হল। পোর্তু-গীজরা পূর্ব দ্বীপপুঞ্জ, মালয়, মালাবার প্রভৃতি অঞ্চলে মসলার বাণিজ্য থেকে আরবদের বিতাড়িত করে নিজেরা লাভবান হতে থাকে। এই সমুদ্রপথ আবিষ্কার হওয়ার সঙ্গে সঙ্গে প্রাচ্য ও পাশ্চাত্য দেশগুলির মধ্যে স্থলপথের ব্যবসা-বাণিজ্য প্রায় বন্ধ হয়ে যায়।

কেব্রালঃ পোর্তুগীজ রাজসভার এক সভাসদ্‌ পেড্রো আলভারেজ কেব্রাল অভিজ্ঞ নাবিক বারথেলোমিউ ডিয়াজসহ ১৩টি জাহাজ নিয়ে পোর্তুগাল থেকে যাত্রা করে ১৫০১ খ্রীস্টাব্দে ব্রাজিল আবিষ্কার করেন। কেব্রাল ব্রাজিলে পোর্তুগীজ আধিপত্য ঘোষণা করেন। এর পর কেব্রাল ভারতের কালিকটে পৌঁছান। কেব্রালের ১৩টি জাহাজের মধ্যে মাত্র ৬টি জাহাজ পোর্তুগালের রাজধানী লিস্‌বনে ফিরে আসে।

তৃতীয় পরিচ্ছেদ

ভৌগোলিক আবিষ্কারে স্পেনের প্রচেষ্টা

পোর্তুগালের মত স্পেনের নাবিকরাও নতুন নতুন দেশ আবিষ্কারে উৎসাহী হন। স্পেনের সামুদ্রিক অভিযানের ফলেই আমেরিকা মহাদেশ আবিষ্কৃত হয়।

কলম্বাস ঃ আমেরিকা আবিষ্কারের প্রধান কৃতিত্ব ছিল ক্রিস্টোফার কলম্বাস নামে একজন ইতালীয় নাবিকের। স্পেনের রাজা ও রানীর অর্থানুকূল্যে ১৪১২ খ্রীস্টাব্দে মাত্র তিনখানা ছোট ছোট জাহাজ নিয়ে তিনি স্পেন থেকে যাত্রা করেন ভারতে পেঁছবার সমুদ্রপথ খুঁজে বের করতে। কম্পাস খারাপ হবার ফলে প্রায় দুই মাস কাল অবিরত পশ্চিমদিকে চলার পর কলম্বাস আমেরিকা-সংলগ্ন বাহামা দ্বীপপুঞ্জে পেঁছান। এই সময় তাঁর ধারণা হয় যে তিনি এশিয়া মহাদেশে পেঁছেছেন। এশিয়া ও ইউরোপ এই দুটি মহাদেশের মাঝখানে যে আর একটা মহাদেশ আছে তা তিনি জানতেন না। এর পর আরও তিন বার আটলাণ্টিক মহাসাগর পাড়ি দিয়ে কলম্বাস আমেরিকায় যান। তাঁর নিশ্চিত ধারণা ছিল যে তিনি ভারতবর্ষেই পেঁছেছেন। এজন্য আমেরিকার অধিবাসীদের তিনি নাম দিয়েছিলেন ইণ্ডিয়ান বা ভারতীয়। পরে ইউরোপের অধিবাসীদের ভুল ভেঙে গেলেও আমেরিকার আদিম অধিবাসীদের নাম ইণ্ডিয়ান থেকে যায়।

কলম্বাস

বালবোয়া ঃ ১৫১৩ খ্রীস্টাব্দে স্পেনের ভাস্কো বালবোয়া নামে একজন নাবিক পানামার ডারিয়েন থেকে প্রশান্ত মহাসাগর দেখতে পান এবং ছোট একখানা জাহাজ নিয়ে সেই সাগর অভিমুখে ধাবিত হন। তিনি এই জল-রাশির নাম দেন "Great South Sea" অর্থাৎ বিশাল দক্ষিণ সমুদ্র। এটাই পরে প্রশান্ত মহাসাগর নামে পরিচিত হয়েছে। অবশ্য বালবোয়া প্রশান্ত মহাসাগর অতিক্রম করে চীন দেশে পেঁছাতে পারেন নি।

আমেরিগো ভেস্‌পুচি ঃ আমেরিকা মহাদেশের নামের মধ্যে প্রকৃত আবিষ্কারকের নামটির সন্ধান পাওয়া যায় না। ১৫০০ খ্রীস্টাব্দে আমেরিগো ভেস্‌পুচি নামে এক ইতালীয় নাবিক আমেরিকার মূল ভূখণ্ড ব্রাজিলে এসে উপস্থিত হন। ঐ সময়ের লোকেরা মনে করত আমেরিগোই এই নতুন মহাদেশ আবিষ্কার করেছেন, সেজন্য তাঁর নাম থেকেই আমেরিকা নামের উৎপত্তি হয়েছে।

ম্যাগেলানঃ ১৪৮০ খ্রীস্টাব্দে পোর্তুগালে ম্যাগেলানের জন্ম হয়েছিল এবং প্রথম জীবনে তিনি পোর্তুগাল সেনাবাহিনীতে কাজ করেছিলেন। পরে স্পেনের রাজার অধীনে কাজ নিয়ে তিনি ১৫১৯ খ্রীস্টাব্দে পাঁচটি জাহাজ নিয়ে ইউরোপ থেকে যাত্রা করেন। আমেরিকার একেবারে দক্ষিণ প্রান্তে একটা সংকীর্ণ প্রণালী (ম্যাগেলানের নাম অনুসারে এর নাম হয়েছে ম্যাগেলান প্রণালী) পার হয়ে তিনি প্রশান্ত মহাসাগরে পড়েন। আরও পশ্চিমে অগ্রসর হয়ে তিনি ফিলিপাইন দ্বীপ-পুঞ্জে পৌঁছান। সেখানে স্থানীয় অধিবাসীদের সঙ্গে এক যুদ্ধে তাঁর মৃত্যু হয়। শেষ পর্যন্ত তাঁর সহকারী ডেল ক্যানো এই দলের মাত্র একখানা জাহাজ নিয়ে ভারত মহাসাগর অতিক্রম করে আফ্রিকার দক্ষিণ প্রান্ত ঘুরে ১৫২২ খ্রীস্টাব্দে আবার স্পেনে ফিরে আসেন। এই সমুদ্র-যাত্রায় প্রমাণিত হল যে সমুদ্রপথে পৃথিবী পরিক্রমা করা যায়।

ম্যাগেলান

ভৌগোলিক আবিষ্কারের ফলাফলঃ ভৌগোলিক আবিষ্কারের ফলে ইউরোপীয় দেশগুলির ভৌগোলিক জ্ঞানের বিশেষ প্রসার হয় এবং আবিষ্কৃত মহাদেশগুলির অধিবাসীদের প্রাচীন সভ্যতা ও সংস্কৃতি সম্বন্ধেও তারা যথেষ্ট জ্ঞান লাভ করে। মধ্য আমেরিকায় মায়া সভ্যতা (Maya Civilisation), যা যীশু খ্রীষ্টের জন্মের কয়েক শ বছর আগে বিকাশ লাভ করেছিল এবং দক্ষিণ আমেরিকার ইন্‌কা সভ্যতা (Inca Civilisation), স্পেনের নাবিকরাই আবিষ্কার করেছিলেন। প্রাচীন ও মধ্যযুগে ইউরোপীয় বণিকদের গণ্ডি ছিল ভূমধ্যসাগর। আধুনিক যুগের শুরুতে ভারতবর্ষ ও আমেরিকার পথ আবিষ্কার হবার ফলে বাণিজ্যের ব্যাপক প্রসার হয়। ইউরোপীয় নাবিক ও বণিকরা বড় বড় মহাসাগর অতিক্রম করে পৃথিবীর সুদূর প্রান্তের সঙ্গে বাণিজ্য সম্পর্ক স্থাপন করে। ভৌগোলিক আবিষ্কারের ফলে আমেরিকা এবং অন্যান্য ইউরোপীয় দেশেও উপনিবেশ গড়ে ওঠে। ঔপনিবেশিক ও বাণিজ্যিক প্রাধান্য নিয়ে অল্পকালের মধ্যেই ইউরোপের বিভিন্ন দেশের মধ্যে প্রতিদ্বন্দ্বিতা ও যুদ্ধের সৃষ্টি হল। পোর্তুগাল ও স্পেন প্রথম থেকেই নিজ নিজ আবিষ্কৃত অঞ্চলে একাধিপত্য স্থাপন করতে দৃঢ়প্রতিজ্ঞ হয়। ১৪৯৩ খ্রীস্টাব্দে পোপ তাদের দাবির এই সমর্থনে পৃথিবীকে দুই ভাগে ভাগ করেন। তাতে আফ্রিকা ও এশিয়া পড়ে পোর্তুগালের ভাগে, আর আমেরিকা পড়ে স্পেনের ভাগে। পোর্তুগালের সাম্রাজ্যের ভিত্তি ছিল বাণিজ্য-অধিকার আর স্পেনের ভিত্তি ছিল উপনিবেশ স্থাপন।

অনুশীলনী

বাস্তবভিত্তিক প্রশ্নাবলী :

১। মধ্যযুগের শেষভাগে ইটালীর কয়েকটা প্রসিদ্ধ বাণিজ্যকেন্দ্রের নাম উল্লেখ কর। ২। রাজপুত্র হেন্‌রী কে? ৩। কে ১৪৯৮ খ্রীস্টাব্দে ভারতের কালিকট বন্দরে উপনীত হন? ৪। পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জের আসল নাম কি ছিল? ৫। আমেরিকা মহাদেশের নাম কার নাম অনুসারে হয়েছে? ৬। পোপ কোন্ দুটি রাষ্ট্রের মধ্যে পৃথিবীকে দুই ভাগে ভাগ করে দিয়েছিলেন?

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলী :

১। পঞ্চদশ শতাব্দীর আগে ইউরোপীয়দের ভৌগোলিক জ্ঞান কি রকম ছিল?

২। পঞ্চদশ শতাব্দীতে ইউরোপীয় নাবিকদের সমুদ্রে পাড়ি দেবার সাহস জন্মে কেন?

৩। পঞ্চদশ ও ষোড়শ শতাব্দীর কয়েকজন প্রসিদ্ধ নাবিকের নাম কর।

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্নাবলী :

১। কি কি কারণে পঞ্চদশ ও ষোড়শ শতাব্দীতে ইউরোপীয়দের মধ্যে নতুন নতুন দেশ আবিষ্কার করার উৎসাহ দেখা দিয়েছিল?

২। পোর্তুগাল ও স্পেন কোথায় সাম্রাজ্য স্থাপন করেছিল?

৩। ভৌগোলিক আবিষ্কারের ফলাফলগুলি সংক্ষেপে আলোচনা কর।

রচনাত্মক প্রশ্নাবলী :

১। ভৌগোলিক আবিষ্কারে পোর্তুগালের প্রচেষ্টা সম্বন্ধে যা জান লিখ।

২। ভৌগোলিক আবিষ্কারে স্পেনের অবদান কি?

মৌখিক প্রশ্নাবলী :

১। ইটালীর কোন্ শহরে জাহাজ নির্মাণ কারখানা সর্বপ্রথম গড়ে উঠেছিল?

২। নতুন নতুন জলপথ আবিষ্কারে কোন্ দেশ সবচেয়ে অগ্রণী ছিল?

৩। ভার্দে অন্তরীপ কে আবিষ্কার করেছিলেন?

৪। আলবুকার্ক কে?

৫। ব্রাজিলে পোর্তুগালের আধিপত্য কে বিস্তার করেছিলেন?

৬। প্রশান্ত মহাসাগর সর্বপ্রথম কে দেখতে পেয়েছিলেন?

৭। ডেল ক্যানো কে?

৮। মায়া সভ্যতা কোথায় বিকাশলাভ করেছিল?

৯। ইন্‌কা সভ্যতা কারা আবিষ্কার করেছিল?

নীচের ঘটনাগুলিকে কালানুক্রমিক সাজাও :

(ক) ম্যাগেলানের পৃথিবী পরিক্রমা। (খ) কলম্বাসের নতুন মহাদেশ আবিষ্কার, (গ) বারথেলোমিউ ডিয়াজের উত্তমাশা অন্তরীপ আবিষ্কার। (ঘ) ভাস্কো-দা-গামার ভারতে আগমন। (ঙ) বালবোয়ার ভারিয়েল যোজক অতিক্রম। (চ) কেব্রালের ব্রাজিল আবিষ্কার। (ছ) পোপ কর্তৃক পৃথিবীকে দুই ভাগে ভাগ।

শূন্যস্থান পূরণ কর :

১। গ্যালিলিও ও কোপারনিকাস প্রমুখ মনীষীদের আবিষ্কারের ফলে ইউরোপীয়েরা জানতে পারল যে পৃথিবী —।

২। ইটালীর — নামে রাষ্ট্রটি মুসলিম দেশগুলির সঙ্গে বাণিজ্যিক মৈত্রী স্থাপন করেছিল।

৩। ধর্মপ্রাণ হেন্‌রীর উদ্দেশ্য ছিল আফ্রিকার উপকূলভাগে বসবাসকারী — খ্রীষ্টধর্মে দীক্ষিত করা —।

চতুর্থ অধ্যায় | ইউরোপের ধর্মসংস্কার আন্দোলন

প্রথম পরিচ্ছেদ

ধর্মসংস্কার আন্দোলনের কারণ

রেনেসাঁস বা নবজাগরণের ফলে মানুষের মনে যে স্বাধীন চিন্তাধারা ও সমালোচনার দৃষ্টিভঙ্গির উদ্ভব হল তা থেকে ধর্মও বিচ্ছিন্ন থাকতে পারল না। রেনেসাঁসের প্রভাবে ইটালীতে যখন সাহিত্য ও শিল্পকলার পুনরুজ্জীবন এবং অনুশীলন আরম্ভ হল, তখন আল্পস্ পর্বতের উত্তরের দেশগুলি ধর্ম ও ধর্মাধিষ্ঠানের প্রকৃত স্বরূপ কি হবে তা উদ্‌ঘাটন করতে ব্যস্ত হয়ে উঠল। ঐ দেশগুলিতে যে কেবল গ্রীক ও ল্যাটিন ভাষার চর্চাই আরম্ভ হল তা নয়, হিব্রু ভাষার শিক্ষাও সেখানে চলতে লাগল। হিব্রু ভাষা শিক্ষার উদ্দেশ্য ছিল, বাইবেল পাঠ করে খ্রীষ্টধর্মের প্রকৃত স্বরূপ উদ্‌ঘাটন করা এবং ধর্ম ও ধর্মাধিষ্ঠানে যে সব কলুষ ও অনাচার প্রবেশ করেছিল তা দূর করা।

চার্চের দুর্নীতিঃ প্রতিবাদঃ ক্যাথলিক চার্চের অনেক যাজক ছিলেন চরম অর্থলোভী, ইন্দ্রিয়াসক্ত ও ভোগবিলাসে লিপ্ত। তাঁদের ব্যভিচার ঐ সব দেশের জনসাধারণকে গভীরভাবে মর্মাহত করেছিল। ধর্মের যথাযথ স্থানে প্রতিষ্ঠিত করতে এইসব দেশের কিছু সংস্কারক উদ্যোগী হলেন। ধর্মের অনাচারগুলি দূর করে যাজকদের জীবনযাত্রায় পরিবর্তন আনতে এই ধর্মসংস্কারকরা সচেষ্ট হলেন। ক্যাথলিক চার্চের নীতির বিরুদ্ধে প্রতিবাদস্বরূপ ধর্মীয় ক্ষেত্রে এই গুরুত্বপূর্ণ পরিবর্তনের প্রচেষ্টা 'রিফরমেশন' বা **ধর্মসংস্কার আন্দোলন** নামে পরিচিত। এর ফলে খ্রীস্টান সম্প্রদায় প্রধানত দুটি দলে বিভক্ত হয়ে গেল। ধর্মসংস্কার আন্দোলনের নেতৃবর্গের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন ইংলণ্ডের জন ওয়াইক্লিফ, বোহেমিয়ার জন হাস এবং জার্মানির মার্টিন লুথার।

ইংলণ্ডের জন ওয়াইক্লিফঃ জন ওয়াইক্লিফ অক্সফোর্ডে শিক্ষা লাভ করে ব্যালিওল কলেজে শিক্ষকতা করতেন। যাজকদের লোভ এবং সংসারের প্রতি আসক্তি দেখে ধর্মাধিষ্ঠানের দুর্নীতি দূর করতে ওয়াইক্লিফ বদ্ধপরিকর হলেন। তিনি পোপের বিভিন্নভাবে অর্থ সংগ্রহের প্রচেষ্টা এবং দুর্নীতির তীব্র নিন্দা করেন। কিন্তু তাঁর আক্রমণ প্রধানতঃ পরিচালিত হয়েছিল যাজকদের অযাজকীয় পদসমূহ অধিকার করার বিরুদ্ধে এবং তাঁদের ধনসম্পদ আহরণের বিরুদ্ধে। তিনি ইংরেজী ভাষায় বাইবেল অনুবাদ করে জনসাধারণকে খ্রীষ্টধর্মের প্রকৃত স্বরূপ উপলব্ধি করতে সহায়তা করেছিলেন। পোপের অর্থসংগ্রহের বিরুদ্ধে অভিযানে এবং যাজক সম্প্রদায়ের অপরিমেয় ধনসম্পদ আহরণের বিরুদ্ধে ইংলণ্ডের অধিকাংশ অধিবাসী ওয়াইক্লিফকে সমর্থন করেছিল। ওয়াইক্লিফই ইংরেজী ভাষায় প্রথম বাইবেল রচনা করেছিলেন এবং তিনি এই শিক্ষাই দিয়েছিলেন যে ধর্মীয় গ্রন্থগুলি পাঠ করে প্রত্যেকেরই নিজের ধর্মীয় মতবাদ প্রকাশের অধিকার আছে। তিনি বলেছিলেনঃ 'বাইবেলের মূল কথা হল, ভগবানের রাজত্বে সকলের সমান অধিকার'। "যখন আদম কাপড় বুনত ও ইভ সুতা কাটত তখন জেণ্টেলম্যান বা জমিদারেরা কোথায়

ছিল?" (When Adam delved and Eve span, who was then the gentleman?) 'অপদার্থ বা অত্যাচারী পোপ বা রাজাকে মানবার কোন দরকার নেই।' ষোড়শ শতাব্দীতে ইউরোপে যে ধর্মসংস্কার আন্দোলনের সূত্রপাত হয়েছিল তার ক্ষেত্র ওয়াইক্লিফই প্রস্তুত করেছিলেন। এজন্য তাঁকে "ধর্মসংস্কার আন্দোলনের শুকতারা" (Morning Star of the Reformation) বলা হয়। 'লোলার্ড' নামে পরিচিত তাঁর অনুগামীরা ১৩৮৪ খ্রীস্টাব্দে, তাঁর মৃত্যুর পরেও, ইংলণ্ডে কৃষক বিক্ষোভ ও ধর্মসংস্কার আন্দোলন চালিয়ে যেতে থাকেন। লোলার্ডদের মতবাদে প্রভাবিত হয়ে ওয়াট টাইলার নামে জনৈক ব্যক্তি একটা মারাত্মক কৃষক আন্দোলনে নেতৃত্ব দিয়েছিলেন। কৃষকরা গির্জা ও জমিদারদের জমি ও সম্পত্তি লুটপাট করতে থাকে। শেষ পর্যন্ত ইংলণ্ডের রাজা দ্বিতীয় রিচার্ড ও তাঁর সামন্তরা ওয়াট টাইলারকে নিহত করেন। অসংখ্য লোলার্ডকে বিধর্মী আখ্যা দিয়ে জীবন্ত দগ্ধ করা হয়। লোলার্ডদের আন্দোলনের ফলে ইংলণ্ডে ধর্ম বিপ্লবের ক্ষেত্র প্রস্তুত হল।

বোহেমিয়ার জন হাস: প্রাগ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জন হাস (জন্ম বোহেমিয়া, ১৩৭১ খ্রীস্টাব্দ) ছিলেন ওয়াইক্লিফের শিষ্য। তবে তিনি ওয়াইক্লিফের মত ধর্ম-তত্ত্ববিদ ছিলেন না। তিনি জাতীয়তাবাদী আদর্শে উদ্বুদ্ধ ছিলেন। তিনি অনুবাদের মাধ্যমে ওয়াইক্লিফের রচনাগুলি পাঠ করেন এবং ১৩৯৮ খ্রীস্টাব্দে ওয়াইক্লিফের মতবাদ সম্পর্কে প্রাগ বিশ্ববিদ্যালয়ে কয়েকটা বক্তৃতা দেন। প্রচলিত ধর্মমত বিরোধী বোহেমিয়ার জন হাস এই মতবাদ প্রচার করেন যে ধর্মাধিষ্ঠান কেবল যাজকদের মধ্যেই সীমাবদ্ধ নয়। ধর্মাধিষ্ঠান হল ধর্মের প্রতি বিশ্বস্ত সমস্ত ব্যক্তিদের একটা সংগঠন এবং এই সংগঠনের প্রধান হলেন যীশুখ্রীষ্ট, রোমের পোপ নন। হাসের শিষ্য ছিল অসংখ্য। ১৪২১ খ্রীস্টাব্দে যখন রোমের পোপ ছাড়পত্র বা 'ইনডালজেন্স' বিক্রি করতে থাকেন তখন জন হাস এর বিরুদ্ধে তীব্র আপত্তি করেন। পোপ হাসকে বিধর্মীরূপে ঘোষণা করে তাঁকে বন্দী করেন। পোপ হাসকে ওয়াইক্লিফের ৪৫টি মত বর্জন করবার আদেশ দেন কিন্তু এগুলির সত্যতা সম্বন্ধে হাস নিঃসন্দেহ হওয়ায় তিনি এই মতবাদগুলি বর্জন করেন নি। তাঁর মতবাদ শিক্ষিত সম্প্রদায়ের গণ্ডী অতিক্রম করে সাধারণ লোকের মধ্যেও ছড়িয়ে পড়ে। হাসের ধর্মীয় মতবাদের জন্য তাঁকে জীবন দিতে হয়েছিল। সম্রাট সিগিমাণ্ড তাঁর সঙ্গে আলোচনার সময় ১৪১৫ খ্রীস্টাব্দে তাঁকে জীবন্ত পুড়িয়ে মারেন। তাঁর মৃত্যুর পরে তাঁর অনুগামী কৃষক-বিদ্রোহীদের হাতে সম্রাটের সৈন্যরা বারবার পরাজয় স্বীকার করে। বিদ্রোহ প্রশমিত হলেও, মধ্য ইউরোপের সাধারণ মানুষের মধ্যে এর প্রভাব স্থায়ী আসন লাভ করে।

উইটেনবার্গের মার্টিন লুথার: মার্টিন লুথার ছিলেন জার্মানির উইটেনবার্গ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক। নিজের আত্মার শান্তির কামনায় তিনি আরফোর্টে

S.C.E.R.T., West Bengal
Date.....
Acc. No.....
S.C.E.R.T., West Bengal Library

'অগাস্টাইন ভ্রাতৃসংঘে' যোগ দেন। কিন্তু এতে শান্তি লাভ না করায় তিনি বাইবেল পাঠে মনোনিবেশ করেন। বাইবেলের একটি উক্তি 'সাধু অগাস্টাইনের প্রতি বিশ্বাসে ভগবান প্রাপ্তি হয়' এই কথার মধ্যে তিনি শান্তি খুঁজে পেলেন। কিন্তু যাজকদের অহংকার, ইন্দ্রিয়াসক্তি এবং ধর্মের বাহ্যিক আচার-আচরণের অন্তঃসারশূন্যতা তাঁকে অত্যন্ত বিচলিত করল। কিন্তু যখন টেট্‌জল নামে জনৈক যাজক রোমের সেণ্ট পিটারস্‌ গির্জার সংস্কারের ব্যয় জার্মানবাসীদের কাছে পাপমুক্তির ছাড়পত্র 'স্বর্গের টিকিট' (Indulgence) হিসাবে বিক্রি করে আদায়ের চেষ্টা করলেন, তখন ধর্মের নামে এই অধর্ম লুথার সহ্য করতে পারলেন না। উইটেনবার্গ বিশ্ববিদ্যালয়ের দরজায় পেরেক দিয়ে একটা প্রতিবাদপত্র তিনি এঁটে দিলেন এবং পোপ থেকে আরম্ভ করে নিম্ন পর্যায়ের সমস্ত যাজককে টেট্‌জলের মত ভ্রান্ত প্রতিপন্ন করতে আহ্বান করলেন। প্রচলিত ধর্মমতের বিরুদ্ধে প্রতিবাদ করেছিলেন বলে লুথার প্রচারিত ধর্মমত 'প্রোটেস্ট্যাণ্টিজ্‌ম' (Protestantism) বা প্রোটেস্ট্যাণ্ট (Protestant) মতবাদ নামে পরিচিত। মার্টিন লুথার বলেছিলেন, 'অনুতাপই হচ্ছে পাপের প্রকৃত প্রায়শ্চিত্ত, অর্থব্যয় করে পাপ মোচন হয় না। ধর্ম বিষয়ে সবাই স্বাধীন। বাইবেল পড়লেই ধর্মের মূল কথা জানা যায়। তার জন্য পোপের অধীনতার দরকার নেই।' এই মতবাদের ফলে জার্মানিতে তুমুল আন্দোলনের সৃষ্টি হল।

মার্টিন লুথার

দ্বিতীয় পরিচ্ছেদ

ধর্মসংস্কার আন্দোলনের ফলাফল

সূচনায় লুথারকে ধর্মদ্রোহীরূপে গণ্য করলেও শেষ পর্যন্ত পোপ লিও পবিত্র রোমক সম্রাট পঞ্চম চার্লসকে ওয়ার্মসে একটা আলোচনা সভা আহ্বান করতে বলেন। এই সভা লুথারকে তাঁর ধর্মমত ত্যাগ করতে অনুরোধ করলে তিনি তাতে অস্বীকৃত হন। লুথারের নির্ভীক আচরণে ক্ষুব্ধ হয়ে এই সভা তাঁকে ধর্মদ্রোহী বলে ঘোষণা করলেন। কেবল তাই নয়, তাঁকে আইনের আশ্রয় থেকে বহিষ্কৃত এবং তাঁর বইপত্র জ্বালিয়ে দেবার সিদ্ধান্তও ওয়ার্মসের সভা গ্রহণ করে। জার্মানির অন্তর্গত স্যাক্সনীর ইলেক্টর ছিলেন লুথারের শুভাকাঙ্ক্ষী। তিনি লুথারকে তাঁর রাজ্যে নিরাপদ আশ্রয় দিলেন এবং তাঁর ধর্মীয় মতবাদ গ্রহণ করলেন। পঞ্চম চার্লস এক বিশাল সাম্রাজ্যের অধিপতি হওয়ায় এবং এই সাম্রাজ্যের নানা স্থানে বহু জটিল সমস্যার উদ্ভব হওয়ায় লুথারের বিরুদ্ধে কোনও কার্যকরী ব্যবস্থা গ্রহণ

করা সম্ভব ছিল না। ফলে মার্টিন লুথারের ধর্মমত জার্মানির নানা জায়গায় সহজেই বিস্তার লাভ করল। কিন্তু পঞ্চম চার্লস মার্টিন লুথার প্রবর্তিত প্রোটেস্ট্যাণ্ট ধর্মের এই সাফল্য সহজে মেনে নিতে পারেন নি। পঞ্চম চার্লস ও ক্যাথলিক রাজ্যগুলির মধ্যে সংঘর্ষ অনিবার্য হয়ে উঠল এবং শেষ পর্যন্ত ১৫৫৫ খ্রীস্টাব্দে অগ্‌স্‌বার্গের সন্ধির দ্বারা লুথারের প্রোটেস্ট্যাণ্ট ধর্ম আইনত স্বীকৃত হল।

এতদিন পর্যন্ত সমস্ত খ্রীস্টান ধর্মাধিষ্ঠান একই ধর্মাধিষ্ঠানের অধীন ছিল। ধর্মক্ষেত্রে এই ঐক্য ইউরোপীয় রাষ্ট্রগুলি ও জনগণকে এক সূত্রে গ্রথিত করে বহু দুর্যোগ এবং রাজনৈতিক ক্ষেত্রে জটিলতার হাত থেকে মুক্ত রেখেছিল। প্রোটেস্ট্যাণ্ট ধর্মের আইনানুগ স্বীকৃত সেই ঐক্য এবং রোমান ক্যাথলিক ধর্মাধিষ্ঠানের প্রাধান্যের অবসান ঘটিয়ে জার্মানির বিভিন্ন রাজ্যে প্রোটেস্ট্যাণ্ট ধর্ম বিস্তার লাভ করেছিল। উত্তর ইউরোপের ইংলণ্ড, স্কটল্যাণ্ড, ডেনমার্ক, নরওয়ে, সুইডেন প্রভৃতি দেশ এবং নেদারল্যাণ্ডের কিছু অংশ ক্যাথলিক ধর্মাধিষ্ঠানের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন করে প্রোটেস্ট্যাণ্ট মতবাদ গ্রহণ করে। সুইজারল্যাণ্ডের জুইংলি ও ফ্রান্সের ক্যালভিন লুথারের মতবাদ সমর্থনে ধর্মসংস্কার আন্দোলনে নেতৃত্ব দিলেন। এর ফলে পোপের প্রাধান্যের অবসান ঘটল ইউরোপের বিভিন্ন দেশে। ইউরোপের ধর্মসংস্কারের ক্ষেত্রে এইভাবে এক নূতন অধ্যায়ের সূচনা হল।

তৃতীয় পরিচ্ছেদ

ক্যাথলিক চার্চের অভ্যন্তরীণ সংস্কার

ক্যাথলিক ধর্মের সমস্ত ত্রুটিবিচ্যুতি এবং ক্যাথলিক যাজকদের সব অনাচার ও ব্যভিচারের ফলে প্রোটেস্ট্যাণ্ট বা প্রতিবাদী ধর্মসংস্কার আন্দোলনের উৎপত্তি হয়েছিল। ক্যাথলিক ধর্মাধিষ্ঠান এবং যাজক শ্রেণীর বিরুদ্ধে ত্রয়োদশ শতাব্দী থেকে এই আন্দোলনের সূত্রপাত হলেও পোপ বা যাজক সম্প্রদায় তাতে কোনও গুরুত্ব আরোপ করেন নি। এই অবস্থায় পূর্ণ সুযোগ মার্টিন লুথার গ্রহণ করেছিলেন এবং প্রোটেস্ট্যাণ্ট বা প্রতিবাদী ধর্মমত প্রচার করেছিলেন।

কিন্তু ক্যাথলিক ধর্মাবলম্বীদের মধ্যে অনেকেই এই ধর্মাধিষ্ঠানের দোষত্রুটি এবং অনৈক্য দূর করে এই ধর্ম যাতে বিনা প্রতিবাদে ইউরোপের সর্বসাধারণের গ্রহণযোগ্য হয় সেজন্য সচেষ্ট হলেন। রোমের ক্যাথলিক ধর্মাধিষ্ঠান যখন গভীরভাবে পাপে নিমগ্ন ছিল, তখন পোপ ছিলেন ষষ্ঠ এড্রিয়ান। এ সময় স্পেনের রাজা ফার্ডিনাণ্ডের চেষ্টায় স্পেনে ধর্মীয় সংস্কার আরম্ভ হয়। স্পেনের এই আন্দোলন ইটালীতে ছড়িয়ে পড়ে, এমন কি পোপও এই আন্দোলনের প্রভাবে প্রভাবান্বিত হন। যদিও ক্যাথলিক ধর্মাধিষ্ঠানের এই আত্মশুদ্ধির আন্দোলন অত্যন্ত ধীরগতিতে চলেছিল, তবুও এর প্রভাব ছিল অত্যন্ত ব্যাপক। শেষ পর্যন্ত ইগনেশিয়াস লয়লা প্রমুখ মনীষীদের চেষ্টায় ক্যাথলিক ধর্মাধিষ্ঠানের আত্মশুদ্ধির আন্দোলন (Counter Reformation) শক্তিশালী হয়ে ওঠে।

ইন্‌কুইজিশন কোর্ট (Inquisition Court): ক্যাথলিক ধর্মের বিরুদ্ধে বিদ্রোহ এবং এই ধর্মের প্রতি অবিচার ও অন্যায়ের প্রতিকারের জন্য 'ইন্‌কুইজিশন

কোর্ট' নামে একটা আদালতের সাহায্য নেওয়া হল। যদিও এই আদালত ১৪৮৩ খ্রীস্টাব্দে স্পেনের মুর ও ইহুদী ধর্মাবলম্বীদের দমন করার জন্য স্থাপিত হয়েছিল, পরবর্তী কালে রোমান ক্যাথলিক চার্চ খ্রীস্টধর্মের অংশ হিসাবে এই আদালতটিকে গ্রহণ করে। ধর্মদ্রোহিতার অপরাধে যাকে এই বিচারালয়ের সামনে উপস্থিত করা হত তাকে আত্মপক্ষ সমর্থনের কোনও সুযোগ দেওয়া হত না। দোষ প্রমাণিত হোক বা না হোক অপরাধীদের কঠোর শাস্তি, এমন কি মৃত্যুদণ্ড পর্যন্ত দেওয়া হত। প্রকৃতপক্ষে এই আদালতটি প্রোটেস্ট্যাণ্টদের বিরুদ্ধে অত্যাচারের একটা প্রধান অঙ্গ ছিল। এমন কি আদালতের বিচারে প্রোটেস্ট্যাণ্টদের পুড়িয়েও মারা হত। এই আদালত ক্যাথলিক ধর্মের প্রতি প্রোটেস্ট্যাণ্টদের ঘৃণা বৃদ্ধি করেছিল। নেদারল্যাণ্ড প্রভৃতি স্থানে ক্যাথলিক ধর্ম-বিরোধীদের ক্যাথলিক ধর্মের চিরশত্রুতে পরিণত করেছিল এই ইন্‌কুইজিশন আদালত।

জেসুইট সংঘ (The Jesuit Society) ঃ ইগনেশিয়াস লয়লা স্থাপিত জেসুইট সংঘ প্রতিসংস্কার আন্দোলনে এক বিশিষ্ট ভূমিকা গ্রহণ করেছিল। ইগনেশিয়াস লয়লা একজন সৈনিক হিসাবে তাঁর কর্মজীবন শুরু করেছিলেন। যুদ্ধক্ষেত্রে পঙ্গু হয়ে যাবার পর তিনি খ্রীস্টধর্মের সেবক হিসাবে কাজ করে যেতে থাকেন। ১৫৩৪ খ্রীস্টাব্দে তিনি বিখ্যাত জেসুইট সংঘ স্থাপন করেছিলেন। রোমের পোপ তাঁর এই সংঘকে স্বীকৃতি দিয়েছিলেন। এই সংঘ তিনটি প্রধান আদর্শ গ্রহণ করেছিল ঃ (১) চারিত্রিক পবিত্রতা, (২) দারিদ্র্য বরণ এবং (৩) আজ্ঞানুবর্তিতা। আজ্ঞানুবর্তিতার অর্থ হচ্ছে, ধর্মীয় নীতি ও নিয়মাবলী সম্বন্ধে কোন প্রশ্ন না করে বিনা দ্বিধায় নিজেকে সংঘের সঙ্গে একাত্ম করে দেওয়া।

১৫৪০ খ্রীস্টাব্দে যখন পোপ চতুর্থ পল এই সংঘকে স্বীকৃতি দিয়েছিলেন, তখন পোপের আদেশ পালন করা জেসুইট সংঘের চতুর্থ আদর্শ হিসাবে গৃহীত হয়। এখন কয়টি আদর্শ পালন করা ছাড়াও জেসুইট সংঘ কয়েকটি নির্দিষ্ট কর্মপন্থা গ্রহণ করেছিল। এই কর্মপন্থার মধ্যে উল্লেখযোগ্য ছিল শিক্ষার বিস্তার, অ-খ্রীস্টানদের খ্রীস্টধর্মে দীক্ষিত করা ও খ্রীস্ট ধর্মাবলম্বী, যারা ক্যাথলিক ধর্ম থেকে বের হয়ে গিয়েছিল—যেমন লুথারপন্থীরা, তাদের আবার ক্যাথলিক ধর্মে ফিরিয়ে আনা। কেবল ধর্মীয় ক্ষেত্রেই নয়, রাজনীতির ক্ষেত্রেও জেসুইট সংঘ নিজেদের নিয়োজিত করেছিল। তাদের মধ্যে অনেকেই রাজা বা মন্ত্রীদের পরামর্শদাতা হিসাবে কাজ করত। ইংলণ্ডের রানী এলিজাবেথকে সিংহাসনচ্যুত করে স্কটল্যাণ্ডের রাণী মেরীকে ইংলণ্ডের সিংহাসনে অধিষ্ঠিত করার ষড়যন্ত্রে জেসুইটরা লিপ্ত ছিল। মুঘল সম্রাট আকবরের দরবারেও বহু জেসুইট এসেছিলেন।

জেসুইটদের অক্লান্ত প্রচেষ্টায় স্পেন, পোল্যাণ্ড, ইটালী প্রভৃতি দেশ থেকে প্রোটেস্ট্যাণ্ট ধর্ম প্রায় বিলুপ্ত হয়েছিল। হল্যাণ্ড, নরওয়ে, জার্মানি, ডেনমার্ক প্রভৃতি দেশেও তারা বহু প্রোটেস্ট্যাণ্ট ধর্মাবলম্বীকে পুনরায় ক্যাথলিক ধর্মে ফিরিয়ে আনতে সক্ষম হয়েছিল। ধর্মীয় ও শিক্ষাক্ষেত্রে জেসুইটদের কার্যকলাপ যে কেবল ইউরোপেই সীমাবদ্ধ ছিল তা নয়, তারা প্রাচ্য ও প্রতীচ্যের বিভিন্ন দেশে ধর্মপ্রচার ও শিক্ষাবিস্তারের কাজে নিজেদের ব্যাপকভাবে নিয়োজিত করেছিল।

ট্রেণ্টের ধর্মসভা (Council of Trent, ১৫৪৫—১৫৬৩)ঃ ইন্‌কুইজিশন

আদালতও জেসুইট ছাড়াও টাইরলের অন্তর্গত ট্রেণ্টের সভাও প্রতিসংস্কার আন্দোলনে সক্রিয় ভূমিকা গ্রহণ করেছিল। মার্টিন লুথার প্রচারিত প্রোটেস্ট্যাণ্ট ধর্মাধিষ্ঠান ক্যাথলিক ধর্মের যে প্রাধান্য ও প্রতিপত্তি খর্ব করতে উদ্যত হয়েছিল তা প্রতিরোধ করার উদ্দেশ্যে সমস্ত পৃথিবীর ক্যাথলিক ধর্মাবলম্বী প্রতিনিধিদের নিয়ে ট্রেণ্টের ধর্মসভা প্রতিষ্ঠা করেছিলেন পবিত্র রোমক সম্রাট পঞ্চম চার্লস। তাছাড়া রোমান ক্যাথলিক চার্চের বহু ব্যক্তি এই চার্চকে সংস্কার করতে চেয়েছিলেন। তাঁরা এই চার্চে আত্মত্যাগ ও নিয়মানুবর্তিতা প্রবর্তন করতে চেয়েছিলেন এবং চার্চের ভিতর যে কলুষ ও সম্পদশালী হবার প্রবণতা দেখা গিয়েছিল তার থেকে অব্যাহতি পেতে চেয়েছিলেন। যদিও রোমের পোপ এই সভাকে স্বীকৃতি দেন নি, তা সত্ত্বেও ইউরোপের বিশাল ভূভাগের অধিপতি প্রতিপত্তিশালী সম্রাট পঞ্চম চার্লস ১৫৪৫ খ্রীস্টাব্দ থেকে ১৫৬৩ খ্রীস্টাব্দ পর্যন্ত এই ধর্মসভার কয়েকটা অধিবেশন আহ্বান করে ক্যাথলিক ধর্মের অগ্রগতি বৃদ্ধি করবার চেষ্টা করেছিলেন।

সূচনায় পঞ্চম চার্লসের উদ্দেশ্য ছিল, এই সভার মাধ্যমে ইটালী ও ক্যাথলিক-ধর্মী দেশগুলির যাজক সম্প্রদায়ের প্রতিনিধিদের সাহায্যে ক্যাথলিক ধর্মের অনাচার ও ব্যভিচারগুলি দূর করবেন, কিন্তু তাঁর এই চেষ্টা ফলবতী হয় নাই। ইউরোপের রাষ্ট্রগুলি আশা করেছিল যে এই সভার মাধ্যমে ক্যাথলিক ধর্ম এবং লুথার প্রচারিত ধর্মের মধ্যে একটা আপস-মীমাংসা হবে এবং খ্রীস্টধর্ম ও ধর্মাধিষ্ঠানের মধ্যে একটা ঐক্য সম্পন্ন হবে। কিন্তু দুর্ভাগ্যক্রমে ইউরোপীয় রাষ্ট্রগুলির এই আশাও অপূর্ণ থেকে যায়। এই সভা লুথারপন্থীদের প্রতি কোনরকম উদারতা প্রদর্শন করে নি এবং ধর্মক্ষেত্রেও কোন মীমাংসা করে নি। এই সভা অবশ্য ভালগেট নামে বাইবেলের ল্যাটিন অনুবাদ খ্রীস্টধর্মের প্রামাণ্য ধর্মগ্রন্থরূপে অনুমোদন করে। কিন্তু লুথারের কয়েকটি মতবাদ, যেমন, বিশ্বাস দ্বারা ভগবান প্রাপ্তি হয়, তা এই সভা অগ্রাহ্য করে। লুথারপন্থীদের প্রতি কঠোর মনোভাব গ্রহণ করার ফলে এই সভায় যে সকল প্রোটেস্ট্যাণ্ট ধর্মের প্রতিনিধি এসেছিলেন তাঁরা এই সভা ত্যাগ করে চলে যান। ট্রেণ্টের ধর্মসভা লুথার প্রচারিত ধর্মকে অগ্রাহ্য করে এবং পোপের প্রাধান্য সম্পূর্ণরূপে স্বীকার করে। এই সভা ক্যাথলিক ধর্মমতকে অত্যন্ত প্রতিক্রিয়াশীল করে তোলে এবং জোর করে প্রোটেস্ট্যাণ্ট ধর্মাবলম্বীদের পুনরায় ক্যাথলিক ধর্মে দীক্ষিত করার চেষ্টা করে। এই সভায় ক্যাথলিক ধর্মের একক প্রাধান্য স্বীকৃত হয় এবং ক্যাথলিক ধর্মের মর্যাদা ও প্রতিপত্তি বৃদ্ধি পায়।

চতুর্থ পরিচ্ছেদ

সম্রাট পঞ্চম চার্লস ও প্রোটেস্ট্যাণ্ট রাষ্ট্রসমূহের মধ্যে ধর্মীয় যুদ্ধ

পবিত্র রোমান সাম্রাজ্যের সম্রাটের দায়িত্ব ও কর্তব্যরূপে জার্মানি এবং অন্যান্য প্রোটেস্ট্যাণ্ট রাজ্যে মার্টিন লুথারের ধর্মমত বিস্তার রোধ করার প্রয়োজন সম্রাট পঞ্চম চার্লস অনুভব করলেন। বহু স্বাধীন রাজ্যে বিভক্ত তদানীন্তন জার্মানি পরস্পর বিবাদ-বিসংবাদে লিপ্ত ছিল। পঞ্চম চার্লস উপলব্ধি করলেন যে যদি এই

রাজ্যগুলি ধর্মের ভিত্তিতে বিভক্ত হয়ে পড়ে তবে ক্যাথলিক শাসক হিসাবে জার্মানির প্রোটেস্ট্যাণ্ট অঞ্চলের উপর তাঁর আধিপত্য থাকবে না।

প্রোটেস্ট্যাণ্ট মতবাদ উদ্ভবের ফলে ধর্মীয় ক্ষেত্রে যে জটিলতার এবং অনৈক্যের সৃষ্টি হয়েছিল তার মীমাংসার জন্য পঞ্চম চার্লস ট্রেণ্টের সভা আহ্বান করেছিলেন। কিন্তু এই সভা আহ্বানের পেছনে পঞ্চম চার্লসের কোনও দুরভিসন্ধি রয়েছে চিন্তা করে প্রোটেস্ট্যাণ্ট প্রতিনিধিরা এই সভা ত্যাগ করে চলে যান। আপস-মীমাংসা কোনক্রমেই সম্ভব নয় বিবেচনা করে পঞ্চম চার্লস প্রোটেস্ট্যাণ্ট রাষ্ট্রগুলির বিরুদ্ধে যুদ্ধ আরম্ভ করলেন। কিন্তু যুদ্ধ আরম্ভ হবার আগেই ১৫৪৬ খ্রীস্টাব্দে মার্টিন লুথার পরলোকগমন করেন।

যুদ্ধের সূচনায় পঞ্চম চার্লস প্রোটেস্ট্যাণ্ট রাষ্ট্রগুলির বিরুদ্ধে সাফল্য অর্জন করলেও শেষ পর্যন্ত লুথারপন্থীদের বিরুদ্ধে আর যুদ্ধ করেন নি। নেদারল্যাণ্ডে মার্টিন লুথারের প্রোটেস্ট্যাণ্ট ধর্মমত প্রসার লাভ করায় পঞ্চম চার্লস কঠোর হাতে তা দমন করেন। ১৫৫৫ খ্রীস্টাব্দে **অগ্‌স্‌বার্গের সন্ধি** দ্বারা ক্যাথলিক ও প্রোটেস্ট্যাণ্টদের মধ্যে আপস হয়।

ক্যাথলিক ও প্রোটেস্ট্যাণ্টদের পারস্পরিক বিবাদের ইতিহাস অগ্‌স্‌বার্গের সন্ধি একটা গুরুত্বপূর্ণ ঘটনা। এই সন্ধি দ্বারা (১) লুথার স্থাপিত প্রোটেস্ট্যাণ্ট ধর্ম আইনতঃ স্বীকৃত হল। (২) জার্মানির রাজারা নিজেদের ইচ্ছামত ক্যাথলিক ও প্রোটেস্ট্যাণ্ট ধর্মমত গ্রহণ করতে পারতেন এবং নিজ নিজ প্রজাদের উপর তা চাপাতে পারতেন। (৩) যদি কোনও ক্যাথলিক যাজক প্রোটেস্ট্যাণ্ট ধর্মমত গ্রহণ করেন তবে তাঁকে পদত্যাগ করতে হবে এবং যে সব আর্থিক সুযোগ-সুবিধা তিনি পেতেন তাও ত্যাগ করতে হবে। এই সন্ধির আর একটা শর্তানুযায়ী স্থির হল যে পরবর্তী কালে যে সব ক্যাথলিক প্রজা প্রোটেস্ট্যাণ্ট ধর্মমত গ্রহণ করবেন তাঁদের নিজ নিজ সম্পত্তিসহ দেশ ত্যাগ করে অন্যত্র যাবার সুযোগ দিতে হবে। এই সন্ধি ধর্মাধিষ্ঠানের ঐক্য বিনষ্ট করে খ্রীস্ট ধর্মাবলম্বীদের স্পষ্টত দুটি দলে বিভক্ত করেছিল।

পঞ্চম পরিচ্ছেদ

প্রজাতান্ত্রিক নেদারল্যাণ্ড রাষ্ট্রের উদ্ভব

পবিত্র রোমান পঞ্চম চার্লসের মৃত্যুর পর তাঁর পুত্র দ্বিতীয় ফিলিপ নেদারল্যাণ্ডের অধিকার লাভ করেন। ঐ সময় নেদারল্যাণ্ডের প্রজারা তাঁর প্রতি অনুগত ও শ্রদ্ধাশীল ছিল। কিন্তু অল্পকালের মধ্যেই দ্বিতীয় ফিলিপের স্বৈরাচারী শাসন নেদারল্যাণ্ডের অধিবাসীদের বিদ্রোহী করে তুলল। দ্বিতীয় ফিলিপের পিতা পঞ্চম চার্লস নেদারল্যাণ্ডের অধিবাসীদের নানাভাবে অত্যাচার করেছিলেন; এই রাজ্যের প্রোটেস্ট্যাণ্ট প্রজারা তাদের ধর্মীয় মতবাদের জন্য মৃত্যুদণ্ডও পেয়েছিল। পঞ্চম চার্লস ১৫৫০ খ্রীস্টাব্দে ঘোষণা করেছিলেন যে ক্যাথলিক ধর্মদ্রোহীদের আগুনে পুড়িয়ে, গর্তে ফেলে বা তলোয়ারের দ্বারা দ্বিখণ্ডিত করে হত্যা করা হবে। দ্বিতীয় ফিলিপ পিতার ঘোষণা পুনরায় জারি করায় নেদারল্যাণ্ডবাসীরা তাঁর প্রতি অত্যন্ত অসন্তুষ্ট হল।

নেদারল্যান্ডের অধিবাসী, যারা লুথারের মতবাদে বিশ্বাসী ছিল, তাদের দমন করার উদ্দেশ্যে দ্বিতীয় ফিলিপ বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করলেন। আগে নেদারল্যান্ডে মাত্র চারজন বিশপ ছিল; দ্বিতীয় ফিলিপ এই সংখ্যা বৃদ্ধি করে চৌদ্দ জন বিশপকে নেদারল্যান্ডের বিভিন্ন প্রোটেস্ট্যান্ট অঞ্চলের দায়িত্ব দিলেন। ইনকুইজিশন আদালতের মাধ্যমে প্রোটেস্ট্যান্ট, ইহুদী ও মুর প্রভৃতি সমস্ত অ-ক্যাথলিকদের উপর তিনি অত্যাচার চালালেন।

স্বৈরাচারী দ্বিতীয় ফিলিপ তাঁর বৈমাত্রেয় বোন মার্গারেটকে নেদারল্যান্ডের গভর্নর নিযুক্ত করলেন। মার্গারেটকে সাহায্য করার জন্য তিনি গ্রানভেলা নামে জনৈক স্পেনীয়কে প্রধানমন্ত্রী রূপে স্পেনে অধিষ্ঠিত করলেন। নেদারল্যান্ডের অভিজাত শ্রেণীকে শাসনব্যবস্থা থেকে অপসারিত করে স্পেনীয়দের মধ্য থেকে গভর্নর ও প্রধানমন্ত্রী নিযুক্ত হওয়ায় নেদারল্যান্ডের অধিবাসীদের মধ্যে তীব্র বিক্ষোভ দেখা দিল। নেদারল্যান্ডে জাতীয়তাবাদী আন্দোলন দমনের উদ্দেশ্যে দ্বিতীয় ফিলিপ এই রাজ্যে একদল স্পেনের সৈন্য মোতায়েন করলেন। নেদারল্যান্ডের তাঁত ও অন্যান্য শিল্প এবং বাণিজ্যের উপর নানা কর ধার্য করা হল এবং নানাবিধ বিধিনিষেধ আরোপ করা হল। এইসব কারণে নেদারল্যান্ডবাসীরা দ্বিতীয় ফিলিপের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে। দ্বিতীয় ফিলিপের বিরুদ্ধে বিদ্রোহে নেদারল্যান্ডবাসীদের নেতা ছিলেন **উইলিয়ম অব অরেঞ্জ।**

অরেঞ্জের নেতৃত্বে নেদারল্যান্ডবাসীরা স্পেনের শাসননীতির কঠোরতা দূর করার এবং ইনকুইজিশন আদালতের অবসানের দাবি করলেন। কিন্তু দ্বিতীয় ফিলিপ তাদের আবেদনে কর্ণপাত না করে নেদারল্যান্ডের বিদ্রোহী প্রজাদের 'ভিক্ষুকের দল' বলে আখ্যা দিলেন।

এই সময় নেদারল্যান্ডের লুথারপন্থী যাজকরা এই দেশের সর্বত্র ক্যাথলিক বিরোধী প্রচারকার্য চালালেন। নেদারল্যান্ডের সর্বত্র ক্যাথলিক চার্চ আক্রান্ত হল; এইসব চার্চের মূর্তি, চিত্র ইত্যাদি তারা চূর্ণ করে ফেলল। এই দাঙ্গার খবর পেয়ে দ্বিতীয় ফিলিপ ডিউক অব আল্‌ভার অধীনে একদল সৈন্য দাঙ্গাকারীদের শাস্তি দেওয়ার উদ্দেশ্যে নেদারল্যান্ডে পাঠালেন। উইলিয়ম অব অরেঞ্জ একদল সেনা নিয়ে আল্‌ভাকে আক্রমণ করেন কিন্তু আল্‌ভার হাতে তিনি পরাজিত হন। আল্‌ভা নেদারল্যান্ডবাসীদের করভারে জর্জরিত করলেন। নেদারল্যান্ডে শিল্প, ব্যবসা-বাণিজ্য বলে আর কিছুই রইল না। আল্‌ভার অত্যাচারে নেদারল্যান্ড ছেড়ে বহুসংখ্যক অধিবাসী ইংলন্ডে গিয়ে আশ্রয় নিল।

বিতাড়িত নেদারল্যান্ডের অধিবাসীরা ১৫৭২ খ্রীস্টাব্দে নেদারল্যান্ড আক্রমণ করে 'ব্রিল' শহরটি দখল করে। ব্রিল শহরের পতনের সঙ্গে সঙ্গে সমস্ত উত্তর নেদারল্যান্ডে এক ব্যাপক বিদ্রোহ দেখা দিল এবং "ঘেন্টের শান্তি চুক্তি" অনুযায়ী ধর্মীয় ও রাজনৈতিক বিভেদের অবসান ঘটিয়ে উত্তর ও দক্ষিণ নেদারল্যান্ডের অধিবাসীরা তাদের দেশ থেকে স্পেনীয় সেনাবাহিনীকে দূর করতে বদ্ধপরিকর হল। ১৫৭৮ খ্রীস্টাব্দে মার্গারেটের পুত্র ডিউক অব পার্মা নেদারল্যান্ডের শাসনভার পেলেন। তিনি দক্ষিণ নেদারল্যান্ডের ক্যাথলিক প্রধান অঞ্চলের (পরবর্তী কালে এই অঞ্চল বেলজিয়াম নামে পরিচিত হয়) আনুগত্য লাভ করেছিলেন। ১৫৭৯

খ্রীস্টাব্দে নেদারল্যান্ডের উত্তরাংশের হল্যান্ড, জিল্যান্ড, ইউট্রেক্ট, গিল্ডারল্যান্ড প্রভৃতি প্রোটেস্ট্যান্ট অংশ নিয়ে 'ইউট্রেক্টের ইউনিয়ন' নামে এক রাজ্য স্থাপিত হল। এই ইউনিয়নই পরবর্তী কালে হল্যান্ড নামে পরিচিত হয়েছে। ১৬৪৮ খ্রীস্টাব্দে স্বাক্ষরিত ওয়েস্টফেলিয়ার সন্ধি হল্যান্ডের স্বাধীনতা স্বীকার করে নেয়।

ষষ্ঠ পরিচ্ছেদ

স্পেনের সম্রাট দ্বিতীয় ফিলিপ ও ইংলণ্ড

দ্বিতীয় ফিলিপের প্রোটেস্ট্যান্ট ইংলন্ডকে নিয়ন্ত্রণে আনার ব্যর্থ চেষ্টাঃ স্পেনের সম্রাট দ্বিতীয় ফিলিপ ছিলেন অত্যন্ত উগ্র ক্যাথলিক। তাঁর প্রধান লক্ষ্য ছিল ইউরোপের বিভিন্ন দেশ থেকে প্রোটেস্ট্যান্ট মতবাদের উচ্ছেদ সাধন করে ঐ সব দেশে ক্যাথলিক ধর্ম পুনরায় প্রবর্তন করা। দ্বিতীয় ফিলিপ ইংলন্ডের রানী মেরীকে (১৫৫৩-১৫৫৮ খ্রীঃ) বিবাহ করেছিলেন। রানী মেরীও ছিলেন গোঁড়া ক্যাথলিক। মেরীর শাসনকালে প্রায় তিন শ' প্রোটেস্ট্যান্টকে জীবন্ত দগ্ধ করা হয়েছিল; এঁদের মধ্যে আর্চবিশপ ক্র্যামনারও ছিলেন। প্রোটেস্ট্যান্টদের প্রতি এ রকম নিষ্ঠুর অত্যাচার করায় তিনি "রক্ত পিপাসু মেরী" (Bloody Mary) আখ্যা পেয়েছিলেন। রানী মেরীর মৃত্যুর পর দ্বিতীয় ফিলিপ এলিজাবেথকে বিবাহ করে ইংলন্ডে ক্যাথলিক ধর্মের অগ্রগতি সুপ্রতিষ্ঠিত করতে চেয়েছিলেন; কিন্তু এলিজাবেথ ফিলিপকে বিবাহ করতে রাজী হলেন না। এর ফলে ফিলিপ এলিজাবেথকে হত্যার জন্য ইংলন্ডের ক্যাথলিকদের প্ররোচিত করেছিলেন। এলিজাবেথকে হত্যার জন্য কয়েকটা ষড়যন্ত্রও হয়েছিল; কিন্তু মন্ত্রীদের তৎপরতায় এলিজাবেথ সব কটি ষড়যন্ত্রই ব্যর্থ করে দেন। যখন নেদারল্যান্ডের প্রোটেস্ট্যান্ট অধিবাসীরা স্বাধীনতা লাভের উদ্দেশ্যে সম্রাট দ্বিতীয় ফিলিপের বিরুদ্ধে বিদ্রোহী হয় তখন এলিজাবেথ গোপনে অস্ত্রশস্ত্র দিয়ে নেদারল্যান্ড-বাসীদের সাহায্য করেন। এজন্যও দ্বিতীয় ফিলিপ এলিজাবেথের উপর ভয়ানক ক্রুদ্ধ হন।

এলিজাবেথ

স্প্যানিশ আর্মাডাঃ ধর্মীয় কারণ ছাড়াও বাণিজ্যিক কয়েকটি কারণও দ্বিতীয় ফিলিপ ও এলিজাবেথের সম্পর্কের চরম অবনতি ঘটায়। ইংরেজ নাবিকদের দুঃসাহসিক লুটতরাজে দ্বিতীয় ফিলিপ অত্যন্ত অসন্তুষ্ট হন। ফিলিপ ইংরেজদের আমেরিকায় ব্যবসা-বাণিজ্য নিষিদ্ধ করে দিয়েছিলেন; ড্রেক ও হকিন্সের মত সাহসী ইংরেজ নৌ-অধ্যক্ষরা স্প্যানিশ বাণিজ্য-জাহাজ আক্রমণ করে এগুলি লুট করতে থাকেন। ১৫৮৫ খ্রীস্টাব্দে এলিজাবেথ ড্রেককে স্প্যানিশ অধিকারভুক্ত ওয়েস্ট ইণ্ডিজে প্রেরণ করেন। সেখানে ড্রেক অবাধে লুণ্ঠন এবং কয়েকটা শহর আগুন দিয়ে জ্বালিয়ে দিলেন। এই

দুঃসাহসিক আক্রমণে ফিলিপ ক্রুদ্ধ হয়ে ইংলণ্ড আক্রমণের প্রস্তুতি নিলেন। কিন্তু ড্রেক ক্যাডিজ বন্দরে কতকগুলি স্প্যানিশ জাহাজ পুড়িয়ে দেওয়ায় এই আক্রমণ বিলম্বিত হয়।

এলিজাবেথের স্পেনের প্রতি প্রকাশ্য বিরোধিতা দ্বিতীয় ফিলিপকে যে ইংলণ্ড আক্রমণে প্ররোচিত করেছিল তাতে কোনও সন্দেহ নেই। স্কটল্যাণ্ডের ক্যাথলিক রানী মেরীকে এলিজাবেথ মৃত্যুদণ্ডে দণ্ডিত করায় দ্বিতীয় ফিলিপের ক্রোধ আরও বৃদ্ধি পায়। এলিজাবেথের বিরুদ্ধে অভিযানে পোপ পঞ্চম সিক্সটাস্ প্রচুর অর্থ সংগ্রহ করে ফিলিপকে দিয়েছিলেন। সুতরাং ফিলিপের কাছে বিধর্মী দেশ ইংলণ্ড জয় এক পবিত্র কর্তব্য বলে মনে হয়েছিল।

১৫৮৭ খ্রীস্টাব্দে ১৩০ খানি স্পেনের বড় বড় জাহাজ নিয়ে গঠিত 'আর্মাডা' নামে নৌবহর মেডিনা সিডোনিয়ার নেতৃত্বে স্পেন থেকে যাত্রা করে। ইংরেজ নৌ-বহরের নেতৃত্ব দিয়েছিলেন এফিংহামের লর্ড হাওয়ার্ড (Lord Howard of Effingham)। যখন ইংরেজরা এই 'আর্মাডা' দেখল তখন তারা এর গতিতে কোন বাধা দেয় নি। ১৫৮৮ খ্রীঃ-এর ২৯শে জুলাই ইংলিশ চ্যানেলে ইংরেজরা আর্মাডাকে বাধা দিল। আর্মাডার যে সব জাহাজ পেছনে পড়েছিল তাদের প্রচণ্ড-ভাবে ইংরেজরা পেছন দিক দিয়ে আক্রমণ করল। শেষ পর্যন্ত আর্মাডা ক্যালেতে (Calais) আশ্রয় নিতে বাধ্য হল। ইংরেজরা তখন ছোট ছোট জাহাজে আগুন ধরিয়ে স্প্যানিশ নৌবহরের মধ্যে ছেড়ে দিল এবং স্প্যানিশদের এই বন্দর ত্যাগ করতে বাধ্য করল। গ্রাভেলাইনস্ (Gravelines)-এর যুদ্ধে স্প্যানিশরা অতি শোচনীয়ভাবে পরাজিত হল এবং এক বিশাল ঝড়ে স্প্যানিশ নৌ-বাহিনী ছত্র-ভঙ্গ হয়ে গেল। শেষ পর্যন্ত স্কটল্যাণ্ড ঘুরে মাত্র ৫৩ খানা স্প্যানিশ জাহাজ দেশে ফিরে যেতে সমর্থ হল।

ফিলিপের ব্যর্থতাঃ আর্মাডার পরাজয়ে স্পেনের নৌ-আধিপত্য ধ্বংস হল এবং ইংরেজদের নৌ-বল অপ্রতিদ্বন্দ্বী নৌ-শক্তি রূপে প্রতিষ্ঠিত হয়ে কিছু-কালের মধ্যে পৃথিবীর নানা স্থানে ব্রিটিশ আধিপত্য বিস্তার লাভ করল। ইংরেজ নৌ-শক্তির এই বিস্তার ইংরেজের বাণিজ্য ও উপনিবেশের সম্প্রসারণ ঘটিয়েছিল। আর্মাডার ধ্বংসের পর থেকেই ইউরোপের সর্বত্র ক্যাথলিক ধর্মের সঙ্কোচ ও প্রোটেস্ট্যাণ্ট ধর্মের প্রসার দেখা গেল।

অনুশীলনী

বাস্তবভিত্তিক প্রশ্নাবলী ঃ

১। "ধর্মসংস্কার আন্দোলনের শুকতারা" কাকে বলা হয়? ২। জন হাস কে ছিলেন? ৩। মার্টিন লুথার কোন্ দেশের লোক ছিলেন? ৪। অগ্স্বার্গের সভা কে আহ্বান করেছিলেন? ৫। ইগনেশিয়াস লয়লা কে? ৬। ট্রেণ্টের ধর্মসভা কে প্রতিষ্ঠা করেছিলেন? ৭। ইনকুইজিশন আদালত সর্বপ্রথম কত খ্রীস্টাব্দে স্থাপিত হয়েছিল? ৮। উইলিয়ম অব অরেঞ্জ কে? ৯। কত খ্রীস্টাব্দে স্প্যানিশ নৌবহর ইংলণ্ড আক্রমণ করেছিল?

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলী:

১। জন হাসের মতবাদ কি ছিল? ২। জেসুইট সংঘের সদস্যদের কি কি ধর্মনীতি মেনে চলতে হত? ৩। ইনকুইজিশন পদ্ধতি ক্যাথলিক ধর্ম পুনরুজ্জীবনের ক্ষেত্রে কতটা সাফল্য অর্জন করেছিল? ৪। দ্বিতীয় ফিলিপ কিভাবে নেদারল্যান্ডে ধর্মীয় অত্যাচার করেছিলেন? ৫। ইংরেজরা কিভাবে স্প্যানিশ নৌবহরের মোকাবিলা করেছিল?

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্নাবলী:

১। ক্যাথলিক চার্চের দুর্নীতির বিরুদ্ধে প্রতিবাদ হয়েছিল কেন? ২। মার্টিন লুথারের জীবনী ও মতবাদ আলোচনা কর। ৩। ট্রেন্টের ধর্মসভার কার্যাবলী আলোচনা কর। ৪। অগ্‌স্‌বার্গের সন্ধির শর্তাবলী আলোচনা কর। ৫। ইংলন্ডের হাতে স্পেনের পরাজয়ের ফলাফল আলোচনা কর।

রচনাত্মক প্রশ্নাবলী:

১। প্রজাতান্ত্রিক নেদারল্যান্ড রাষ্ট্রের উদ্ভবের ইতিহাস সংক্ষেপে আলোচনা কর। ২। স্পেনের সম্রাট দ্বিতীয় ফিলিপ ও ইংলন্ডের মধ্যে বিবাদের কারণগুলি বর্ণনা কর।

মৌখিক প্রশ্নাবলী:

১। হিব্রুভাষা শিক্ষার উদ্দেশ্য কি ছিল?
২। ক্যাথলিক চার্চের যাজকরা কি রকম ছিলেন?
৩। ধর্মসংস্কার আন্দোলনের নেতাদের নাম উল্লেখ কর।
৪। ইংরেজী ভাষায় বাইবেল সর্বপ্রথম কে অনুবাদ করেছিলেন?
৫। "লোলার্ড" কাদের বলা হত?
৬। টেট্‌জল কি করেছিলেন?
৭। লুথারের প্রোটেস্ট্যান্ট ধর্ম আইনতঃ কখন স্বীকৃত হয়েছিল?
৮। মার্গারেট কে?
৯। ইউট্রেক্টের ইউনিয়ন নেদারল্যান্ডে কোন্ কোন্ অঞ্চল নিয়ে গঠিত হয়েছিল?
১০। 'আর্মাডা' কি?

নীচের দুই সারির বাক্যাংশগুলিকে সঠিকভাবে সাজিয়ে লিখ:

(ক) ইংলন্ডের জন ওয়াইক্লিফ/প্রোটেস্ট্যান্ট মতবাদ নামে পরিচিত।
(খ) জন হাস ছিলেন/জার্মানীর নানা জায়গায় সহজেই বিস্তার লাভ করেছিল।
(গ) বাইবেলের একটি উক্তি/আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেওয়া হত না।
(ঘ) লুথার প্রচারিত ধর্ম/সাধু অগাস্টাইনের প্রতি বিশ্বাসে ভগবান প্রাপ্তি হয়।
(ঙ) মার্টিন লুথারের ধর্মমত/ক্যাথলিক ধর্মের অগ্রগতি বৃদ্ধি করার চেষ্টা করেছিলেন
(চ) ইনকুইজিশন আদালতে/ব্যালিওল কলেজে শিক্ষকতা করেন।
(ছ) সম্রাট পঞ্চম চার্লস ট্রেন্টের ধর্মসভা আহ্বান করে/ওয়াইক্লিফের শিষ্য।

পঞ্চম অধ্যায় | সপ্তদশ শতাব্দীতে ইংলণ্ডের বিপ্লব

প্রথম পরিচ্ছেদ

রাজা ও পার্লামেন্টের মধ্যে বিবাদের মূল কারণ

সপ্তদশ শতাব্দীতে সমস্ত স্টুয়ার্ট যুগব্যাপী রাজা ও পার্লামেণ্ট পারস্পরিক কলহে লিপ্ত ছিল। এই বিরোধ ছিল প্রধানত সার্বভৌমত্বের—অর্থাৎ রাষ্ট্রের সর্বপ্রধান হবার ও চূড়ান্ত ক্ষমতা দখলের বিবাদ। এই বিবাদের সূচনা হয়েছিল প্রথম স্টুয়ার্ট নরপতি প্রথম জেমসের শাসনকালে, মারাত্মক আকার ধারণ করেছিল তাঁর পুত্র প্রথম চার্লসের শাসনকালে। এই বিবাদের অবসান হয় যখন দ্বিতীয় জেমস ইংলণ্ড থেকে বিতাড়িত হন। শেষ পর্যন্ত ১৬৮৮ খ্রীস্টাব্দের বিপ্লব পার্লামেণ্টের জয় সূচিত করে।

টিউডর যুগের স্বেচ্ছাচারিতা জনসাধারণ মেনে নিয়েছিল, কারণ ঐ যুগে ইংলণ্ড বহিঃশত্রুর আক্রমণের সম্মুখীন হয়েছিল। তারা নিজেদের ইচ্ছাতেই একটা শক্তিশালী শাসন-ব্যবস্থার কাছে নতি স্বীকার করে কিন্তু স্প্যানিশ আর্মাডার পরাজয়ের পর ইংরেজরা স্বস্তির নিঃশ্বাস ফেলল এবং স্বৈরাচারী রাজশক্তির বিরুদ্ধে তাদের অধিকার ও সুযোগ-সুবিধা আদায়ে তৎপর হল।

দ্বিতীয়ত, ইংলণ্ডের গোঁড়াপন্থী মতবাদের প্রাধান্য দ্রুত বিস্তারলাভ করায় ধর্মীয় ক্ষেত্রে রাজকীয় নীতি জনসাধারণের বিরোধের সম্মুখীন হয়। এলিজাবেথের ধর্মীয় নীতিতে তারা অসন্তুষ্ট হয়েছিল, জেমস তাদের দাবিগুলি অগ্রাহ্য করায় তারা অত্যন্ত অসন্তুষ্ট হয়। তাদের অসন্তোষ ঘৃণায় পরিণত হল। তারা দেখতে পেল যে জেমস ও তাঁর পুত্র উভয়েই ক্যাথলিক মতবাদে বিশ্বাসী, কিন্তু পার্লামেণ্টের 'কমন্স সভায়' তাদের সংখ্যাগরিষ্ঠতা থাকায় তারা রাজকীয় নীতির বিরুদ্ধে সংঘবদ্ধ আন্দোলন চালাতে থাকে।

তৃতীয়ত, রেনেসাঁস ও ধর্মসংস্কার আন্দোলন এবং ঐ যুগের জনসাধারণের দুঃসাহসিক কার্যের প্রতি প্রবণতা একটি শক্তিশালী জাতীয় চরিত্র গঠন করেছিল এবং জনসাধারণের আত্মবিশ্বাস বৃদ্ধি করেছিল। তাদের চিন্তাশক্তি বৃদ্ধি পেয়েছিল। টিউডরদের কুক্ষিগত হয়ে থাকতে তারা শেষের দিকে আর চায় নি। দেশের সরকারে তারা ব্যাপকভাবে অংশগ্রহণ করতে চাইল; কারণ স্বৈরাচারী রাজশক্তির প্রতি তারা বীতশ্রদ্ধ হয়ে পড়েছিল।

সর্বশেষে, স্টুয়ার্ট রাজারা 'নরপতিদের দৈব অধিকারে' বিশ্বাসী ছিলেন (Divine Right of Kingship)। এই মতবাদ অনুসারে তাঁদের কাজের জন্য একমাত্র ভগবানের কাছে দায়ী বলে তাঁরা মনে করতেন, জনসাধারণের কাছে নয়। কিন্তু ঐ যুগের সমালোচনার দৃষ্টিভঙ্গির দ্বারা প্রভাবিত পিউরিটানরা মনে করত যে রাজা আইনের ঊর্ধ্বে নন।

প্রথম জেমস ও তাঁর পুত্র প্রথম চার্লস উভয়েই ছিলেন অত্যন্ত অহংকারী

এবং জনসাধারণের মতামত উপলব্ধি করার মত সহিষ্ণুতা তাঁদের ছিল না। তাঁরা যদি জনসাধারণের রাজনৈতিক দাবিদাওয়াগুলি সহানুভূতির সঙ্গে বিবেচনা করতেন তাহলে হয়তো রাজায়-প্রজায় এই সংঘর্ষ এড়ানো যেত।

দ্বিতীয় পরিচ্ছেদ

গৃহযুদ্ধ ঃ ক্রমওয়েল ও কমনওয়েলথ

প্রথম জেমস (১৬০৩—১৬২৫ খ্রীঃ) তাঁর রাজত্বকালে চারটি পার্লামেণ্ট আহ্বান করেছিলেন। কিন্তু তাঁর উগ্র ক্যাথলিক ধর্মে বিশ্বাস এবং প্রেসবাইটেরিয়ান ধর্মের প্রতি ঘৃণা তাঁকে পার্লামেণ্টের সঙ্গে বিবাদে প্ররোচিত করল। জেমসের বিরুদ্ধে ১৬০৫ খ্রীস্টাব্দে 'বারুদ ষড়যন্ত্র' নামক একটি ষড়যন্ত্র হল, কিন্তু রাজা এই ষড়যন্ত্রের হাত থেকে প্রাণে বেঁচে যান। ক্যাথলিকরা এই ষড়যন্ত্র করেছিল বলে রাজা ক্যাথলিকদের বিরুদ্ধে আইনকানুন আরো কঠোর করেন। জেমসের পার্লামেণ্টগুলি তাঁর ধর্ম, অর্থনীতি এবং পররাষ্ট্রনীতি সম্পর্কে প্রবল সমালোচনা করেছিল। ১৬২৫ খ্রীস্টাব্দে প্রথম জেমসের মৃত্যুর পর তাঁর পুত্র প্রথম চার্লস ইংলণ্ডের সিংহাসনে আরোহণ করেন।

প্রথম জেমস

চার্লস ছিলেন অত্যন্ত স্বৈরাচারী ; তিনি কমন্স সভার সভ্যদের সুযোগ-সুবিধা সম্পূর্ণভাবে অগ্রাহ্য করেছিলেন। তিনি পার্লামেণ্টের অনুমোদন ছাড়াই কর আদায় করতে থাকেন, যথাযথ বিচার না করেই জনসাধারণকে কারারুদ্ধ করে রাখেন এবং জনসাধারণের ইচ্ছার বিরুদ্ধে তাদের উপর ধর্মীয় পরিবর্তন আরোপ করতে থাকেন। পার্লামেণ্ট রাজার এইসব কাজে বাধা দেয় এবং যখন রাজা তাঁর সংকল্পে অটল রইলেন তখন জনসাধারণ তাঁর বিরুদ্ধে অস্ত্রধারণ করল। চার্লস এ্যাংলিকান চার্চের সমর্থক ছিলেন, এবং যেহেতু তিনি জনৈক রোমান ক্যাথলিক রাজকুমারীকে বিবাহ করেছিলেন, সেইজন্য তিনি তাদের প্রতি সহানুভূতিশীল ছিলেন। তাছাড়া রাজার প্রিয়পাত্র বাকিংহামকে পার্লামেণ্ট অবিশ্বাস করত। কিন্তু চার্লস তাঁকে সমর্থন করতেন। চার্লস তাঁর পিতার মত নরপতিদের দৈব অধিকারে বিশ্বাসী ছিলেন এবং স্বেচ্ছাচারিতার সঙ্গে রাজ্যশাসন করতে থাকেন। পার্লামেণ্ট রাজার স্বৈরাচারী শাসন মেনে নিতে রাজী ছিল না। কাজেই

রাজা ও পার্লামেণ্টের মধ্যে বিবাদ অবশ্যম্ভাবী হয়ে ওঠে। প্রথম তিনটি পার্লামেণ্টের সঙ্গে রাজার বিবাদ **প্রজার ন্যায্য অধিকার সংক্রান্ত আবেদন** (petition of Rights)-এর উদ্ভব করে, যা রাজশক্তিকে খর্ব করতে চেয়েছিল। চার্লস সাময়িকভাবে নতি স্বীকার করলেও স্বৈরাচারী পদ্ধতিতে আবার দেশ শাসন করতে থাকেন। এর পর তিনি এগার বছর পার্লামেণ্ট ছাড়াই দেশ শাসন করেন। শেষ পর্যন্ত পার্লামেণ্টের সঙ্গে তাঁর যুদ্ধ অবশ্যম্ভাবী হয়ে ওঠে। এই গৃহযুদ্ধে রাজা পরাজিত হন এবং বিচারে দোষী সাব্যস্ত হওয়ায় ১৬৪৯ খ্রীস্টাব্দের ৩০শে এপ্রিল তারিখে হতভাগ্য প্রথম চার্লসের শিরশ্ছেদ করা হয়। চার্লসের মৃত্যুর পর পার্লামেণ্ট ইংলণ্ডকে কমনওয়েলথ্ বলে ঘোষণা করে এবং রাজতন্ত্র ও লর্ডস্ সভা উভয়েরই উচ্ছেদসাধন করে।

প্রথম চার্লস

সেনাদলের প্রধান হিসাবে **অলিভার ক্রমওয়েল** লর্ড প্রোটেক্টর উপাধি গ্রহণ করেন ও রাজার অনুরূপ ক্ষমতা লাভ করেন। পার্লামেণ্ট প্রথম থেকে তাঁর বিরুদ্ধাচরণ করায় তিনি পার্লামেণ্ট ভেঙে দেন এবং সামরিক স্বৈরাচারীরূপে ইংলণ্ড শাসন করেন। তিনি দশটি সামরিক জেলাতে ইংলণ্ডকে ভাগ করে প্রত্যেকটি ভাগের দায়িত্ব এক একজন মেজর জেনারেলের উপর ন্যস্ত করলেন। ১৬৫৬ খ্রীস্টাব্দে ক্রমওয়েলের দ্বিতীয় পার্লামেণ্ট তাঁকে রাজা উপাধি গ্রহণ করার এবং উত্তরাধিকারী মনোনীত করার অনুরোধ জানায়। সেনাদল অসন্তুষ্ট হতে পারে ভেবে তিনি রাজপদ গ্রহণ করেন নি সত্য কিন্তু উত্তরাধিকারী মনোনয়নের ভার তিনি গ্রহণ করলেন। ক্রমওয়েল উগ্র গোঁড়াপন্থী (puritan) ছিলেন এবং তাঁর সময় ইংলণ্ডে নাচ-গান, আমোদ-প্রমোদ বন্ধ হয়ে গিয়েছিল। ১৬৫১ খ্রীস্টাব্দে ক্রমওয়েল নৌ-আইন (Navigation Act) নামক একটি আইন জারি করে ওলন্দাজদের বাণিজ্যিক প্রতিপত্তি খর্ব করেন। তিনি স্পেনকে পরাজিত করে জ্যামাইকা ইংলণ্ডের অধিকারে আনেন।

অলিভার ক্রমওয়েল

তৃতীয় পরিচ্ছেদ
স্টুয়ার্ট বংশের পুনঃপ্রতিষ্ঠা

১৬৫৮ খ্রীস্টাব্দে অলিভার কমওয়েলের মৃত্যুর পর তাঁর পুত্র রিচার্ড ইংলণ্ডের লর্ড প্রোটেক্টর হলেন। শাসক হিসাবে রিচার্ড সম্পূর্ণ ব্যর্থতার পরিচয় দিয়েছিলেন। সেনাবাহিনীকে সন্তুষ্ট করার জন্য তিনি পার্লামেণ্ট ভেঙে দিলেন। দেশে নিদারুণ বিশৃঙ্খলা দেখা দেওয়ায় রিচার্ড ক্রমওয়েল পদত্যাগ করলেন। এই সময় স্কটল্যাণ্ডের শাসনকর্তা মুঙ্ক সীমান্ত অতিক্রম করে লণ্ডনে আসেন এবং পার্লামেণ্ট পুনর্গঠিত করেন। নূতন পার্লামেণ্টের নাম হল 'কনভেনশন পার্লামেণ্ট'। এই পার্লামেণ্ট রাজপদ গ্রহণের জন্য প্রথম চার্লসের পুত্রকে আমন্ত্রণ জানাল। ১৬৬০ খ্রীস্টাব্দে তিনি দ্বিতীয় চার্লস উপাধি গ্রহণ করে ইংলণ্ডের সিংহাসনে অধিষ্ঠিত হলেন। রাজতন্ত্রের পুনঃপ্রতিষ্ঠা কেবল রাজার সিংহাসন প্রাপ্তিই ঘটাল না, ইংলণ্ডে পার্লামেণ্টারী শাসনেরও প্রতিষ্ঠা কায়েম করল। ইংলণ্ডে রাজতন্ত্র পুনরায় প্রচলিত হলেও স্বেচ্ছাচারী রাজতন্ত্রের অবসান হল। এর পর থেকে কোন রাজাই সমস্ত প্রজার ইচ্ছার বিরুদ্ধে দীর্ঘকাল শাসন করার আশা কখনই পোষণ করতে পারেন নি।

দ্বিতীয় চার্লস

চতুর্থ পরিচ্ছেদ
গৌরবময় বিপ্লব ও এর ফলাফল

অপুত্রক দ্বিতীয় চার্লসের মৃত্যুর পর তাঁর ছোট ভাই ইয়র্কের ডিউক 'দ্বিতীয় জেমস্' নাম ধারণ করে ইংলণ্ডের সিংহাসনে আরোহণ করেন। দ্বিতীয় জেমস্ও অত্যন্ত দুর্বিনীত, চরম স্বেচ্ছাচারী এবং উগ্র ক্যাথলিক ছিলেন। ইংলণ্ডে ক্যাথলিক ধর্মের প্রাধান্য পুনঃপ্রতিষ্ঠিত করতে দ্বিতীয় জেমস বদ্ধপরিকর হলেন। প্রোটেস্ট্যাণ্ট জনমত সম্পূর্ণ উপেক্ষা করে তিনি ক্যাথলিকদের উচ্চ রাজপদে নিয়োগ করতে লাগলেন। জেমস্ দাবি করলেন যে রাজকীয় ক্ষমতাবলে তিনি যে কোন আইনের প্রয়োগ স্থগিত বা নাকচ করতে পারেন। তাঁর অনাচার এবং স্বেচ্ছাচারিতা থেকে অক্সফোর্ড ও কেম্ব্রিজের মত ইংলণ্ডের দুটি প্রসিদ্ধ বিশ্ববিদ্যালয়ও নিস্তার পায় নি। দ্বিতীয় জেমস্ একজন বেনেডিক্টপন্থী সাধুকে পরীক্ষা ছাড়াই এম.এ. ডিগ্রী দিতে কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়কে বাধ্য করেছিলেন। অক্সফোর্ডের ম্যাগডেলান কলেজের সদস্যরা একজন রোমান ক্যাথলিককে সভাপতি

নির্বাচন করতে অস্বীকৃত হওয়ায় তাঁদের বহিষ্কৃত করেছিলেন। ১৬৮৮ খ্রীস্টাব্দে এক ঘোষণাপত্র দ্বারা ক্যাথলিক ও ডিসেণ্টারদের প্রতি আরোপিত বিধিনিষেধ প্রত্যাহার করে নেন। প্রোটেস্ট্যাণ্ট জনমত অগ্রাহ্য করে তিনি লণ্ডন শহরে একটা ক্যাথলিক গির্জা নির্মাণ করিয়েছিলেন। ১৬৮৮ খ্রীস্টাব্দে অপুত্রক জেমসের একটি পুত্র-সন্তান ভূমিষ্ঠ হওয়ায় সকলেই আশঙ্কা করল যে এই পুত্রও রাজপদ লাভ করে তার পিতার মতই ক্যাথলিকদের পৃষ্ঠপোষকতা ও স্বৈরাচারী শাসন-ব্যবস্থা প্রবর্তন করবে। এই অবস্থায় ইংলণ্ডের হুইগ ও টোরী দলের বিশিষ্ট নেতারা জেমসের প্রোটেস্ট্যাণ্ট কন্যা মেরী ও তাঁর জামাতা হল্যাণ্ডের রাষ্ট্ররক্ষক উইলিয়ামকে ইংলণ্ডের সিংহাসন গ্রহণে আমন্ত্রণ জানালে তাঁরা তাতে সাড়া দিয়ে ইংলণ্ডের রাজপদে অভিষিক্ত হলেন। ১৬৮৮ খ্রীস্টাব্দে বিনা যুদ্ধে ও বিনা রক্তপাতে এই শাসনতান্ত্রিক পরিবর্তন হয়েছিল বলে একে **"গৌরবময় বিপ্লব"** (Glorious Revolution) বলা হয়।

দ্বিতীয় জেমস্

এইভাবে জনসাধারণের ইচ্ছানুসারে শাসক পরিবর্তন হল। এই বিপ্লব থেকে প্রতিপন্ন হল যে ইংলণ্ডে পার্লামেণ্টই উত্তরাধিকার নির্ধারণের অধিকারী। এই বিপ্লবের পরই পার্লামেণ্ট ১৬৮৯ খ্রীস্টাব্দে তার **অধিকার সম্বন্ধে বিধিব্যবস্থা গ্রহণ** (Bill of Rights) নামে এক আইন প্রণয়ন করে। কোন ক্যাথলিককে বা ক্যাথলিক পত্নী গ্রহণ করেছেন এরূপ ব্যক্তিকে, সিংহাসনের দাবিদাররূপে অগ্রাহ্য করা হল। এই বিধির দ্বারা পার্লামেণ্টের সম্মতি ভিন্ন প্রজাদের উপর রাজা কোন কর ধার্য করতে পারবেন না, স্থির হল। **বিদ্রোহ আইন** (Mutiny Act) নামে অপর একটা আইনের দ্বারা নিয়ম করা হল যে স্থায়ী সৈন্যদল রাখতে হলে রাজাকে প্রতি বছর পার্লামেণ্টের অনুমতি নিতে হবে। এইসব ব্যবস্থার ফলে রাজকীয় অধিকার সঙ্কুচিত হল এবং পার্লামেণ্টের সার্বভৌম প্রভুত্ব প্রতিষ্ঠিত হল।

অনুশীলনী

বাস্তবভিত্তিক প্রশ্নাবলী ঃ

১। স্টুয়ার্ট বংশের প্রথম রাজা কে?
২। প্রথম চার্লসের শিরশ্ছেদ কত খ্রীস্টাব্দের কত তারিখে হয়েছিল?
৩। কত খ্রীস্টাব্দে দ্বিতীয় চার্লস ইংলণ্ডের সিংহাসনে পুনঃপ্রতিষ্ঠিত হন?
৪। ১৬৮৮ খ্রীস্টাব্দের বিপ্লবকে 'গৌরবময় বিপ্লব' বলা হয় কেন?

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলী:

১। প্রথম চার্লসের শাসন কি রকম ছিল?
২। "নরপতিদের দৈব শক্তি" বলতে কি বুঝ?
৩। অলিভার ক্রমওয়েলের শাসন বর্ণনা কর।
৪। "Navigation Act" দ্বারা কাদের বাণিজ্যিক প্রতিপত্তি খর্ব করা হয়েছিল?
৫। "Bill of Rights"-এর দ্বারা কি নিয়ম করা হয়েছিল?
৬। "Mutiny Act" নামে আইনের দ্বারা কি নিয়ম করা হয়েছিল?

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্নাবলী:

১। ইংলণ্ডে গৃহযুদ্ধের বিবরণ দাও।
২। কি পরিস্থিতিতে ইংলণ্ডে স্টুয়ার্ট বংশের পুনঃপ্রতিষ্ঠা হয়েছিল?
৩। গৌরবময় বিপ্লবের কারণগুলি আলোচনা কর।

রচনাত্মক প্রশ্নাবলী:

১। স্টুয়ার্ট যুগে রাজা ও পার্লামেণ্টের মধ্যে বিবাদের মূল কারণগুলি উল্লেখ কর।
২। গৌরবময় বিপ্লবের কারণগুলি আলোচনা কর।

মৌখিক প্রশ্নাবলী:

১। টিউডর যুগের স্বেচ্ছাচারিতা জনসাধারণ কেন মেনে নিয়েছিল?
২। স্টুয়ার্ট রাজারা কি মতবাদে বিশ্বাসী ছিলেন?
৩। স্টুয়ার্ট রাজারা কোন্ ধর্মাবলম্বী ছিলেন?
৪। বারুদ ষড়যন্ত্র কার বিরুদ্ধে হয়েছিল?
৫। প্রথম জেমস্ তাঁর রাজত্বকালে মোট কতবার পার্লামেণ্ট ডেকেছিলেন?
৬। প্রথম চার্লস কত বছর পার্লামেণ্ট ছাড়াই দেশ শাসন করেছিলেন?
৭। অলিভার ক্রমওয়েল কে?
৮। ক্রমওয়েলের ধর্মমত কি ছিল?
৯। ১৬৮৮ খ্রীস্টাব্দে "গৌরবময় বিপ্লবে"র পর ইংলণ্ডের সিংহাসনে কে আরোহণ করেছিলেন?
১০। ইংলণ্ডের কোন্ বিপ্লব বিনা রক্তপাতে সংঘটিত হয়েছিল?

শুদ্ধ উত্তরটির নীচে দাগ দাও:

১। 'নরপতিদের দৈব অধিকারে' বিশ্বাসী ছিলেন—টিউডর রাজারা, স্টুয়ার্ট রাজারা, অলিভার ক্রমওয়েল।
২। প্রথম জেমস্ ও তাঁর পুত্র প্রথম চার্লস উভয়েই ছিলেন—অমায়িক, প্রজা-দরদী, অহংকারী।
৩। পার্লামেণ্টের অনুমোদন ছাড়াই কর আদায় করতে থাকেন—প্রথম জেমস্, প্রথম চার্লস, অলিভার ক্রমওয়েল।
৪। সমস্ত ইংলণ্ডে নাচ-গান, আমোদ-প্রমোদ বন্ধ হয়ে গিয়েছিল—অলিভার ক্রমওয়েলের সময়, দ্বিতীয় চার্লসের সময়, দ্বিতীয় জেমেসের সময়।
৫। গৌরবময় বিপ্লব হয়েছিল—১৬২৫ খ্রীস্টাব্দে, ১৬৪৯ খ্রীস্টাব্দে, ১৬৮৮ খ্রীস্টাব্দে।

প্রথম পরিচ্ছেদ
ভারতে মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠা, বিকাশ ও বিস্তার
(১৫২৬—১৭০৭ খ্রীষ্টাব্দ)
(ক) মুঘল সাম্রাজ্য

বাবর (১৫২৬-১৫৩০)ঃ ভারতে মুঘল বংশের প্রতিষ্ঠাতা ছিলেন বাবর। বাবরের পিতা মীর্জা ওমর শেখ ছিলেন তাইমুরের পঞ্চম বংশধর এবং মাতা নিগার খাতুন ছিলেন চেঙ্গীস খানের ত্রয়োদশ অধস্তন বংশধরের কন্যা। পিতার মৃত্যুর পর মাত্র তের বছর বয়সে বাবর ফারঘানা রাজ্যের অধিপতি হলেন। পূর্ব-পুরুষ তাইমুরের রাজ্য সমরখন্দ জয়ের প্রচেষ্টা করতে গিয়ে বাবর তাঁর নিজের রাজ্য ফারঘানাও হারালেন। কিছুদিন রাজ্যহারা হয়ে থাকার পর বাবর কাবুল অধিকার করেন। ১৫০৪ খ্রীস্টাব্দ থেকে ১৫২৬ খ্রীস্টাব্দ পর্যন্ত বাবর কাবুলে রাজত্ব করেছিলেন। ১৫২৬ খ্রীস্টাব্দে বাবর ইব্রাহিম লোদীকে পানিপথের প্রথম যুদ্ধে পরাজিত ও নিহত করে দিল্লী ও আগ্রা অধিকার করেন। বাবর ১৫২৭ খ্রীস্টাব্দে খানুয়ার যুদ্ধে রাজপুত নরপতি সংগ্রাম সিংহকে এবং ১৫২৯ খ্রীস্টাব্দে বাংলা ও বিহারের আফগানদের গোগ্‌রাতে পরাজিত করেন। পানিপথ, খানুয়া ও গোগ্‌রা—এই তিনটি যুদ্ধে জয়লাভের ফলে প্রায় সমগ্র উত্তর ভারত বাবরের অধিকারে এল। কিন্তু ১৫৩০ খ্রীস্টাব্দে মাত্র ৪৮ বছর বয়সে বাবরের মৃত্যু হয়। বাবর অসাধারণ বীর ও রণনিপুণ, গভীর রাজনৈতিক দূরদৃষ্টির অধিকারী সদাশয়, উদার ও স্নেহপরায়ণ ছিলেন। তুর্কী ভাষায় রচিত তাঁর জীবনস্মৃতি একটি মূল্যবান গ্রন্থ। ভারতের মাটিতে প্রথম কামান ও বারুদের ব্যবহার বাবরই করেন।

বাবর

হুমায়ুন (১৫৩০—১৫৪০ঃ ১৫৫৫—১৫৫৬)ঃ বাবরের মৃত্যুর পর তাঁর জ্যেষ্ঠ পুত্র হুমায়ুন দিল্লীর সিংহাসন লাভ করেন। বাবর হিন্দুস্থান জয় করলেও এই সাম্রাজ্যকে দৃঢ় ভিত্তিতে প্রতিষ্ঠিত করবার অবকাশ পান নি। হুমায়ুন সব দিকেই শত্রু পরিবেষ্টিত ছিলেন—পূর্বদিকে বাংলা ও বিহারের সামন্তরা, দক্ষিণে গুজরাটের বাহাদুর শাহ এবং উত্তর-পশ্চিমে হুমায়ুনের ভাই কামরান তাঁর বিরোধিতা করেছিলেন। হুমায়ুন আফগান সামন্তদের লক্ষ্ণৌ-এর কাছে পরাজিত করলেন। তারপর শের খান নামে সামন্তকে চুনার দুর্গে অবরোধ করলেন। শের খান সাময়িকভাবে হুমায়ুনের মৌখিক বশ্যতা স্বীকার করলেন। এর পর হুমায়ুন বাহাদুর শাহের বিরুদ্ধে অভিযান করলে শের খান বাংলাদেশ আক্রমণ করে গৌড়ে

উপস্থিত হন, কিন্তু প্রবল বর্ষণের ফলে সেখানে ছয় মাস কাল থাকতে বাধ্য হন। ১৫৩৯ খ্রীস্টাব্দে শের শাহ বক্সারের কাছে চৌসাতে হুমায়ুনকে পরাজিত করলে তিনি কোনক্রমে প্রাণ নিয়ে আগ্রাতে পালিয়ে যান। পরের বছর হুমায়ুন কনৌজের যুদ্ধে শের শাহের কাছে অতি শোচনীয়ভাবে পরাজিত হয়ে সাম্রাজ্য ও সিংহাসন ত্যাগ করতে বাধ্য হন। হুমায়ুন পারস্যে আশ্রয় গ্রহণ করেন এবং পারসিক সৈন্যের সহায়তায় কাবুল ও কান্দাহার অধিকার করেন। বৈরাম খাঁ নামে এক দক্ষ রাজ-কর্মচারীর সহায়তায় হুমায়ুন সহজেই শের শাহের দুর্বল উত্তরাধিকারীদের পরাজিত করে প্রথমে দিল্লী ও আগ্রা, পরে লাহোর অধিকার করতে সক্ষম হন (১৫৫৫ খ্রীঃ)। কিন্তু দুর্ভাগ্যক্রমে অল্পকাল পরেই দিল্লীতে হুমায়ুনের মৃত্যু হয় (১৫৫৬ খ্রীঃ)। হুমায়ুন বীর ও দক্ষ সৈনিক হলেও পিতা বাবরের মত তাঁর অধ্যবসায় বা অনলস কর্মপ্রচেষ্টা ছিল না।

শের শাহ (১৫৪০—১৫৪৫)ঃ আফগান জাতির শূর বংশোদ্ভব শের শাহ ছিলেন বিহারের অন্তর্গত সাসারামের জায়গীরদার হাসানের পুত্র। শের শাহের পিতৃদত্ত নাম ছিল ফরিদ। ফরিদ প্রথমে সেকেন্দর লোদীর পুত্র মামুদ লোদীর অধীনে ও পরে মুঘল সম্রাট বাবরের অধীনে চাকরি গ্রহণ করেছিলেন। বাবর তাঁকে সাসারামের জায়গীর অর্পণ করেন। এর কিছুকাল পর শের শাহ চুনার ও রোটাস দুর্গ দুটি অধিকার করে তাঁর শক্তি বৃদ্ধি করেন। শের খান হুমায়ুনকে ১৫৩৯ খ্রীস্টাব্দে বক্সারের কাছে চৌসাতে এবং ১৫৪০ খ্রীস্টাব্দে কনৌজে পরাজিত করেন। শের খান এরপর 'শের শাহ' উপাধি গ্রহণ করে দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। এর পর শের শাহ কামরানের কাছ থেকে পাঞ্জাব এবং ১৫৪৩ খ্রীস্টাব্দে রাইসিন দুর্গের সৈন্যদের সঙ্গে বিশ্বাসঘাতকতা করে মালব অধিকার করেন। যোধপুরের অধিপতি মালদেবের বিরুদ্ধে তাঁর আক্রমণ ব্যর্থ হলেও সেবারে তাঁর অভিযান আংশিকভাবে সফল হয়েছিল। শেষ পর্যন্ত কালিঞ্জর দুর্গ অবরোধের সময় শের শাহ বোমার বিস্ফোরণে নিহত হন (১৫৪৫ খ্রীস্টাব্দে)।

শের শাহ

শের শাহের রাজত্বকালে প্রজার মঙ্গল সাধন সাম্রাজ্যের মূল নীতি হিসাবে গৃহীত হয়েছিল। শের শাহই প্রথম মুসলমান শাসক যিনি দেশশাসনে গুরুত্বপূর্ণ সংস্কার প্রবর্তন করেছিলেন। পাঁচ বছর কাল স্থায়ী তাঁর শাসনকালে সাম্রাজ্যের শাসন-ব্যবস্থা ও আইন-শৃঙ্খলার অসাধারণ উন্নতি হয়েছিল।

শাসনের সুবিধার জন্য শের শাহ তাঁর সাম্রাজ্যকে ৪৭টি সরকার বা ভাগে বিভক্ত করেন। প্রতিটি সরকার কয়েকটি পরগনায় এবং প্রতিটি পরগনা কয়েকটি গ্রামে বিভক্ত ছিল। শের শাহ তাঁর সাম্রাজ্যের সমস্ত জমি জরিপ করার ব্যবস্থা করেছিলেন। তিনি রাজস্ব স্থির করে প্রত্যেক প্রজাকে 'পাট্টা' দেবার ব্যবস্থা করেছিলেন। প্রজাও রাজকোষে দেয় রাজকর স্বীকার করে 'কবুলিয়ত' প্রদান করত।

বিশাল সাম্রাজ্যে সংবাদ আদান-প্রদানের জন্য শের শাহ ঘোড়ার ডাকের প্রচলন করেছিলেন। বাণিজ্য প্রসারের জন্য তিনি বহু সুন্দর ও প্রশস্ত রাস্তা নির্মাণ করেছিলেন। শের শাহ নির্মিত রাস্তাগুলির মধ্যে বাংলাদেশ থেকে সিন্ধুর প্রান্ত পর্যন্ত প্রসারিত "গ্র্যান্ড ট্রাঙ্ক রোড" আজও তাঁর স্মৃতি বহন করছে।

আকবর (১৫৫৬-১৬০৫)ঃ ১৫৫৬ খ্রীস্টাব্দে হুমায়ুনের মৃত্যুর পর তাঁর পুত্র আকবর মাত্র তের বছর বয়সে দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। শের শাহের উত্তরাধিকারী আদিল শাহের হিন্দু সেনাপতি হিমু আকবরকে দিল্লীর সিংহাসন থেকে বঞ্চিত করার উদ্দেশ্যে দিল্লী ও আগ্রা অধিকার করলেন। কিন্তু হুমায়ুনের বিশ্বস্ত বন্ধু বৈরাম খাঁ ও আকবর পানিপথের দ্বিতীয় যুদ্ধে (১৫৫৬ খ্রীঃ) হিমুকে পরাজিত ও নিহত করে মুঘল সাম্রাজ্যকে দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত করলেন। ১৫৬০ খ্রীস্টাব্দে বৈরাম খাঁকে পদচ্যুত করে আকবর স্বহস্তে সাম্রাজ্যের শাসনভার গ্রহণ করলেন।

আকবর

স্বহস্তে রাজ্যভার গ্রহণের পর আকবর রাজ্যবিস্তারে উদ্যোগী হলেন। ১৫৬৪ খ্রীস্টাব্দে গণ্ডোয়ানা, ১৫৬৮ খ্রীস্টাব্দে রণথম্ভর, ১৫৭০ খ্রস্টাব্দে জয়সলমীর এবং ১৫৭২ খ্রীস্টাব্দে তিনি গুজরাট আক্রমণ করেন এবং এইসব রাজ্যের শাসকরা আকবরের বশ্যতা স্বীকার করেন। ১৫৭৬ খ্রীস্টাব্দে বাংলাদেশ স্থায়িভাবে মুসলমানদের অধিকারে আসে। এই বছরই আকবর হলদি-ঘাটের যুদ্ধে রাণা প্রতাপকে পরাজিত করলেও মেবারের অতি সামান্য অংশই তিনি জয় করতে পারেন। ১৫৯৭ খ্রীস্টাব্দে মৃত্যুর দিন পর্যন্ত রাণা প্রতাপ মুঘলদের বশ্যতা স্বীকার করেন নি। উত্তর ভারত বিজয়ের পর আকবর দক্ষিণ ভারতে অভিযান করে ১৬০০ খ্রীস্টাব্দে আহমদনগর এবং ১৬০১ খ্রীস্টাব্দে খান্দেশ মুঘল সাম্রাজ্যের অন্তর্ভুক্ত করেন। ১৬০৫ খ্রীস্টাব্দে আকবরের মৃত্যু হয়।

দূরদর্শী শাসক আকবর হিন্দুপ্রধান ভারতবর্ষে ধর্মনিরপেক্ষতার নীতি গ্রহণ করেছিলেন। রাজপুতদের প্রতি সৌহার্দ্যের নীতি অবলম্বন করে আকবর রাজ-পুতদের সঙ্গে বৈবাহিক সম্পর্কে আবদ্ধ হয়েছিলেন। আকবর তাঁর পূর্ববর্তী শাসকদের রাজত্বকালে প্রচলিত **জিজিয়া** এবং হিন্দু তীর্থযাত্রী কর রহিত করেছিলেন। বিভিন্ন ধর্মের সার সংগ্রহ করে আকবর **"দীন-ই-ইলাহী"** নামে ধর্ম প্রবর্তনের চেষ্টা করেছিলেন সত্য, কিন্তু এই ধর্ম গ্রহণে তিনি কাউকে বাধ্য করেন নি। সামরিক শক্তিবলে আকবর এক বিশাল সাম্রাজ্য গঠন করেছিলেন এবং উৎকৃষ্ট শাসন-ব্যবস্থা প্রবর্তন করে এই সাম্রাজ্যের সংহতি এনেছিলেন। এজন্য আকবরকে "মুঘল সাম্রাজ্যের প্রকৃত প্রতিষ্ঠাতা" বলা হয়। তাঁর অপক্ষপাত শাসনের ফলে ভারতবর্ষে এক অখণ্ড জাতীয় ঐক্য গড়ে উঠেছিল।

জাহাঙ্গীর (১৬০৫—১৬২৭)ঃ সম্রাট আকবরের মৃত্যুর পর তাঁর জ্যেষ্ঠ পুত্র সেলিম "জাহাঙ্গীর" উপাধি ধারণ করে দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। জাহাঙ্গীরের চরিত্রে বিপরীতধর্মী নানা বৈশিষ্ট্যের সমাবেশ ঘটেছিল। তিনি ছিলেন

একাধারে নিষ্ঠুর ও নির্মম এবং দয়াশীল ও কোমল। সম্রাট জাহাঙ্গীরের প্রাসাদের সঙ্গে একটা শিকলে ষাটটি ঘণ্টা বাঁধা ছিল, যে কোনও প্রজা এসে ঘণ্টা বাজিয়ে তাঁর কাছে অভিযোগ জানাতে পারত। পিতা আকবরের মত জাহাঙ্গীরও রাজ্যবিস্তারের চেষ্টা করেন। মেবারের রাণা প্রতাপের পুত্র রাণা অমর সিংহ তাঁর আমলেই মুঘলদের বশ্যতা স্বীকার করেন। জাহাঙ্গীরের রাজত্বকালেই যুবরাজ খুরম আহমদনগর জয় করেন এবং বাংলার সুবাদার ইসলাম খাঁ বাংলার ভৌমিক রাজা প্রতাপাদিত্যকে পরাজিত করেন। প্রাকৃতিক সৌন্দর্যের প্রতি জাহাঙ্গীরের সহজাত অনুরাগ এবং সাহিত্য ও চিত্রশিল্পে তাঁর অসাধারণ প্রতিভা ছিল। জাহাঙ্গীর-রচিত আত্মজীবনী "তুজুক-ই জাহাঙ্গীরী" ফারসী সাহিত্যের এক অমূল্য সম্পদ। জাহাঙ্গীরের রাজত্বকালে সাম্রাজ্যের শাসন-ব্যবস্থায় তাঁর প্রধানা মহিষী নূরজাহান বিশেষ প্রভাব বিস্তার করেছিলেন। হিন্দু, মুসলমান ও খ্রীস্টান এই তিন সম্প্রদায়কেই জাহাঙ্গীর সম্মান করতেন। ১৬২৭ খ্রীস্টাব্দে তাঁর মৃত্যু হয়।

জাহাঙ্গীর

শাহ্‌জাহান (১৬২৭—১৬৫৮)ঃ জাহাঙ্গীরের মৃত্যুর পর যুবরাজ খুরম তাঁর ভ্রাতা শাহরিয়র ও সমস্ত প্রতিদ্বন্দ্বীদের হত্যা করে "শাহ্‌জাহান" উপাধি গ্রহণ করে দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। শাহ্‌জাহানের রাজত্বকালের প্রারম্ভে বুন্দেলখণ্ডের রাজা জুঝর সিং ও দাক্ষিণাত্যের শাসনকর্তা খান জাহান লোদী বিদ্রোহ করেছিলেন; কিন্তু শাহ্‌জাহান এই বিদ্রোহ সহজেই দমন করেন। তাঁর শাসনকালে পোর্তুগীজদের প্রধান ঘাঁটি হুগলী অধিকৃত হয়। দাক্ষিণাত্যে অনেক যুদ্ধ-বিগ্রহের পর আহমদনগর মুঘলদের অধিকারে আসে। বিজাপুর এবং গোলকুণ্ডাও এই সময় মুঘলদের বশ্যতা স্বীকার করে। শাহ্‌জাহানের রাজত্বকাল শিল্প-উন্নতি, জাঁকজমক ও বিলাসিতার জন্য প্রসিদ্ধ। শাহ্‌জাহানের মুকুটে শোভা পেত কোহিনুর হীরক; রত্নখচিত ময়ূরসিংহাসন তাঁর রাজসভায় শোভা পেত। সাহিত্য ও শিল্পে তাঁর যথেষ্ট অনুরাগ ছিল। শাহ্‌জাহান ধর্মবিষয়ে উদার না থাকলেও, জাঁকজমক ও সমৃদ্ধির জন্য তাঁর রাজত্বকালকে মুঘল শাসনের 'সুবর্ণ-যুগ' বলা হয়। পত্নী মমতাজের স্মৃতির উদ্দেশ্যে তৈরী তাজমহল আজও শাহজাহানের শিল্পকীর্তি বহন করে চলেছে।

শাহ্‌জাহান

শাহ্‌জাহানের শেষ জীবন বড়ই দুঃখে কেটেছিল। ১৬৫৭ খ্রীস্টাব্দে তিনি অসুস্থ হয়ে পড়লে তাঁর চার পুত্র দারা সুকো, সুজা, আওরঙ্গজেব ও মুরাদের মধ্যে সিংহাসনের দাবি নিয়ে বিবাদ শুরু হয়। জ্যেষ্ঠ পুত্র দারা ছিলেন শাহ্‌জাহানের সর্বাধিক প্রিয় এবং সম্ভবত শাহ্‌জাহান তাঁকেই সিংহাসনের উত্তরাধিকারী মনোনীত করেছিলেন। এর ফলে অন্যান্য পুত্রদের মনে হিংসা ও ঈর্ষার উদ্রেক হয়েছিল। ১৬৫৭ খ্রীস্টাব্দে আওরঙ্গজেব সুজা ও মুরাদের সঙ্গে মৈত্রী স্থাপন করলেন। স্থির হল যে, বিবাদের সময় তাঁরা একত্রে অস্ত্র ধারণ করবেন এবং দারা তাঁদের মধ্যে কাউকে আক্রমণ করলে অন্য দুজন তাঁর সাহায্যার্থে অগ্রসর হবেন। ইতিমধ্যে সুজা নিজেকে বাংলাদেশের এবং মুরাদ গুজরাটের সম্রাটরূপে ঘোষণা করেন। তিন ভাই-এর রাজধানী অভিমুখে আসার সংবাদ পেয়ে দারা তাঁদের বিরুদ্ধে সেনাবাহিনী পাঠালেন। বাহাদুরপুরের যুদ্ধে সুজা পরাজিত হয়ে বাংলাদেশে পালিয়ে গেলেন। কিন্তু ধর্মাটের যুদ্ধে আওরঙ্গজেব জয়লাভ করে মুরাদের সৈন্য-বাহিনীসহ সামুগড়ে এসে দারাকে পরাজিত ও আগ্রায় প্রবেশ করে সিংহাসন অধিকার করলেন। এর পর তিনি আগ্রা দুর্গে শাহ্‌জাহানকে বন্দী করে রাখলেন। আট বছর কারাবাসের পর ১৬৬৬ খ্রীস্টাব্দে শাহ্‌জাহানের মৃত্যু হয়।

আওরঙ্গজেব

আওরঙ্গজেব (১৬৫৮—১৭০৭)ঃ আওরঙ্গজেবের রাজত্বকালকে সমান দুইভাগে বিভক্ত করা যায়। রাজত্বের প্রথমার্ধ (১৬৫৮—১৬৮১) তিনি উত্তর ভারতে এবং দ্বিতীয়ার্ধ (১৬৮১—১৭০৭) তিনি দক্ষিণ ভারতে অতিবাহিত করেন।

১৬৬১ খ্রীস্টাব্দে মীরজুমলা বাংলাদেশের শাসনকর্তা নিযুক্ত হয়ে কোচবিহার মুঘল সাম্রাজ্যের অন্তর্ভুক্ত করেন। পরের বছর তিনি আসামের বিরুদ্ধে অভিযান করেন। আসামরাজ জয়ধ্বজ পরাজিত হয়ে বাৎসরিক করদানে স্বীকৃত হয়ে মীরজুমলার সঙ্গে সন্ধি করলেন। মীরজুমলার পর শায়েস্তা খান বাংলাদেশের শাসনকর্তা নিযুক্ত হয়ে আরাকানরাজের কাছ থেকে চট্টগ্রাম অধিকার করেন (১৬৬৬ খ্রীঃ)।

আওরঙ্গজেব ছিলেন গোঁড়া সুন্নী মুসলমান। তিনি ইসলামীয় রীতিনীতি নিষ্ঠার সঙ্গে পালন করতেন এবং সব রকম আমোদ-প্রমোদ বর্জন করে চলতেন। তিনি হিন্দুদের বিরুদ্ধে কতকগুলি বিধি-ব্যবস্থা করলেন। হিন্দুদের বিদ্যালয় ও মন্দিরগুলি ভেঙে দেওয়ার জন্য প্রাদেশিক শাসনকর্তাদের তিনি আদেশ দিয়েছিলেন। তাঁর শাসনকালে আকবর কর্তৃক নিষিদ্ধ জিজিয়া কর আবার অমুসলমানদের উপর প্রবর্তিত হল। তাঁর ধর্মনীতির ফলে যে প্রতিক্রিয়া দেখা দিল তাতে মথুরার হিন্দু জাঠরা, বুন্দেলখণ্ডের রাজপুতরা, পাতিয়ালার সৎনামী সম্প্রদায় এবং পাঞ্জাবের শিখরা বিদ্রোহী হয়ে ওঠে। শিখদের ধর্মগুরু তেগ বাহাদুর আওরঙ্গজেবের হিন্দুবিরোধী নীতির প্রতিবাদ করলে সম্রাট তাকে বন্দী অবস্থায় দিল্লীতে এনে ইসলাম ধর্ম গ্রহণ করতে আদেশ করলেন। তেগ বাহাদুর এতে

অসম্মত হলে তাঁকে হত্যা করা হল। এই নির্মম ঘটনার ফলে শিখরা জাতীয়তাবোধে উদ্বুদ্ধ হয়ে মুঘল সম্রাটের বিরুদ্ধে অস্ত্র ধারণ করল। রাজপুতদের সম্পর্কে

আওরঙ্গজেব চরম অদূরদর্শিতার পরিচয় দিয়েছিলেন। অম্বরের রাজা জয়সিংহ ও মারওয়াড়ের রাজা যশোবন্ত সিংহ ছিলেন মুঘল সাম্রাজ্যের দুইজন বিশেষ

অনুগত কর্মচারী ও সমর্থক। কিন্তু ধর্মীয় দিক থেকে জয়সিংহকে শত্রু বিবেচনা করে আওরঙ্গজেব তাঁকে বিষপ্রয়োগে হত্যা করেন। ১৬৭৮ খ্রীস্টাব্দে যশোবন্ত সিংহের মৃত্যুর পর আওরঙ্গজেব মারওয়াড় মুঘল সাম্রাজ্যের অন্তর্ভুক্ত করলেন। আওরঙ্গজেবের শাসনকালে ১৬৮৬ খ্রীস্টাব্দে বিজাপুর এবং ১৬৮৭ খ্রীস্টাব্দে গোলকুণ্ডা মুঘল সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয়। দাক্ষিণাত্যের মারাঠাদের ধ্বংস করার শক্তি আওরঙ্গজেবের ছিল না। শিবাজী ও তাঁর উত্তরাধিকারীরা দীর্ঘকাল আওরঙ্গজেবের বিরুদ্ধে যুদ্ধ করেছিলেন। শেষ জীবনে আওরঙ্গজেবের জীবন মোটেই সুখের হয় নি। পুত্রদের বিদ্রোহ, প্রাদেশিক শাসনকর্তাদের স্বেচ্ছাচারিতা ও মারাঠা শক্তির অভ্যুত্থানের ফলে তিনি ভগ্ন হৃদয়ে ১৭০৭ খ্রীস্টাব্দে আহমদনগরে দেহত্যাগ করেন।

দ্বিতীয় পরিচ্ছেদ

মুঘল যুগের সামাজিক ও অর্থনৈতিক জীবন : বৈদেশিকদের বিবরণ

মুঘল যুগে বহু ইউরোপীয় রাজদূত, বণিক, পর্যটক ও ধর্মপ্রচারক ভারতে এসেছিলেন। তাঁদের লিখিত বিবরণ থেকে মুঘল যুগের সামাজিক ও অর্থনৈতিক অবস্থা সম্বন্ধে আমরা অনেক কিছু জানতে পারি। এই বিদেশী ভ্রমণকারীদের মধ্যে ইংরেজ পর্যটক র‍্যাল্‌ফ ফিচ, হকিন্স এবং স্যার টমাস রো, ওলন্দাজ পেল-সায়ার্ত, ফরাসী বার্ণিয়ের ও টেভারনিয়ে এবং ইতালীয় মানুচ্চি বিখ্যাত। ভারতের সমৃদ্ধি ও প্রাচুর্য এইসব বিদেশীদের আকর্ষণ করে। জাহাঙ্গীর, শাহ্‌জাহান ও আওরঙ্গজেবের আমলেই এঁরা আসেন।

সামাজিক অবস্থা ঃ মুঘল যুগে সামাজিক শ্রেণীবিভাগ অত্যন্ত সুস্পষ্ট ছিল। সমাজের প্রথম শ্রেণীর অন্তর্ভুক্ত ছিলেন বাদশাহ, বাদশাহের নিজ পরিবার, বাদশাহের আত্মীয়বর্গ ও আমীরগণ। দ্বিতীয় শ্রেণীতে ছিলেন মহাজন (শ্রেষ্ঠী), বণিক, গণক, লেখক, শিক্ষক, চিকিৎসক, গ্রন্থকার প্রভৃতি জ্ঞানী-গুণী অথবা ধনী ব্যক্তি। ব্যক্তিগত যোগ্যতাই ছিল এই শ্রেণীর উন্নতির সোপান। এই দুই শ্রেণী ভিন্ন ভূমিহীন চাষী, শ্রমিক, ক্ষুদ্র ব্যবসায়ী, কর্মকার, কুম্ভকার, তন্তুবায়, জোলা প্রভৃতি শিল্পীগোষ্ঠীর সকলেই ছিল তৃতীয় শ্রেণীভুক্ত। দাস শ্রেণী সম্পূর্ণ পৃথক ছিল। বিদেশ থেকেও দাসদাসী আমদানি করা হত। ধনী ছিল অত্যন্ত ধনী, দরিদ্র ছিল অত্যন্ত দরিদ্র। ধনী শ্রেণীর ব্যক্তিরা প্রাসাদোপম বাসগৃহে বাস করতেন, বহুমূল্য বসনভূষণ পরিধান করতেন এবং আহার, বিলাস ও বিহারে নিজেদের ব্যাপৃত রাখতেন। ধনী ব্যক্তিরা স্বভাবতই উচ্ছৃঙ্খল ও অমিতব্যয়ী ছিলেন। হিন্দু অভি-জাতগণও মুসলমান আমীরদের মত বিলাসী ছিলেন। দ্বিতীয় শ্রেণীর লোকেরা রাজানুগ্রহের উপর নির্ভর করতেন না; তাঁরা নিজেদের বুদ্ধি ও শক্তির দ্বারা অর্থ উপার্জন করতেন। অনেকটা এই কারণেই তাঁরা মিতব্যয়ী ছিলেন। তৃতীয়

শ্রেণীর লোকদের অবস্থা অত্যন্ত শোচনীয় ছিল। তারা সাধারণত মাটির দেওয়াল ঘেরা তাল, বাঁশ অথবা খেজুর পাতার ছাউনী দেওয়া ঘরে বাস করত। অবগুণ্ঠন এবং অবরোধ-প্রথা হিন্দু সমাজে অজ্ঞাত না থাকলেও মুসলমান-আগমনের পরে এর কঠোরতা বৃদ্ধি পায়। হিন্দুদের মধ্যে সতীদাহ, বাল্য-বিবাহ, পণ-প্রথা এবং কুলীনদের মধ্যে বহু-বিবাহ প্রথা প্রচলিত ছিল। সম্রাট আকবর সতীদাহ প্রথা বন্ধের চেষ্টা করেছিলেন। অনেক বাদশাহ ও আমীর হিন্দু নারী, বিশেষত রাজপুত নারী বিবাহ করেছিলেন। চিত্রশিল্প এবং সংগীত-শিল্পেও মুঘল যুগ বিশেষভাবে উল্লেখযোগ্য।

অর্থনৈতিক অবস্থাঃ মুঘল যুগে কৃষিই ছিল জনসাধারণের প্রধান উপজীবিকা। প্রধান খাদ্যশস্য ব্যতীত ইক্ষু, নীল, রেশম, তুলা ও তামাক এই যুগের কৃষিজাত দ্রব্যাদির মধ্যে উল্লেখযোগ্য।

শিল্পগুলির মধ্যে বস্ত্রশিল্প ঐ সময় সবচেয়ে গুরুত্বপূর্ণ ছিল। বারাণসী, আগ্রা, গুজরাট ও বাংলাদেশ সুতীবস্ত্রের প্রধান কেন্দ্র ছিল। ঢাকার মসলিন এবং লাহোর ও কাশ্মীরের শাল ও গালিচা প্রসিদ্ধ ছিল। বিহারের উৎপাদিত সোরা ইউরোপে রপ্তানি হত। মধ্যযুগে ভারতের সঙ্গে বিভিন্ন দেশের বাণিজ্যসম্পর্ক ছিল। এদেশে ইউরোপীয়দের আসার পর থেকেই মুঘল যুগের সামুদ্রিক-বাণিজ্য বৃদ্ধি পেয়েছিল। বার্ণিয়ের দেশের ব্যবসা-বাণিজ্য এবং ধন-সম্পদের প্রাচুর্যের বিষয় উল্লেখ করেছেন। কিন্তু দেশের ঐশ্বর্য ও সম্পদ মুষ্টিমেয় জনগণের হাতে সীমাবদ্ধ ছিল। নিত্যব্যবহার্য প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য অল্প হলেও অতিবৃষ্টি বা অনাবৃষ্টি প্রভৃতি কারণে দুর্ভিক্ষ দেখা দিত এবং জনসাধারণের দুঃখকষ্টের সীমা থাকত না। আওরঙ্গজেবের রাজত্বকালে জনসাধারণের অর্থনৈতিক অবস্থার অবনতি ঘটে এবং ক্রমাগত যুদ্ধ-বিগ্রহ ও রাজনৈতিক অবস্থার ফলে কৃষি ও শিল্প উভয় ক্ষেত্রেই অবনতি দেখা দেয়।

মুঘল যুগের শহরগুলির মধ্যে দিল্লী, লাহোর, আগ্রা, ফতেপুর সিক্রী, আহমদনগর, মর্শিদাবাদ, হুগলী ও ঢাকা প্রসিদ্ধ ছিল। শহরগুলির বাড়ীঘর সুদৃশ্য ও সুরক্ষিত এবং রাস্তাগুলি প্রশস্ত ছিল।

তৃতীয় পরিচ্ছেদ

মুঘল সাম্রাজ্যের ক্রমিক অবনতি ও বিলুপ্তি

(১৭০৭—১৭৫৭ খ্রীস্টাব্দ)

আওরঙ্গজেবের উত্তরাধিকারিগণ সকলেই অত্যন্ত দুর্বল ছিলেন। তাঁর মৃত্যুর পর প্রথম বাহাদুর শাহ, জাহান্দার শাহ এবং ফারুখ্‌শিয়র দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। ফারুখ্‌শিয়র সিংহাসনে অধিষ্ঠিত থাকলেও প্রকৃত শাসনক্ষমতা ছিল সৈয়দ ভ্রাতৃদ্বয়ের হাতে। অবশেষে ফারুখ্‌শিয়রকে হত্যা করে প্রথম বাহাদুর শাহের পৌত্র রোশন আখ্‌তার 'মহম্মদ শাহ' উপাধি ধারণ করে দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। মহম্মদ শাহের শাসনকালে পারস্যের সম্রাট নাদির শাহ ভারত

আক্রমণ করে (১৭৩৯ খ্রীঃ) পতনোন্মুখ মুঘল সাম্রাজ্যকে যে আঘাত হানেন তাতে এর পুনরুজ্জীবনের আর কোন আশা রইল না। এর পর নাদির শাহের আফগান সেনাপতি আহম্মদ শাহ আবদালীর পুনঃপুনঃ আক্রমণের ফলে মুঘল সাম্রাজ্যের ভিত্তি বিধ্বস্ত হয়ে গেল। ১৭৪৮ খ্রীস্টাব্দে মহম্মদ শাহের মৃত্যুর পর ক্রমান্বয়ে আহম্মদ শাহ, দ্বিতীয় আলমগীর, দ্বিতীয় শাহ আলম, দ্বিতীয় আকবর এবং বাহাদুর শাহ মুঘল সম্রাট হয়েছিলেন। কিন্তু এঁরা সকলেই ছিলেন অত্যন্ত দুর্বল ও অযোগ্য শাসক। এইসব কারণে মুঘল সাম্রাজ্যের পতন দ্রুত হয়।

(খ) ভারতে ইউরোপীয় বণিকদের আগমন

প্রথম পরিচ্ছেদ

পারস্পরিক প্রতিদ্বন্দ্বিতা

ইউরোপীয় জাতিগুলির মধ্যে ভারতে সর্বপ্রথম এসেছিল পোর্তুগীজরা। তারপর ক্রমান্বয়ে আসে ফরাসী, ওলন্দাজ, দিনেমার প্রভৃতি জাতি। ওলন্দাজ, দিনেমার প্রভৃতি জাতি ভারতের ইতিহাসে উল্লেখযোগ্য অংশ গ্রহণ করেনি। ফরাসী জাতি দাক্ষিণাত্যে বিশেষ ক্ষমতা লাভ করেছিল। ইংরেজরা ধীরে ধীরে বোম্বাই, মাদ্রাজ ও বাংলায় অধিকার বিস্তার করেছিল। অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে নাদির শাহের ভারত আক্রমণের ফলে মুঘলশক্তি প্রায় ছিন্নভিন্ন হয়ে গেল। এই যুগে ভারতের বিভিন্ন অংশে বহু স্বাধীন মুসলিম রাজ্য স্থাপিত হয়েছিল। ভারতীয় নরপতিদের বিবাদের সুযোগে ইংরেজ ও ফরাসী জাতি ভারতের বাণিজ্যের সঙ্গে রাজনৈতিক প্রতিদ্বন্দ্বিতায় অবতীর্ণ হয়।

ভারতে পোর্তুগীজ বণিকগণ—১৪৯৮ খ্রীস্টাব্দে পোর্তুগীজ নাবিক ভাস্কো দা গামা কলিকটে উপনীত হয়েছিলেন। ১৫০০ খ্রীস্টাব্দে ক্যাব্রাল কোচিনে একটি পোর্তুগীজ বাণিজ্য-কুঠি স্থাপন করেন। ১৫০১ খ্রীস্টাব্দে আলবুকার্ক ভারতে রাজ্য স্থাপনের নীতি গ্রহণ করেন এবং সমুদ্র-তীরবর্তী গোয়া নামক বন্দর জয় করে ভারতে প্রথম পোর্তুগীজ রাজধানী স্থাপন করেন। কিন্তু আলবুকার্ক ব্যবসার নামে লুণ্ঠন, নরহত্যা ও দাস-ব্যবসা অনুমোদন করতেন। হিন্দু-মুসলমান উভয় সম্প্রদায়কেই পোর্তুগীজরা খ্রীস্টধর্মে দীক্ষিত করত। কালক্রমে ভারতের বিভিন্ন অঞ্চলে পোর্তুগীজরা বহু বাণিজ্য-কুঠি স্থাপন করেছিল। শাহ্‌জাহানের রাজ্যলাভের পর ফৌজদার কাশিম খান পোর্তুগীজদের হুগলী থেকে বিতাড়িত করেন। পোর্তুগীজরা শেষ পর্যন্ত ইংরেজ ও ফরাসী জাতির উত্থানের ফলে ভারতের ব্যবসাক্ষেত্র থেকে দূরে সরে গিয়েছিল।

ওলন্দাজ বণিকগণ—নৌ-যান নির্মাণে পটু ও সুদক্ষ নাবিক ওলন্দাজরা ভারতের পূর্ব-উপকূলের নাগাপট্টম, বাংলাদেশের চুঁচুড়ায় এবং পশ্চিম উপকূলেও কয়েকটি বাণিজ্য-কুঠি স্থাপন করেছিল। কিন্তু ভারতে ইংরেজদের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতায় ওলন্দাজরা শেষ পর্যন্ত ব্যর্থ হয়। ১৮২৪ খ্রীস্টাব্দে তারা সুমাত্রা

অঞ্চলের ইংরেজ কুঠিগুলির বিনিময়ে তাদের ভারতের কুঠিগুলি ইংরেজদের কাছে বিক্রি করে।

দিনেমার বণিকগণ—১৭৭৬ খ্রীস্টাব্দে দিনেমাররা বাংলায় শ্রীরামপুর, ব্যাণ্ডেল, হুগলী ও ঢাকায় কুঠি নির্মাণ করেছিল। এদেশে দিনেমারদের প্রধান লক্ষ্য ছিল খ্রীস্টধর্ম প্রচার—বাণিজ্য অথবা সাম্রাজ্য বিস্তার নয়। দিনেমাররা এজন্য ভারতীয় ভাষাগুলিতে বাইবেল ছাপিয়ে ভারতীয়দের মধ্যে প্রচার করতে থাকে। ১৮৪৫ খ্রীস্টাব্দে দিনেমাররা ইংরেজদের কাছে তাদের সমস্ত কুঠি, প্রাসাদ ও উপনিবেশগুলি বিক্রি করে দেয়।

ফরাসী বণিকগণ—ফ্রান্সের রাজা চতুর্দশ লুই-এর মন্ত্রী কোলবার্ট ১৬৬৪ খ্রীস্টাব্দে একটি "ফরাসী ইস্ট ইণ্ডিয়া কোম্পানী" গঠন করেছিলেন। এই কোম্পানী সুরাট ও মসলিপট্টমে বাণিজ্য-কুঠি প্রতিষ্ঠা করেছিল। ১৬৭৪ খ্রীস্টাব্দে ফরাসী বণিকরা পণ্ডিচেরীতে একটি কুঠি ও দুর্গ নির্মাণ করলেন। অন্যান্য ফরাসী বাণিজ্য-কুঠিগুলির মধ্যে বাংলাদেশের চন্দননগরের এবং মালাবার অঞ্চলের মাহে, কারিকল ও ইয়ানানের বাণিজ্য-কুঠিগুলি উল্লেখযোগ্য। ১৭৭৪ খ্রীস্টাব্দে ডুপ্লে পণ্ডিচেরীর ফরাসী শাসনকর্তা নিযুক্ত হয়েছিলেন। মুঘল সাম্রাজ্যের দুর্বলতার সুযোগে তিনি ভারতে ফরাসী সাম্রাজ্য স্থাপনের পরিকল্পনা করেছিলেন। অন্যদিকে ইংরেজ বণিকরাও ভারতে রাজশক্তি গঠনের সুযোগ খুঁজছিল। ফলে অষ্টাদশ শতাব্দীর প্রায় মধ্যভাগে ভারতে রাজনৈতিক প্রাধান্যের জন্য ইংরেজ ও ফরাসী বণিকদের মধ্যে তীব্র প্রতিদ্বন্দ্বিতার সৃষ্টি হয়েছিল।

ইংরেজ বণিকগণ—১৫৮৮ খ্রীস্টাব্দে স্প্যানিশ আর্মাডার ধ্বংসের পর ইংরেজরা সামুদ্রিক অভিযান ও প্রাচ্য দেশের সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক স্থাপনে উৎসাহিত হয়। ১৬০০ খ্রীস্টাব্দে ইংলণ্ডের রানী প্রথম এলিজাবেথের এক সনন্দ লাভ করে ইংরেজদের ইস্ট ইণ্ডিয়া কোম্পানী স্থাপিত হয়। ১৬০৮ খ্রীস্টাব্দে হকিন্স সুরাটে আসেন এবং ১৬১১ খ্রীস্টাব্দে ইংরেজরা মসলিপট্টমে বাণিজ্য-কুঠি স্থাপন করে। ক্রমান্বয়ে ইংরেজরা আগ্রা, সুরাট, ফোর্ট সেণ্ট জর্জ, বালেশ্বর এবং হুগলী প্রভৃতি স্থানে বাণিজ্য-কুঠি স্থাপন করে। ১৬৮৬ খ্রীস্টাব্দে হুগলীতে মুঘলদের সঙ্গে ইংরেজদের সংঘর্ষ হয়। এই সংঘর্ষে ইংরেজরা পরাজিত হয়ে হুগলী পরিত্যাগ করে মুঘলদের সঙ্গে সদ্ভাব প্রতিষ্ঠা করে। হুগলীর ইংরাজ অধ্যক্ষ জব চার্নক সুতানুটি গ্রামে ১৬৯১ খ্রীস্টাব্দে একটি কুঠি নির্মাণ করেন। এই সুতানুটিতে কলিকাতা মহানগরীর পত্তন হয়। ক্রমে ইংরেজরা কলিকাতায় ফোর্ট উইলিয়াম দুর্গ তৈরি করে ব্যবসা-বাণিজ্য পরিচালনা করতে থাকেন। দাক্ষিণাত্যের কর্ণাটক অঞ্চলে ইংরেজ ও ফরাসীদের মধ্যে রাজনৈতিক প্রাধান্য লাভের জন্য বহুকাল যাবৎ সংগ্রাম চলছিল। দাক্ষিণাত্যে ইংরেজদের প্রধান ঘাঁটি ছিল মাদ্রাজ ও ফরাসীদের পণ্ডিচেরী। ১৭৪০ খ্রীস্টাব্দে ইউরোপে অস্ট্রিয়ার উত্তরাধিকারের যুদ্ধ আরম্ভ হলে ফ্রান্স, প্রাশিয়া এবং ইংলণ্ড অস্ট্রিয়ার পক্ষ অবলম্বন করে। ভারতেও ইংরেজ ও ফরাসী শক্তি দুটির মধ্যে যুদ্ধ অনিবার্য হয়ে ওঠে। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় কর্ণাটকের যুদ্ধে ইংরেজ ও ফরাসীরা দাক্ষিণাত্যে পরস্পরের সঙ্গে সংঘর্ষে লিপ্ত শক্তিগুলির পক্ষে যোগ দেয়। কিন্তু কর্ণাটকের তৃতীয় যুদ্ধে ইংরেজ সেনাপতি আয়ার কুট

ফরাসী সেনাপতি কাউণ্ট লালীকে অতি শোচনীয়ভাবে পরাজিত করেন। পরের বছর ইংরেজরা পণ্ডিচেরী, মাহে ও জিঞ্জি অধিকার করল, লালী ইংরেজদের হাতে বন্দী হলেন। ১৭৬৩ খ্রীস্টাব্দে প্যারিসের সন্ধি দ্বারা সপ্তবর্ষ ব্যাপী যুদ্ধের অবসান হলে ভারতেও ইংরেজ ও ফরাসীদের মধ্যে শান্তি স্থাপিত হল। এই সন্ধির শর্তানুসারে ভারতে ফরাসী ঘাঁটিগুলি কেবল বাণিজ্য-কেন্দ্ররূপেই ভবিষ্যতে ব্যবহৃত হবে বলে স্থির হলে, ভারতে ফরাসী সাম্রাজ্য স্থাপনের আশা চিরতরে বিলীন হয়ে গেল। এইভাবে ভারতে ব্রিটিশ সাম্রাজ্যেরও পত্তন হল।

দ্বিতীয় পরিচ্ছেদ

মারাঠা শক্তির উত্থান ও বিস্তার

শিবাজীর নেতৃত্বে মারাঠা জাতির উত্থান ইতিহাসের কোন আকস্মিক বা বিচ্ছিন্ন ঘটনা নয়; এই উত্থান ছিল বিভিন্ন প্রভাবের এক স্বাভাবিক পরিণতি। মহারাষ্ট্রের ভৌগোলিক পরিবেশ, ধর্ম এবং দাক্ষিণাত্যের সুলতানদের অধীনে মারাঠা জাতির শিক্ষালাভ মারাঠা শক্তির উত্থানে বিশেষ সহায়তা করেছিল।

পর্বতসঙ্কুল দেশ মহারাষ্ট্র মারাঠা জাতিকে কঠোর পরিশ্রমী, সাহসী ও ধৈর্যশীল করে তুলেছিল। তুকারাম, রামদাস, বামন পণ্ডিত, একনাথ প্রভৃতি ধর্মগুরু হিন্দু ধর্মের যাবতীয় কুসংস্কার দূর করে 'ভক্তিবাদ' নামে সাম্যবাদী ধর্মের প্রচার করেছিলেন। তুকারাম-রচিত ভজন মারাঠা জাতির সকল সম্প্রদায়েরই প্রিয় ছিল। দাক্ষিণাত্যের সুলতানদের অধীনে সামরিক বৃত্তি গ্রহণ করে দুর্ধর্ষ মারাঠারা এক শক্তিশালী সামরিক জাতিতে পরিণত হয়েছিল।

শিবাজী—১৬২৭ খ্রীস্টাব্দে শিবনের দুর্গে শিবাজী জন্মগ্রহণ করেন। শিবাজীর পিতা শাহজী তাঁর দ্বিতীয় পত্নী তুকাবাঈকে সঙ্গে নিয়ে নিজ কর্মস্থল বিজাপুরে বাস করতেন। শিবাজী তাঁর মা জীজাবাঈ-এর সঙ্গে দাদাজী কোণ্ডদেও নামে এক ব্রাহ্মণের তত্ত্বাবধানে পুনায় বাস করতেন। বাল্যকালে মায়ের কাছে রামায়ণ-মহাভারতের কাহিনী শুনে শিবাজীর মনে সাহস ও দেশপ্রেমের সঞ্চার হয়েছিল। পুনা অঞ্চলের দুর্ধর্ষ মাওলী জাতি নিয়ে শিবাজী তাঁর নিজস্ব সেনাবাহিনী গড়ে তুলেছিলেন। ১৬৪৭ খ্রীস্টাব্দে দাদাজী কোণ্ডদেও-এর মৃত্যুর পর শিবাজী নিজের পরিকল্পনা অনুযায়ী অগ্রসর হবার পূর্ণ সুযোগ পেলেন। বিজাপুর রাজ্যের অব্যবস্থার সুযোগে শিবাজী অনেকগুলি দুর্গ অধিকার করেন। কল্যাণ দুর্গটি শিবাজী দখল করলে তাঁর পিতা শাহজীকে আওরঙ্গজেব বন্দী করলেন। পরে কূটকৌশলের আশ্রয় নিয়ে শিবাজী পিতাকে

শিবাজী

মুক্ত করেন। শিবাজী উত্তর কোঙ্কণ ও অন্য কয়েকটি স্থান অধিকার করলে সম্রাট আওরঙ্গজেব বিজাপুরের সুলতান আফজল খাঁকে শিবাজীর বিরুদ্ধে পাঠালে শিবাজী বাঘনখে'র দ্বারা তাঁকে হত্যা করেন।

১৬৫৮ খ্রীস্টাব্দে সম্রাট হবার পর আওরঙ্গজেব শিবাজীকে দমনের উদ্দেশ্যে নিজ মাতুল শায়েস্তা খাঁকে পাঠালেও শিবাজী এক অন্ধকার রাত্রিতে শায়েস্তা খাঁর শিবিরে প্রবেশ করে তাঁকে হত্যার চেষ্টা করেন। শায়েস্তা খাঁ প্রাণে বাঁচলেও শিবাজীর তরবারীর আঘাতে তাঁর হাতের একটা আঙ্গুল হারিয়ে তিনি দাক্ষিণাত্য ত্যাগ করলেন। আওরঙ্গজেব জয়সিংহ ও দিলীর খাঁকে শিবাজীর বিরুদ্ধে পাঠালে শিবাজী পরাজিত হয়ে তাঁর ৩৬টি দুর্গের মধ্যে ২৩টি মুঘলদের কাছে সমর্পণ করেন এবং পুরন্দরের সন্ধি (১৬৬৫ খ্রীঃ) অনুসারে মুঘলদের বশ্যতা স্বীকার করেন। কুচক্রী জয়সিংহ সরলপ্রাণ শিবাজীকে আওরঙ্গজেবের সঙ্গে সাক্ষাতের জন্য আগ্রায় নিয়ে এলেন। আগ্রায় শিবাজীকে উপযুক্ত মর্যাদা না দেওয়ায় শিবাজী প্রতিবাদ করলে তাঁকে নজরবন্দী করে রাখা হল। কিন্তু পুত্রসহ কৌশলী শিবাজী দিল্লী থেকে পালিয়ে যেতে সক্ষম হলেন। এর পর তিনি মুঘলদের সঙ্গে যুদ্ধে অবতীর্ণ হয়ে নিজ রাজ্যের অপহৃত অঞ্চলগুলি উদ্ধার করেন। ১৬৭৪ খ্রীস্টাব্দে রায়গড় দুর্গে শিবাজীর অভিষেক মহাসমারোহে সম্পন্ন হল এবং তিনি 'ছত্রপতি' উপাধি ধারণ করে সিংহাসনে আরোহণ করেন। এর পর মুঘল সাম্রাজ্যের অন্তর্ভুক্ত জিঞ্জি, ভেলোর এবং এই স্থানগুলির পার্শ্ববর্তী অঞ্চল তিনি জয় করেন। মহীশূরের অধিকাংশও তিনি নিজ রাজ্যভুক্ত করতে সমর্থ হলেন। এইভাবে শিবাজী যখন রাজ্যসীমা বিস্তার করছিলেন তখন আকস্মিকভাবে তাঁর মৃত্যু হল (১৬৮০ খ্রীঃ)। শিবাজীর মৃত্যুকালে মারাঠা সাম্রাজ্য উত্তরে রামনগর থেকে দক্ষিণে কারওয়ার এবং পূর্বে বাগমালা থেকে পশ্চিমে আরব সাগর পর্যন্ত বিস্তৃত ছিল।

পরবর্তী শাসকবৃন্দঃ শিবাজীর মৃত্যুর পর তাঁর অকর্মণ্য ও অপদার্থ পুত্র শম্ভুজীকে আওরঙ্গজেব বন্দী করেন এবং প্রাণদণ্ডে দণ্ডিত করেন। শম্ভুজীর শিশুপুত্র শাহুকে আওরঙ্গজেব বন্দী করে দিল্লীতে রাখেন। শম্ভুজীর মৃত্যুর পর তাঁর ভাই রাজারাম মারাঠা সিংহাসনে আরোহণ করে মুঘল শক্তির সঙ্গে দ্বন্দ্বে লিপ্ত হলেন। ১৭০০ খ্রীস্টাব্দে রাজারামের মৃত্যু হলে তাঁর শিশু পুত্র তৃতীয় শিবাজী সিংহাসনে আরোহণ করলেন। শিশু রাজার অভিভাবিকা রানীমাতা তারাবাঈ মুঘলদের সঙ্গে যুদ্ধে লিপ্ত হয়ে মুঘল সাম্রাজ্যের নানা স্থানে হানা দিতে থাকেন। আওরঙ্গজেব মারাঠা শক্তি দমনের চেষ্টা করে ব্যর্থ হলেন। সমগ্র ভারতে মারাঠারা এক প্রবল শক্তিরূপে দেখা দিল। আওরঙ্গজেবের মৃত্যুর পর শাহু বন্দীদশা থেকে মুক্তি লাভ করে স্বদেশে ফিরে এলে তারাবাঈ শাহুর সিংহাসনের দাবি অস্বীকার করেন। ফলে মারাঠাদের মধ্যে এক অন্তর্কলহের সৃষ্টি হল। মারাঠা রাজ্য তারাবাঈ-এর পুত্র ও শাহুর মধ্যে বিভক্ত হয়ে গেল। শাহুর সৌভাগ্য-ক্রমে তিনি এই সময় বালাজী বিশ্বনাথ নামে এক দূরদর্শী ব্রাহ্মণকে প্রধানমন্ত্রী বা পেশোয়া রূপে (১৭১৩—১৭২০ খ্রীঃ) লাভ করেছিলেন। তাঁর নেতৃত্বে মারাঠারা ধ্বংসোন্মুখ মুঘল সাম্রাজ্যের কতকাংশ দখল করেন এবং দিল্লীর রাজনীতিতেও

অংশগ্রহণ করতে থাকেন। মারাঠাদের দ্বিতীয় পেশোয়া প্রথম বাজীরাও (১৭২০—১৭৪০ খ্রীঃ) উত্তর ভারতের বিস্তীর্ণ অঞ্চল অধিকার করলেন এবং পশ্চিম উপকূল থেকে পোর্তুগীজদের বিতাড়িত করে সলসেট ও বেসিন অধিকার করেন। তৃতীয় পেশোয়া বালাজী বাজীরাও-এর (১৭৪০—১৭৬১ খ্রীঃ) আমলে মারাঠা রাজ্যের শক্তি ও মর্যাদা চরমে পৌঁছাল; এমনকি দিল্লীর সম্রাট শাহ আলমও বালাজী বাজীরাও-এর হাতের পুতুলে পরিণত হয়েছিলেন।

তৃতীয় পরিচ্ছেদ
শিখদের অভ্যুত্থান ও সংগঠন

শিখ ধর্মের প্রবর্তক গুরু নানক লাহোরে জন্মগ্রহণ করেন। তিনি শিখদের মধ্যে যে ঐক্যবোধ, সাম্য ও অনুপ্রেরণার সৃষ্টি করেছিলেন, ১৫৩৮ খ্রীস্টাব্দে তাঁর মৃত্যুর পর, সেগুলি শিখদের শক্তিবৃদ্ধির সহায়ক হয়েছিল। দ্বিতীয় শিখগুরু অঙ্গদ (১৫৩৮—১৫৫২ খ্রীস্টাব্দ) শিখদের মধ্যে কতকগুলি ধর্মীয় ও সামাজিক সংস্কার, গুরুমুখী বর্ণমালার প্রবর্তন এবং গুরু নানকের বাণী ও উপদেশগুলি লিপিবদ্ধ করেছিলেন। তৃতীয় শিখগুরু অমরদাস কয়েকজন ধর্মপ্রচারকের উপর শিখ ধর্ম প্রচারের (১৫৫২—১৫৭৪ খ্রীঃ) ভার অর্পণ করায় অল্পকালের মধ্যেই কিছু জাঠসহ বহু ব্যক্তি শিখ ধর্ম গ্রহণ করে। চতুর্থ গুরু রামদাসের (১৫৭৪—১৫৮১ খ্রীস্টাব্দ) সময় থেকেই শিখ সম্প্রদায়ের গুরু তাঁর পদ উত্তরাধিকার সূত্রে লাভ করতে থাকেন। সম্রাট আকবর রামদাসকে একটি সরোবরসহ একখণ্ড জমি অমৃতসরে দান করেছিলেন। এখানেই পরবর্তী কালে শিখদের বিখ্যাত স্বর্ণমন্দির নির্মিত হয়েছিল। শিখদের পঞ্চম গুরু অর্জুন (১৫৮১—১৬০৬ খ্রীঃ) শিখদের ধর্মগ্রন্থ 'আদি গ্রন্থ' বা 'গ্রন্থসাহেব' সংকলিত করেন। সমস্ত শিখদের কাছ থেকে ধর্মের জন্য দান সংগ্রহ করে অর্জুন অল্পদিনের মধ্যেই অর্থশালী হয়ে পড়েন। অর্জুন সম্রাট জাহাঙ্গীরের বিরুদ্ধে সম্রাটের বিদ্রোহী পুত্র খসরুকে সাহায্য করলে অর্জুনকে দিল্লীতে এনে অর্থদণ্ড দেওয়া হল। দণ্ডস্বরূপ এই অর্থ দিতে তিনি অস্বীকৃত হলে ১৬০৬ খ্রীস্টাব্দে তাঁর প্রাণনাশ করা হয়। এর পর শিখদের শান্তিপূর্ণ ক্রমবিকাশের অবসান ঘটে এবং এই ঘটনার পর থেকে তারা একটা সামরিক সম্প্রদায়-রূপে আত্মপ্রকাশ করতে থাকে।

পরবর্তী গুরু হরগোবিন্দ (১৬০৬—১৬৪৫ খ্রীস্টাব্দ) তাঁর অনুচরদের অস্ত্র-শস্ত্র রাখতে উপদেশ দিলেন এবং লৌহগড় দুর্গটি সুরক্ষিত করলেন। তাছাড়া তিনি একটি স্বেচ্ছাসেবী সামরিকবাহিনী গঠন করলেন এবং মুঘলদের বিরুদ্ধে তাঁর সঙ্গে যোগদান করবার জন্য পাঠানদের উৎসাহিত করলেন। সপ্তম গুরু হর রায় (১৬৪৫—১৬৬১ খ্রীঃ) ছিলেন হরগোবিন্দের পৌত্র। শাহ্‌জাহানের পুত্রদের মধ্যে বিরোধ আরম্ভ হলে তিনি দায়ার পক্ষ অবলম্বন করেছিলেন। এই অপরাধের জন্য আওরঙ্গজেব তাঁকে প্রাণদণ্ডে দণ্ডিত করেন। অষ্টম শিখ গুরু হরকিষণের (১৬৬১—৬৪ খ্রীঃ) সময়ে উল্লেখযোগ্য কিছু ঘটে নাই। দিল্লীতে থাকাকালে বসন্ত-রোগে আক্রান্ত হয়ে তাঁর মৃত্যু হয়। তেগ বাহাদুর (১৬৬৪—৭৫ খ্রীঃ) ছিলেন

শিখদের নবম গুরু। তিনি আওরঙ্গজেবের হিন্দু-বিরোধী নীতির তীব্র প্রতিবাদ করেছিলেন। সম্ভবত তেগ বাহাদুর কাশ্মীরী ব্রাহ্মণদের আওরঙ্গজেবের বিরুদ্ধে উত্তেজিত করেছিলেন। আওরঙ্গজেবের আদেশে বন্দী অবস্থায় তাঁকে দিল্লীতে আনা হল। মৃত্যুভয় দেখিয়ে আওরঙ্গজেব তাঁকে ইসলাম ধর্ম গ্রহণ করতে বললেন। এই প্রস্তাব তেগ বাহাদুর অগ্রাহ্য করলে তাঁকে হত্যা করা হয়। তেগ বাহাদুরের এই নির্মম হত্যা শিখদের মধ্যে এক প্রতিশোধ-স্পৃহার উদ্রেক করেছিল।

পিতার এই নির্মম হত্যাকাণ্ড শিখদের দশম গুরু গোবিন্দ সিংহের (১৬৭৫—১৭০৮ খ্রীঃ) মনে গভীর রেখাপাত করেছিল। তিনি ব্যক্তিগত গুরুপদ রহিত করলেন এবং ঘোষণা করলেন যে 'খালসা' সংস্থাই হল শিখদের গুরু। তিনি সামরিক শিক্ষার উপর গুরুত্ব আরোপ করেন এবং 'খালসা' সংগঠন করে শিখ-জাতিকে সামরিক জাতিতে পরিণত করেন। ১৭০৭ খ্রীস্টাব্দে আওরঙ্গজেবের মৃত্যুর পর তাঁর পুত্র বাহাদুর শাহের সঙ্গে গুরু গোবিন্দ সিংহের মিত্রতা হল। মুঘল সম্রাটের সঙ্গে দাক্ষিণাত্যে যাবার পথে ১৭০৮ খ্রীস্টাব্দে জনৈক পাঠান আততায়ীর হাতে গোবিন্দ সিংহ নিহত হলেন।

গুরু গোবিন্দ সিংহের মৃত্যুর পর বান্দা নামে একজন নেতার অধীনে শিখরা সংঘবদ্ধ হল। মুঘলদের বিরুদ্ধে প্রতিশোধ নেবার জন্য বান্দা শিরহিন্দ আক্রমণ করে সেখানকার মুঘল ফৌজদারকে হত্যা করেন। সম্রাট ফারুখ্‌শিয়ারের আমলে বান্দা শিরহিন্দ আক্রমণ করলেন কিন্তু পরাজিত হয়ে অনুচরবর্গসহ সম্রাটের আদেশে নিহত হলেন (১৭১৬ খ্রীস্টাব্দ)। ১৭৫২ খ্রীস্টাব্দের পর পাঞ্জাবে মুঘল শাসনের একরকম অবসান ঘটলে শিখদের সঙ্গে আহম্মদ শাহ আবদালীর যুদ্ধে অবতীর্ণ হতে হল। কিন্তু শিখদের ক্রমাগত প্রতি-আক্রমণে তাঁর অবস্থা দুর্বিষহ হয়ে উঠল। ১৭৬৭ খ্রীস্টাব্দে তিনি শিখদের হাতে পাঞ্জাব ছেড়ে দিতে বাধ্য হলেন। শিখরা বারটি 'মিসল্' বা অঞ্চলে পাঞ্জাব ভাগ করে এক-একটি ভাগ এক এক জন সর্দারের অধীনে স্থাপন করল এবং সমস্ত পাঞ্জাব মুঘল অধিকার থেকে মুক্ত ও স্বাধীন হয়ে গেল। পরবর্তী কালে রঞ্জিৎ সিংহ অধিকাংশ মিসলের উপর আধিপত্য স্থাপন করে একটা স্বাধীন শিখ-রাষ্ট্র গঠন করেন।

রঞ্জিৎ সিংহ

রঞ্জিৎ সিংহ ছিলেন সুকরচকিয়া মিসল্-এর নায়ক মহাসিংহের পুত্র। ১৭৯২ খ্রীস্টাব্দে পিতার মৃত্যুর পর বার বছর বয়সে রঞ্জিৎ সিংহ সুকরচকিয়া মিসল্-এর নেতৃত্ব পদ লাভ করেন। কাবুলের অধিপতি জামান শাহ্ যখন পুনঃপুনঃ ভারত আক্রমণ করছিলেন তখন রঞ্জিৎ সিংহ তাঁকে সাফল্যের সঙ্গে প্রতিরোধ করেছিলেন।

১৭৯৯ খ্রীস্টাব্দে রঞ্জিৎ সিংহ লাহোর এবং ১৮০৫ খ্রীস্টাব্দে অমৃতসর দখল করেন। এর পর শতদ্রুর পূর্বতীরে এবং শিরহিন্দে রঞ্জিৎ আধিপত্য বিস্তারে সচেষ্ট হলে এই অঞ্চলের শিখ সর্দাররা রঞ্জিতের বিরুদ্ধে ইংরেজদের সাহায্য প্রার্থনা করে। ইংরেজ সামরিক শক্তির ভয়ে এবং শিখ রাষ্ট্রগুলির ঈর্ষাপরায়ণতায় রঞ্জিৎ ১৮০৯ খ্রীস্টাব্দে ইংরেজদের সঙ্গে অমৃতসরের সন্ধি স্বাক্ষর করতে বাধ্য হন। এই সন্ধির শর্তানুসারে শতদ্রু নদী পর্যন্ত রঞ্জিৎ সিংহের সীমানা রূপে নির্ধারিত হল।

পূর্বদিকে রাজ্যবিস্তারে অন্তরায় উপস্থিত হওয়ায় রঞ্জিৎ উত্তর ও উত্তর-পশ্চিমে রাজ্য বিস্তারে সচেষ্ট হলেন। ১৮০৯ খ্রীস্টাব্দ থেকে ১৮২৪ খ্রীস্টাব্দের মধ্যে রঞ্জিৎ সিংহ কাংড়া, আটক, কাশ্মীর, মুলতান ও পেশোয়ার অধিকার করেন। ইংরেজদের বিরোধিতার জন্য রঞ্জিৎ সিংহ সিন্ধু অধিকার করতে ব্যর্থ হন। ১৮৩৯ খ্রীস্টাব্দে রঞ্জিৎ সিংহের পরলোকগমনের সময় পর্যন্ত শিখ-শক্তি-অটুট রইল।

অনুশীলনী

বাস্তবভিত্তিক প্রশ্নাবলী:

১। বাবর কত খ্রীস্টাব্দে মুঘল সাম্রাজ্য প্রতিষ্ঠা করেছিলেন? ২। হুমায়ুন কোন্ যুদ্ধে শের শাহের কাছে চূড়ান্তভাবে পরাজিত হয়েছিলেন? ৩। "গ্র্যান্ড ট্রাঙ্ক রোড" কে নির্মাণ করেছিলেন? ৪। বৈরাম খাঁ কে? ৫। জাহাঙ্গীরের প্রধানা মহিষীর নাম কি? ৬। মীরজুমলা কে? ৭। নাদির শাহ কখন ভারত আক্রমণ করেছিলেন? ৮। ভারতে কোন্ ইউরোপীয় জাতি সর্বপ্রথম এসেছিল? ৯। কত খ্রীস্টাব্দে "ইস্ট ইন্ডিয়া কোম্পানী" স্থাপিত হয়? ১০। অমৃতসরের সন্ধি কত খ্রীস্টাব্দে ও কাদের মধ্যে স্বাক্ষরিত হয়েছিল?

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলী:

১। শের শাহের যুদ্ধ-বিগ্রহের বিবরণ দাও। ২। শাসক হিসাবে আকবরের কৃতিত্ব নির্ধারণ কর। ৩। মুঘল যুগে ভারতে আগত উল্লেখযোগ্য বিদেশী পর্যটকদের নাম উল্লেখ কর। ৪। মুঘল যুগে ভারতের অর্থনৈতিক অবস্থা কি রকম ছিল? ৫। মুঘল যুগের কতকগুলি শহরের নাম উল্লেখ কর। ৬। শিবাজীর উত্তরাধিকারীদের সংক্ষিপ্ত ইতিহাস আলোচনা কর। ৭। শিখ-শক্তির উত্থানে রঞ্জিৎ সিংহের অবদান কি?

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্নাবলী:

১। বাবরের রাজত্বকাল সম্বন্ধে যা জান লিখ। ২। শের শাহের শাসনপ্রণালী বর্ণনা কর। ৩। আকবরের রাজ্য বিজয়ের বর্ণনা দাও। ৪। শাহ্‌জাহানের পুত্রদের মধ্যে সিংহাসনের উত্তরাধিকারসংক্রান্ত বিবাদের বর্ণনা দাও। ৫। মুঘল যুগের সামাজিক অবস্থার বিবরণ দাও। ৬। মুঘল সাম্রাজ্যের ক্রমিক অবনতি ও বিলুপ্তির বিবরণ দাও। ৭। মারাঠা শক্তির উত্থানে কি কি প্রভাব কার্যকরী হয়েছিল?

রচনাত্মক প্রশ্নাবলী:

১। আওরঙ্গজেবের ধর্মীয় নীতি আলোচনা কর। ২। শিবাজীর জীবনী ও কার্যাবলী আলোচনা কর। ৩। শিখ গুরুদের সংক্ষিপ্ত ইতিহাস বর্ণনা কর।

মৌখিক প্রশ্নাবলী :

১। কত বছর বয়সে আকবর দিল্লীর সিংহাসনে আরোহণ করেছিলেন ?
২। পানিপথের দ্বিতীয় যুদ্ধ কত খ্রীস্টাব্দে হয়েছিল ?
৩। কত খ্রীস্টাব্দে হলদিঘাটের যুদ্ধ হয়েছিল ?
৪। আকবর কোন্ ধর্ম প্রবর্তনের চেষ্টা করেছিলেন ?
৫। 'পাট্টা' ও 'কবুলিয়ত' বলতে কি বুঝ ?
৬। আকবরকে "মুঘল সাম্রাজ্যের প্রকৃত প্রতিষ্ঠাতা" বলা হয় কেন ?
৭। মুঘল যুগের প্রধান প্রধান কৃষিজাত দ্রব্য কি ছিল ?
৮। 'ভক্তিবাদ' বলতে কি বুঝ ?
৯। 'ছত্রপতি' উপাধি কে গ্রহণ করেছিলেন ?
১০। 'পেশোয়া' কথার অর্থ কি ?
১১। শিখদের ধর্মগ্রন্থ 'গ্রন্থসাহেব' কে সংকলিত করেছিলেন ?
১২। 'মিসল্' কথাটির অর্থ কি ?

শুদ্ধ উত্তরটির নীচে দাগ দাও :

১। মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা ছিলেন—আকবর, বাবর, আওরঙ্গজেব।

২। আওরঙ্গজেব যে শিখ গুরুকে হত্যা করেছিলেন তিনি হলেন—অর্জুন, তেগ বাহাদুর, বান্দা।

৩। নাদির শাহ ভারত আক্রমণ করেছিলেন—আওরঙ্গজেবের শাসনকালে, ফারুখ্ শিয়ারের শাসনকালে, মহম্মদ শাহের শাসনকালে।

৪। শিখদের ব্যক্তিগত গুরুপদ রহিত করেছিলেন—তেগ বাহাদুর, অর্জুন, গোবিন্দ সিংহ।

৫। কলিকাতা মহানগরীর প্রতিষ্ঠা করেছিলেন—রবার্ট ক্লাইভ, ক্যাপ্টেন হকিন্স, জব চার্নক, টমাস্ রো।

সপ্তম অধ্যায় | ভারতে ব্রিটিশ শক্তি প্রতিষ্ঠা ও বিস্তার (১৮৫৭) পর্যন্ত

প্রথম পরিচ্ছেদ

প্রথম স্তর : ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের পত্তন ও বিকাশ

(১৮১৮ খ্রীস্টাব্দ পর্যন্ত)

১৭০৭ খ্রীস্টাব্দ পর্যন্ত বাংলাদেশে মুঘলদের অপ্রতিহত ক্ষমতা ও প্রতিপত্তি বজায় ছিল, কিন্তু আওরঙ্গজেবের মৃত্যুর পর আইনত বাংলাদেশে মুঘল প্রভুত্ব অব্যাহত থাকলেও প্রকৃতপক্ষে বাংলার স্বাধীন ইতিহাসের সূচনা তখন হয়। আলিবর্দি খাঁ ইংরেজ বণিকদের সঙ্গে সদ্ভাব বজায় রেখেছিলেন, কিন্তু তাঁর দৌহিত্র সিরাজ-উদ্-দৌলার সঙ্গে কয়েকটি কারণে ইংরেজদের ভয়ানক শত্রুতার সৃষ্টি হয়েছিল। ইংরেজরা নবাবের আদেশ অমান্য করে কলকাতায় দুর্গ নির্মাণ করেছিল। সিংহাসনারোহণ কালে ইংরেজরা সিরাজকে নূতন নবাবরূপে উপঢৌকন না পাঠিয়ে প্রচলিত রীতি লঙ্ঘন করেছিল। নবাবের মাতৃষ্বসা ঘসেটি বেগম ও পূর্ণিয়ার শাসনকর্তা সৌকৎ জঙ্গকে ইংরেজরা নবাবের বিরুদ্ধে সাহায্যদানে

সিরাজ-উদ্-দৌলা

ক্লাইভ

প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে এই সংবাদে সিরাজ অত্যন্ত ক্রুদ্ধ হন। নবাবের শত্রু কৃষ্ণদাসকে ইংরেজরা আশ্রয় দিয়েছিল। ইংরেজ কোম্পানী নবাবের 'দস্তকে'র (ব্যবসা-বাণিজ্য করার অনুমতি পত্র) অপব্যবহার করেছিল। এইসব কারণে ১৭৫৬ খ্রীস্টাব্দে জুন মাসে সিরাজ কলকাতা আক্রমণ করেন। কিন্তু ওয়াটসন ও ক্লাইভের চেষ্টায় সহজেই ইংরেজরা কলকাতা পুনরুদ্ধার করে এবং আলিনগরের সন্ধি দ্বারা নবাব দিল্লীর সম্রাটের কাছ থেকে প্রাপ্ত সমস্ত বাণিজ্যিক সুযোগ-সুবিধা স্বীকার করে নেন।

এদিকে সিরাজের বিরুদ্ধে এক ষড়যন্ত্র ঘনীভূত হল। ১৭৫৭ খ্রীস্টাব্দে মুর্শিদাবাদে একদল ষড়যন্ত্রকারী এবং ইংরেজদের মধ্যে এক গোপন চুক্তি রচিত হল। সিরাজের প্রতি অসন্তুষ্ট তাঁর দরবারের কয়েকজন বিশিষ্ট ব্যক্তি, যথা জগৎ শেঠ, মীরজাফর, রাজবল্লভ, উমিচাঁদ প্রভৃতি ব্যক্তিরা সিরাজের পরিবর্তে মীরজাফরকে সিংহাসনে বসাতে চাইলেন। সিরাজ-প্রদত্ত সমস্ত বাণিজ্যিক সুবিধা ইংরেজদের



মঞ্জুর করতে তাঁরা স্বীকৃত হলেন। সিরাজও ষড়যন্ত্রের কথা আগে জানতে পেরে যুদ্ধের জন্য প্রস্তুত হলেন। ক্লাইভ অতি সামান্য অজুহাতেই সিরাজের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করলেন। বিশ্বাসঘাতক মীরজাফরের পরামর্শে নবাববাহিনীকে পলাশীর রণক্ষেত্রে যুদ্ধবিরতির আদেশ দেওয়া হল এবং সেই সঙ্গে সিরাজেরও পতন ঘটল।

পলাশীর যুদ্ধের পর বাংলায় ইংরেজদের রাজনৈতিক আধিপত্য প্রতিষ্ঠিত হল। সিরাজের পর মীরজাফর বাংলার নবাব হলেন। সিংহাসনের বিনিময়ে মীরজাফর ক্ষমতার অতিরিক্ত পুরস্কার ইংরেজদের দিতে প্রতিশ্রুতি দিয়েছিলেন। কিন্তু ইংরেজ কোম্পানীর চাহিদা ক্রমশ বৃদ্ধি পেতে থাকে এবং নবাব তাদের দাবি পূরণে অক্ষম হওয়ায় ইংরেজরা মীরজাফরকে পদচ্যুত করে মীরকাশিমকে বাংলার নবাব পদে বসায়। স্বাধীনচেতা মীরকাশিম ইংরেজদের হাতে মীরজাফরের মত ক্রীড়নক হয়ে থাকতে প্রস্তুত ছিলেন না। শেষ পর্যন্ত ইংরেজদের প্রভাব থেকে দূরে থাকার জন্য তিনি মুর্শিদাবাদ থেকে মুঙ্গেরে রাজধানী স্থানান্তরিত করলেন। কিন্তু কোম্পানীর কর্মচারীরা দস্তকের অপব্যবহার করতে থাকলে ইংরেজদের সঙ্গে মীরকাশিমের প্রকাশ্য সংঘর্ষ উপস্থিত হল। অযোধ্যার নবাব সুজা-উদ্-দৌলা ও দিল্লীর সম্রাট দ্বিতীয় শাহ আলম মীরকাশিমের সাহায্যার্থে অগ্রসর হন। কিন্তু ১৭৬৪ খ্রীস্টাব্দে ইংরেজরা এই সম্মিলিত বাহিনীকে বক্সারে অতি শোচনীয়ভাবে পরাজিত করে। বক্সারের যুদ্ধের পর বাংলা, বিহার ও উড়িষ্যায় ইংরেজ প্রভুত্ব সুপ্রতিষ্ঠিত হল। ১৭৬৫ খ্রীস্টাব্দে ক্লাইভ মুঘল সম্রাট শাহ আলমের সঙ্গে সন্ধি করে বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানী বা রাজস্ব আদায়ের ভার পেলেন। এর ফলে ব্রিটিশ রাজত্বের ভিত্তি সুদৃঢ় হল।

হেস্টিংস

হায়দর আলি

ওয়ারেন হেস্টিংসের শাসনকালে (১৭৭২—১৭৮৪ খ্রীঃ) ইংরেজরা মারাঠাদের বিরুদ্ধে যুদ্ধ করে সলসেট লাভ করে। মহীশূরে হায়দর আলীর উত্থানে ইংরেজরা অস্বস্তি বোধ করেছিল। প্রথম ইঙ্গ-মহীশূর যুদ্ধে (১৭৬৭—৬৯ খ্রীঃ) ইংরেজরা পরাজিত হয়ে সন্ধি করতে বাধ্য হয়। ওয়ারেন হেস্টিংসের পর ম্যাকফারসন কিছুকাল অস্থায়ী গভর্নর-জেনারেলের কাজ করেছিলেন। পরবর্তী গভর্নর-জেনারেল লর্ড কর্ণওয়ালিশের শাসনকালে মহীশূরের শাসক হায়দরের পুত্র টিপু সুলতানের সঙ্গে ইংরেজদের যুদ্ধ একটা উল্লেখযোগ্য ঘটনা। ১৭৯২ খ্রীস্টাব্দে ইংরেজরা মারাঠাবাহিনীর সঙ্গে সম্মিলিতভাবে টিপুর রাজধানী শ্রীরঙ্গপত্তম অবরোধ করে।

এই অবস্থায় টিপু পরাজিত হয়ে শ্রীরঙ্গপত্তমের সন্ধি স্বাক্ষর করতে বাধ্য হন। এই সন্ধির শর্তানুসারে টিপু তাঁর রাজ্যের একাংশ ও যুদ্ধের ক্ষতিপূরণ বাবদ প্রচুর অর্থ ইংরেজদের দিতে বাধ্য হন। পরবর্তী গভর্নর-জেনারেল স্যার জন শোর (১৭৯৩—১৭৯৮ খ্রীস্টাব্দ) মূলত নিরপেক্ষ নীতির সমর্থক হলেও অযোধ্যায় সাজাত আলীকে সিংহাসনে বসিয়ে এলাহাবাদ দুর্গ লাভ করেন।

স্যার জন শোরের পরবর্তী গভর্নর-জেনারেল লর্ড ওয়েলেসলি (১৭৯৮—১৮০৫ খ্রীঃ) ছিলেন ঘোর সাম্রাজ্যবাদী। ভারতের নরপতিদের কোম্পানীর অধীনতা পাশে আবদ্ধ করে ইংরেজদের সার্বভৌমত্ব স্থাপন করাই ছিল তাঁর প্রধান লক্ষ্য। এই উদ্দেশ্য চরিতার্থ করার জন্য তিনি **অধীনতামূলক মিত্রতা নীতির** প্রবর্তন করেন। তাঁর প্রস্তাব অনুযায়ী যেসব ভারতীয় নরপতি অধীনতামূলক মিত্রতায় আবদ্ধ থাকবেন, তাঁরা ইংরেজ সরকারের অনুমতি ছাড়া অন্য কোন রাজ্যের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করতে বা কোনোরকম আলাপ-আলোচনা চালাতে পারবেন না। শক্তিশালী দেশীয় রাজারা নিজ নিজ রাজ্যে একদল ইংরেজ সৈন্য রাখার এবং এই সৈন্যদলের ব্যয়নির্বাহের জন্য তাদের রাজ্যের একাংশ কোম্পানীর হাতে ছেড়ে দেবেন। বিনিময়ে ইংরেজ সরকার অধীনতামূলক মিত্রতায় আবদ্ধ নরপতিদের রাজ্যের নিরাপত্তার দায়িত্ব গ্রহণ করবেন।

দেশীয় নরপতিদের মধ্যে হায়দ্রাবাদের নিজাম সর্বপ্রথম অধীনতামূলক মিত্রতায় আবদ্ধ হলেন। তারপর ক্রমান্বয়ে অযোধ্যার নবাব, পেশোয়া, ভোঁসলে, সিন্ধিয়া ও তাঞ্জোরের রাজা অধীনতামূলক মিত্রতা চুক্তিতে আবদ্ধ হলেন। ওয়েলেসলি টিপু সুলতানকে অধীনতামূলক মিত্রতায় আবদ্ধ হবার জন্য আমন্ত্রণ জানালে তিনি ঘৃণাভরে এই আবেদন প্রত্যাখ্যান করেন। ইংরেজবাহিনী শ্রীরঙ্গপত্তম অবরোধ করল এবং টিপু বীরের মত যুদ্ধ করে প্রাণত্যাগ করলেন। মহীশূর রাজ্যের কানাড়া অঞ্চল ইংরেজদের সাম্রাজ্যভুক্ত হল। ১৮০৫ খ্রীস্টাব্দে লর্ড কর্নওয়ালিশ দ্বিতীয়বার গভর্নর-জেনারেল পদে নিযুক্ত হয়ে ওয়েলেসলির সাম্রাজ্য বিস্তার-নীতি বর্জন করেন। পরবর্তী গভর্নর-জেনারেল স্যার জর্জ বার্লোর (১৮০৫—১৮০৭ খ্রীঃ) সময় নিজাম 'অধীনতামূলক মিত্রতার শর্তাদি লঙ্ঘন করতে সচেষ্ট হলে তিনি নিজামকে এই চুক্তি মেনে নিতে বাধ্য করেন। লর্ড মিণ্টোর (প্রথম) (১৮০৭—১৩ খ্রীঃ) শাসনকালে ১৮০৯ খ্রীস্টাব্দে ইংরেজরা দিনেমারদের ঘাঁটি শ্রীরামপুর অধিকার করে এবং ১৮০৯ খ্রীস্টাব্দে শিখবীর রঞ্জিৎ সিংহের সঙ্গে একটা চুক্তি সম্পাদন করে শতদ্রু নদী ব্রিটিশ সাম্রাজ্য ও শিখরাজ্যের মধ্যবর্তী সীমারেখারূপে চিহ্নিত করে। লর্ড মিণ্টো ভারত মহাসাগরে ফরাসীদের নৌঘাঁটি মরিশাস অধিকার করেন। লর্ড হেস্টিংসের শাসনকালে (১৮১৩—২৩ খ্রীঃ) ইংরেজরা নেপালের রাজধানী কাঠমাণ্ডু অবরোধ করলে **সগৌলীর সন্ধি** দ্বারা নেপাল, সিমলা, মুসৌরী, আলমোড়া, নৈনিতাল প্রভৃতি স্থান ইংরেজদের ছেড়ে দিতে বাধ্য হয়। লর্ড হেস্টিংস ১৮১৭ খ্রীস্টাব্দে সমস্ত রাজপুত রাজ্যগুলির সঙ্গে সন্ধি করে এগুলিকে ব্রিটিশের অধীনে মিত্র রাজ্যে পরিণত করলেন। ইংরেজ সরকার ১৮১৭ খ্রীস্টাব্দে সিকিমের সঙ্গে একটা মিত্রতামূলক চুক্তি সম্পাদন করলেন। **বেসিনের সন্ধি** (১৮০২ খ্রীঃ) দ্বারা পেশোয়া দ্বিতীয় বাজীরাও ইংরেজদের

সঙ্গে অধীনতামূলক মিত্রতায় আবদ্ধ হয়েছিলেন সত্য, কিন্তু তিনি এই অপমানজনক সন্ধি নাকচ করে ইংরেজদের প্রভাবমুক্ত হতেও চেষ্টা করেন। সিন্ধিয়া, ভোঁসলে ও হোলকারের সঙ্গে মিলিত হয়ে পেশোয়া একটি মারাঠা সংঘ স্থাপন করেন এবং এই মারাঠা নরপতিরা পৃথক পৃথক ভাবে ইংরেজদের আক্রমণ করলে তৃতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধের (১৮১৭—১৮১৮ খ্রীঃ) সূত্রপাত হয়। এই যুদ্ধে মারাঠা শক্তিবর্গ পরাজিত হয়। পোশোয়ার রাজ্য ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত হল এবং তাঁকে বছরে ৮ লক্ষ টাকা ভাতা প্রদানের ব্যবস্থা করা হল।

দ্বিতীয় পরিচ্ছেদ

পরবর্তী স্তর ঃ ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের বিস্তার

(১৮৫৭ খ্রীস্টাব্দ পর্যন্ত)

১৮২৩ খ্রীস্টাব্দের মধ্যে ভারতের পূর্বে ব্রহ্মপুত্র থেকে পশ্চিমে শতদ্রু নদী এবং উত্তরে হিমালয়ের পাদদেশ থেকে দক্ষিণে কন্যা কুমারিকা পর্যন্ত অঞ্চলে ইংরেজদের রাজনৈতিক আধিপত্য প্রতিষ্ঠিত হয়েছিল। ভারতের উত্তর-পশ্চিম প্রান্তে শিখ, সিন্ধী, বেলুচ, পাঠান ও আফগান জাতি ইংরেজদের বশ্যতা তখনও স্বীকার করেনি এবং পূর্ব সীমান্তে আসাম ও ব্রহ্মদেশ তখনও ইংরেজরা জয় করেনি। ১৮২৩ থেকে ১৮৫৬ খ্রীস্টাব্দের মধ্যে কয়েকটি সীমান্ত যুদ্ধ সংঘটিত হয়েছিল। লর্ড আমহার্স্টের শাসনকালে প্রথম **ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ**, লর্ড অকল্যান্ড ও লর্ড এলেনবরার শাসনকালে **প্রথম ইঙ্গ-আফগান যুদ্ধ**, লর্ড হার্ডিঞ্জের আমলে **প্রথম ইঙ্গ-শিখ যুদ্ধ** এবং লর্ড ডালহৌসীর সময়ে **দ্বিতীয় ইঙ্গ-শিখ যুদ্ধ** ও **দ্বিতীয় ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধের** ফলে ভারতের পূর্ব ও পশ্চিম সীমান্তে ইংরেজদের আধিপত্য সুপ্রতিষ্ঠিত হল।

১৮২৩ খ্রীস্টাব্দে লর্ড আমহার্স্ট শাসনভার গ্রহণ করার অল্পকাল পরই ব্রহ্মদেশের বিরুদ্ধে তাঁকে যুদ্ধ করতে হল। এই যুদ্ধে পরাজিত হয়ে ব্রহ্মরাজ ব্রিটিশের সঙ্গে **ইরান্দাবুর সন্ধি** (১৮২৬ খ্রীস্টাব্দ) স্বাক্ষর করতে বাধ্য হন। এই সন্ধির শর্তানুসারে ব্রহ্মদেশের রাজা টেনাসেরিম ও আরাকান প্রদেশ দুটি ব্রিটিশদের ছেড়ে দিতে বাধ্য হলেন। প্রথম ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধের ফলে আসাম, জয়ন্তিয়া, কাছাড় ও মণিপুর ইংরেজদের অধিকারভুক্ত না হলেও ব্রিটিশ প্রভাবাধীন হয়ে পড়ে। ১৮২৬ খ্রীস্টাব্দে ইংরেজরা ভরতপুরে এক অভিযান পাঠিয়ে এই রাজ্য দখল করে ব্রিটিশ সরকারের আশ্রিত রাজ্যে পরিণত করল।

লর্ড উইলিয়াম বেণ্টিঙ্কের শাসনকালে (১৮২৮—১৮৩৫ খ্রীস্টাব্দ) কাছাড় ও কুর্গ রাজ্য দুটি ইংরেজরা অধিকার করেছিল। মহীশূর রাজ্যে বিশৃঙ্খলা দেখা দিলে এই রাজ্যের শাসন-ব্যবস্থা বেণ্টিঙ্ক সাময়িকভাবে কোম্পানীর হাতে ন্যস্ত করেছিলেন। ভারতের উত্তর-পশ্চিম সীমান্তে রুশ প্রভাব হ্রাস করার উদ্দেশ্যে

বেণ্টিঙ্ক পাঞ্জাবের রঞ্জিৎ সিংহ এবং সিন্ধুর আমীরদের সঙ্গে সৌহার্দ্যমূলক সম্পর্ক স্থাপন করেছিলেন। লর্ড অক্‌ল্যাণ্ডের (১৮৩৬—১৮৪২ খ্রীস্টাব্দ) শাসনকালে কার্নুলের নবাব ব্রিটিশবিরোধী ষড়যন্ত্র করতে আরম্ভ করলে তাঁর রাজ্যটি ব্রিটিশ অধিকারভুক্ত করা হল। সাতারার পোর্তুগীজদের সঙ্গে ষড়যন্ত্র করার অপরাধে তাঁকে পদচ্যুত করে তাঁর ভাইকে সাতারার রাজপদে অক্‌ল্যাণ্ড অধিষ্ঠিত করলেন।

কিন্তু লর্ড অক্‌ল্যাণ্ডের শাসনকালের সবচেয়ে উল্লেখযোগ্য ঘটনা ছিল প্রথম ইঙ্গ-আফগান যুদ্ধ। রাশিয়ার সমর্থনে পারস্য আফগানিস্তানের হিরাট প্রদেশটি আক্রমণ করলে ইংরেজরা সন্ত্রস্ত হয়ে উঠল। রাশিয়ার সমর্থনে পারস্য যাতে আফগানিস্তানের দিকে অগ্রসর না হতে পারে এজন্য অক্‌ল্যাণ্ড আলেকজাণ্ডার বার্নসের নেতৃত্বে আফগানিস্তানে একটা বাণিজ্য মিশন পাঠালেন। এই বাণিজ্য মিশনের প্রকৃত উদ্দেশ্য ছিল রাজনৈতিক সুযোগ-সুবিধা আদায় করা। আফগানিস্তানের আমীর দোস্ত মহম্মদ ইংরেজদের সঙ্গে মিত্রতা সূত্রে আবদ্ধ হবার জন্য উদ্‌গ্রীব ছিলেন। কিন্তু ইংরেজদের সঙ্গে মিত্রতার বিনিময়ে তিনি রঞ্জিৎ সিংহ অধিকৃত পেশোয়ারের প্রত্যর্পণ দাবি করলেন। কিন্তু অক্‌ল্যাণ্ড দোস্ত মহম্মদের মিত্রতার বিনিময়ে রঞ্জিৎ সিংহকে অসন্তুষ্ট করতে রাজি ছিলেন না। লর্ড অক্‌ল্যাণ্ড আফগানিস্তানের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করলেন; যুদ্ধের শুরুতেই দোস্ত মহম্মদ সিংহাসনচ্যুত হলেন এবং ইংরেজরা শাহ সুজাকে আফগানিস্তানের রাজপদে অধিষ্ঠিত করল। কিন্তু স্বাধীনতাপ্রিয় আফগান জাতি শাহ সুজার এই ব্রিটিশ পদলেহন মেনে নেয় নি। তারা ক্যাপ্টেন বার্নসকে নৃশংসভাবে হত্যা করে। ব্রিটিশ রেসিডেণ্ট ম্যাক্‌নাটন আফগানদের সঙ্গে অপমানজনক শর্তে এক চুক্তি স্বাক্ষর করতে বাধ্য হলেন। ব্রিটিশ সেনাবাহিনী যাবতীয় অস্ত্রশস্ত্র আফগানদের হাতে সমর্পণ করে আফগানিস্তান পরিত্যাগ করল। লর্ড অক্‌ল্যাণ্ড তাঁর আফগান নীতিতে বিফল হয়ে পদত্যাগ করে স্বদেশে ফিরে গেলেন।

পরবর্তী গভর্নর-জেনারেল লর্ড এলেনবরার (১৮৪২—১৮৪৪ খ্রীঃ) সময় ইংরেজরা গজনী শহরটিকে ধ্বংসস্তূপে পরিণত ও কাবুলের বাজারটি বিস্ফোরকের সাহায্যে ধূলিসাৎ করলেও, আফগানরা ব্রিটিশ পদলেহী শাহ সুজাকে হত্যা করে দোস্ত মহম্মদকে আবার আমীর পদে স্থাপন করল। লর্ড অক্‌ল্যাণ্ড যে কোনও উপায়ে সিন্ধুদেশ ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করার উদ্দেশ্যে স্যার চার্লস নেপিয়ারকে সিন্ধুদেশে পাঠান। মিয়ানী ও দাবোর যুদ্ধে আমীররা পরাজিত হয়ে আত্মসমর্পণ করেন এবং ১৮৪৬ খ্রীস্টাব্দে সিন্ধুদেশ ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত হয়।

রঞ্জিৎ সিংহের মৃত্যুর ছয় বছরের মধ্যে শিখ রাজ্যে ভয়ানক গোলযোগ সৃষ্টি হয়। এই গোলযোগের মধ্যে শিখ খালসাবাহিনী রাষ্ট্রের সর্বেসর্বা হয়ে ওঠে। শিখ রাষ্ট্রের নেতৃবর্গ সেনাবাহিনীর হাত থেকে নিষ্কৃতি পাবার জন্য খালসাবাহিনীকে ইংরেজদের বিরুদ্ধে সংগ্রামে লিপ্ত করার পরিকল্পনা করেন। প্রথম শিখ যুদ্ধে শিখবাহিনী পরাজিত হয়ে লাহোরের সন্ধি দ্বারা জলন্ধর দোয়াব ইংরেজদের সমর্পণ করতে বাধ্য হয়। প্রথম শিখ যুদ্ধের ফলে পাঞ্জাবে ইস্ট ইণ্ডিয়া কোম্পানীর প্রতিপত্তি স্থাপিত হল। দ্বিতীয় শিখ যুদ্ধ হয়েছিল লর্ড ডালহৌসীর শাসনকালে।

এই যুদ্ধের প্রথমদিকে শিখরা ইংরেজদের যথেষ্ট ক্ষতি করলেও শেষ পর্যন্ত গুজরাটের যুদ্ধে শিখবাহিনী পরাজিত হলো। দ্বিতীয় শিখ যুদ্ধের ফলে সমগ্র পাঞ্জাব ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত হলো। পাঞ্জাব অধিকার করার ফলে ব্রিটিশ সাম্রাজ্যের সীমা আফগান রাজ্যের সীমান্ত পর্যন্ত বিস্তৃত হল।



লর্ড ডালহৌসীর শাসনকালে (১৮৪৮—৫৬ খ্রীস্টাব্দ) বাণিজ্য-সংক্রান্ত বিবাদের ফলে দ্বিতীয় ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধের সূচনা হয়। ১৮৫১ খ্রীস্টাব্দে ব্রিটিশ বণিকরা ব্রহ্ম সরকারের দ্বারা লাঞ্ছিত ও ক্ষতিগ্রস্ত হলে ডালহৌসী কমোডোর ল্যাম্বার্টকে একটি রণতরীসহ ব্রহ্মদেশে পাঠালেন। ১৮৫২ খ্রীস্টাব্দে ইংরেজবাহিনী মার্তাবান ও বেসিন প্রথমে দখল করল এবং পরে প্রোম ও পেগু অধিকার করল। এইভাবে ব্রিটিশ সাম্রাজ্য সালউইন নদী পর্যন্ত বিস্তৃত হল। ডালহৌসী ছিলেন ঘোর সাম্রাজ্যবাদী। তিনি প্রত্যক্ষ যুদ্ধের দ্বারা, স্বত্ব-বিলোপনীতির প্রয়োগ দ্বারা এবং কুশাসনের অজুহাতে বহু রাজ্য গ্রাস করেছিলেন। প্রত্যক্ষ যুদ্ধ দ্বারা তিনি

ব্রহ্মদেশের বিস্তীর্ণ অঞ্চল ও পাঞ্জাব দখল করেছিলেন। স্বত্ব-বিলোপনীতির মূল কথা ছিল যে ভারতীয় রাজ্যগুলির কোনও উত্তরাধিকারী না থাকলে ঐগুলি প্রত্যক্ষভাবে ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত হয়ে পড়বে। দত্তক পুত্রের উত্তরাধিকার ব্রিটিশ সরকার স্বীকার করবে না। এই নীতির প্রয়োগ দ্বারা ডালহৌসী সাতারা (১৮৪৮ খ্রীঃ), নাগপুর (১৮৫৩ খ্রীঃ) সম্বলপুর (১৮৫০ খ্রীঃ) ও ঝাঁসী ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করেন। ১৮৫৩ খ্রীস্টাব্দে পেশোয়া দ্বিতীয় বাজীরাও-এর দত্তক পুত্র নানা সাহেবের বৃত্তি বন্ধ করে দেওয়া হল। কুশাসনের অজুহাতে অযোধ্যা রাজ্যটিকে লর্ড ডালহৌসী ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করলেন। ডালহৌসীর রাজ্য-গ্রাস নীতি ভারতের সর্বত্র এক জটিল পরিস্থিতি এবং দেশীয় রাজন্যবর্গের মধ্যে ঘোর অসন্তোষের সৃষ্টি করেছিল। এই অবস্থার চরম পরিণতি দেখা দেয় ১৮৫৭ খ্রীস্টাব্দের ভারত-ব্যাপী মহাবিদ্রোহে।

তৃতীয় পরিচ্ছেদ

সিপাহী বিদ্রোহ

গভর্নর-জেনারেল লর্ড ক্যানিং-এর শাসনকালে সংঘটিত ১৮৫৭—৫৯ বিদ্রোহ 'সিপাহী বিদ্রোহ' নামে খ্যাত। ভারতে ক্রমবর্ধমান ব্রিটিশ সাম্রাজ্যের সামনে এই বিদ্রোহ এক কঠোর ও ভয়াবহ পরীক্ষা এনেছিল। সামরিক অভ্যুত্থান হিসাবে এর সূত্রপাত হলেও এর কারণগুলির মূল অত্যন্ত গভীরে প্রোথিত ছিল। ব্রিটিশ শাসনের বিরুদ্ধে বিভিন্ন জনগণের দীর্ঘকালের অসন্তোষ পুঞ্জীভূত হয়ে এই বিদ্রোহের পটভূমিকা তৈরি করেছিল। এই বিদ্রোহের কারণগুলিকে রাজনৈতিক, সামাজিক, ধর্মীয় ও সামরিক—এই কয়টি ভাগে ভাগ করা যায়।

রাজনৈতিক কারণঃ লর্ড ডালহৌসীর রাজ্য বৃদ্ধি ও স্বত্ব-বিলোপ নীতি সমগ্র ভারতবর্ষে গভীর অসন্তোষ ও উত্তেজনার সৃষ্টি করেছিল। ডালহৌসী দিল্লীর মুঘল সম্রাটকে প্রাসাদ থেকে স্থানান্তরিত করার পরিকল্পনা, অযোধ্যার নবাবকে রাজ্যচ্যুত এবং পেশোয়া দ্বিতীয় বাজীরাও-এর দত্তক পুত্র নানা সাহেবকে বৃত্তিচ্যুত করেছিলেন। ডালহৌসীর এইসব কার্যকলাপের ফলে হিন্দু-মুসলমান নির্বিশেষে সকলের মনে গভীর অসন্তোষের সৃষ্টি হয়েছিল। গোয়ালিয়রের সর্দাররা এবং অযোধ্যার তালুকদাররা ইংরেজদের প্রকৃত উদ্দেশ্য সম্বন্ধে সন্দিহান হয়ে উঠেছিলেন। রাজ্যচ্যুত নরপতিরা ইংরেজদের নিকট চরম শত্রুতে পরিণত হয়েছিলেন।

সামাজিক কারণঃ ইংরেজী শিক্ষা বিস্তার, স্ত্রী-শিক্ষার প্রসার, সতীদাহ নিবারণ ও বিধবা-বিবাহ প্রবর্তন সংক্রান্ত আইন বিধিবদ্ধ হবার ফলে ভারতবাসীদের মনে এই ধারণা বদ্ধমূল হল যে ইংরেজরা অযথা তাদের সামাজিক ব্যবস্থায় হস্তক্ষেপ করছে। রেলপথ স্থাপন, টেলিগ্রাফ ব্যবস্থার প্রবর্তন এবং খ্রীস্টান ধর্ম-যাজকদের কার্যাবলীর ফলে ভারতবাসীর মনে এই ধারণার উদ্রেক হল যে ইংরেজরা এইসব কাজের দ্বারা তাদের ধর্মীয় সংস্কার ও বিশ্বাসের মূলে আঘাত হানছে।

ইংরেজদের রাজ্যগ্রাস নীতিতে অভিজাত সম্প্রদায় এবং ভারতে বিদেশী সভ্যতা প্রবর্তনের ফলে সাধারণ জনগণ বিক্ষুব্ধ হয়েছিল। ইংরেজ রাজকর্মচারীদের অত্যাচার, ঔদ্ধত্যপূর্ণ ব্যবহার এবং ব্যভিচার ভারতীয়দের মনে ইংরেজদের প্রতি তীব্র বিদ্বেষ সৃষ্টি করল।

ধর্মীয় কারণঃ আলেকজাণ্ডার ডাফ প্রমুখ খ্রীস্টধর্ম প্রচারকদের কার্যাবলী হিন্দুদের উদ্বিগ্ন করে তুলেছিল। ১৮৫৭ খ্রীস্টাব্দের অভ্যুত্থানের কিছু আগে ভারতের সর্বত্র প্রচারিত হয়েছিল যে লর্ড ক্যানিং সমস্ত ভারতবাসীকে খ্রীস্টধর্মে দীক্ষিত করার উদ্দেশ্যে এদেশে প্রেরিত হয়েছেন। এই সময় ভারতের আইন সচিব লর্ড মেকলে হিন্দু শিক্ষাব্যবস্থা ও হিন্দু ধর্মশাস্ত্রের প্রকাশ্যে নিন্দা করেছিলেন।

সামরিক কারণঃ কতকগুলি কারণে সিপাহীরা ব্রিটিশ শক্তির উদ্বেগের কারণ হয়ে পড়েছিল। ভারতের বাইরে ক্রমাগত যুদ্ধ করার ফলে সিপাহীরা ক্লান্ত হয়ে পড়েছিল। পদাতিক বাহিনীর একজন দেশীয় সুবাদারের সর্বোচ্চ বেতন চাকরিতে সদ্য যোগদানকারী ইউরোপীয় সৈনিকদের চেয়ে অনেক কম ছিল। ১৮৫৬ খ্রীস্টাব্দে

নানা সাহেব

তাঁতিয়া তোপী

ইংরেজ সরকার এনফিল্ড রাইফেল (Enfield Rifle) নামে একরকম বন্দুকের প্রচলন করে সহজেই যাতে কার্তুজ ভরা যায় এজন্য কার্তুজে গরু ও শূকরের চর্বি প্রচুর পরিমাণে মেশানোর ব্যবস্থা হয়। গরুর চর্বি হিন্দুর এবং শূকরের চর্বি মুসলমানের পক্ষে নিষিদ্ধ থাকায় এবং দাঁতে কেটে এই কার্তুজ ব্যবহার করতে হত বলে হিন্দু ও মুসলমান উভয় শ্রেণীর সিপাহীদের মধ্যে ধর্মনাশের বিরুদ্ধে বিদ্রোহের আগুন জ্বলে উঠল। বাংলায় ব্যারাকপুরে প্রথম বিদ্রোহ ঘটল। মঙ্গল পাণ্ডে এক ইংরেজ সেনাধ্যক্ষকে গুলি করে আহত করায় তাঁর বিচার হয়। বিচারে তাঁর ফাঁসি হল। সিপাহী বিদ্রোহ তথা ভারতের স্বাধীনতা-আন্দোলনের প্রথম শহীদ মঙ্গল পাণ্ডে। নানা সাহেব, তাঁতিয়া তোপী, ঝাঁসীর রানী লক্ষ্মীবাই এবং জগদীশপুরের কুনওয়ার সিং সিপাহীদের বিদ্রোহী হবার জন্য প্ররোচিত করেছিলেন। তাঁরা দিল্লীতে মুঘল বাদশাহ দ্বিতীয় বাহাদুর শাহকে হিন্দুস্থানের বাদশাহ রূপে ঘোষণা করলেন। দিল্লীতেও বিদ্রোহীরা অনেক ইংরেজকে হত্যা করে।

১৮৫৭ খ্রীস্টাব্দের বিদ্রোহের প্রকৃতি ঃ ১৮৫৭ খ্রীস্টাব্দের বিদ্রোহের প্রকৃতি সম্বন্ধে দুটি প্রধান অভিমত আছে। একদল ঐতিহাসিকের মতে সেনাবাহিনীর অসন্তোষ থেকেই বিদ্রোহের সূত্রপাত হয়। চর্বিযুক্ত কার্তুজই ছিল বিদ্রোহের মূল কারণ। বিদ্রোহটি ছিল একটি সাধারণ সামরিক অভ্যুত্থান। বিদ্রোহের মধ্যে দেশাত্মবোধের কোনও চিহ্ন ছিল না এবং নেতৃত্বেও জনসমর্থনের অভাব ছিল। আর একদল ঐতিহাসিকের মতে, বিদ্রোহের সৃষ্টি হয়েছিল ইংরেজদের বিরুদ্ধে হিন্দু অসন্তোষের সুযোগ নিয়ে, মুসলমান ষড়যন্ত্রের ফলে। জনসাধারণের অভ্যুত্থানের ষড়যন্ত্র বহু আগেই হয়েছিল। সিপাহীদের বিদ্রোহ ছিল জনগণের অভ্যুত্থানের প্রথম পর্ব। সাভারকর প্রমুখ ভারতীয় জাতীয়তাবাদীরা বিদ্রোহটিকে স্বাধীনতা সংগ্রামরূপে আখ্যা দিয়েছেন। কোন কোন অঞ্চলে এই বিদ্রোহ জনগণের সক্রিয় সমর্থন লাভ করেছিল। অত্যন্ত সীমিত অর্থে এই বিদ্রোহকে "জাতীয় বিদ্রোহ" আখ্যা দেওয়া যায়। বিদ্রোহটিকে জাতীয় আখ্যা দেওয়া যায় এই কারণে যে এই বিদ্রোহে হিন্দু-মুসলমানের সম্মিলিত প্রয়াস ছিল। বিদ্রোহটি ছিল সামন্ততান্ত্রিক। এই বিদ্রোহের দ্বারা রাজা ও জমিদাররা তাঁদের পুরানো সুযোগ-সুবিধা ও ক্ষমতা পুনরুদ্ধারে সচেষ্ট ছিলেন। কৃষকরাও এই অবস্থার পূর্ণ সুযোগ গ্রহণ করেছিল। সামরিক কারণের ফলে বিদ্রোহের সূচনা হলেও ঐ সময়ে দেশের বহুবিধ রাজনৈতিক ও সামাজিক অসন্তোষ দেখা দিয়েছিল এবং বিদ্রোহীরা এই অবস্থার পূর্ণ সুযোগ গ্রহণ করেছিল। এ সত্ত্বেও বিদ্রোহীরা ঐক্যবদ্ধ হতে পারেনি। পরিকল্পনাহীন এই সিপাহী বিদ্রোহ তথা ভারতের প্রথম স্বাধীনতা-সংগ্রাম প্রচেষ্টা কিছুদিন পরেই ব্যর্থতায় পর্যবসিত হয়।

রানী লক্ষ্মীবাই

১৮৫৭ খ্রীস্টাব্দের বিদ্রোহের ব্যর্থতার কারণ ঃ ১৮৫৭ খ্রীস্টাব্দের বিদ্রোহে ব্যর্থতার বহু কারণ ছিল। এই বিদ্রোহ বিক্ষিপ্ত ও স্থানীয়ভাবে ভারতের কয়েকটা অঞ্চলে দেখা দিলেও ,ভারতের বহু অঞ্চল, যেমন দক্ষিণ ভারত, সিন্ধু, রাজপুতানা এবং মধ্য ও পূর্ববঙ্গ এই বিদ্রোহের প্রভাব থেকে মুক্ত ছিল। ঝাঁসীর রানী ও অযোধ্যার কয়েকজন তালুকদার ছাড়া অন্য কোনও দেশীয় নরপতি এই বিদ্রোহে অংশগ্রহণ করেন নি। সিন্ধিয়া, হোলকার ও হায়দ্রাবাদের নিজাম এই বিদ্রোহে ইংরেজদের সহায়তা করেছিলেন। বিদ্রোহীদের নেতৃত্বের অভাব তাদের ব্যর্থতার উল্লেখযোগ্য কারণ ছিল। বিদ্রোহীদের কোনও সাধারণ পরিকল্পনা না থাকায় তাদের পৃথক পৃথকভাবে পরাজয় বরণ করতে হয়। ইংরেজপক্ষে হ্যাভলক, নিকলসন, এডওয়ার্ডস প্রমুখ দক্ষ সেনানায়ক ছিলেন এবং ভারতীয়দের মধ্যে তাঁদের সমকক্ষ

কেউ ছিলেন না। ভারতীয়দের তলোয়ার প্রভৃতি আদিম অস্ত্রশস্ত্র ইংরেজদের এনফিল্ড রাইফেলের সমকক্ষ ছিল না। সমুদ্রে ইংরেজদের আধিপত্য থাকার ফলে



তারা সহজেই ইংলণ্ড থেকে প্রচুর সৈন্য ও আধুনিক যুদ্ধাস্ত্র ভারতে আনিয়ে নিল। ইংরেজের আধুনিক অস্ত্রশস্ত্রের বিরুদ্ধে সম্মিলিত হিন্দু-মুসলমানের প্রথম স্বাধীনতার লড়াই অচিরেই স্তব্ধ হয়ে গেল।

চতুর্থ পরিচ্ছেদ

ভারতে ব্রিটিশ শাসনের ফলাফল ঃ রাজনৈতিক ও অর্থনৈতিক অসন্তোষ (সিপাহী বিদ্রোহ পর্যন্ত)

১৭৫৭ খ্রীস্টাব্দ থেকে ১৮৫৭ খ্রীস্টাব্দের মধ্যে ভারতে ব্রিটিশ সাম্রাজ্য গড়ে উঠেছিল। এই এক শতাব্দীর মধ্যে ক্রমাগত যুদ্ধ-বিগ্রহ করে এবং প্রয়োজন বোধে কূটনীতির আশ্রয় নিয়ে ইংরেজরা ভারতের দেশীয় নরপতিদের পরাধীনতার শৃঙ্খলে আবদ্ধ করেছিল। ইংরেজ সরকার দেশীয় নরপতিদের 'অধীনতামূলক মিত্রতা'য় আবদ্ধ হতে বাধ্য করে। রাজ্য হারাবার ভয়ে তাঁরা এই মিত্রতা ইংরেজদের সঙ্গে সম্পাদন করেন সত্য কিন্তু ইংরেজরা তাঁদের সমস্ত ক্ষমতা অপহরণ করে তাঁদের প্রকৃতপক্ষে ক্ষমতাহীন করে রাখে। ভারতের সর্বত্র ইংরেজদের শোষণ, অত্যাচার ও ব্যভিচার ভারতীয়দের জীবন অতিষ্ঠ করে তুলেছিল। লর্ড ডালহৌসীর সময়ে স্বত্ব-বিলোপ নীতির প্রয়োগ দ্বারা বহু দেশীয় রাজ্য প্রত্যক্ষভাবে ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করা হয়। বিক্ষুব্ধ দেশীয় নরপতিদের অসন্তোষ ১৮৫৭ খ্রীস্টাব্দের বিদ্রোহের একটা গুরুত্বপূর্ণ কারণ ছিল। দেশীয় সিপাহীদের উপর নির্ভরশীল থাকার বিপদ বুঝতে পেরে ব্রিটিশ সরকার অনেক বেশী সংখ্যক ইংরেজ সৈন্য ভারতে মোতায়েন করে। অনেকে মনে করেন যে কোম্পানীর শাসনের কুফলের ফলেই ভারতে ১৮৫৭ খ্রীস্টাব্দের বিদ্রোহ হয়েছিল। এজন্য ১৮৫৮ খ্রীস্টাব্দে ব্রিটিশ পার্লামেণ্ট এক আইন দ্বারা ভারতের শাসনভার ইংলণ্ডের রাজার হাতে তুলে দেয়। ভারতের শাসনব্যবস্থা সুবিন্যস্ত করা হল। রাজস্ব বৃদ্ধির জন্য আয়কর, আমদানী শুল্ক প্রভৃতি স্থাপন করা হল। রায়তদের বিনাকারণে উচ্ছেদ নিষিদ্ধ হল। ভারতীয় ফৌজদারী ও দেওয়ানী দণ্ডবিধি সংকলিত হল। ভারতীয়দের উচ্চশিক্ষার জন্য কলকাতা, বোম্বাই ও মাদ্রাজে একটি করে বিশ্ব-বিদ্যালয় স্থাপিত হল। তা ছাড়া বহু স্কুল-কলেজও স্থাপিত হয় এবং যোগাযোগ ব্যবস্থার উন্নতির জন্য রেলপথ ও ডাক ব্যবস্থার প্রচলন হয়। কালক্রমে ইংরেজী শিক্ষায় শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণীর উদ্ভব ও আধুনিক শহরগুলির উত্থান সম্ভব হল।

দেওয়ানী লাভের পরই ব্রিটিশ সরকারের হাতে যথেষ্ট সংখ্যক প্রশাসনিক অভিজ্ঞতাসম্পন্ন ইংরেজ না থাকায় কোম্পানীর শাসনের প্রারম্ভে সুযোগ্য ভারতীয়দেরই দায়িত্বপূর্ণ উচ্চপদে নিয়োগ করা হত। গভর্নর-জেনারেল ওয়ারেন হেস্টিংসের সময়ও রাজস্ব ও বিচার বিভাগে কয়েকজন ভারতীয় নিযুক্ত হয়েছিলেন। কিন্তু গভর্নর-জেনারেল লর্ড কর্নওয়ালিশের শাসনকাল থেকে ইংরেজ সরকার সুপরিকল্পিতভাবে উচ্চপদগুলিতে ভারতীয়দের নিয়োগ বন্ধ করেছিলেন। ইংরেজ সরকার ভারতে ইংরেজী শিক্ষার প্রসার করলেও এবং এদেশে বহু শিক্ষিত ভারতবাসী থাকা সত্ত্বেও ভারতীয়দের তারা উচ্চপদে নিয়োগ করেনি। ভারতবাসীর যতই যোগ্যতা থাকুক না কেন, শাসনবিভাগে মুন্সেফের এবং রাজস্ব বিভাগে সদর আমিনের পদ পেয়েই তাদের সন্তুষ্ট থাকতে হত। ইংরেজ সরকার পরাধীন ভারতবাসীকে উচ্চপদ লাভে বঞ্চিত করে, তাকে একটি অধঃপাতিত জাতিতে পরিগণিত করে, শাসিত জনগণের ঘৃণা ও অবিশ্বাস অর্জন করেছিল।

ভারতে ইংরেজ শাসনের প্রথম একশ বছরের বিশেষত্ব ছিল শাসক ইংরেজগণের দ্বারা সুপরিকল্পিতভাবে এদেশের সমৃদ্ধ বাণিজ্য ও উন্নত শিল্পের বিনাশ সাধন। পলাশীর যুদ্ধের পর ভারতের শিল্পসমৃদ্ধি দ্রুত বিলুপ্তির পথে অগ্রসর হয়। ভারতের হস্তশিল্পগুলি বিলুপ্ত হয় এবং বেকারত্ব ও নৈরাশ্য হস্তশিল্পগুলিতে নিযুক্ত কারিগরদের বিভ্রান্ত করে। ভারতে ইস্ট ইণ্ডিয়া কোম্পানীর শাসনের সবচেয়ে মারাত্মক কুফল ছিল এদেশ থেকে ইংলণ্ডে অর্থসম্পদের নির্গমন। ইংরেজ শাসক-গোষ্ঠী যে কেবল এদেশের শিল্প-বাণিজ্যই ধ্বংস করেছিলেন তা নয়, যথেষ্টভাবে এদেশের ধন-সম্পদ শোষণ করে এবং উদ্বৃত্ত অর্থ ইংলণ্ডে পাঠিয়ে তাদের মাতৃভূমিকে বিত্তশালী করে তুলেছিলেন। পলাশীর যুদ্ধের পর থেকে বাংলার ধন-সম্পদ যেভাবে নির্গমন হতে থাকে, তাকে যথেচ্ছ লুণ্ঠন ছাড়া আর কিছু আখ্যা দেওয়া যায় না। পলাশীর যুদ্ধের পর কোম্পানী ও কোম্পানীর কর্মচারীরা মুর্শিদাবাদে নবাবের সঞ্চিত রাজস্ব নিজেদের মধ্যে বণ্টন করে নিয়েছিলেন। ভারতবর্ষে কর্মরত কোম্পানীর কর্মচারীরা বেতন, উপঢৌকন, উৎকোচ এবং প্রকাশ্যে ও গোপনে ব্যক্তিগত বাণিজ্যের মাধ্যমে উপার্জিত ধন-সম্পদ নানাভাবে দেশে পাঠিয়ে ভারতের অর্থ ভাণ্ডার নিঃস্ব করে দিল। কোম্পানীর শাসনে দুর্ভিক্ষের প্রাবল্য দেখা দেয়, অনশন ও মহামারী ভারতবাসীর জীবনে অভিশাপ স্বরূপ নেমে আসে। এদেশের জনগণকে যে চরম দারিদ্র্য ও পরাধীনতার গ্লানি সহ্য করতে হয়েছিল, তারই ফলে তাদের মধ্যে তীব্র অসন্তোষের সৃষ্টি হল।

অনুশীলনী

বিষয়ভিত্তিক প্রশ্নাবলী:

১। ক্লাইভ কে? ২। আলীনগরের সন্ধি কাদের মধ্যে স্বাক্ষরিত হয়েছিল? ৩। পলাশীর যুদ্ধ কোন্ খ্রীস্টাব্দের কত তারিখে হয়েছিল? ৪। ইয়ান্দাবোর সন্ধি ইংরেজরা কাদের সঙ্গে স্বাক্ষর করেছিল? ৫। দোস্ত-মহম্মদ কে? ৬। অমৃতসরের সন্ধি কাদের মধ্যে স্বাক্ষরিত হয়েছিল? ৭। সিপাহী বিদ্রোহের সময় ভারতের গভর্নর-জেনারেল কে ছিলেন? ৮। ঝাঁসীর রানী কে? ৯। নানা সাহেব কে? ১০। এনফিল্ড রাইফেলে কি অসুবিধা ছিল?

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলী:

১। ওয়ারেন হেস্টিংসের শাসনকালের যুদ্ধ-বিগ্রহের বিবরণ দাও। ২। 'অধীনতা-মূলক মিত্রতা' বলতে কি বুঝ? ৩। লর্ড কর্নওয়ালিশের সঙ্গে টিপু সুলতানের সম্পর্ক আলোচনা কর। ৪। ইংরেজদের সিন্ধু বিজয় সম্বন্ধে যা জান লেখ। ৫। দ্বিতীয় ব্রহ্মযুদ্ধের বিবরণ দাও। ৬। কিভাবে মারাঠা শক্তির পতন হয়?

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্নাবলী:

১। কর্ণাটকে ইঙ্গ-ফরাসী প্রতিদ্বন্দ্বিতার সংক্ষিপ্ত বিবরণ দাও। ২। মীর-কাশিমের সঙ্গে ইংরেজদের বিবাদের কারণগুলি কি? ৩। লর্ড ওয়েলেসলির রাজ্য বিজয়ের ইতিহাস লেখ। ৪। লর্ড অক্ল্যাণ্ডের শাসনকালে ইঙ্গ-আফগান যুদ্ধের বিবরণ দাও। ৫। রঞ্জিৎ সিংহের মৃত্যুকাল থেকে ইংরেজদের পাঞ্জাব বিজয় পর্যন্ত ইঙ্গ-শিখ সম্পর্ক আলোচনা কর। ৬। ১৮৫৭ খ্রীস্টাব্দের বিদ্রোহের কারণগুলি আলোচনা

কর। ৭। ১৮৫৭ খ্রীস্টাব্দের বিদ্রোহের প্রকৃতি কি রকম ছিল? ৮। ১৮৫৭ খ্রীস্টাব্দের বিদ্রোহের ব্যর্থতার কারণগুলি আলোচনা কর।

রচনাত্মক প্রশ্নাবলী:

১। পলাশীর যুদ্ধের কারণগুলি আলোচনা কর। ২। বাংলায় ইংরেজ প্রভুত্ব স্থাপনের বিবরণ দাও। ৩। লর্ড ডালহৌসীর স্বত্ব-বিলোপ নীতি ও সাম্রাজ্য বিস্তারের বিবরণ দাও। ৪। সিপাহী বিদ্রোহের পূর্ব পর্যন্ত ভারতীয়দের রাজনৈতিক ও অর্থনৈতিক অসন্তোষের কারণগুলি আলোচনা কর।

মৌখিক প্রশ্নাবলী:

১। 'দস্তক' কাকে বলে?
২। সিরাজের দরবারের অসন্তুষ্ট ব্যক্তি যাঁরা তাঁর বিরুদ্ধে ষড়যন্ত্র করেছিলেন তাঁদের নাম উল্লেখ কর।
৩। পলাশীর যুদ্ধ কাদের মধ্যে হয়েছিল?
৪। কত খ্রীস্টাব্দে বক্সারের যুদ্ধ হয়েছিল?
৫। মীরকাশিম মুর্শিদাবাদ থেকে কোথায় রাজধানী স্থানান্তরিত করেছিলেন?
৬। কত খ্রীস্টাব্দে ইংরেজরা বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানী লাভ করেছিলেন?
৭। 'অধীনতামূলক মিত্রতা নীতি'র প্রবর্তক কে ছিলেন?
৮। দোস্ত মহম্মদকে সিংহাসনচ্যুত করে ইংরেজরা কাকে আফগানিস্তানের সিংহাসনে স্থাপন করেছিল?
৯। কত খ্রীস্টাব্দে সিপাহী বিদ্রোহের সূচনা হয়েছিল?
১০। কত খ্রীস্টাব্দে সিন্ধু ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত হয়েছিল?
১১। মঙ্গল পাণ্ডে কে?
১২। সিপাহী বিদ্রোহ থেকে ভারতের কোন্ কোন্ অঞ্চল মুক্ত ছিল?
১৩। সিপাহীরা কাকে দিল্লীর বাদশাহরূপে ঘোষণা করেছিলেন?

শুদ্ধ উত্তরটির নীচে দাগ দাও:

১। পলাশীর যুদ্ধ হয়েছিল—ইংরেজ ও মীরকাশিমের মধ্যে, ইংরেজ ও সিরাজের মধ্যে, ইংরেজ ও আলিবর্দীর মধ্যে।
২। অধীনতামূলক মিত্রতা নীতি প্রবর্তন করেছিলেন—লর্ড ক্লাইভ, লর্ড ওয়েলেসলী, লর্ড ডালহৌসী।
৩। পেশোয়া দ্বিতীয় বাজীরাও ইংরেজদের সঙ্গে অধীনতামূলক মিত্রতায় আবদ্ধ হয়েছিলেন—পুরন্দরের সন্ধি দ্বারা, সগৌলীর সন্ধি দ্বারা, বেসিনের সন্ধি দ্বারা।
৪। স্বত্ব-বিলোপ নীতি প্রচার করেছিলেন—লর্ড কর্নওয়ালিশ, লর্ড ওয়েলেসলী, লর্ড ডালহৌসী।

অষ্টম অধ্যায় | অষ্টাদশ শতাব্দীর যুগ ঃ যুক্তিবাদের যুগ

প্রথম পরিচ্ছেদ

আমেরিকার স্বাধীনতা সংগ্রাম

ইতিহাসে অষ্টাদশ শতাব্দী তিনটি ঘটনার জন্য চিরস্মরণীয় হয়ে থাকবে। এই তিনটি ঘটনাকে কেন্দ্র করে পৃথিবীতে যুগান্তর ঘটল। এগুলি হল ঃ আমেরিকার স্বাধীনতা যুদ্ধ (১৭৭৬ খ্রীস্টাব্দ), ইংলণ্ডে শিল্প-বিপ্লব ও ফ্রান্সে ফরাসী বিপ্লব (১৮৮৯ খ্রীস্টাব্দ)। এই ঘটনাগুলি পৃথিবীর চেহারা পালটে দিল—সবগুলিই ছিল যুগান্তকারী ঘটনা।

কলম্বাসের আমেরিকা আবিষ্কার করার পর (১৪৯২ খ্রীস্টাব্দ) থেকেই দক্ষিণ আমেরিকায় স্পেনের উপনিবেশ স্থাপিত হতে থাকে। ইংলণ্ডের জলদস্যুরা স্পেনের বাণিজ্য-জাহাজ লুণ্ঠন করে আমেরিকা থেকে আনীত প্রচুর ধনসম্পদ লাভ করেছিল। এর ফলে ইংলণ্ডের আমেরিকায় উপনিবেশ স্থাপনের আগ্রহ দেখা দেয়। উত্তর আমেরিকায় ইংরেজদের প্রথম উপনিবেশ জেমসটাউন ইংলণ্ডের রাজা প্রথম জেমসের নামানুসারে রাখা হয়। সপ্তদশ শতাব্দীতে বহু ইংরেজ ইংলণ্ড ছেড়ে আমেরিকায় বসবাস করতে এলে আমেরিকায় ইংরেজ উপনিবেশের সংখ্যা ক্রমশ বাড়তে থাকে। শেষ পর্যন্ত উত্তর আমেরিকায় আটলাণ্টিক মহাসাগরের পূর্ব উপকূলে ইংলণ্ডের ১৩টি উপনিবেশ স্থাপিত হয়। এই উপনিবেশগুলির প্রত্যেকটিই ছিল স্বায়ত্তশাসিত। প্রতিটি উপনিবেশে ব্রিটিশ সরকারের নিযুক্ত গভর্নর থাকলেও ঐ উপনিবেশের আইন পরিষদ স্থানীয় আইনকানুন বিধিবদ্ধ করত। উপনিবেশগুলির প্রতি ইংলণ্ডের আচরণ মোটেই অনুদার ছিল না। তা সত্ত্বেও একাধিক কারণে উপনিবেশগুলিতে ইংরেজ প্রভুত্ব জনসাধারণের কাছে অত্যন্ত অপ্রীতিকর ছিল। ব্যবসা-বাণিজ্য নিয়ন্ত্রণ ব্যাপারে ঔপনিবেশিকরা সম্পূর্ণভাবে ইংলণ্ডের অধীন ছিল। উপনিবেশগুলিতে উৎপন্ন পণ্য সামগ্রী ইংলণ্ডের জাহাজ ছাড়া অন্য কোনও জাহাজে রপ্তানি করা চলত না। উপনিবেশগুলিতে কতকগুলি বিশেষ সামগ্রী একমাত্র ইংলণ্ড ছাড়া অন্য কোন দেশে রপ্তানি করা যেত না এবং কার্পাস-জাত সামগ্রী উপনিবেশগুলিতে তৈরি করা চলত না, কারণ এতে ইংলণ্ডের বস্ত্র-শিল্পের ক্ষতি হবার সম্ভাবনা ছিল।

বিক্ষোভের কারণঃ আমেরিকায় সপ্তবর্ষব্যাপী যুদ্ধের পর ইংলণ্ডের সঙ্গে ঔপনিবেশিক বিরোধের সম্ভাবনা বৃদ্ধি পায়। এই যুদ্ধে ফ্রান্স পরাজিত হলেও ভবিষ্যতে ফ্রান্স আমেরিকার উপকূলভাগ আক্রমণ করতে পারে এই সম্ভাবনা সম্পূর্ণভাবে দূর হয়নি। ১৭৬৩ খ্রীস্টাব্দে ব্রিটিশ প্রধান মন্ত্রী গ্রেনভিল ভবিষ্যতে ফরাসী আক্রমণ থেকে উপনিবেশগুলিকে রক্ষা করার অভিপ্রায়ে আমেরিকার দশ হাজার সৈন্য মোতায়েন রাখতে মনস্থ করলেন। সৈন্য মোতায়েনের জন্য মোট ব্যয়ের কিছু অংশ কর ধার্য করে আদায় করা হবে, এরূপ স্থির হল। এই কারণে লর্ড গ্রেনভিল ঔপনিবেশিকদের উপর আর্থিক বোঝা চাপাতে 'স্ট্যাম্প কর'

(Stamp Duty) নামে একটি কর ধার্য করলেন (১৭৬৫ খ্রীস্টাব্দ)। ঔপনিবেশিকরা প্রতিবাদ করে বলল যে, ইংলণ্ডের পার্লামেণ্টে তাদের কোনও প্রতিনিধি নেই, সুতরাং তারা **করদানে বাধ্য নয়** (No taxation without representation)। স্ট্যাম্প-কর আমেরিকাবাসীদের স্বাধীনতা সংগ্রামে ইন্ধন যোগাল। উত্তেজনা ক্রমশ বাড়তে থাকে। শেষ পর্যন্ত ঔপনিবেশিকরা যখন ব্রিটিশ পণ্য বর্জনের আন্দোলন আরম্ভ করল তখন ব্রিটিশ সরকারের চৈতন্যোদয় হল এবং স্ট্যাম্প কর প্রত্যাহৃত হল (১৭৬৬ খ্রীঃ)। স্ট্যাম্প-কর প্রত্যাহৃত হল সত্য তবে পার্লামেণ্ট উপনিবেশগুলির উপর কর ধার্যের অধিকার নীতিগতভাবে ত্যাগ করতে সম্মত হল না। বরং একটা **'ঘোষণামূলক আইন'** (Declaratory Act) পাশ করে জানিয়ে দিল যে উপনিবেশগুলির উপর কর ধার্য ব্রিটিশ পার্লামেণ্টের আইনসংগত ও মৌলিক অধিকার। এই দাবি অনুযায়ী ১৭৬৭ খ্রীস্টাব্দে অর্থসচিব টাউনসেণ্ড কাচ, সীসা, রং, কাগজ ও চায়ের উপর নূতনভাবে আমদানি শুল্ক ধার্য করলেন। এর ফলে ঔপনিবেশিকদের বিক্ষোভের মাত্রা বৃদ্ধি পেল।

যুদ্ধ কেন হল ?ঃ ঔপনিবেশিকদের সন্তুষ্ট করার উদ্দেশ্যে ব্রিটিশ প্রধানমন্ত্রী লর্ড নর্থ ১৭০০ খ্রীস্টাব্দে চা ছাড়া অন্যান্য সামগ্রীর উপর থেকে কর তুলে দিলেন। কিন্তু এতেও ঔপনিবেশিকদের বিক্ষোভ কিছুমাত্র হ্রাস পায় নি। শেষ পর্যন্ত বোস্টন বন্দরে ইস্ট ইণ্ডিয়া কোম্পানীর চা বোঝাই একটা জাহাজ ভিড়লে কয়েকজন ঔপনিবেশিক রেড ইণ্ডিয়ানদের ছদ্মবেশে জাহাজে উঠে চায়ের বাক্সগুলি জলে ফেলে দিল। এতে ক্রুদ্ধ হয়ে লর্ড নর্থ বোস্টন বন্দর বন্ধ করে দিলেন এবং ইংলণ্ড থেকে সৈন্য পাঠালেন। ইংলণ্ডের এই দমন নীতির প্রতিবাদে ঔপনিবেশিকরা ১৭৭৪ খ্রীস্টাব্দে ফিলাডেলফিয়া শহরে এক মহাসভায় মিলিত হয় এবং জর্জ ওয়াশিংটনের নেতৃত্বে ইংরেজ গভর্নমেণ্টের বিরুদ্ধে প্রকাশ্যে বিদ্রোহ ঘোষণা করে। ১৭৭৬ খ্রীস্টাব্দের ৪ঠা জুলাই তারা প্রকাশ্যে ইংলণ্ডের সঙ্গে সমস্ত রকমের সম্পর্ক ছিন্ন করে পূর্ণ স্বাধীনতার শপথ গ্রহণ করে। একমাত্র জর্জিয়া ছাড়া বারটি উপনিবেশ স্বাধীনতা ঘোষণা করল। আট বছরেরও বেশী যুদ্ধ চলার পর ইংরেজরা পরাজিত হয়ে ভার্সাই-এর সন্ধি দ্বারা আমেরিকার স্বাধীনতা স্বীকার করতে বাধ্য হয় (১৭৮৩ খ্রীস্টাব্দ)।

জর্জ ওয়াশিংটন

আমেরিকার ঔপনিবেশিকদের সাফল্যের কারণঃ অর্থসম্পদ ও সামরিক শক্তিতে উপনিবেশগুলি ইংলণ্ডের চেয়ে দুর্বল হলেও তারা জয়লাভ করে। এই জয়ের কয়েকটা কারণ ছিল। প্রথমত ইংলণ্ড দক্ষতার সঙ্গে এই যুদ্ধ পরিচালনা করতে ব্যর্থ হয়। দ্বিতীয়ত, ফ্রান্স, স্পেন, হল্যাণ্ড প্রভৃতি ইউরোপীয় রাষ্ট্রগুলি ঔপনিবেশিকদের পক্ষে যোগ দিয়ে ইংলণ্ডের বিরুদ্ধে যুদ্ধ করে তাদের জয়লাভ

সহজসাধ্য করে। তৃতীয়তঃ, আমেরিকার ঔপনিবেশিকরা স্বাধীনতা অর্জন করার জন্য সর্বস্ব পণ করে যুদ্ধ করেছিল; আর ইংলণ্ড সুনির্দিষ্ট কোনও লক্ষ্য না রেখে ভাড়াটিয়া সৈন্যের সাহায্যে সাম্রাজ্য রক্ষার জন্য যুদ্ধ করেছিল। চতুর্থত, প্রায়



তিন হাজার মাইল অতিক্রম করে সুষ্ঠুভাবে যুদ্ধ চালানোর জন্য ইংলণ্ড থেকে রসদ ও অস্ত্রশস্ত্র পাঠান খুবই অসুবিধাজনক ছিল। তা ছাড়া আমেরিকার পথ-

ঘাট সম্বন্ধে ইংরেজবাহিনী বিশেষ অবহিত ছিল না। সর্বশেষে জর্জ ওয়াশিংটনের সামরিক প্রতিভা ও সংগঠন শক্তি ঔপনিবেশিকদের মধ্যে যে উদ্দীপনা ও প্রেরণার সৃষ্টি করেছিল তা তাদের জয়লাভের পথ প্রশস্ত করেছিল।

ফলাফল ঃ আমেরিকার স্বাধীনতা লাভ পৃথিবীর ইতিহাসে একটি যুগান্তকারী ঘটনা। রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষেত্রে অসাধারণ উন্নতি লাভ করে আমেরিকা যুক্তরাষ্ট্র বর্তমানে বিশ্বে শ্রেষ্ঠত্ব লাভে সমর্থ হয়েছে। জনসাধারণের সার্বভৌমত্বই, (স্বৈরাচারী রাজতন্ত্র অথবা ইংলণ্ডের মত পার্লামেণ্টীয় রাজতন্ত্র নয়), রাষ্ট্র গঠনের ভিত্তি হবে, এই বৈপ্লবিক নীতি প্রতিষ্ঠার জন্য ঔপনিবেশিকরা অস্ত্রধারণ করেছিল। এই নীতি প্রথম বিশ্বযুদ্ধের পর পৃথিবীর বিভিন্ন দেশে দৃষ্টান্ত হিসাবে অনুসৃত হচ্ছে। এই যুদ্ধে ইংলণ্ডের পরাজয়ের ফলে আমেরিকার উপনিবেশগুলি ইংলণ্ডের হস্তচ্যুত হল। এর ফলে ইংলণ্ড তার পুরানো ঔপনিবেশিক নীতির পরিবর্তন করল। এই যুদ্ধে যোগ দেবার ফলে ফরাসী রাজকোষ নিঃশেষিত হল। ফ্রান্সের সাধারণ মানুষ আমেরিকার সাফল্যে অনুপ্রাণিত হবার ফলে সেখানে বিপ্লব দেখা দিল। এই যুদ্ধের ফলে হল্যাণ্ডের নৌ-শক্তি ধ্বংস হল এবং এই রাষ্ট্রের উপনিবেশ বিস্তারের প্রয়াস বন্ধ হল। স্পেন এই যুদ্ধে যোগ দিয়ে ফ্লোরিডা ও মিনরকা পুনরুদ্ধারে সমর্থ হলেও এই যুদ্ধের প্রভাবে স্পেনীয় উপনিবেশগুলিতে স্বাধীনতা সংগ্রাম দেখা দিল।

দ্বিতীয় পরিচ্ছেদ
ইংলণ্ডের শিল্প-বিপ্লব

শিল্প-বিপ্লবের অর্থ ঃ শিল্পবিপ্লব বলতে দৈহিক শ্রমের পরিবর্তে যন্ত্র দ্বারা ব্যাপক শিল্পদ্রব্যের উৎপাদন বুঝায়। অষ্টাদশ শতাব্দীতে বৈজ্ঞানিক জ্ঞানকে কাজে লাগিয়ে নূতন নূতন যন্ত্র আবিষ্কার করা হয়। এইসব যন্ত্র চালানোর জন্য বড় বড় কারখানা বা ফ্যাক্টরী গড়ে ওঠে। যান্ত্রিক শক্তির সাহায্যে শিল্পের উৎপাদন হওয়ায় পুরানো হস্তচালিত শিল্প প্রায় লুপ্ত হল। উৎপাদন ব্যবস্থায় এক বিরাট পরিবর্তনের সূচনা হয়। শিল্পের ক্ষেত্রে উৎপাদন ব্যবস্থায় এই বৈপ্লবিক ও আমূল পরিবর্তনকে 'শিল্পবিপ্লব' বলা হয়। শিল্পবিপ্লব সর্বপ্রথম ইংলণ্ডেই আরম্ভ হয়। পরবর্তী কালে এই বিপ্লব ফ্রান্স, বেলজিয়াম, জার্মান, রাশিয়া প্রভৃতি নানা দেশে ছড়িয়ে পড়ে। অনুকূল আবহাওয়া, কয়লা ও লৌহসম্পদের প্রাচুর্য, সহজ পরিবহণ-ব্যবস্থা এবং ইংলণ্ডের রাজনীতিতে উদারপন্থী দলের নেতৃত্বের ফলেই শিল্প-বিপ্লব ইংলণ্ডেই সর্বপ্রথম আরম্ভ হয়েছিল।

কৃষিবিপ্লব ঃ এই সময় শিল্পের মত কৃষিরও অসাধারণ উন্নতি হয়েছিল। পূর্বে এক খণ্ড জমিতে দু বছর শস্য উৎপাদন করে তৃতীয় বছর ঐ জমিতে সার সঞ্চয় করার জন্য পতিত রাখা হত। এর ফলে প্রতি তিন বছরে এক বছরের ফসল নষ্ট হত। এই সময় জানা যায় যে মূলের (root) আবাদ করলে ভূমির উর্বরতা

নষ্ট না করে ফসল জন্মান যায়, অথচ এক বছরও জমি ফেলে রাখতে হয় না। তা ছাড়া গোরু, ভেড়া প্রভৃতি গৃহপালিত পশু শীতকালে ঐ মূল খেয়ে প্রাণ ধারণ করতে পারে। মন্ত্রী টাউনসেণ্ডের চেষ্টায় এইভাবে কৃষির উৎকর্ষ সাধন সম্ভব হয়েছিল। এই সময় গবাদি পশুর জন্য কৃত্রিম খাদ্য ও কৃত্রিম সার আবিষ্কৃত হয় এবং গবাদি পশু প্রজনন ও পালন-প্রণালীবিদ্যার যথেষ্ট উন্নতি হয়। বেকওয়েল নামে জনৈক ব্যক্তি কর্তৃক নানা বৈজ্ঞানিক প্রক্রিয়া আবিষ্কৃত হওয়ায় উন্নততর পন্থায় জীবজন্তু পালন সম্ভব হয়েছিল। কৃষিকার্যের উন্নতির সঙ্গে সঙ্গে পতিত জমির পুনরুদ্ধার করা হল এবং পূর্বে যেসব জমি পশুচারণ ক্ষেত্র হিসাবে ব্যবহৃত হত সেগুলিও কৃষিক্ষেত্রে পরিণত হল। এর ফলে দেশের কৃষিসম্পদ অভাবনীয়রূপে বৃদ্ধি পায়। খণ্ড খণ্ড বিক্ষিপ্ত জমির পরিবর্তে এক জায়গায় বিস্তীর্ণ ভূখণ্ড আবেষ্টনীর মধ্যে রেখে কৃষিকার্যের নূতন বন্দোবস্ত করা হল। কৃষিবিপ্লবের সঙ্গে সঙ্গেই শিল্পবিপ্লবের শুরু, একথা বলা যেতে পারে।

যান্ত্রিক আবিষ্কারঃ বয়নশিল্পেই সর্বপ্রথম নূতন ধরনের যন্ত্রের আবিষ্কার হয়েছিল। ১৭৩৩ খ্রীস্টাব্দে জন কে (John Key) ফ্লাইং-শাটল (Flying Shuttle) বা দ্রুত গতিতে চালান যায় এরূপ এক ধরনের 'মাকু' আবিষ্কার করেন। ১৭৬৪ খ্রীস্টাব্দে হারগ্রিভস্ নামে এক তাঁতী 'স্পিনিং জেনি' নামে একটা যন্ত্র আবিষ্কার করেন, যার সাহায্যে একসঙ্গে আট গাছা সুতা কাটা যেত। ১৭৬৯ খ্রীস্টাব্দে রিচার্ড



কার্টরাইটের 'পাওয়ার লুম'

জেমস ওয়াট

আর্করাইট জলশক্তি দ্বারা চালিত 'ওয়াটার ফ্রেম' নামে সুতাকাটার একটা যন্ত্র আবিষ্কার করেন। ১৭৭৬ খ্রীস্টাব্দে ক্রম্পটন আবিষ্কার করেন 'মিউল' যন্ত্র। এর ফলে সুতা উৎপাদন বহুগুণ বৃদ্ধি পেয়ে বয়নক্ষমতাকে উন্নতির দিকে নিয়ে যায়। ১৭৭৯ খ্রীস্টাব্দে কার্টরাইট্ 'পাওয়ার লুম' নামে শক্তিচালিত তাঁত আবিষ্কার করেন। এইসব আবিষ্কারের ফলে বয়ন-শিল্পে এক যুগান্তর ঘটে এবং অল্প সময়ের মধ্যেই প্রচুর পরিমাণে বস্ত্র উৎপাদন হয়।

বাষ্প-শক্তির আবিষ্কার না হলে হয়ত শিল্পবিপ্লব বেশীদূর অগ্রসর হতে পারত না। ১৬৮৮ খ্রীস্টাব্দে ফরাসী বিজ্ঞানী ডেনিস পেপিন সর্বপ্রথম বাষ্পচালিত

রাষ্ট্রের নেই। রুশোর সুস্পষ্ট অভিমত, "মানুষ স্বাধীনতার অধিকার নিয়ে জন্মগ্রহণ করে ; কিন্তু সর্বত্রই মানুষ পরাধীনতার শৃঙ্খলে আবদ্ধ।" সেই শৃঙ্খলবন্ধন ছিন্ন করে জন্মগত স্বাধীনতা অর্জন করাই মানুষের কর্তব্য।

ভলতেয়ারঃ বিপ্লবমুখী সাহিত্যসৃষ্টিতে ভলতেয়ারের (১৬৯৪—১৭৭৮ খ্রীস্টাব্দ) অবদান শ্রেষ্ঠ। তিনি সমাজ, ধর্ম ও রাষ্ট্রের সবরকম দুর্নীতির বিরুদ্ধে তাঁর লেখনী চালনা করেছিলেন। তিনি একাধারে ছিলেন কবি, ঐতিহাসিক, দার্শনিক,

ভলতেয়ার

রুশো

নাট্যকার ও প্রহসনাত্মক লেখক। নাস্তিক না হয়েও তিনি ছিলেন চার্চের তীব্র সমালোচক। তিনি রাজতন্ত্রে বিশ্বাসী হলেও ফ্রান্সের স্বৈরাচারী শাসনপদ্ধতির তীব্র নিন্দা করেছিলেন। তিনি ছিলেন যুক্তিবাদে বিশ্বাসী। জনসাধারণকে বিদ্রোহী করে তুলতে তাঁর মত অন্য কেউ ততটা সফলকাম হয়নি।

মন্টেস্কুঃ ফরাসী দার্শনিক **মন্টেস্কু** (১৬৪৮—১৭৫৫ খ্রীস্টাব্দ) Spirit of Law বা 'আইনের মর্ম' ও Persian Letters বা 'পারস্যের পত্রাবলী' নামে দুটি গ্রন্থ রচনা করেন। শেষের পুস্তকে তিনি প্রমাণ করেন যে ফরাসী অভিজাতরা সমাজের অন্য সকলকে ফাঁকি দিয়ে বিশেষ সুবিধা ভোগ করছে। রাজপরিবার ও রাজসভা কিরূপ দুর্নীতিপূর্ণ তাও তিনি দেখান। আইনের মর্মগ্রন্থে তিনি ফ্রান্সের স্বৈরাচারী শাসনের সমালোচনা করেন। তিনি প্রমাণ করেন যে যদি রাজার হাতে সরকারের সকল ক্ষমতা কেন্দ্রীভূত থাকে তবে ব্যক্তিস্বাধীনতা নষ্ট হবে। মন্টেস্কু আইন বিভাগ, বিচার বিভাগ ও শাসন বিভাগকে পৃথক করার পরামর্শ দেন।

মন্টেস্কু

ফরাসী-বিপ্লবের কারণঃ ফরাসী বিপ্লবের একাধিক কারণ ছিল। বিপ্লবের আগে ফ্রান্স এমন একটা অবস্থায় পৌঁছেছিল যে এই দেশের জরাজীর্ণ প্রথাগত

প্রতিষ্ঠানগুলির আর কোনও সার্থকতা ছিল না। এই বিপ্লব হঠাৎ ঘটেনি। বহু ঘটনার সম্মিলিত প্রতিক্রিয়ায় এই বিপ্লবের সৃষ্টি হয়েছিল।

রাজনৈতিক কারণঃ চতুর্দশ লুই-এর মৃত্যুর (১৭১৫ খ্রীস্টাব্দ) পর ফ্রান্সের সিংহাসনে যাঁরা আরোহণ করেছিলেন তাঁরা সকলেই ছিলেন দুর্বল চিত্তের; সুষ্ঠুভাবে দেশ শাসন করার ইচ্ছা বা ক্ষমতা তাঁদের ছিল না। তাঁদের হাতে মানুষের সম্পত্তি ও জীবনের কোন মূল্য বা নিরাপত্তা ছিল না। সাধারণ মানুষকে যখন তখন গ্রেফতার করে শাস্তি দেওয়া হত। রাজার বা তাঁর প্রিয়পাত্রদের বিরাগভাজন হলেই যে কোনও ব্যক্তিকে কোন কারণ না দেখিয়েই লেত্রি ডি কেসে (Lettre de Cachet) নামে 'গ্রেপ্তারী' পরোয়ানা দ্বারা অনির্দিষ্ট কালের জন্য কারাগারে বন্দী করে রাখা হত। আইনের চোখে সকলে সমান ছিল না। তা ছাড়া, দেশের বিচার-ব্যবস্থায় কোনও সমতা ছিল না। দেশের বিভিন্ন অঞ্চলে পৃথক পৃথক আইনবিধি প্রচলিত ছিল। ফলে অনাচার ও অবিচারের কোনও প্রতিকার হত না।

সামাজিক কারণঃ ফ্রান্সে শ্রেণীবৈষম্য জাতীয় জীবনকে অন্তঃসারশূন্য করে তুলেছিল। যাজক ও অভিজাত শ্রেণী ছিলেন যথাক্রমে প্রথম ও দ্বিতীয় শ্রেণীর অন্তর্ভুক্ত এবং মধ্যবিত্ত, ব্যবসায়ী, শিল্পপতি, শিক্ষক, চিকিৎসক প্রভৃতি স্বাধীন উপজীবিকার ব্যক্তিগণ ও কৃষকরা তৃতীয় শ্রেণীর লোকরূপে পরিগণিত হত। প্রথম দুই শ্রেণীর ব্যক্তিরা রাষ্ট্রের সবরকম সুখ-সুবিধা ভোগ করতেন। সামরিক ও অসামরিক যাবতীয় উচ্চ পদগুলিতে এঁরা অধিষ্ঠিত ছিলেন এবং এঁরাই ছিলেন দেশের অধিকাংশ ভূ-সম্পত্তির মালিক। অন্যদিকে তৃতীয় শ্রেণীভুক্ত মধ্যবিত্ত লোকেরা রাষ্ট্রের সমস্ত ব্যয়ভার বহন করত এবং প্রয়োজনমত রাষ্ট্রকে রক্ষা ও সাহায্য করাও তাদের প্রধান কর্তব্যরূপে বিবেচিত হত। কিন্তু তাদের কোনও রাজনৈতিক অধিকার ও সামাজিক প্রতিষ্ঠা ছিল না। এই বিক্ষুব্ধ মধ্যবিত্ত শ্রেণীর নেতারাই ফরাসী বিপ্লবের উদ্যোক্তা ও পরিচালক ছিলেন।

অর্থনৈতিক কারণঃ বিপ্লবের পূর্বে ফ্রান্সের অর্থনৈতিক অবস্থা ছিল অত্যন্ত শোচনীয়। প্রথম ও দ্বিতীয় শ্রেণীর ব্যক্তিরা যদিও দেশের ভূমির শতকরা চল্লিশ ভাগ ভোগ করত, কিন্তু তারা কোন কর দিত না। প্রত্যক্ষ ও পরোক্ষ করের বোঝা প্রধানত তৃতীয় শ্রেণীকেই বহন করতে হত। তৃতীয় শ্রেণীর জনগণকে 'টেইলি' (Taille) নামে সম্পত্তি কর, 'ক্যাপিটেশন' (Capitation) নামে আয়কর, 'ভিংটিয়েম' (Vingtiemes) নামে শিল্প, বাণিজ্য ও পরে ভূমির উপর কর, 'লবণ কর' (Gabella), 'সুরার উপর কর' (Aides) প্রভৃতি প্রত্যক্ষ কর দিতে হত। অভিজাত ও যাজক সম্প্রদায় হিসাবের কারচুপি করে এবং প্রভাব বিস্তার করে এই কর ফাঁকি দিত। মোট আদায়ীকৃত করের শতকরা ৯৬ ভাগ আদায় করা হত তৃতীয় শ্রেণীর লোকের কাছ থেকে। এই করগুলি ছাড়া কৃষকদের সামন্ত-প্রভুকেও সামন্ত-কর দিতে হত। একরকম বেগার কর ছাড়া চার্চকে তাদের আয়ের এক-দশমাংশ 'ধর্ম-কর' (Tithes) দিতে হত। তা ছাড়া জমিদারদের কল থেকে তাদেরকে গম, আখ ইত্যাদি মাড়াই করতে হত এবং জমিদারদের রুটির কারখানা থেকে রুটি, ঘানি থেকে তেল ইত্যাদি নিতে হত। ফ্রান্সের রাজকোষ থেকে যথেচ্ছ অর্থ ব্যয় করা হত। আয়-ব্যয়ের কোনও হিসাব রাখা হত না। রাজকোষ শূন্য হয়ে গেলে ঋণ

বা নূতন কর ধার্য করে আয়ের ব্যবস্থা করা হত। সুতরাং বিপ্লবের পূর্বে জনসাধারণ এবং রাষ্ট্র উভয় ক্ষেত্রেই আর্থিক অবস্থা ছিল শোচনীয়।

গৌরবময় বিপ্লব ও আমেরিকার স্বাধীনতা যুদ্ধের প্রভাবঃ ইংলণ্ডে ১৬৮৮ খ্রীস্টাব্দের গৌরবময় বিপ্লব (Glorious Revolution) ফরাসী জনগণকে ইংলণ্ডের মত সীমাবদ্ধ রাজতন্ত্র স্থাপনে অনুপ্রেরণা দিয়েছিল। আমেরিকার স্বাধীনতা যুদ্ধের সাফল্যের ফলে ফরাসী দেশেও বিপ্লবের আকাঙ্ক্ষা তীব্র হয়ে ওঠে।

ফরাসী বিপ্লবের প্রসারঃ উপায়ান্তর না দেখে সম্রাট ষোড়শ লুই অর্থ সংগ্রহের জন্য ১৭৮৮ খ্রীস্টাব্দের ৫ই জুলাই এস্টেট জেনারেলের (জাতীয় সভা) নির্বাচন ঘোষণা করলেন। এই সভায় প্রত্যক্ষ শ্রেণীর একটি করে ভোট ছিল। শ্রেণীগুলির অধিবেশন বসত পৃথকভাবে। সুতরাং প্রথম ও দ্বিতীয় শ্রেণী দুটি ভোটের দ্বারা তৃতীয় শ্রেণীকে কোণঠাসা করে রেখেছিল। তৃতীয় শ্রেণী যুক্ত অধিবেশন ও মাথাপিছু একটা করে ভোট দাবি করল। কিন্তু রাজা তৃতীয় শ্রেণীর উত্থাপিত যুক্ত অধিবেশনের দাবি গ্রহণ করলেন না। এই অবস্থায় ১৭৮৯ খ্রীস্টাব্দের ১৭ই জুন তৃতীয় শ্রেণী নিজেদের 'জাতীয় মহাসভা' রূপে (National Assembly) ঘোষণা করল। ১৭৮৯ খ্রীস্টাব্দের ২০শে জুন, তৃতীয় শ্রেণীর প্রতিনিধিরা অধিবেশন কক্ষে এসে দেখল কক্ষের দরজা বন্ধ, সৈন্যরা সেখানে পাহারা দিচ্ছে। তখন তারা নিকটবর্তী এক টেনিস কোর্টে গিয়ে শপথ গ্রহণ করল যে জাতীয় সভার সদস্যরূপে দেশের জন্য একটা উপযুক্ত সংবিধান প্রণয়ন না করা পর্যন্ত তারা থামবে না। ২০শে জুনের এই শপথ 'টেনিস কোর্টের শপথ' নামে পরিচিত। এরপর রাজা তিনটি শ্রেণীর যুক্ত অধিবেশন এবং মাথাপিছু ভোট গ্রহণের দাবি স্বীকার করে নেন। ফরাসী দেশের জন্য একটা সংবিধান প্রণয়নের দায়িত্ব গ্রহণ করে জাতীয় সভা 'সংবিধান সভায়' (Constituent Assembly) রূপান্তরিত হল। 'সংবিধান সভার ক্ষমতাবৃদ্ধিতে বিচলিত হয়ে রাজা ষোড়শ লুই ১৭৮৯ খ্রীস্টাব্দের জুলাই মাসে প্যারিস ও ভার্সাই নগরীতে সৈন্য মোতায়েন করলেন। এর ফলে প্যারিসে দাঙ্গা-হাঙ্গামা হল।

ষোড়শ লুই

রানী আঁতানোয়েৎ

ইতিমধ্যে খাদ্যাভাবের জন্য দলে দলে কৃষকরা প্যারিস নগরীতে সমবেত হল। জনতা ১৭৮৯ খ্রীস্টাব্দের ১৪ই জুলাই, প্যারিসের পূর্বপ্রান্তে বাস্তিল কারাগার আক্রমণ করে প্রচুর অস্ত্রশস্ত্র লাভ করে। ৫ই অক্টোবর প্যারিসের দরিদ্র ও ক্ষুধার্ত নারীদের এক বিরাট মিছিল খাদ্যের দাবিতে ভার্সাই অভিমুখে যাত্রা করে। রাজাকে সপরিবারে এই মিছিলের সঙ্গে প্যারিসে আসতে বাধ্য করা হল। ১৭৯১ খ্রীস্টাব্দের ২০শে জুন রাজা দেশত্যাগ করে পালানোর চেষ্টা করলে ধরা পড়েন। রাজাকে প্যারিসে ফিরিয়ে এনে প্রায় বন্দী অবস্থায় রাখা হল। ১৭৯২ খ্রীস্টাব্দে অস্ট্রিয়া ও প্রাশিয়া এই দুটি রাজতন্ত্রী দেশ ফ্রান্সের বিপ্লবী শক্তির বিরুদ্ধে সংগ্রাম আরম্ভ করে, কারণ তাদের আশঙ্কা ছিল রাজতন্ত্রবিরোধী। এই ফরাসী বিপ্লব দমন না করলে ইউরোপের সর্বত্র তা ছড়িয়ে পড়বে। ফ্রান্সের সঙ্গে অস্ট্রিয়া ও প্রাশিয়ার যুদ্ধ আরম্ভ হল। ১৭৯৩ খ্রীস্টাব্দে রাজার বিচার হল এবং গিলোটিন নামক যন্ত্রের সাহায্যে তাঁর শিরশ্ছেদ করা হল। রানী আঁতানোয়েৎও এইভাবে প্রাণ হারালেন। অস্ট্রিয়া ও প্রাশিয়ার হাতে ফ্রান্স প্রথমে পরাজিত হলেও ভাল্‌মীর যুদ্ধে শেষ পর্যন্ত ফ্রান্স জয়লাভ করে। ১৭৯৩ খ্রীস্টাব্দে ইংলণ্ড, হল্যাণ্ড ও স্পেন ফ্রান্সের বিরুদ্ধে যুদ্ধ আরম্ভ করলে ফ্রান্স আবার পরাজিত হতে থাকে। ফ্রান্সে এই সময় বিপ্লববিরোধী হাজার হাজার লোককে গ্রেপ্তার করা হয় এবং প্রায় বিনা বিচারেই গিলোটিন যন্ত্রের সাহায্যে তাদের প্রাণনাশ করা হয়। এই নিষ্ঠুর হত্যাযজ্ঞের নায়ক ছিলেন মধ্যবিত্ত শ্রেণীর রোবস্‌পীয়ার। বিপ্লবীরা নিষ্ঠুর মধ্যবিত্ত রোবস্‌পীয়ারের বিরুদ্ধে চলে যায় এবং তাঁর প্রাণদণ্ড হয়। এরপর মধ্যপন্থী দল 'ডাইরেক্টরী' নামে এক নূতন শাসনব্যবস্থা চালু করেন। শত্রুরা রাষ্ট্রগুলির বিরুদ্ধে জয়লাভ করলেও অভ্যন্তরীণ শাসনক্ষেত্রে 'ডাইরেক্টরী' সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছিল।

রোবস্‌পীয়ার



গিলোটিন

বিপ্লবের একজন সৈনিক এবং সম্রাট হিসাবে নেপোলিয়নঃ ইউরোপের বিদ্রোহঃ নেপোলিয়ন কর্সিকা দ্বীপে এক ইতালীয় পরিবারে জন্মগ্রহণ করেন। সমরশিক্ষা লাভ করে তিনি ১৭৮৫ খ্রীস্টাব্দে দ্বিতীয় লেফটেনাণ্টরূপে গোলন্দাজ বাহিনীতে যোগ দিয়েছিলেন। ১৭৯৩ খ্রীস্টাব্দে টুলোঁ বন্দর ইংলণ্ডের হাত থেকে অবরোধমুক্ত করে তিনি খ্যাতি লাভ করেন এবং ব্রিগেডিয়ার পদে উন্নীত হন। জাতীয় কন্‌ভেন্‌শন যখন প্যারিসে জনতার দ্বারা অবরুদ্ধ হয় তখন নেপোলিয়নের নেতৃত্বে সামরিকবাহিনী জনতাকে ছত্রভঙ্গ করে কন্‌ভেনশন্‌কে রক্ষা করে (৫ই অক্টোবর, ১৭৯৫)। 'ডাইরেক্টরীর শাসনকালে ফ্রান্স যখন বিদেশী শত্রুর দ্বারা আক্রান্ত হল, তখন ইটালী অভিযানের দায়িত্ব নেপোলিয়নের উপর ন্যস্ত করা হয়। প্রকৃতপক্ষে এই সময় থেকেই তাঁর দ্রুত উত্থান হয়। এই অভিযানে পোপকে টোলেনশিওর সন্ধি ও অস্ট্রিয়াকে ক্যাম্পোফরমিওর সন্ধি স্বাক্ষরে বাধ্য করে এবং ইটালীকে পুনর্গঠিত করে তিনি কেবল ফরাসী দেশই নয়, সমগ্র ইউরোপে সমরনায়করূপে খ্যাতি অর্জন করেন।

নেপোলিয়ন

ইটালী থেকে মিশর অভিযান তাঁর দুঃসাহসিক সমর-পরিকল্পনার পরিচায়ক। পিরামিডের যুদ্ধে নেপোলিয়ন জয়লাভ করলেও ইংরেজ সেনাপতি নেলসন নীল নদের যুদ্ধে নেপোলিয়নের নৌবাহিনী ধ্বংস করে দেন। মিশর অভিযান সম্পূর্ণ সাফল্যমণ্ডিত না হলেও তাঁর জনপ্রিয়তা কিন্তু হ্রাস পায়নি। মিশর থেকে দেশে ফিরে তিনি 'ডাইরেক্টরী'র উচ্ছেদ করে কন্‌স্যুলেট স্থাপন করেন (১৭৯৯ খ্রীঃ) এবং প্রথম কন্‌সালরূপে সমস্ত ক্ষমতা নিজের হাতে গ্রহণ করেন। প্রথম কন্‌সালের হাতে সমস্ত ক্ষমতা কেন্দ্রীভূত ছিল। রাজতন্ত্রের পুনঃপ্রতিষ্ঠার পথে এটা ছিল প্রথম পদক্ষেপ। 'ডাইরেক্টরী'র শাসনকালে দেশের ভিতরে অরাজকতা ছিল এবং বৈদেশিক আক্রমণের ফলে ফরাসী জাতি চেয়েছিল শক্তিমান সরকার। নীল নদের যুদ্ধে নেলসনের জয়লাভের পর ফরাসীদের শত্রুরা আবার ইংলণ্ডের সঙ্গে যোগ দেয়। অস্ট্রিয়া, রাশিয়া, তুরস্ক ও ইংলণ্ড মিলিত হয়ে দ্বিতীয়বার শক্তিসংঘ গঠন করে। এই শক্তিসংঘের সৈন্যবাহিনীর হাতে ফরাসী সেনানায়করা পরাজিত হতে থাকে।

১৭৯৯ খ্রীস্টাব্দে নেপোলিয়ন প্রথম কন্‌সাল হবার ছয় মাসের মধ্যেই যুদ্ধের গতি পরিবর্তিত হয়। ফ্রান্স ম্যারেঙ্গোর যুদ্ধে অস্ট্রিয়াকে পরাজিত করে। ১৮০১ খ্রীস্টাব্দে স্বাক্ষরিত লুনাভেলে (Luneville)-র সন্ধি দ্বারা জার্মানিতে ফ্রান্সের আধিপত্য অস্ট্রিয়াকে মেনে নিতে হল। ইংলণ্ডও দীর্ঘকাল ফ্রান্সের সঙ্গে যুদ্ধ করে রণক্লান্ত হয়ে পড়েছিল। নেপোলিয়নও সাময়িকভাবে ইংলণ্ডের সঙ্গে শান্তি স্থাপনের জন্য আগ্রহী হলেন। উভয় পক্ষের সম্মতিক্রমে ১৮০২ খ্রীস্টাব্দে আমিয়েঁর (Amiens) সন্ধিপত্র দ্বারা ইংলণ্ড ও ফ্রান্সের মধ্যে মিত্রতা স্থাপিত হল। ফলে

ইউরোপে ফ্রান্স-বিরোধী দ্বিতীয় শক্তিজোটের অবসান হল। নেপোলিয়নের জনপ্রিয়তা এই সময় ছিল গগনচুম্বী। তাঁকে যাবজ্জীবনের জন্য কন্‌সাল নিযুক্ত করা হল। ১৮০৪ খ্রীস্টাব্দে প্রজাতন্ত্রকে ধ্বংস করে নেপোলিয়ন নিজেকে সম্রাটরূপে ঘোষণা করলেন। জনপ্রিয়তার সুযোগ নিয়ে নেপোলিয়ন গণভোটের দ্বারা তাঁর সম্রাট-পদ গ্রহণ অনুমোদন করিয়ে নিলেন।

ইংলন্ড ফ্রান্সকে নৌযুদ্ধে পরাজিত করেই নিরস্ত হল না। ইংলন্ড, রাশিয়া, অস্ট্রিয়া, সুইডেন প্রভৃতি দেশগুলিকে নিয়ে ১৮০৫ খ্রীস্টাব্দে তৃতীয় কোয়ালিশন গঠন করল। ইংলন্ডকে সরাসরি যুদ্ধে পরাজিত করা নেপোলিয়নের পক্ষে সম্ভব হচ্ছিল না। এই কারণে নেপোলিয়ন 'কণ্টিনেণ্টাল সিস্টেম' নামে পরিচিত এক অর্থনৈতিক অবরোধ ব্যবস্থা ইংলন্ডের বিরুদ্ধে আরম্ভ করলেন। কিন্তু এই ব্যবস্থায় অসংখ্য গলদ থাকার ফলে তা ব্যর্থ হয়। নেপোলিয়ন প্রথমেই অস্ট্রিয়াকে আক্রমণ করে উলম (Ulm)-এ অস্ট্রীয়বাহিনীকে পরাজিত করলেন। ১৮০৬ খ্রীস্টাব্দে জেনা (Jena)-র যুদ্ধে প্রাশিয়ার সেনাবাহিনীকে শোচনীয়ভাবে তিনি পরাজিত করলেন। নেপোলিয়ন নিজের ভাই জোসেফকে স্পেনীয় সিংহাসনে স্থাপন করলে স্পেনের জনগণের জাতীয়তাবাদ ব্যাহত হল। এই ঘটনা উপলক্ষ করে পোর্তুগাল ও স্পেনে যে পেনিনসুলার যুদ্ধের সৃষ্টি হল তাতে নেপোলিয়নকে বারংবার পরাজিত হতে হয়। ১৮১২ খ্রীস্টাব্দে নেপোলিয়ন রাশিয়া অভিযান করেন। কিন্তু প্রায় চার মাস স্থায়ী এই অভিযান সম্পূর্ণ ব্যর্থ হয়।

১৮১৩ খ্রীস্টাব্দে নেপোলিয়নের বিরুদ্ধে চতুর্থ কোয়ালিশন গঠিত হয়। লীপজিগের (Leipzig) যুদ্ধে নেপোলিয়নের চরম পরাজয় ঘটে। নেপোলিয়ন সিংহাসন ত্যাগ করেন (১৮১৪)। তাঁকে ইটালীর অনতিদূরে এল্‌বা দ্বীপে নির্বাসিত করা হল। কিন্তু হৃত সিংহাসন ফিরে পাবার আশায় মুষ্টিমেয় অনুচর নিয়ে ১৮১৫ খ্রীস্টাব্দের ১লা মার্চ নেপোলিয়ন ফ্রান্সে প্রবেশ করলেন। সঙ্গে সঙ্গে ফরাসীরা তাদের প্রিয় নেতার সমর্থনে দাঁড়াল। শেষ পর্যন্ত ওয়াটারলু (Waterloo)-র প্রান্তরে নেপোলিয়ন অতি শোচনীয়ভাবে পরাজিত হলেন। তাঁকে এবার সেণ্ট হেলেনা (St. Helena) দ্বীপে নির্বাসিত করা হল। পাঁচ বছরের অধিক কাল সেণ্ট হেলেনায় নির্বাসিত জীবন যাপন করে বীরশ্রেষ্ঠ নেপোলিয়নের দেহান্ত ঘটে।

ফরাসী-বিপ্লবের স্থায়ী ফলাফলঃ ফরাসী-বিপ্লবের স্থায়ী ফলাফল কেবল ফ্রান্সেই নয়, সমগ্র ইউরোপে সুদূরপ্রসারী হয়েছিল। ফরাসী-বিপ্লব ঘোষিত 'স্বাধীনতা', 'সাম্য' ও 'মৈত্রী' বিশ্ব-ইতিহাসকে এক নূতন পথে পরিচালিত করে। বিভিন্ন দেশের জনসাধারণ 'স্বাধীনতা'র অর্থ করল জনপ্রিয় সরকার প্রতিষ্ঠা এবং ভূমিদাস প্রথার অবসান। 'সাম্যে'র অর্থ করল বিশেষ সুবিধার বিলোপ এবং 'মৈত্রী' বলতে বুঝল জাতীয়তাবাদ।

নেপোলিয়নের পতনের পর ফ্রান্সে পুরানো বুরবো রাজতন্ত্র পুনঃপ্রতিষ্ঠিত হলেও পুরানো বিধিব্যবস্থা আর ফিরে আসে নি। ফরাসী বিপ্লবের সুফলগুলি অটুট থাকে। বিশেষ সুযোগ-সুবিধা, ভূমিদাসত্ব, সামাজিক বৈষম্য, চার্চের প্রাচীন

ক্ষমতা, বৈষম্যমূলক কর-ব্যবস্থা, দুর্নীতি ও স্বেচ্ছাচারী শাসনের অযোগ্যতার হাত থেকে ফ্রান্স মুক্তি পেল। ফ্রান্সে শাসনতন্ত্র ক্রমেই গণতান্ত্রিক হতে থাকে এবং ব্যক্তির মৌলিক অধিকারগুলি স্বীকৃতি লাভ করে। বিপ্লবের সময় অভিজাত ও চার্চের যেসব ভূ-সম্পত্তি বাজেয়াপ্ত করে বিলিব্যবস্থা করা হয়েছিল তার ফলে এক স্বাধীন কৃষক-সমাজের সৃষ্টি হয়েছিল।

ফরাসী বিপ্লবের ভাবাদর্শ ফ্রান্স থেকে ইউরোপের বিভিন্ন দেশে ছড়িয়ে পড়ে। নেপোলিয়নের বিজয়াভিযান ইউরোপের বিভিন্ন দেশের প্রাচীন শাসন ও সমাজ-ব্যবস্থার উচ্ছেদ সাধন করে। এই দেশগুলিতে শাসনতান্ত্রিক অধিকার ও আইনের সাম্য প্রতিষ্ঠিত হয়। স্বৈরাচারী শাসন-ব্যবস্থা সর্বত্র নিন্দিত হল এবং উদারনৈতিক মতবাদ ও গণতন্ত্র আদর্শরূপে গৃহীত হল। নেপোলিয়নের আইন-বিধির ফলে আইনের চোখে সকলে সমান, এই আদর্শ প্রবর্তিত হল। ভূমিদাস প্রথার বিলোপ সাধন ঘটে। সামাজিক ও আইনগত সাম্য প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে ধর্মীয় ক্ষেত্রে অসহিষ্ণু ও অনুদার নীতি লোপ পায়। প্রত্যেক ব্যক্তির ধর্মীয় স্বাধীনতা স্বীকৃত হল। মানুষ তার দায়িত্ব ও অধিকার সম্বন্ধে সচেতন হল।

শিক্ষা-ব্যবস্থা ও শিক্ষা-পদ্ধতিতে এক বিরাট পরিবর্তনের সূচনা হয়। প্রত্যেক দেশে জাতীয় শিক্ষা-ব্যবস্থা গড়ে ওঠে। ফরাসী বিপ্লবের ফলে ইউরোপের বিভিন্ন দেশ মধ্যযুগীয় আবহাওয়া থেকে মুক্তি পেয়ে ক্রমে গণতন্ত্রের আদর্শে উদ্বুদ্ধ এক ইউরোপের আবির্ভাব ঘটাল।

অনুশীলনী

বাস্তবভিত্তিক প্রশ্নাবলী :

১। সপ্তদশ শতাব্দীতে ইংরেজরা উত্তর আমেরিকায় কয়টি উপনিবেশ স্থাপন করেছিল? ২। ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে ঔপনিবেশিকদের কি কি অসুবিধা ছিল? ৩। "স্ট্যাম্প-অ্যাক্ট" আইনটি কি? ৪। আমেরিকার স্বাধীনতা সংগ্রামের সাল ও তারিখ কত? ৫। জন কে, কি আবিষ্কার করেছিলেন? ৬। বাষ্পচালিত রেল-এঞ্জিন কে আবিষ্কার করেছিলেন? ৭। রুশো কে? ৮। ভলতেয়ার কাদের বিরুদ্ধে সবচাইতে বেশী সোচ্চার হয়েছিলেন? ৯। মন্টেস্কু-রচিত একখানা গ্রন্থের নাম উল্লেখ কর। ১০। বাস্তিল কারাগার কত খ্রীস্টাব্দের কত তারিখে ধূলিসাৎ হয়েছিল? ১১। "গিলোটিন" কি? ১২। রোবস্পীয়ার কে? ১৩। কোন্ রণক্ষেত্রে নেপোলিয়নের চূড়ান্ত পরাজয় হয়েছিল?

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলী :

১। আমেরিকার স্বাধীনতা-যুদ্ধের ফলাফলগুলি আলোচনা কর। ২। শিল্প-বিপ্লব কাকে বলে? ৩। ইংলণ্ডের কৃষি-বিপ্লবের বিবরণ দাও। ৪। ফরাসী-বিপ্লবের স্থায়ী ফলাফলগুলি আলোচনা কর।

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্নাবলী :

১। আমেরিকার স্বাধীনতা-যুদ্ধে ঔপনিবেশিকদের সাফল্য লাভের কারণ কি?
২। শিল্প-বিপ্লবের যুগে বিভিন্ন যন্ত্রের আবিষ্কারের বিবরণ দাও।

প্রথম পরিচ্ছেদ

গণতন্ত্র ও জাতীয়তাবাদ বনাম প্রতিক্রিয়াশীল শক্তির বিরোধ

(ক) ভিয়েনা বৈঠক

১৮১৪ খ্রীস্টাব্দে নেপোলিয়ন সিংহাসন ত্যাগ করতে বাধ্য হন এবং তাঁকে এল্‌বা দ্বীপে নির্বাসিত করা হয়। যে সব রাষ্ট্র নেপোলিয়নকে পরাজিত করেছিলেন তাঁরা ভিয়েনাতে মিলিত হলেন। বুরবো বংশীয় অষ্টাদশ লুই ফ্রান্সের সিংহাসনে আরোহণ করলেন। ১৮১৫ খ্রীস্টাব্দের ১লা মার্চ নেপোলিয়ন ফ্রান্সে ফিরে এলেন। ফলে ভিয়েনা সম্মেলনের কাজ সাময়িকভাবে স্থগিত রইল। ওয়াটারলুর যুদ্ধে নেপোলিয়নকে পরাজিত করে এবং তাঁকে সেণ্ট হেলেনা দ্বীপে নির্বাসিত করে বড় শক্তিগুলি ইউরোপের পুনর্গঠনের জন্য আবার ভিয়েনাতে মিলিত হলেন (৮ই জুন, ১৮১৫ খ্রীঃ)। তুরস্ক ছাড়া ইউরোপের সব রাষ্ট্রের প্রতিনিধিরাই এই বৈঠকে যোগদান করেন। কিন্তু বৈঠকের সিদ্ধান্ত গ্রহণের দায়িত্ব প্রধানতঃ ইংলণ্ড, রাশিয়া, অস্ট্রিয়া ও প্রাশিয়ার প্রতিনিধিদের উপর অর্পিত হয়েছিল। চতুঃশক্তি মিতালি গোষ্ঠীভুক্ত এই রাষ্ট্র চারিটির প্রতিনিধিবর্গের মধ্যে সর্বাধিক ব্যক্তিত্বশালী পুরুষ ছিলেন অস্ট্রিয়ার চান্সেলার মেটারনিক। মেটারনিক ছাড়া যে সব রাজা ও রাষ্ট্রদূত এই বৈঠকে মিলিত হয়েছিলেন তাঁদের মধ্যে সর্বাধিক দৃষ্টি আকর্ষণ করেছিলেন রুশ সম্রাট প্রথম আলেকজাণ্ডার। এই সম্মেলনে উপস্থিত অন্যান্য ব্যক্তিদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন প্রাশিয়ার সম্রাট, ইংলণ্ডের প্রধানমন্ত্রী ক্যাসলরি ও প্রধান সেনাপতি ডিউক অব ওয়েলিংটন এবং ফরাসী প্রতিনিধি ট্যালেরাঁ (Talleyrand)।

নেপোলিয়নের পতনের পর ভিয়েনা বৈঠকের প্রতিনিধিরা ইউরোপের পুনর্গঠনের বিষয়ে তিনটি মূলনীতি গ্রহণ করেছিলেন—(১) ক্ষতিপূরণ; (২) দীর্ঘাধিকার স্বত্ব নীতি বা বিপ্লবের পূর্ববর্তী অবস্থার যথাসম্ভব পুনঃপ্রবর্তন এবং (৩) শক্তিসাম্যের নীতি অর্থাৎ যাতে কোন একটা রাষ্ট্র ইউরোপের শান্তি ও নিরাপত্তা ব্যাহত না করতে পারে তার জন্য উপযুক্ত সতর্কতামূলক ব্যবস্থা অবলম্বন।

ক্ষতিপূরণ নীতিঃ এই নীতি অনুসারে নেপোলিয়নের বিরুদ্ধে ইউরোপের যে রাষ্ট্রগুলি সর্বাধিক অংশ গ্রহণ করেছিল, যথা—রাশিয়া, প্রাশিয়া, ইংলণ্ড ও অস্ট্রিয়া—তারা সকলেই নূতন নূতন ভূখণ্ড লাভ করে নিজ নিজ রাজ্যসীমা বর্ধিত করল। বিজয়ী রাষ্ট্রগুলি পুরস্কার লাভ করেই ক্ষান্ত হয় নি। পরাজিত ফ্রান্স এবং তার সহকারী রাষ্ট্রগুলির বিরুদ্ধেও একাধিক শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করেছিল। সাক্সনি নেপোলিয়নের পক্ষে যোগ দিয়েছিল। এই অপরাধে তার কতকগুলি অঞ্চল কেড়ে নিয়ে প্রাশিয়ার অধিকারভুক্ত করা হল। ফ্রান্সের বিরুদ্ধে বিজয়ী শক্তিগুলি অত্যন্ত বিদ্বেষপরায়ণ ছিল এবং তাদের মধ্যে কেউ

কেউ ফ্রান্সের জাতীয় সংহতি নষ্ট করে এই দেশকে কয়েকটা খণ্ড খণ্ড রাষ্ট্রে পরিণত করতে ইচ্ছুক ছিলেন। কিন্তু শেষ পর্যন্ত ফরাসী কূটনীতিজ্ঞ ট্যালেরাঁর চেষ্টায় এই মারাত্মক নীতি বর্জন করার সিদ্ধান্ত হয়।

দীর্ঘাধিকার স্বত্ব নীতিঃ এই নীতি অনুসারে বিপ্লব যুগে বা নেপোলিয়নের শাসনকালে শাসনতান্ত্রিক বা রাষ্ট্রীয়ক্ষেত্রে যে সব পরিবর্তন হয়েছিল তা আইনানুমোদিত বা ন্যায়সঙ্গতরূপে গৃহীত হল না। মেটারনিক এবং তাঁর অনুগামীরা প্রাক্-বিপ্লব যুগ পুনঃপ্রতিষ্ঠা করতে উৎসুক ছিলেন। এই নীতি অনুসারে ষোড়শ লুই-এর ভ্রাতা অষ্টাদশ লুই ফরাসী দেশের রাজা হলেন। নেপোলিয়ন নেপলস্ ও স্পেনের যে রাজবংশকে বিতাড়িত করেছিলেন এই বংশের প্রতিনিধি দুজনকে এই দুটি রাষ্ট্রের সিংহাসনে পুনঃস্থাপিত করা হল। রোমে পোপের এবং হল্যান্ড ও সার্ডিনিয়াতেও পূর্বতন রাজবংশ দুটির আধিপত্য স্বীকার করে নেওয়া হল। জার্মানি সম্বন্ধেও এই নীতি প্রযোজ্য হল।

শক্তি-সাম্যের নীতিঃ ভবিষ্যতে ফ্রান্স যাতে ইউরোপের শান্তি ব্যাহত না করতে পারে এজন্য তাকে প্রাক্-বিপ্লব যুগের সীমানার মধ্যে গণ্ডীবদ্ধ করা হল। ফ্রান্সের উত্তর-পূর্ব দিকে বেলজিয়ামকে হল্যান্ডের সঙ্গে যুক্ত করে, পশ্চিমদিকে প্রাশিয়াকে নূতন কয়েকটি ভূখণ্ড দান করে এবং দক্ষিণ সীমান্তে জেনোয়াকে সার্ডিনিয়ার অন্তর্ভুক্ত করে ফ্রান্সের চারিপাশে কয়েকটি শক্তিশালী প্রতিবেশী রাষ্ট্র গঠন করা হল।

ভিয়েনা বৈঠকের রাষ্ট্রনায়করা মুখে উচ্চ আদর্শ সম্বলিত বহু কথা বললেও তাঁরা ছিলেন অত্যন্ত স্বার্থান্বেষী ও প্রতিক্রিয়াপন্থী। পরাজিত শত্রু রাজ্য যথাসম্ভব গ্রাস করে নিজ নিজ রাজ্যসীমা বর্ধিত করাই ছিল তাঁদের প্রধান লক্ষ্য। ফরাসী বিপ্লবের ভাবধারাকে তাঁরা সম্পূর্ণভাবে অস্বীকার করেছিলেন। ফরাসী বিপ্লব যে নূতন সামাজিক দৃষ্টিভঙ্গী ও রাজনৈতিক আশা-আকাঙ্ক্ষা জাগিয়েছিল তার প্রতি তাঁরা সহানুভূতিশীল ছিলেন না; গণতন্ত্র ও জাতীয়তাবাদের দাবিকে তাঁরা সম্পূর্ণভাবে উপেক্ষা করেছিলেন।

(খ) চতুঃশক্তি মিতালি

ভিয়েনা বৈঠকে গৃহীত বিধিব্যবস্থা অপরিবর্তিত রাখার উদ্দেশ্যে মেটারনিকের প্রস্তাবক্রমে ইংলণ্ড, রাশিয়া, প্রাশিয়া ও অস্ট্রিয়ার প্রতিনিধিদের নিয়ে **চতুঃশক্তি মিতালি** (Quadruple Alliance) নামে এক শক্তিসংঘ গঠিত হয়। ১৮১৫ খ্রীস্টাব্দ থেকে ১৮২৫ খ্রীস্টাব্দের মধ্যে চতুঃশক্তি মিতালির কয়েকটি বৈঠক বিভিন্ন সময়ে আহূত হয়েছিল। চতুঃশক্তি বৈঠকের প্রথম অধিবেশন আয়-লা-শাপেল শহরে ১৮১৮ খ্রীস্টাব্দে আহূত হয়েছিল। এই বৈঠকে ফ্রান্সকে শক্তি-সংঘের সদস্য করে নেওয়া হল এবং ইটালীর অন্তর্গত মোনাকো রাজ্যের অধিপতিকে সতর্ক করে দেওয়া হল। সংঘের দ্বিতীয় বৈঠক ট্রপোতে (১৮২০ খ্রীস্টাব্দ) ঘোষিত হয় যে, শান্তি ও নিরাপত্তা রক্ষার জন্য সম্মিলিতভাবে শক্তি-সংঘ যে কোনও রাষ্ট্রের

অভ্যন্তরীণ ও বৈদেশিক নীতিতে হস্তক্ষেপ করতে পারবে। ইংলন্ড ও ফ্রান্স এই নীতির বিরোধিতা করলেও এই প্রস্তাব অধিকাংশ সদস্যের সমর্থন লাভ করে।

নেপল্‌স-এ বুঁরবো শাসনের বিরুদ্ধে গণ-অভ্যুত্থান দেখা দিলে লাইবেকে (১৮১২ খ্রীঃ) সংঘের তৃতীয় অধিবেশনে বৈঠকের সংখ্যাগরিষ্ঠ সদস্য রাষ্ট্রগুলির সিদ্ধান্ত অনুযায়ী অস্ট্রিয়ার কর্তৃপক্ষকে এই বিদ্রোহ দমনের ভার দেওয়া হল। সংঘের চতুর্থ অধিবেশন ভেরোনায় অনুষ্ঠিত হয় (১৮২২ খ্রীস্টাব্দ)। এই বৈঠকের প্রধান আলোচ্য বিষয় ছিল গ্রীসের বিদ্রোহ এবং স্পেনে স্বেচ্ছাচারী রাজতন্ত্রের বিরুদ্ধে আন্দোলন। এই সময় আমেরিকার স্পেনীয় উপনিবেশগুলিতে বিদ্রোহ দেখা দিলে ফ্রান্সের উপর এই বিদ্রোহ দমনের ভার অর্পণ করা হয়। ইংলন্ড এই সিদ্ধান্তের তীব্র বিরোধিতা করে শেষ পর্যন্ত শক্তি-সংঘের সঙ্গে সম্পর্ক ছেদ করে। এই সময় মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট মন্‌রো পররাষ্ট্র সংক্রান্ত এক নূতন নীতি ঘোষণা করেন। **মন্‌রো নীতি** (Monroe Doctrine) নামে পরিচিত এই নীতির বক্তব্য ছিল, আমেরিকা মহাদেশের কোন ব্যাপারে বাইরের কোনও শক্তিকে হস্তক্ষেপ করতে দেওয়া হবে না। একদিকে ইংলন্ডের বিরোধিতা এবং অন্যদিকে মার্কিন সরকারের স্বার্থহীন ঘোষণা হস্তক্ষেপ-নীতি প্রয়োগের পথে যে অন্তরায় সৃষ্টি করল তা উপেক্ষা অথবা লঙ্ঘন করা শক্তি-সংঘের প্রতিক্রিয়াপন্থী সদস্যদের ছিল না। ১৮২৫ খ্রীস্টাব্দে রাশিয়ার জার প্রথম আলেকজান্ডার সেণ্ট পিটার্সবার্গে সংঘের অধিবেশন আহ্বান করে শক্তি-সংঘকে পুনরুজ্জীবিত করার চেষ্টা করেন। কিন্তু তাঁর চেষ্টা সফল হয় নি। সদস্য রাষ্ট্রগুলির মধ্যে তীব্র মতানৈক্যের ফলে মাত্র দশ বছরের মধ্যে শক্তি-সংঘের অস্তিত্ব লোপ পায়।

(গ) মেটারনিক ও তাঁর পদ্ধতি

ঊনবিংশ শতাব্দীর প্রথমার্ধে ইউরোপে সবচেয়ে প্রভাবশালী রাজনৈতিক নায়ক ছিলেন মেটারনিক। তিনি চল্লিশ বছরকাল (১৮০৯—৪৮ খ্রীঃ) অস্ট্রিয়ার প্রধানমন্ত্রী (Chancellor) ছিলেন। ভিয়েনা কংগ্রেস এবং ইউরোপীয় শক্তি-সংঘ পরিচালনার ক্ষেত্রে তাঁর নেতৃত্ব ইউরোপের রাজারা মেনে নিয়েছিলেন। এই যুগে আন্তর্জাতিক রাজনীতি ক্ষেত্রে তাঁর অসামান্য প্রতিপত্তি ছিল। ভিয়েনা কংগ্রেস থেকে ১৮৪৮ খ্রীস্টাব্দের বিপ্লবের সূচনা পর্যন্ত দীর্ঘ তেত্রিশ বছর কাল **'মেটারনিকের যুগ'** (Era of Metternic) নামে পরিচিত।

অস্ট্রিয়ার প্রতিপত্তি বৃদ্ধি এবং সেই প্রতিপত্তি প্রয়োগ করে সমগ্র বিপ্লবের গতিরোধ করাই ছিল মেটারনিকের নীতির প্রধান লক্ষ্য। সুদীর্ঘ রাজনৈতিক জীবনে এই নীতি থেকে তিনি কখনও বিচ্যুত হন নি। বিপ্লব কেবল ধ্বংস করে, সৃষ্টি করতে পারে না, এই ধারণা তাঁর মনে বদ্ধমূল হয়েছিল। ফরাসী-বিপ্লবের যুদ্ধে এবং নেপোলিয়নের দিগ্বিজয়ে তিনি বিপ্লবের ধ্বংসের দিকটাই লক্ষ্য করেছিলেন; ফরাসী-বিপ্লব যে মানুষের মনে নূতন আশা-আকাঙ্ক্ষা ও অধিকারবোধ জাগিয়ে তুলেছিল তা তিনি লক্ষ্য করেন নি। তিনি এই সিদ্ধান্তে উপনীত হয়েছিলেন

যে, ফরাসী-বিপ্লবের প্রভাব অন্যান্য দেশে ছড়িয়ে পড়লে ইউরোপের শান্তিও বিঘ্নিত করবে। যে কোনও দেশে বিপ্লবের প্রতিরোধ করা তিনি সমগ্র ইউরোপের শান্তিরক্ষার জন্য অপরিহার্য বলে মনে করতেন। তিনি এই মতবাদে বিশ্বাসী ছিলেন যে, এই প্রতিরোধের দায়িত্ব মূলতঃ অস্ট্রিয়াকেই গ্রহণ করতে হবে, কারণ অস্ট্রিয়াই সর্বপ্রথম বিপ্লবী ফ্রান্সের বিরুদ্ধে অস্ত্র গ্রহণ করে এবং নেপোলিয়নের বিরুদ্ধে সংগ্রামের শেষদিকে অস্ট্রিয়াই নেতৃত্ব গ্রহণ করে।

ভিয়েনা বৈঠকে ইউরোপের পুনর্গঠনের কাজে মেটারনিক তাঁর নীতির পূর্ণ প্রয়োগ করেন। ফরাসী-বিপ্লবের ফলে অধিকারচ্যুত রাজবংশগুলি সিংহাসনে পুনঃ প্রতিষ্ঠিত হল। নেপোলিয়নের বিরুদ্ধে সংগ্রামে বিজয়ী দেশগুলি জয়লাভের পুরস্কারস্বরূপ নূতন নূতন রাজ্যখণ্ড লাভ করল। যাতে বৃহৎ শক্তিগুলি সম্মিলিতভাবে বিপ্লবের প্রতিরোধ করতে পারে, এই উদ্দেশ্যে ভিয়েনা বৈঠকের শেষে **'ইউরোপীয় শক্তি-সংঘ'** (Concert of Europe) গঠিত হল। এই শক্তি-সংঘের প্রকৃত নায়ক ছিলেন মেটারনিক। মেটারনিকের নীতি মূলতঃ ভ্রান্ত ও অবাস্তব ছিল। ফরাসী-বিপ্লবের শেষে জাতীয়তাবাদ এবং গণতন্ত্রকে উপেক্ষা করে স্থায়িভাবে ইউরোপের রাজনৈতিক পুনর্গঠন সম্ভব ছিল না। এই কারণেই মেটারনিকের নীতি শেষ পর্যন্ত ব্যর্থ হয়েছিল।

দ্বিতীয় পরিচ্ছেদ

ইউরোপে জাতীয়তাবাদ ও গণতন্ত্র (১৮১৫-১৮৭১ খ্রীঃ)

ইটালী ও জার্মানির ঐক্যবদ্ধতার ইতিহাসঃ ভিয়েনা বৈঠকে মেটারনিক উল্লেখ করেছিলেন—"ইটালী একটা ভৌগোলিক সংজ্ঞা মাত্র" (Italy is a geographical expression)। ঊনবিংশ শতাব্দীর প্রথমদিকে ইটালী ছিল কতকগুলি বিচ্ছিন্ন, বিভক্ত ও অসংহত রাজ্যের সমষ্টি। ইটালীতে ঐক্যের লেশমাত্র ছিল না। ইটালীর উত্তরাঞ্চলে অস্ট্রিয়ার শাসন বলবৎ ছিল। পার্মা, মডেনা, টাস্কনী ও লিউকাতে অস্ট্রিয়ার হাপস্‌বার্গ বংশীয় শাসকরা শাসন করতেন। মধ্যাঞ্চলে রোমানায় পোপ শাসন করতেন। দক্ষিণ ইটালীর নেপলস্‌ ও সিসিলিতে ফরাসী বুরবো বংশের একটা শাখার শাসন কায়েম ছিল। ইটালীতে একমাত্র স্বাধীন রাজ্য ছিল সার্ডিনিয়া-পিয়েডমণ্ট। এই রাজ্যগুলি প্রায়ই পরস্পরের বিরোধিতা করত। একের সঙ্গে অপরের বাণিজ্য বা অন্য কোনও বিষয়ে যোগও ছিল না।

প্রকাশ্যে আন্দোলন পরিচালনা করা ইটালীর দেশপ্রেমিকদের পক্ষে প্রায় অসম্ভব ছিল। সেইজন্য ইটালীতে ধীরে ধীরে একাধিক গুপ্ত সমিতি গড়ে উঠল। এই গুপ্ত সমিতিগুলির মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য ছিল **'কারবোনারি'** সমিতি (Carbonari) বিদেশী শাসন উচ্ছেদ করে প্রজাতান্ত্রিক শাসন প্রবর্তন করাই ছিল কারবোনারির লক্ষ্য। এই সমিতির প্রেরণায় ১৮২০ খ্রীস্টাব্দে নেপল্‌স ও পিয়েডমণ্টে গণবিক্ষোভ দেখা দেয়। ১৮০০ খ্রীস্টাব্দে ফরাসী বিপ্লবের প্রতিক্রিয়ায় পোপের রাজ্য পার্মা ও মডেনাতে গণবিক্ষোভ দেখা দিল। প্রায় সবক্ষেত্রেই অস্ট্রিয়ার সেনাবাহিনী বিদ্রোহীদের দমন করে।

১৮৩০ খ্রীস্টাব্দের বিপ্লব ব্যর্থ হলেও জনগণের নির্ভীক আন্দোলন ও বলিষ্ঠ নেতৃত্বের কথা বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত হতে থাকে। এই পত্রিকাগুলির মধ্যে সবচেয়ে জনপ্রিয় ও প্রভাবশালী ছিল কাউন্ট কাভুর (Count Cavour) সম্পাদিত 'ইল রিস অরজিমেনতো' (Il ris Orgimento) পত্রিকা। এই পত্রিকাটি ছিল ইটালীর স্বাধীনতা ও ঐক্যবদ্ধ আন্দোলনের মুখপত্র।



ইটালীর ঐক্য আন্দোলনের প্রথম পর্বের একজন শ্রেষ্ঠ নেতা ছিলেন জোসেফ ম্যাট্‌সিনি (Joshep Mazzini)। যৌবনে কারবোনারি দলের সদস্য ম্যাট্‌সিনি নবীন ইটালী (Young Italy) দল গঠন করেছিলেন এবং একটা স্বাধীন ঐক্যবদ্ধ ইটালী গঠনের ব্যাপক আন্দোলন গড়ে তুলেছিলেন।

১৮৪৮ খ্রীস্টাব্দের বিপ্লবের ঢেউ ইটালীতে দেখা দিলে সমগ্র ইটালীতে অস্ট্রিয়া-বিরোধী অভ্যুত্থান শুরু হল। পিয়েডমন্টের রাজা চার্লস অ্যালবার্ট প্রজাদের চাপে অস্ট্রিয়ার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। তবে অস্ট্রিয়া-বাহিনী তাঁকে সহজেই পরাজিত করে। ১৮৫২ খ্রীস্টাব্দে কাভুর পিয়েডমন্টের প্রধান মন্ত্রী নিযুক্ত হন। তিনি চেয়েছিলেন, পিয়েডমন্টের রাজার নেতৃত্বে ইটালীর ঐক্য সাধন হোক্। কাভুর বুঝেছিলেন, অস্ট্রিয়াই ইটালীর প্রবলতম শত্রু। ১৮৫৪ খ্রীস্টাব্দে যখন ফ্রান্স, ইংলন্ড এবং তুরস্ক রাশিয়ার বিরুদ্ধে ক্রিমিয়ার যুদ্ধে অবতীর্ণ হল তখন পিয়েডমন্ট এই যুদ্ধে ফ্রান্সকে সমর্থন করে। ক্রিমিয়ার যুদ্ধে যোগদান করে কাভুর ফ্রান্সের কৃতজ্ঞতা অর্জন করেছিলেন। ১৮৫৮ খ্রীস্টাব্দে কাভুর ও তৃতীয় নেপোলিয়নের মধ্যে সম্পাদিত প্লঁবিয়ের চুক্তি অনুসারে তৃতীয় নেপোলিয়ন কাভুরকে অস্ট্রিয়ার বিরুদ্ধে সামরিক সাহায্য দিতে প্রতিশ্রুতিবদ্ধ হলেন। অস্ট্রিয়ার সঙ্গে সার্ডিনিয়ার যে যুদ্ধ হল তাতে অস্ট্রিয়া পরাজিত হয়ে জুরিখের সন্ধি স্বাক্ষর করল। এই সন্ধির শর্তানুসারে স্থির হল যে লম্বার্ডি পিয়েডমন্টের অধীনে থাকবে এবং টাস্কানি, পার্মা ও মডেনার পূর্বতন শাসকদের পুনঃপ্রতিষ্ঠিত করা হবে এবং পোপের অধীনে একটা ইতালীয় যুক্তরাষ্ট্র গঠন করা হবে।

ইটালীর ঐক্য এর পর গ্যারিবল্ডি সমাধা করেন। গ্যারিবল্ডি 'Red Shirts' বা লাল কোর্তা নামে একটি বাহিনী গড়ে তোলেন। তিনি তাদের যুদ্ধবিদ্যায় ও আক্রমণ প্রতিরোধে শিক্ষিত করে তুললেন। ১৮৬০ খ্রীস্টাব্দে এক হাজার 'লাল কোর্তা' বাহিনী নিয়ে তিনি সিসিলি অধিকার করেন এবং সিলিলিকে সার্ডিনিয়া পিয়েডমন্টের রাজা ভিক্টর ইমানুয়েলের হাতে অর্পণ করেন। এর পরে ইমানুয়েল "ইটালীর রাজা" আখ্যায় ভূষিত হলেন।

ভেনিস ও রোম ছাড়া ইটালীর সমস্ত অংশই ঐক্যবদ্ধ হল। ১৮৬৬ খ্রীস্টাব্দে অস্ট্রিয়া ও প্রাশিয়ার যুদ্ধে অস্ট্রিয়ার পরাজয়ের পর ভেনিসকে মুক্ত করে ইমানুয়েল (ইনি প্রাশিয়ার পক্ষে যুদ্ধে যোগ দিয়েছিলেন) ইটালীর সঙ্গে যুক্ত করলেন। ১৮৭০ খ্রীস্টাব্দে প্রাশিয়ার সঙ্গে যুদ্ধে ফ্রান্স পরাজিত হল। ফরাসী সৈন্য রোম ত্যাগ করলে ভিক্টর ইমানুয়েল রোম অধিকার করেন। দীর্ঘকাল সংগ্রামের পর ইটালী ঐক্যবদ্ধ রাষ্ট্রের মর্যাদায় প্রতিষ্ঠিত হল।

জার্মানির ঐক্যবদ্ধতার ইতিহাস

নেপোলিয়ন বোনাপার্ট দুশ'র বেশী ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্য ভেঙে ফেলে এগুলিকে নিয়ে ঊনচল্লিশটি নূতন রাজ্য গড়েছিলেন। জার্মানরা নেপোলিয়নের অধীনে ফ্রান্সের অনুরূপ শাসন ব্যবস্থার অভিজ্ঞতা লাভ করেছিল। এর ফলে জাতীয়তার ভিত্তিতে দেশগঠনের স্বপ্ন দেখতে আরম্ভ করল জার্মান জাতি।

ভিয়েনা বৈঠকে জার্মানের জাতীয়তা প্রশ্নটি সম্পূর্ণ উপেক্ষিত হল। ঊনচল্লিশটি স্বাধীন রাষ্ট্রের একটি যুক্তরাষ্ট্র গঠন করা হল জার্মানিতে। অনৈক্য, দ্বন্দ্ব, ঈর্ষা ও

পারস্পরিক অবিশ্বাস ছাড়া জার্মানিতে এই সময় আর কিছুই ছিল না। জার্মানির ঐক্যের পথে প্রবল বাধা ছিল অস্ট্রিয়া। ভিয়েনার ব্যবস্থা অনুযায়ী জার্মানির রাষ্ট্রসংঘের (Confederation) সভাপতি ছিল অস্ট্রিয়া। সুতরাং মেটারনিক জার্মানিতে প্রতিক্রিয়াশীল ব্যবস্থা কায়েম করতে এবং বিপ্লবী আন্দোলন দমন করতে



এমন সুযোগ হাতছাড়া করলেন না। জার্মানিতে কার্লসবাদ ডিগ্রী জারি করে মত-প্রকাশ, জনসভা এবং সংবাদপত্রের স্বাধীনতা প্রভৃতি কঠোরভাবে নিয়ন্ত্রণ করা হল।

১৮১৮ খ্রীস্টাব্দে প্রাশিয়ায় একটা শুল্ক-সংঘ স্থাপিত হল; একে বলা হয়

জোলভেরিন (Zollverein)। এই শুল্ক-সংঘ সব রকম অন্তর্দেশীয় শুল্ক তুলে দিল। জার্মানির সমস্ত অঞ্চলে অবাধ ও শুল্কবিহীন বাণিজ্যের প্রতিষ্ঠা হল।

১৮৩০ খ্রীস্টাব্দে ফ্রান্সের জুলাই বিপ্লবের ঢেউ জার্মানিতেও পৌঁছে গেল। বাঁসউইক, হেসে, স্যাক্সনী ও হ্যানোভার প্রভৃতি রাজ্যে উদারপন্থী আন্দোলন শুরু হল। কিন্তু অস্ট্রিয়ার প্রধানমন্ত্রীর নির্দেশে এই বিদ্রোহগুলি দমন করা হল। ১৮৪৮ খ্রীস্টাব্দে ফেব্রুয়ারী বিপ্লবের পর জার্মানির ব্যাডেনে বিপ্লব দেখা দেয়। এর পর অভ্যুত্থান হয় বার্লিনে। রাজা ফ্রেডারিক উইলিয়াম কিছু কিছু দাবি স্বীকার করে নেন। জার্মানির কিছু উদারপন্থী নেতার চেষ্টায় এর পর ফ্রাঙ্কফুর্টে পার্লামেণ্ট আহূত হয়। এই পার্লামেন্টকে জাতীয় সভা বলা যেতে পারে। এর উদ্দেশ্য ছিল সমস্ত জার্মানির জন্য যুক্তরাষ্ট্রীয় সংবিধান রচনা করা। কিন্তু প্রচুর বাগ্‌বিতণ্ডার পর এই সভা ভেঙে যায়।

১৮৬১ খ্রীস্টাব্দে প্রথম উইলিয়াম প্রাশিয়ার সম্রাট হন। অস্ট্রিয়ার দ্বারা প্রাশিয়া যেভাবে নিগৃহীত হয়েছিল তাতে উইলিয়াম এই সিদ্ধান্তে উপনীত হয়েছিলেন যে জার্মানির ঐক্যে অস্ট্রিয়ার কোনও ভূমিকা থাকবে না। ১৮৬২ খ্রীস্টাব্দে **বিসমার্ক** প্রাশিয়ার প্রধানমন্ত্রী হিসাবে কর্মভার গ্রহণ করেন। প্রথম থেকেই বিসমার্ক নিশ্চিন্ত ছিলেন যে, যে দ্বৈত প্রাধান্য (অস্ট্রিয়া ও প্রাশিয়ার প্রাধান্য) দীর্ঘকাল ধরে জার্মানির নানাবিধ ক্ষতি করছে তার অবসান করতেই হবে এবং অস্ট্রিয়াকে জার্মানির রাষ্ট্রসংঘ থেকে বের করে ঐক্য সুনির্দিষ্ট করতে হবে। বিসমার্ক বুঝতে পেরেছিলেন যে আলাপ-আলোচনা ও মীমাংসার পথ পরিহার করে যুদ্ধকেই একমাত্র পথ বলে স্বীকার করলে তবে এই লক্ষ্যে পৌঁছান যাবে।

প্রাশিয়া ও ডেনমার্কের সংযোগস্থলে শ্লেজভিগ ও হলস্টিন নামে দুটি ক্ষুদ্র রাজ্য ছিল। এগুলি ডেনমার্কের রাজার অধীন ছিল। শ্লেজভিগ ও হলস্টিন জার্মান জাতির সঙ্গে সংযুক্তির পক্ষপাতী ছিল। বিসমার্ক রাজ্য দুটিকে প্রাশিয়ার সঙ্গে যুক্ত করার জন্য প্রস্তুত হলেন। অস্ট্রিয়ার সঙ্গে চুক্তি করে বিসমার্ক ডেনমার্কের বিরুদ্ধে অগ্রসর হলেন। ১৮৬৪ খ্রীস্টাব্দের যুদ্ধে প্রাশিয়া ও অস্ট্রিয়ার যুগ্ম-বাহিনী ডেনমার্কের সেনাবাহিনীকে পরাজিত করে এবং রাজ্য দুটি অস্ট্রিয়া ও প্রাশিয়ার অধীনে চলে যায়। শ্লেজভিগ ও হলস্টিন অস্ট্রিয়া ও প্রাশিয়া দ্বৈতভাবে শাসন করবে এটা কোনক্রমেই বিসমার্কের মনঃপূত হল না। সুতরাং ১৮৬৬ খ্রীস্টাব্দে অস্ট্রিয়ার সঙ্গে প্রাশিয়ার যুদ্ধ আরম্ভ হল। সাত সপ্তাহের এই যুদ্ধে অস্ট্রিয়া স্যাডোয়ার রণাঙ্গনে অতি শোচনীয়ভাবে পরাজিত হল। এই যুদ্ধের পর প্রাশিয়ার নেতৃত্বে 'উত্তর জার্মান রাষ্ট্রসংঘ' গঠিত হল।

উত্তর জার্মানি প্রাশিয়ার নেতৃত্বে ঐক্যবদ্ধ হলেও দক্ষিণ জার্মানি তার স্বাতন্ত্র্য বজায় রাখল। ফ্রান্স দক্ষিণ জার্মানির এই স্বাধীন অস্তিত্ব অটুট রাখার জন্য সব রকম চেষ্টা করছিল। ১৮৭০ খ্রীস্টাব্দে ফ্রান্সই প্রাশিয়ার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করল। প্রাশিয়ার সামরিক ব্যবস্থা এরকম নিখুঁত ছিল যে যুদ্ধক্ষেত্রে জার্মান সৈন্যদের কোনও অসুবিধা হল না। এই যুদ্ধে ফ্রান্সের মিত্র কেউ ছিল না। অন্যদিকে দক্ষিণ জার্মানির স্বতন্ত্র রাষ্ট্রগুলি স্বেচ্ছায় ও সানন্দে প্রাশিয়ার দিকে যোগ দিল।

সেডানের রণক্ষেত্রে ফরাসী সম্রাট তৃতীয় নেপোলিয়ন পরাজিত ও জার্মানদের হাতে বন্দী হলেন। ১৮৭১ খ্রীস্টাব্দে ফ্রাঙ্কফুর্টের সন্ধি অনুসারে প্রাশিয়া লোরেন এবং আলসেসের একাংশ অধিকার করল। দক্ষিণ জার্মানির রাজ্যগুলি প্রাশিয়ার নেতৃত্ব স্বীকার করে নেবার ফলে জার্মানির ঐক্য সম্পূর্ণ হল। ১৮৭১ খ্রীস্টাব্দে ঐক্যবদ্ধ জার্মান সাম্রাজ্যের প্রতিষ্ঠা সম্পূর্ণ হল।

তৃতীয় পরিচ্ছেদ
আমেরিকার গৃহযুদ্ধ

আমেরিকা যুক্তরাষ্ট্রের উত্তরাঞ্চল ও দক্ষিণাঞ্চলের রাষ্ট্রগুলির মধ্যে অর্থনৈতিক ও রাজনৈতিক প্রতিদ্বন্দ্বিতার ফলে এই দেশে ঐক্যবোধের অভাব ছিল।

অর্থনৈতিক দিক দিয়ে বিচার করলে দেখা যায় যে আমেরিকার উত্তরাঞ্চলের রাষ্ট্রগুলি ছিল শিল্পপ্রধান এবং দক্ষিণাঞ্চলের রাষ্ট্রগুলি ছিল কৃষিপ্রধান। উত্তরাঞ্চলের রাষ্ট্রগুলি সস্তায় মজুর নিয়োগের এবং দক্ষিণাঞ্চলের রাষ্ট্রগুলি ক্রীতদাস-প্রথা অক্ষুণ্ণ রাখার পক্ষপাতী ছিল। উত্তরাঞ্চলের রাষ্ট্রগুলি শুল্ক সংরক্ষণ নীতিতে এবং দক্ষিণাঞ্চলের রাষ্ট্রগুলি অবাধ বাণিজ্যে বিশ্বাসী ছিল।

রাজনৈতিক অবস্থা বিচার করলে দেখা যায় যে উত্তরাঞ্চলের রাষ্ট্রগুলি সংখ্যা-গরিষ্ঠতা ভোগ করার ফলে যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় শাসন-ব্যবস্থায় প্রাধান্য ভোগ করত। দক্ষিণাঞ্চলের রাষ্ট্রগুলি উত্তরাঞ্চলের এই রাজনৈতিক প্রাধান্য প্রীতির চোখে দেখে নি। দক্ষিণাঞ্চলের রাষ্ট্রগুলি এই সিদ্ধান্তে উপনীত হল যে উত্তরাঞ্চলের প্রাধান্য নাশ না করতে পারলে তারা অর্থনৈতিক অধীনতা থেকে মুক্তি লাভ করতে পারবে না।

উত্তর ও দক্ষিণাঞ্চলের রাষ্ট্রগুলির মধ্যে চরম বিরোধ দেখা দিল দাস-প্রথা উপলক্ষ করে। উত্তরাঞ্চলে দাস-প্রথার বিরুদ্ধে প্রবল জনমত গড়ে উঠেছিল এবং এই অঞ্চলে দাস-প্রথা কার্যত বন্ধ হয়ে গিয়েছিল। কিন্তু দক্ষিণাঞ্চলের রাষ্ট্রগুলি কার্পাস-শিল্প রক্ষার উদ্দেশ্যে দাসপ্রথা অব্যাহত রাখতে প্রয়াসী হয়েছিল। দাস-প্রথা উচ্ছেদের প্রশ্নে উত্তর ও দক্ষিণাঞ্চলের রাষ্ট্রগুলির মধ্যে মতান্তর উপস্থিত হল। যখন দাস প্রথা-বিরোধী নেতা আব্রাহাম লিংকন আমেরিকা যুক্তরাষ্ট্রের সভাপতি নির্বাচিত হলেন, তখন এই বিরোধ চরম আকার ধারণ করে। আপস-মীমাংসার সব চেষ্টা ব্যর্থ হলে উত্তর ও দক্ষিণাঞ্চলের মধ্যে গৃহযুদ্ধ অবশ্যম্ভাবী হয়ে উঠল।

সর্বশেষে শাসনতন্ত্রের ত্রুটিবিচ্যুতিও এই গৃহযুদ্ধ অনিবার্য করে তুলেছিল। যুক্তরাষ্ট্রে যোগদানকারী রাষ্ট্রগুলির অধিকার ও দায়িত্ব সম্বন্ধে শাসনতন্ত্রে সুস্পষ্ট নির্দেশের অভাব ছিল। যোগদানকারী রাষ্ট্রগুলি প্রয়োজনে যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্ক ছিন্ন করতে পারবে কিনা সে সম্বন্ধে কোনও উল্লেখ শাসনতন্ত্রে ছিল না। দক্ষিণাঞ্চলের রাষ্ট্রগুলি দাবি করল যে যেহেতু তারা সম্পূর্ণ স্বেচ্ছায় যুক্তরাষ্ট্রে যোগ দিয়েছিল সেই কারণে যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্ক ছিন্ন করার অধিকারও তাদের আছে। উত্তরাঞ্চলের রাষ্ট্রগুলি এই দাবির যৌক্তিকতা স্বীকার করল না। এর প্রতিবাদস্বরূপ দক্ষিণী রাষ্ট্রগুলি যুক্তরাষ্ট্রের সঙ্গে সমস্ত সম্পর্ক ছিন্ন করে 'Confederacy of the South' নামে একটা স্বতন্ত্র রাষ্ট্রসংঘ গঠন করল। যুক্তরাষ্ট্র সরকার দক্ষিণাঞ্চলের রাষ্ট্রগুলির

এই বিদ্রোহী মনোভাব জাতীয় স্বার্থের অত্যন্ত পরিপন্থী বিবেচনা করে প্রত্যক্ষ সংগ্রামে অবতীর্ণ হলে আমেরিকায় গৃহযুদ্ধের সূত্রপাত হল।

আব্রাহাম লিংকনের ভূমিকা ঃ আমেরিকার রাজনৈতিক ক্ষেত্রে যেসব প্রতিভাবান ও বিশিষ্ট রাজনীতিবিদের আবির্ভাব হয়েছিল তাঁদের মধ্যে আব্রাহাম লিংকন অন্যতম। ১৮০৯ খ্রীস্টাব্দে কেন্টাকীর এক দরিদ্র পরিবারে লিংকনের জন্ম হয়েছিল। দারিদ্র্যের সঙ্গে কঠোর সংগ্রাম করার ফলে বাল্যকালে লিংকন লেখাপড়া শেখার তেমন কোনও সুযোগ পান নি। পরে নিজের চেষ্টায় নানা বিষয়ে বহু গ্রন্থ পাঠ করে সুশিক্ষিত ব্যক্তিরূপে লিংকন নিজেকে প্রতিষ্ঠিত করতে পেরেছিলেন। জীবনের প্রারম্ভে লিংকন তাঁর ভবিষ্যৎ শ্রেষ্ঠত্বের কোন প্রমাণ দিতে পারেন নি। প্রথম জীবনে লিংকন বহু জীবিকায় নিজেকে নিয়োজিত করেছিলেন। ঐ সময়ে তিনি কিছুকাল একটি ব্যবসায়ী প্রতিষ্ঠানের কেরানীরূপে ও সৈনিকরূপে আত্মনিয়োগ করেছিলেন। পরে তিনি সৈনিক বৃত্তি ত্যাগ করেন এবং ইলিনয় আইনসভার নির্বাচিত প্রতিনিধিরূপে আট বছর কাল রাজনীতি সম্বন্ধে প্রত্যক্ষ জ্ঞান অর্জন করেছিলেন। পরের দুই বছর যুক্তরাষ্ট্রে কংগ্রেসের সভ্যরূপে পরিকল্পনা বিষয়ে তিনি অভিজ্ঞতা লাভ করেছিলেন। কিছুকাল তিনি স্থানীয় একটি ডাকঘরে পোস্টমাস্টার হিসেবেও কাজ করেছিলেন।

১৮৩৬ খ্রীস্টাব্দে লিংকন আইন ব্যবসায় আরম্ভ করলেও রাজনীতি থেকে অবসর গ্রহণ করেন নি। ১৮৫৮ খ্রীস্টাব্দে তিনি যুক্তরাষ্ট্রে সিনেটের সদস্য নির্বাচিত হন। ড্রেড-স্কট মামলা এবং দাস-প্রথা উপলক্ষ করে যে তীব্র বাদানুবাদ এই সময় হয়েছিল, তিনি তাতে অংশগ্রহণ করে অপূর্ব বাগ্মিতা এবং রাজনৈতিক দূরদর্শিতার পরিচয় দিয়েছিলেন। ১৮৬১ খ্রীস্টাব্দে দক্ষিণাঞ্চলের রাষ্ট্রগুলি উত্তর আমেরিকার প্রাধান্য নাশের কামনায় যুক্তরাষ্ট্র থেকে বিচ্ছিন্ন হয়ে যখন একটি রাষ্ট্রসংঘ গঠনে উদ্যত হল তখন লিংকন আমেরিকার রাষ্ট্রপতির আসনে অধিষ্ঠিত ছিলেন।

আব্রাহাম লিংকন

দাস প্রথা বিরোধী লিংকনের চরম লক্ষ্য ছিল আমেরিকা যুক্তরাষ্ট্রের অখণ্ডতা রক্ষা করা। এজন্য তিনি দাস প্রথার সমর্থক দক্ষিণী রাষ্ট্রগুলির কতকগুলি দাবি পূরণে সম্মত ছিলেন। কিন্তু আমেরিকার রাজনৈতিক অবস্থা এই সময় এত জটিল আকার ধারণ করল যে লিংকন শেষ পর্যন্ত দাস প্রথার মূলোচ্ছেদ করতে কৃতসংকল্প হলেন। ১৮৬২ খ্রীস্টাব্দে লিংকন প্রাথমিকভাবে দাসপ্রথা উচ্ছেদের কথা ঘোষণা করেন এবং পরের বছর এক চূড়ান্ত ঘোষণা দ্বারা আমেরিকা থেকে দাস প্রথার সম্পূর্ণ বিলোপ সাধন করেন। এই ঘোষণার ফলে দক্ষিণী রাষ্ট্রগুলি অত্যন্ত দুর্বল হয়ে পড়ে। দক্ষিণাঞ্চলের বহু ক্রীতদাস মুক্তিলাভ করে উত্তরাঞ্চলের পক্ষ নিয়ে দক্ষিণী রাষ্ট্রসংঘের বিরুদ্ধে

অস্ত্রধারণ করে। এই পরিস্থিতিতে দক্ষিণের রাষ্ট্রগুলি কোন কোন বিদেশী রাষ্ট্রের সহায়তায় আপসের প্রস্তাব করে। কিন্তু লিংকন আপস প্রস্তাবে রাজী না হয়ে সর্বশক্তি প্রয়োগ করে দক্ষিণী রাষ্ট্রগুলির বিরুদ্ধে যুদ্ধ করলেন এবং শেষ পর্যন্ত তাঁর দৃঢ় মনোবলের কাছে দক্ষিণী রাষ্ট্রগুলি নতি স্বীকারে বাধ্য হল। দক্ষিণী রাষ্ট্রগুলি পরাজিত হয়ে যুক্তরাষ্ট্রে আবার যোগ দেওয়ায় যুক্তরাষ্ট্রের অখন্ডতা রক্ষা পেল। গৃহযুদ্ধের পর আমেরিকাবাসীরা যখন যুক্তরাষ্ট্রের অখন্ডতা রক্ষাকারী লিংকনের প্রতি কৃতজ্ঞতা জানানোর সুযোগ খুঁজছিল তখন উইলকিস্ বুথ নামে এক আততায়ীর গুলিতে একটি অভিনয় গৃহে তিনি নিহিত হন।

চতুর্থ পরিচ্ছেদ

ইউরোপে শিল্পায়ন (যন্ত্র সভ্যতা)

শিল্প বিপ্লবের ফলাফল ঃ যন্ত্রের যুগে শ্রমিকদের প্রতি যে অনাচার, অবিচার ও নির্মমতা দেখানো হয়, প্রথমদিকে ইউরোপের কোনও চিন্তাশীল ব্যক্তি শিল্প-বিপ্লবের এইসব কুফল সম্বন্ধে সচেতন ছিলেন না। শ্রমিকদের ন্যায্য অধিকার, মানুষের মত বাঁচার দাবি মেনে নিয়ে সহানুভূতির সঙ্গে তাদের কথা ভাববার লোক দেশে খুব কমই ছিল। শিল্প-বিপ্লবের ফলে যারা প্রচুর অর্থ উপার্জন করছিল, অর্থই ছিল তাদের একমাত্র উপাস্য ; মানুষের ভাল-মন্দ এবং সমাজ-জীবনের নানা ত্রুটি তাদের বিন্দুমাত্র বিচলিত করতে পারে নি। কতকগুলি কারখানা নিয়ে এক-একটা শিল্প-শহরের উদ্ভব হল। হাজার হাজার শ্রমিক এইসব শিল্পনগরীর বাসিন্দা হল। অস্বাস্থ্যকর, আলো-বাতাসহীন বস্তি ছিল এদের বাসস্থান। এর উপর সারাদিন অসংখ্য কলকারখানার চিমনি থেকে ধোঁয়া বের হয়ে আকাশ-বাতাস ভারাক্রান্ত করত।

শ্রমিক শ্রেণী ঃ এইসব কলে পুরুষ, নারী, বালক-বালিকা সকলেই কাজ করত। কাজের সময় কোনও নিয়ম ছিল না। মালিকরা ইচ্ছামত এই শ্রমিকদের দিয়ে দৈনিক ১৪ ঘণ্টা থেকে ১৬ ঘণ্টা খাটাত। মালিকদের সঙ্গে বোঝাপড়া করার জন্য শ্রমিকদের সংঘবদ্ধ হবার কোন উপায় ছিল না। মজুরি বাড়ানোর উদ্দেশ্যে বা কাজের সময় কমানোর উদ্দেশ্যে শ্রমিকরা পরস্পরের সঙ্গে মিলিত হলে তা আইনত দণ্ডনীয় ছিল। কলকারখানার যুগ আরম্ভ হবার আগে গ্রাম্য শিল্পী বা কৃষকের জীবনে যে স্বাধীনতা ছিল, কারখানার মজুরের জীবনে সে স্বাধীনতা লুপ্ত হল। পেটের দায়ে সে ক্রীতদাসে পরিণত হল। আজকাল আমরা যেমন পরিষ্কার-পরিচ্ছন্ন কারখানা দেখতে পাই, শিল্প বিপ্লবের প্রথম যুগে কারখানার চেহারা ছিল এর সম্পূর্ণ বিপরীত। মালিকরা ইচ্ছামত শ্রমিকদের জরিমানা করতেন। সময় সময় সস্তা মজুরিতে নারী ও শিশুশ্রমিক নিয়োগ করে মালিকরা প্রাপ্তবয়স্ক পুরুষ কর্মীদের কর্মচ্যুত করে বেকারত্বের মুখে ঠেলে দিতেন।

মার্কস্ ও এঙ্গেলস্ ঃ শিল্প-বিপ্লবের ফলে শ্রমিক শ্রেণীকে যে অবর্ণনীয় দুঃখ-দুর্দশার সম্মুখীন হতে হয় তার প্রতিকার খুঁজতে গিয়ে অনেকেই অনেক ধরনের সমাজবাদের কথা চিন্তা করেছেন। কিন্তু কার্ল মার্কসের বিশেষত্ব এই যে

তিনি সমাজবাদকে একটা ঐতিহাসিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত করতে এবং যুক্তি ও প্রমাণের সাহায্যে বৈজ্ঞানিক সত্যরূপে প্রতিভাত করতে চেষ্টা করেন।

১৮১৮ খ্রীস্টাব্দে রেনিস প্রাশিয়াতে এক ইহুদী পরিবারে কার্ল মার্কসের জন্ম হয়। বন ও বার্লিন বিশ্ববিদ্যালয়ে মার্কস্ দর্শন ও ইতিহাস অধ্যয়ন করে জেনা বিশ্ববিদ্যালয় থেকে ডক্টরেট ডিগ্রী লাভ করেন। কোনও শিক্ষায়তনে কাজ না পাওয়ায় মার্কস্ সাংবাদিকতা বৃত্তি গ্রহণ করেন। তাঁর চিন্তাধারাও বিপ্লবমুখী হয়ে ওঠে। এর ফলে তিনি জার্মানি ত্যাগ করে প্যারিসে আশ্রয় গ্রহণ করতে বাধ্য হন। এখানে ফরাসী সমাজতন্ত্রীদের সঙ্গে অবাধে মেলামেশার সুযোগ পান এবং প্যারিসেই তাঁর সহকর্মী ও অকৃত্রিম সুহৃদ এঙ্গেলসের সঙ্গে তাঁর বন্ধুত্ব হয়। ১৮৪৮ খ্রীস্টাব্দে ফ্রেডারিক এঙ্গেলসের সহযোগিতায় মার্কস্ 'সাম্যবাদীর ইস্তাহার' (Communist Manifesto) নামে যে ক্ষুদ্র পুস্তকটি প্রকাশ করেন তাকেই আধুনিক সাম্যবাদের আদিগ্রন্থ বলা হয়। পরবর্তী জীবনে তিনি 'মূলধন' 'দি ক্যাপিট্যাল' (Das Kapital) নামে এক বিরাট গ্রন্থ রচনা করেন। মার্কসীয় সাম্যবাদীদের কাছে এই গ্রন্থ "সাম্যবাদের বেদস্বরূপ"। ১৮৮৩ খ্রীস্টাব্দে মার্কসের মৃত্যু হয়। মার্কসের মতে বর্তমান জগতে পুঁজিবাদী শ্রেণী ও মজুর শ্রেণীর মধ্যে যে দ্বন্দ্ব দেখতে পাই, মানবজাতির সমগ্র ইতিহাসই এইরকম দ্বন্দ্বের ইতিহাস। বিভিন্ন যুগে পুঁজিবাদী শ্রেণী সামাজিক ঐশ্বর্য ও ক্ষমতা অধিকার করেছে; আর একশ্রেণীর একাধিপত্যের বিরুদ্ধে গড়ে উঠেছে অপর একশ্রেণী—বঞ্চিতের দল। উভয় শ্রেণীর মধ্যে শুরু হয়েছে সংঘর্ষ এবং এই সংঘর্ষের ফলে সুবিধাভোগী শ্রেণীর কাছ থেকে নিজেদের জন্য সুবিধা কেড়ে নিয়েছে বঞ্চিত শ্রেণী।

কার্ল মার্কস্

ফ্রেডারিক এঙ্গেলস্ (১৮২০—১৮৯৫ খ্রীস্টাব্দ) মার্কসের সহযোগীরূপে ১৮৪৪ খ্রীস্টাব্দ থেকেই লিখতে আরম্ভ করেন। যুগ্মভাবে তাঁরা 'কমিউনিস্ট মেনিফেস্টো' গ্রন্থ প্রকাশ করেন; এঙ্গেলসের মতে, মার্কসীয় বস্তুবাদ বৈজ্ঞানিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত। পৃথিবীর যাবতীয় ঘটনাবলী পরস্পর সম্পর্কযুক্ত হওয়ায় কোন একটি ঘটনাকে প্রাকৃতিক ও সামাজিক বিবর্তন থেকে বিচ্ছিন্ন করা সম্ভব নয়।

মার্কস্ ও এঙ্গেলসের মৃত্যু হয়েছে প্রায় একশ বছর আগে। কিন্তু তাঁদের প্রচারিত সাম্যবাদী মতবাদ ও আদর্শ আজ সারা পৃথিবীতে ছড়িয়ে পড়েছে। রাশিয়া, পূর্ব ইউরোপ, চীন, ভিয়েতনাম, কিউবা ও আফ্রিকা মহাদেশে সাম্যবাদের ভিত্তিস্থল গড়ে উঠেছে। সরকার ও সমাজ-ব্যবস্থায় শোষণের নীতি চিরতরে বিলুপ্তির পথে। মার্কস্ ও এঙ্গেলসের মতবাদের সার্থকতা এখানেই।

অনুশীলনী

বাস্তবভিত্তিক প্রশ্নাবলী:

১। নেপোলিয়নের পতনের পর ইউরোপীয় রাষ্ট্র-ব্যবস্থা পুনর্গঠনের জন্য কোথায় বৈঠক আহূত হয়েছিল? ২। মেটারনিক কে? ৩। চতুঃশক্তি সম্মেলনের চুক্তিপত্র কাদের মধ্যে সম্পাদিত হয়েছিল? ৪। ভিয়েনা বৈঠকে সবচেয়ে প্রভাবশালী ব্যক্তি কে ছিলেন? ৫। ম্যাট্‌সিনি কে? ৬। কাভুর কে? ৭। ভিক্টর ইমানুয়েল কে? ৮। বিসমার্ক কে? ৯। কার্ল মার্কস্ কোন্ দেশের লোক ছিলেন? **১০। ফ্রেডারিক এঙ্গেলস্ কে?**

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলী:

১। ভিয়েনা বৈঠকে কি কি নীতি গৃহীত হয়েছিল? ২। চতুঃশক্তি সম্মেলনে যে চারটি প্রধান বৈঠক ডাকা হয়েছিল তাদের নাম উল্লেখ কর। ৩। মেটারনিকের আদর্শ ও চরিত্র বর্ণনা কর। ৪। আমেরিকা যুক্তরাষ্ট্রের দক্ষিণী রাষ্ট্রগুলি দাসপ্রথা অব্যাহত রাখতে চেয়েছিল কেন? ৫। 'কমিউনিস্ট মেনিফেস্টো' গ্রন্থে মার্কস্ ও এঙ্গেলস্ কি মতবাদ প্রচার করেছিলেন?

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্নাবলী:

১। ভিয়েনা বৈঠকের কি কি ত্রুটি ছিল? ২। মেটারনিক কিভাবে প্রাক্-বিপ্লব যুগের রাষ্ট্রীয় কাঠামো অব্যাহত রাখতে সচেষ্ট হয়েছিলেন? ৩। সমাজতন্ত্রবাদের উদ্ভব কিভাবে হয়েছিল? ৪। কার্ল মার্কস্ ও ফ্রেডারিক এঙ্গেলসের মতবাদগুলি আলোচনা কর।

রচনাত্মক প্রশ্নাবলী:

১। ভিয়েনা বৈঠকের কার্যাবলী আলোচনা কর। ২। চতুঃশক্তি সম্মেলনে রাষ্ট্রগুলির মধ্যে কিভাবে পারস্পরিক অবিশ্বাস ও স্বার্থগত বিরোধ দেখা দিয়েছিল? ৩। ইটালীর ঐক্যবদ্ধতার ইতিহাস সংক্ষেপে আলোচনা কর। ৪। জার্মানি কিভাবে ঐক্যবদ্ধ রাষ্ট্রের মর্যাদা লাভ করেছিল? ৫। আমেরিকার গৃহযুদ্ধের কারণগুলি সংক্ষেপে বর্ণনা কর। ৬। আব্রাহাম লিংকন সম্বন্ধে কি জান? ৭। ইউরোপের শিল্পায়নের সংক্ষিপ্ত পরিচয় দাও।

মৌখিক প্রশ্নাবলী:

১। নেপোলিয়নের পতনের পর কোন্ ফরাসী সম্রাট ফ্রান্সের সিংহাসনে আরোহণ করেন? ২। নেপোলিয়ন শেষ পর্যন্ত কোথায় নির্বাসিত হয়েছিলেন? ৩। ইউরোপের কোন্ রাষ্ট্রটি ভিয়েনা সম্মেলনে যোগ দেয় নি? ৪। শক্তিসাম্য নীতি পালন করতে গিয়ে বেলজিয়ামনকে কোন্ দেশের সঙ্গে যুক্ত করা হয়েছিল? ৫। চতুঃশক্তি সম্মেলনের প্রথম অধিবেশন কত খ্রীস্টাব্দে কোন্ শহরে আহূত হয়েছিল? ৬। মন্‌রো নীতির বক্তব্য কি ছিল? ৭। কোন্ সময়টি 'মেটারনিকের যুগ' নামে পরিচিত? ৮। 'কারবোনারি' সমিতি কোথায় গড়ে উঠেছিল? ৯। কাউণ্ট কাভুর সম্পাদিত পত্রিকাটির নাম কি ছিল? ১০। গ্যারিবল্ডি যে বাহিনীটি গড়ে তুলেছিলেন তার নাম কি? ১১। "জোলভেরিন" কি? ১২। কত খ্রীস্টাব্দে জার্মান ঐক্যবদ্ধ সাম্রাজ্যের মর্যাদা লাভ করেছিল?

শূন্যস্থান পূরণ কর:

১। মেটারনিক ছিলেন — চ্যান্সেলার। ২। গ্যারিবল্ডি ছিলেন — এক খ্যাতনামা বিপ্লবী। ৩। ১৮৬২ খ্রীস্টাব্দে বিসমার্ক — — প্রধান মন্ত্রী হিসাবে কর্মভার গ্রহণ করেন। ৪। অস্ট্রিয়া ও প্রাশিয়ার মধ্যে — — খ্রীস্টাব্দে যুদ্ধ হয়।

দশম অধ্যায় | চীন ও জাপানের ইতিহাস

প্রথম পরিচ্ছেদ

পাশ্চাত্যের আঘাতে চীনের রুদ্ধদ্বার উন্মোচন

চীনদেশে বিদেশীদের আগমন স্মরণাতীতকাল থেকেই চলে এসেছে। চীনাদের সঙ্গে এইসব আগন্তুকের সম্পর্ক ছিল সৌহার্দ্যপূর্ণ। কিন্তু চীনের মাঞ্চু শাসকরা প্রথম থেকেই ইউরোপীয়দের সন্দেহের দৃষ্টিতে দেখতে আরম্ভ করেন। চীন সাম্রাজ্যের বিশাল আয়তন, বিপুল জনসংখ্যা এবং সুপ্রাচীন সভ্যতার পীঠস্থানরূপে চীনের খ্যাতির জন্য মাঞ্চুশাসকরা বিশেষ গর্ববোধ করতেন। চীনের অতুল ঐশ্বর্য ও সমৃদ্ধির কথা ইউরোপীয় বণিক সমাজের অজ্ঞাত ছিল না। ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগ থেকেই পাশ্চাত্য জাতিগুলি চীনের অর্থনৈতিক ক্ষেত্রে নিজ নিজ প্রাধান্য বিস্তারের সংকল্প নিয়ে চীনের ভিতরে প্রবেশ করতে থাকে। এই ব্যাপারে প্রধান উদ্যোক্তা ছিল ইউরোপের কতকগুলি দেশ ও আমেরিকা যুক্তরাষ্ট্র।

অহিফেন যুদ্ধ, নানকিং-এর সন্ধি (১৮৪০-১৮৪২ খ্রীঃ): অষ্টাদশ শতাব্দীতে শিল্প-বিপ্লবের ফলে অতিরিক্ত শিল্পদ্রব্য ইংলণ্ড বিদেশে চালান দিয়ে বিক্রীর সুবিধা খোঁজবার চেষ্টা করেছিল। ইংরেজরা ভারতবর্ষে সাম্রাজ্য বিস্তার করেই নিশ্চেষ্ট ছিল না; তারা ভারতবর্ষের বাইরে প্রাচ্য মহাদেশের বিভিন্ন এলাকায় বাণিজ্য বিস্তারে সচেষ্ট ছিল। শেষ পর্যন্ত ইস্ট ইণ্ডিয়া কোম্পানী চীনদেশেও ইংরেজদের একচেটিয়া ব্যবসা-বাণিজ্য প্রতিষ্ঠা করেছিল। এই কোম্পানী চীনদেশে অহিফেন বা আফিং* চালান দিয়ে প্রচুর অর্থ উপার্জন করত। ইংরেজরা অর্থের লোভেই এই পাপ ব্যবসা চালাত। কিন্তু ১৮৩৯ খ্রীস্টাব্দে চীনা সরকার চীনে আফিং আমদানি নিষিদ্ধ ও ইংরেজদের পাচার করা আফিং বাজেয়াপ্ত করে। ১৮০০ খ্রীস্টাব্দে আফিং আমদানি নিষিদ্ধ করে একটি সরকারী আদেশ ঘোষণা করা হল। কিন্তু যেহেতু এই ব্যবসাটি ছিল অত্যন্ত লাভজনক, তাই ইংরেজ বণিকেরা চীনের রাজকর্মচারীদের ঘুষ দিয়ে বে-আইনীভাবে পাচার করতে থাকে। কিন্তু চীনা সরকার আফিং পাচার বন্ধ করতে কৃতসংকল্প ছিল এবং সেই উদ্দেশ্যে লিন নামে এক সুযোগ্য কর্মচারীকে কমিশনার করে ক্যানটনে পাঠানো হল। লিন বিদেশীদের কুঠিগুলি অবরোধ করে সেগুলিতে খাদ্যের সরবরাহ বন্ধ করে দিলেন। বে-আইনীভাবে আমদানি করা বিশ হাজার বাক্স ভর্তি আফিং লিনের হাতে তুলে দেওয়া হল; তিনি সেগুলো ধ্বংস করলেন।

---

* আফিং চীনদেশে ফু-কিয়েন (Fukien) প্রদেশে ম্যালেরিয়া প্রভৃতি কতকগুলি রোগের প্রতিষেধকরূপে ব্যবহৃত হত এবং প্রথমে স্বাভাবিক অনৈতিকতারূপে পরিগণিত হত না। ১৬২৪ খ্রীস্টাব্দে ওলন্দাজরা সর্বপ্রথম ফরমোজায় পাইপে তামাকের সঙ্গে আফিং মিশিয়ে এবং পরে কেবল আফিং-এর ধূমপান করতে থাকে। মাদকতার জন্য আফিং-এর ধূমপান চীনদেশের সর্বত্র দ্রুত প্রসারলাভ করে এবং এই দেশের সর্বশ্রেণীর লোক—অভিজাত, ধনী, নির্ধন যারাই এর খরচ যোগাতে পারত, তারাই এই বদভ্যাসের শিকার হল।

ইংরেজরা হংকং দ্বীপে আশ্রয় নিল। লিনের কঠোর ব্যবস্থা ইংরেজদের একেবারেই মনঃপূত হয় নি।

১৮৩৯ খ্রীস্টাব্দে হংকং-এর কাছে ব্রিটিশ ও চীনা নৌবাহিনীর মধ্যে যুদ্ধ হয় (**প্রথম অহিফেন যুদ্ধ**)। উভয় পক্ষের মধ্যে এরকম নৌযুদ্ধ তখন থেকে কয়েক বছর ধরে চলতে থাকে, আবার তারই মাঝে আপসের কথাবার্তাও চলত। ব্রিটিশ নৌবহর ক্যান্টন থেকে ইয়াং-সি পর্যন্ত বন্দরগুলির উপর আক্রমণ চালাতে থাকে। শেষ পর্যন্ত নানাকিং-এ ইংরেজ ও চীনা রাজশক্তির মধ্যে সন্ধি স্থাপিত হল। (**নানকিং-এর সন্ধি ১৮৪২ খ্রীস্টাব্দ**)। এই সন্ধির শর্তগুলি ছিল নিম্নরূপ ঃ (১) বিদেশীদের বসবাস ও বাণিজ্যের জন্য ক্যান্টন সাংহাই, অ্যাময় নিংপো ও ফুচো—এই পাঁচটি বন্দর উন্মুক্ত করা হল। (২) নৌ-ঘাঁটি ও বাণিজ্য স্থাপনের জন্য ইংরেজকে হংকং দ্বীপ ছেড়ে দেওয়া হল। (৩) চীনা রাজপুরুষদের সমান মর্যাদা ইংরেজ কর্মচারীদের দ্বারা দান। (৪) লিন কর্তৃক বিনষ্ট আফিং-এর মূল্য ও ক্ষতিপূরণ দান। নানকিং-এর সন্ধি স্বাক্ষরিত হবার পর ইংলন্ড ও ইউরোপের অন্যান্য দেশের বণিক সম্প্রদায় সংঘবদ্ধভাবে চীনের অর্থনৈতিক ক্ষেত্রে নিজ নিজ প্রাধান্য বিস্তারে প্রয়াসী হল। একে একে ফ্রান্স, হল্যান্ড বেলজিয়াম, পোর্তুগাল প্রাশিয়া প্রভৃতি রাষ্ট্র চীনের আসরে অবতীর্ণ হল। আমেরিকা যুক্তরাষ্ট্রও এই দলে যোগদান করল।

চীনে আফিং চালান কিন্তু বন্ধ হয়নি। ১৮৩০ খ্রীস্টাব্দে পিকিং-এর সন্ধি দ্বারা আফিং আমদানি আইনসম্মতভাবে বে-আইনী করা হয়েছিল। আফিং সেবনের অনিষ্টকর পরিণামের বিষয় উল্লেখ করে স্বয়ং চীনা সম্রাট তদানীন্তন ইংলন্ডের রানী ভিক্টোরিয়াকে আফিং-এর চালান বন্ধ করার জন্য অনুরোধ জানিয়ে একটি চিঠি লিখেছিলেন। সম্রাট সে চিঠির জবাব পেলেন না।

দ্বিতীয় অহিফেন যুদ্ধ, টিয়েনসিনের সন্ধি (১৮৫৮ খ্রীস্টাব্দ) ঃ ১৮৫৬ খ্রীস্টাব্দে জনৈক ফরাসী রোমান ক্যাথলিক ধর্মপ্রচারককে চীনা সরকার প্রাণদণ্ডে দণ্ডিত করে। ফলে ফ্রান্স চীনের উপর অত্যন্ত বিক্ষুব্ধ হয়। ইতিমধ্যে একটি ব্রিটিশ জাহাজ চোরাই আফিং চালান করার সময় চীনা কর্তৃপক্ষ কর্তৃক আটক হয়। এই ঘটনাকে উপলক্ষ করে ইংলন্ডের সঙ্গে চীনের প্রবল মতান্তর উপস্থিত হয়। ইংলন্ড ও ফ্রান্স একযোগে ১৮৫৭ খ্রীস্টাব্দে চীনের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে (**দ্বিতীয় অহিফেন যুদ্ধ**)। এই যুদ্ধের জন্য চীন একেবারেই প্রস্তুত ছিল না। ইংলন্ড ও ফ্রান্সের সম্মিলিত বাহিনী বিনা বাধায় পিকিং অভিমুখে অগ্রসর হলে চীনা সম্রাট আতঙ্কিত হয়ে সন্ধির প্রস্তাব করে পাঠালেন। উভয়পক্ষের সম্মতিক্রমে **টিয়েনসিনের সন্ধিপত্র** স্বাক্ষরিত হল (১৮৫৮ খ্রীস্টাব্দ)। এই সন্ধির শর্তানুসারে কাউলুন (Kowloon) বন্দর ইংরেজদের হাতে ছেড়ে দেওয়া হল এবং এগারটি নূতন বন্দরে চীনের বাণিজ্যিক অধিকার স্বীকার করে নেওয়া হল। ইউরোপীয় বণিকদের অবাধ বাণিজ্যের অধিকার স্বীকার করে নেওয়া হল। ইংলন্ড ও ফ্রান্সকে যুদ্ধের ক্ষতিপূরণ বাবদ চীনা সরকারকে প্রভূত অর্থদান করতে বাধ্য করা হয়। পাসপোর্টধারী বিদেশীদের চীনের অভ্যন্তরে ভ্রমণের অবাধ সুবিধা দেওয়া হল। এই সন্ধিপত্রের সর্বাধিক উল্লেখযোগ্য শর্ত হল বিদেশী জাতিগুলির অতিরাষ্ট্রিক ক্ষমতা (Extra-territorial

rights) লাভ। এই ক্ষমতার ফলে বিদেশীগণ চীনা সরকারের অধীন না থেকে নিজ নিজ রাষ্ট্রের অধীন থাকবে, এই সিদ্ধান্ত গৃহীত হল। এর ফলে চীনের সার্বভৌমত্ব ও মর্যাদা বিশেষভাবে ক্ষুণ্ণ হল। উপর্যুপরি দুটি যুদ্ধে পরাজয়ের ফলে চীনের অভ্যন্তরীণ দুর্বলতা প্রকট হল এবং পাশ্চাত্য শক্তিগুলি অত্যন্ত উৎসাহের সঙ্গে চীনের আসরে অবতীর্ণ হল। চি-ফু বন্দোবস্তের ফলে ইয়াংসি উপত্যকায় ইংলণ্ডের একচ্ছত্র বাণিজ্যের অধিকার প্রতিষ্ঠিত হল।

১৮৬০ খ্রীস্টাব্দ থেকে ১৮৯৫ খ্রীস্টাব্দের মধ্যে চীনে পাশ্চাত্য শক্তিবর্গ বিশেষত জাপান ও রাশিয়া অর্থনৈতিক সুযোগ-সুবিধা আদায়ে সচেষ্ট হল। চীনের অভ্যন্তরে বিভিন্ন অঞ্চলে ইউরোপীয় শক্তিগুলি নিজ নিজ প্রভাবিত অঞ্চল গড়ে তুলল এবং চীনের বাইরে চীনের যেসব উপনিবেশ ছিল সেগুলি অধিকার করতেও সচেষ্ট হল। ফরাসীরা কোয়াংসিতে, জাপানীরা ফুকিয়েনে, ইংরেজরা ইয়াংসি উপত্যকায় এবং রাশিয়া মাঞ্চুরিয়ায় নিজেদের প্রভাবিত অঞ্চল গড়ে তুলেছিল। আমেরিকা যুক্তরাষ্ট্র চীনে কেবল ব্যবসা-বাণিজ্য করতেই আগ্রহী ছিল; চীনে ইউরোপীয় রাষ্ট্রগুলি ও জাপানের মত আমেরিকার ভৌমিক অধিকার প্রতিষ্ঠা লক্ষ্য ছিল না। আমেরিকার এই আশংকা হল যে এই রাষ্ট্রগুলি চীনে শুল্ক-প্রাচীর তুলে চীনদেশের ব্যবসা-বাণিজ্য থেকে তাকে বঞ্চিত করবে। রেলপথে চীনের সর্বত্র আমেরিকার ব্যবসায়ীরা যাতে ভ্রমণ করতে পারে তার প্রস্তাব আমেরিকা দিয়েছিল। শেষ পর্যন্ত আমেরিকা 'উন্মুক্ত-দ্বার নীতি' (Policy of open Door) প্রচার করল। ১৮৯৯ খ্রীস্টাব্দে আমেরিকার স্বরাষ্ট্র-সচিব জন হে (John Hay) ইংলণ্ড, জার্মানি, রাশিয়া, জাপান, ইটালী এবং ফ্রান্সের কাছে প্রস্তাবে বললেন যে চীনে সকল রাষ্ট্রের বাণিজ্যের সমান সুযোগ থাকবে এবং সমহারে তারা শুল্ক-কর দেবে। রাশিয়া ছাড়া সব রাষ্ট্রই আমেরিকার প্রস্তাবিত 'উন্মুক্ত-দ্বার নীতি' গ্রহণ করল। এর ফলে পাশ্চাত্য জাতি-গুলির মধ্যে আত্মঘাতী অন্তর্কলহ দূর হল এবং সাময়িকভাবে চীনের স্বাতন্ত্র্য লোপের সম্ভাবনাও লোপ পেল।

দ্বিতীয় পরিচ্ছেদ

চীনে বিপ্লব ও সাধারণতন্ত্রের প্রতিষ্ঠা

চীনের বুকে পাশ্চাত্য শক্তিগুলির আঞ্চলিক প্রভাব ও অধিকার স্থাপন এই দেশকে এক কঠিন সংকটের মুখে ফেলেছিল। নিরুপায় চীন পাশ্চাত্য শক্তিগুলির সমস্ত দাবিই মেনে নিতে বাধ্য হল। সম্রাট তাও-কুয়াং-এর শাসনকালে এক মারাত্মক খরা জনসাধরণের দুর্গতি বৃদ্ধি করে এবং তিনটি প্রদেশের অধিবাসীরা বিদ্রোহী হয়। তাও-কুয়াং-এর পরবর্তী শাসক সিয়েন-ফেং ছিলেন অপদার্থ ও আরামপ্রিয়। সিয়েন-ফেং-এর মৃত্যুর পর তাঁর বুদ্ধিমতী ও উচ্চাকাঙ্ক্ষী বিধবা রানী ৎসুশী চীনের শাসনকার্য পরিচালনা করতে থাকেন।

তাইপিং বিদ্রোহ (১৮৫৩ খ্রীস্টাব্দ): ১৮৫১ খ্রীস্টাব্দে হুং-সিন্ চুয়াং (Hung Hsin Chuang) নামে একজন নেতার পরিচালনায় চীনে এক আন্দোলন আরম্ভ হয়। হুং-এর উদ্দেশ্য ছিল মাঞ্চু রাজবংশকে বিতাড়িত করে চীনে এক

ধর্মরাজ্য স্থাপন করা। এই আন্দোলনের রূপ ছিল আংশিক রাজনৈতিক এবং আংশিক ধর্মীয়। চীনের দক্ষিণাঞ্চলেই আন্দোলনকারীদের প্রভাব ছিল বেশী। হুং কোয়াটুং প্রদেশের অধিবাসী ছিলেন। পন্ডিত ও উচ্চাকাঙ্ক্ষী হুং কমপক্ষে অন্তত তিনবার প্রাদেশিক কর্মচারী নিয়োগের জন্য প্রতিযোগিতামূলক পরীক্ষায় অকৃতকার্য হয়েছিলেন, যদিও লেখাপড়ায় তাঁর কৃতিত্ব সম্বন্ধে সন্দেহের কোনও অবকাশ ছিল না। এর পর তিনি একটা পৌত্তলিকতা-বিরোধী ধর্ম প্রতিষ্ঠায় উদ্বুদ্ধ হয়েছিলেন। খ্রীস্টধর্ম প্রচারকদের সান্নিধ্যে আসায় তাঁর এই ধর্মে কিছু খ্রীস্টান আদর্শের অনুপ্রবেশ ঘটেছিল। নিজের প্রদেশ কোয়াটুং-এ কিছু অনুগামী লাভ করার পর তিনি কোয়াংসি প্রদেশে চলে যান এবং সেখানে তাঁর ধর্ম প্রচার করতে থাকেন। হুং নিজেকে 'স্বর্গীয় রাজা' (Heavenly King) রূপে ঘোষণা করেন। এর পর সমগ্র অনুচরদের নিয়ে উত্তরাভিমুখে তিনি অগ্রসর হতে থাকেন এবং তাঁর অনুচরের সংখ্যা ক্রমশ বৃদ্ধি পেতে থাকে। তারা সাময়িকভাবে নানকিং দখল করতেও সমর্থ হয়েছিল। নানকিংই ছিল স্বর্গীয় রাজার শেষ অভিযানস্থল, যদিও তাঁর কিছু অনুচর টিয়েনসিন পর্যন্তও অগ্রসর হয়েছিল, কিন্তু শীঘ্রই তারা ইয়াংসি উপত্যকায় প্রত্যাবর্তন করতে বাধ্য হয়। দীর্ঘ তের বছর কাল আন্দোলন চলার পর চীনের কর্তৃপক্ষ বিদেশীদের সাহায্যে ১৮৬৪ খ্রীস্টাব্দে এই বিদ্রোহ দমন করেন। বিদ্রোহ দমনে কৃতিত্বপূর্ণ অংশ গ্রহণ করেছিলেন ব্রিটিশ সেনাপতি গর্ডন (Gordon)।

শত দিনের সংস্কার (১৮৯৮ খ্রীস্টাব্দ): ১৮৪২, ১৮৫৮-১৮৬০ এবং ১৮৯৫ খ্রীস্টাব্দে বিদেশী শক্তিবর্গের হাতে চীন পরাজিত হয়েছিল। ১৮৯৭ খ্রীস্টাব্দে সানটুং দখল করে জার্মানরা 'চীনা তরমুজ' অর্থাৎ চীনকে টুকরো টুকরো করে গ্রাস করতে চাইল। এই সময় সরকারী কর্মচারীরা দুর্নীতিগ্রস্ত এবং অযোগ্য ছিল। কর্মচারীরা সরকারী অর্থ আত্মসাৎ করে নিজেদের আরামের জন্য ব্যয় করত, চাকরি কেনা-বেচা করত। কুয়াটুং প্রদেশের অধিবাসী কাং-ওয়ে-উই (যিনি 'আধুনিক যোগী' আখ্যা লাভ করেছিলেন) নিয়মতান্ত্রিক রাজতন্ত্র এবং সরকারের বিভিন্ন বিভাগে সংস্কার প্রবর্তনের দাবি সোচ্চার করেছিলেন।

জাপানের হাতে চীনের পরাজয়ের পর সম্রাট কুয়াংসু সংস্কারমুখী হয়ে পড়েছিলেন এবং পাশ্চাত্য ভাবধারা, প্রতিষ্ঠানসমূহ ও রীতি-নীতিতে উৎসাহ দেখাতে থাকেন। কাং-ওয়ে-উইর প্রভাবে সম্রাট ১৮৯৮ খ্রীস্টাব্দের গ্রীষ্মকালের অনুশাসনের মাধ্যমে কতকগুলি সংস্কার প্রবর্তন করেন। এই সংস্কারগুলির অন্তর্ভুক্ত ছিল শিক্ষা ও পরীক্ষা ব্যবস্থার পরিবর্তন, একটা অনুবাদ দপ্তর প্রতিষ্ঠা, অসংখ্য অপ্রয়োজনীয় পদের বিলুপ্তি সাধন, সামরিক বাহিনীর পুনর্গঠন এবং বিভিন্ন ক্ষেত্রে প্রগতিশীল সংস্কার। সম্রাট কুয়াং-সু প্রথম থেকেই এই সংস্কার প্রচেষ্টায় তীব্র বাধার সম্মুখীন হলেন। যতই সময় যেতে লাগল ততই সম্রাট প্রতিরোধের সম্মুখীন হলেন। শেষ পর্যন্ত বৃদ্ধা বিধবা সম্রাজ্ঞী ৎসুশী (Tsu Shi) প্রাচীনপন্থীদের প্ররোচনায় সম্রাটের বিরুদ্ধে যান। তাঁর আদেশে সম্রাট সারাজীবনের জন্য কারারুদ্ধ হলেন। এর ফলে সংস্কার প্রচেষ্টা ব্যর্থতায় পর্যবসিত হল। কুয়াং-সুর প্রধান পরামর্শদাতা কাং-ওয়ে-উই পিকিং থেকে পালিয়ে জাপানে আশ্রয় গ্রহণ করলেন। তাঁর বহু

অনুচরও পলায়ন করল কিন্তু অনুচরদের অনেককেই বন্দী ও হত্যা করা হল। কুয়াং-সীর সংস্কার একশ দিনের মধ্যে প্রবর্তন করা হয়েছিল বলে এই সংস্কার প্রচেষ্টাকে "শত দিনের সংস্কার" আখ্যা দেওয়া হয়েছে।

বক্সার (মুষ্টিযোদ্ধা) বিদ্রোহঃ বিদেশীদের মধ্যে ভাগাভাগির ফলে চীন সাম্রাজ্যের পূর্ণ বিলুপ্তির যে আশঙ্কা দেখা দিয়েছিল তা রোধ করার পক্ষে এই সময় চীনের বক্সার বিদ্রোহও বহুল পরিমাণে কার্যকর হয়েছিল। ১৯০০ খ্রীস্টাব্দে চীনের দেশপ্রেমিকদের দ্বারা সংঘটিত এই আন্দোলনের উদ্দেশ্য ছিল বিদেশী বিতাড়ন। তাঁরা গোপনে সশস্ত্র বিপ্লবের আয়োজন করেছিলেন, মুষ্টিযুদ্ধের আখড়া খুলে বিপ্লবের আয়োজনকে আড়ালে রেখেছিলেন। বিদেশীদের বিরুদ্ধে এবং বিদেশী রীতি-নীতির বিরুদ্ধে চীনের সর্বত্র বিক্ষোভ দেখা দিল। কৃষ্টির দিক থেকে চীনের উৎকর্ষ চীনবাসীদের মোহগ্রস্ত করে রেখেছিল। বিদেশী অনুপ্রবেশের ফলে বিক্ষুব্ধ চীনারা তাদের দেশের দুর্ভাগ্যের জন্য বিদেশীদের দায়ী করতে থাকে। ১৮৬০ খ্রীস্টাব্দের এক সন্ধি দ্বারা খ্রীস্টান ধর্মযাজকরা চীনের অভ্যন্তরে বসবাস ও ধর্মপ্রচারের অনুমতি পেয়েছিলেন। ধর্মযাজক ও তাঁদের দীক্ষিত জনগণকে ব্যাপকভাবে হত্যা করে বিদ্রোহীরা চীনের দুর্ভাগ্য দূরীকরণের চেষ্টা করেছিল। প্রথমে মুষ্টিযোদ্ধাদের গোষ্ঠীগত যুদ্ধনাদ ছিল, "রাজতন্ত্রের উচ্ছেদ কর, বিদেশীদের ধ্বংস কর।" ১৮৯৯ খ্রীস্টাব্দ থেকে রক্ষণশীল চীনা ও মাঞ্চু রাজকর্মচারীরা বক্সার নেতাদের পৃষ্ঠপোষকতা আরম্ভ করলে তাঁরা জিগির তুলল, 'রাজতন্ত্রকে সমর্থন কর, বিদেশীদের ধ্বংস কর'। চীনের তদানীন্তন অর্থনৈতিক দুরবস্থা ও প্রাকৃতিক বিপর্যয়ও বিদ্রোহীদের ইন্ধন যুগিয়েছিল। গুরু করভারে জর্জরিত চীনদেশের অধিবাসীরা ১৮৯৮ খ্রীস্টাব্দে চীনের ব্যাপক অঞ্চলে পরিব্যাপ্ত এক মারাত্মক বন্যায় অতি শোচনীয়ভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল। দেশের নানা স্থানে বিদেশীদের উপর আক্রমণ চলতে লাগল। নানা গুপ্ত সমিতি এই বিদ্রোহে যোগ দিয়ে এর শক্তি বৃদ্ধি করে; তাদের মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য গুপ্ত সমিতির নাম ছিল, "মুষ্টিযোদ্ধা সমিতি" বা "Boxer Society"। এই থেকেই বিদ্রোহের নামকরণ হয় 'বক্সার বিদ্রোহ'। ১৯০০ খ্রীস্টাব্দের মধ্যভাগে এই বিদ্রোহ সর্বাধিক বিস্তৃতি লাভ করে। পিকিং, টিয়েনসিন প্রভৃতি শহরে বিদ্রোহীদের প্রাধান্য স্থাপিত হয়। বিদেশীদের উপর ব্যাপক আক্রমণ চলতে থাকে। বিদ্রোহীদের হাতে যেসব বিদেশী নিহত হন তাঁদের মধ্যে জার্মান ও জাপানী রাষ্ট্রদূতও ছিলেন। ছয় সপ্তাহ পরে বৃদ্ধা সম্রাজ্ঞী ৎসুশী পিকিং থেকে পালিয়ে গেলেন। আন্তর্জাতিক সৈন্যদলের হস্তক্ষেপে বিদ্রোহের অবসান হল। বিদ্রোহের শাস্তিস্বরূপ চীনের উপর ক্ষতিপূরণের বোঝা চাপিয়ে দেওয়া হল এবং এক বাণিজ্য-সংক্রান্ত কতকগুলি সুবিধা মঞ্জুর করতে চীনকে বাধ্য করা হল। উপরন্তু উত্তর চীনে বিদেশী সৈন্যও মোতায়েন করা হল।

অভ্যন্তরীণ সংস্কারের নবপ্রচেষ্টা (১৯০২-১৯০৮ খ্রীঃ)ঃ বক্সার বিদ্রোহের পরবর্তী এক দশক কাল চীনের অভ্যন্তরীণ ইতিহাসে দুটি বৈশিষ্ট্য লক্ষ্য করা যায়—সংস্কারপ্রচেষ্টা ও বিপ্লব। বক্সার বিদ্রোহের ব্যর্থতার পর সম্রাজ্ঞী ৎসুশী পরিষ্কারভাবে উপলব্ধি করলেন যে একমাত্র সংস্কার-প্রচেষ্টা দ্বারাই মাঞ্চু রাজবংশ

তার অস্তিত্ব রক্ষা করতে পারবে। সম্রাজ্ঞী ৎসুশী সিয়ান-ফু (আন্তর্জাতিক বাহিনী পিকিং অধিকার করায় সম্রাজ্ঞী পালিয়ে গিয়ে সেখানে আশ্রয় নিতে বাধ্য হয়েছিলেন) থেকে ঘোষণা করলেন যে, "দীর্ঘস্থায়ী গতানুগতিক শাসন ব্যবস্থার অবসানের জন্য প্রয়োজন হলে তা সংশোধন করতে হবে। বর্তমানে প্রয়োজন চীন সাম্রাজ্যকে শক্তিশালী করা এবং আমাদের প্রজাবর্গের ভাগ্যের উন্নতি করা। দেশের অতীতের ত্রুটিগুলি সংশোধন করে বিদেশের উৎকৃষ্ট পদ্ধতি এবং ব্যবস্থাগুলি চীনে প্রবর্তন করে আমাদের অগ্রসর হতে হবে।"

১৯০২ খ্রীস্টাব্দে চীনা ও মাঞ্চুদের মধ্যে বিবাহ-সম্বন্ধের যে নিষেধাজ্ঞা ছিল তা প্রত্যাহার করা হল, স্ত্রী-জাতির পা ছোট করার জন্য লোহার জুতো পরবার প্রথা বাতিল হল, বহু বুদ্ধিমান মাঞ্চুদের উচ্চশিক্ষার জন্য বিদেশে পাঠানো হল এবং বহু অপ্রয়োজনীয় রাজপদ বিলুপ্ত করা হল। ১৯০৩ খ্রীস্টাব্দে একটি বাণিজ্য মন্ত্রণালয় এবং ১৯০৫ খ্রীস্টাব্দে একটি পুলিশ মন্ত্রণালয় স্থাপন করা হল। ১৯০৩ খ্রীস্টাব্দ থেকে ১৯০৬ খ্রীস্টাব্দের মধ্যে চীনাবাহিনীর প্রধান সেনাপতি ইউয়ান-শী-কাই চীনে ছয় ডিভিশন সেনার এক আদর্শ বাহিনী গঠন করেন। ১৯০৫ খ্রীস্টাব্দে লোক নিয়োগের জন্য পরীক্ষা ব্যবস্থা বাতিল করা হল। ১৯০৫ খ্রীস্টাব্দ থেকেই চীনে একটা শাসনতন্ত্র প্রবর্তনের কেন্দ্রীয় সরকারকে শক্তিশালী করবার এবং চীনের সর্বত্র জাতীয় রেলপথ প্রতিষ্ঠা করে প্রদেশগুলির স্বায়ত্তশাসন খর্ব করা হল। অহিফেন নিষিদ্ধ হল এবং আইন ও শাসনের বিধান পরিবর্তিত হল। ১৯০৭ খ্রীস্টাব্দে প্রাদেশিক আইন সভাসমূহ প্রতিষ্ঠার প্রতিশ্রুতি দেওয়া হল। ১৯১৫ খ্রীস্টাব্দের আগেই "জাতীয় পার্লামেন্ট" গঠনের জন্য আয়োজন করার আদেশ দেওয়া হল।

১৯০৮ খ্রীস্টাব্দের ১৫ই নভেম্বর সম্রাট কুয়াং-সুর মৃত্যু হল। পরদিন রাজমাতা ৎসুশী মারা গেলেন। সম্রাট হলেন কুয়াং-সুর শিশু ভ্রাতুষ্পুত্র সুয়াং-তু (১৯০৮-১৯১২ খ্রীস্টাব্দ)। ইনিই চীনের শেষ সম্রাট।

শেষ মাঞ্চু সম্রাটের পদচ্যুতি (১৯১১ খ্রীঃ) মাঞ্চু শাসকদের সংস্কারে সন্তুষ্ট না হয়ে বিপ্লবীরা মাঞ্চুদের শাসন বিলোপের দাবি জানাল, কারণ তাদের মতে এই অক্ষম রাজবংশই ছিল চীনের সমস্ত লাঞ্ছনার ও অবমাননার জন্য দায়ী। বিপ্লবীদের নেতৃত্ব গ্রহণ করলেন ডঃ সান ইয়াৎ সেন (Dr. Sun Yat Sen)। সান ইয়াৎ সেন ও তাঁর অনুগামীদের মধ্যে অনেকেই ছিলেন খ্রীস্টধর্মাবলম্বী ও বিদেশে শিক্ষাপ্রাপ্ত। তাঁর গণতান্ত্রিক মতবাদের জন্য ডাঃ সান চীন থেকে নির্বাসিত হয়েছিলেন এবং বিদেশ থেকে আন্দোলন পরিচালনা করেছিলেন। ১৯১১ খ্রীস্টাব্দে তিনি কুয়োমিংটাং (Kuoming-tang) বা সাধারণতন্ত্রী দল গঠন করেন। এই দলের কেন্দ্র ছিল দক্ষিণ চীনের ক্যান্টন ও নিকটবর্তী অঞ্চল। বিপ্লবী আন্দোলনের

সান ইয়াৎ সেন

শক্তিবৃদ্ধিতে ভীত হয়ে চীন সরকার দেশে শাসনতান্ত্রিক সংস্কারের প্রতিশ্রুতি দিলেন। কিন্তু আন্দোলনকারীরা অত্যাচারী মাঞ্চু রাজবংশের সঙ্গে কোন রকম আপস মীমাংসায় আসতে রাজী হলেন না। ১৯১১ খ্রীস্টাব্দের অক্টোবর মাসে বিপ্লবীরা নানকিং শহর অধিকার করে এক অস্থায়ী প্রজাতন্ত্র গঠন করে। ডঃ সান নির্বাসন থেকে ফিরে এসে নবপ্রতিষ্ঠিত প্রজাতন্ত্রের পদ গ্রহণ করেন।

প্রজাতান্ত্রিক চীন (১৯১২ খ্রীঃ) ঃ ১৯১২ খ্রীস্টাব্দের ১২ই ফেব্রুয়ারী শিশু সম্রাটের পক্ষে ঘোষণা করা হল যে সম্রাট সুয়াং তুং স্বেচ্ছায় সিংহাসন পরিত্যাগ করলেন, আর ইউয়ান-শী-কাই-এর উপর ন্যস্ত করলেন একটি সাধারণতান্ত্রিক রাষ্ট্র গঠনের ভার।

সান ইয়াৎ সেন ও ইউয়ান-শী কাই ঃ আদর্শবাদী ডঃ সান ইয়াৎ সেন নতুন প্রজাতন্ত্রের সংহতির জন্য ইউয়ান-শী-কাই নামে এক প্রবীণ সেনাপতির (যাঁকে সম্রাট সাধারণতান্ত্রিক রাষ্ট্রগঠনের ভার দিয়েছিলেন) অনুকূলে পদত্যাগ করলেন। কিন্তু ইউয়ানের উদ্দেশ্য ছিল ব্যক্তিগত প্রাধান্য প্রতিষ্ঠা করা। বিদেশীদের সমর্থন লাভের জন্য তিনি তাদের অর্থনৈতিক সুবিধা দানের এবং অসম চুক্তিগুলি রক্ষা করার প্রতিশ্রুতি দিয়েছিলেন। এর ফলে চীনে আবার বিদ্রোহের সম্ভাবনা দেখা দিতে লাগল। ইউয়ান-শী-কাই দেশের মানুষের উপর অত্যাচার শুরু করায় জাপানী সাম্রাজ্যবাদও চীনের দিকে হাত বাড়িয়ে দিল।

তৃতীয় পরিচ্ছেদ

বিশ্বের অন্যতম প্রধান শক্তিরূপে জাপানের উত্থান

(১৯১৪ খ্রীস্টাব্দ পর্যন্ত)

মেইজী যুগে সম্রাটের শক্তি পুনঃপ্রতিষ্ঠা (১৮৬৭ খ্রীঃ) এবং সম্রাটের ক্ষমতা ও মর্যাদা ঃ পাশ্চাত্য জগতের সংস্পর্শে জাপানের রাজনৈতিক ও সামাজিক জীবনে যে বিপ্লবাত্মক পরিবর্তন এসেছিল তা জাপানের ইতিহাসে ১৮৬৭ খ্রীস্টাব্দের বিপ্লব বা রাজশক্তির পুনঃপ্রতিষ্ঠা (Restoration) নামে পরিচিত। ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগে জাপান ছিল মধ্যযুগীয় সামন্ততান্ত্রিক ও গোষ্ঠীবিভক্ত দেশ। দেশের বড় বড় ভূম্যধিকারী ডাইমিওদের (Daimio) হাতে ছিল প্রকৃত ক্ষমতা। এদের বেতনভুক অনুচর যোদ্ধৃশ্রেণীকে বলা হত সামুরাই (Samurai)। প্রকৃত সম্রাট বা মিকাডোর হাতে বিশেষ কোন শাসনক্ষমতা ছিল না। সম্রাটকে ক্রীড়া-পুত্তলিকায় পরিণত করে প্রকৃত রাষ্ট্রক্ষমতা দখল করেছিলেন জাপানের প্রধান সেনাপতি শোগুন (Shogun)। বংশানুক্রমে শোগুনরাই ছিলেন রাজ্যের প্রকৃত শাসক। অবশ্য সম্রাট তাঁর পদাধিকার বলে যে মর্যাদার ও আনুগত্যের অধিকারী ছিলেন, শোগুনরা কখনই তা লাভ করতে পারেন নি।

পাশ্চাত্য শক্তিগুলির জাপানে প্রবেশ এবং অসম সন্ধিপাশে এই দেশকে আবদ্ধ করার ফলে চীনের মত জাপানেও বিক্ষোভ দেখা দেয়। শোগুনকে অপসারিত করে

সম্রাটকে স্বীয় মর্যাদায় পুনঃ প্রতিষ্ঠিত করলে জাপানের ভাগ্যবিপর্যয় রুদ্ধ হবে এবং বিদেশীয়দের চক্রান্তজাল ব্যর্থ হবে—জাপানীদের মনে এরকম একটা দৃঢ় বিশ্বাস জন্মে। ১৮৬৭ খ্রীস্টাব্দে শোগুনকে বিতাড়িত করা হয় এবং সম্রাটকে পূর্ণ ক্ষমতায় অধিষ্ঠিত করা হয়। এই বৈপ্লবিক পরিবর্তনের পথে জাপানীদের মূলমন্ত্র ছিল, "সম্রাটের গৌরব পুনঃ প্রতিষ্ঠিত হোক, বর্বর বিদেশী দল দেশ ছেড়ে চলে যাক।" ১৮৬৭ খ্রীস্টাব্দের বিপ্লব কেবল জাপানের শাসনশক্তির পরিবর্তন করে নি। শোগুনের পরিবর্তে মিকাডো রাষ্ট্রের কর্ণধার হলেন। ১৮৬৭ খ্রীস্টাব্দে এই প্রশাসনিক পরিবর্তনের সঙ্গে সঙ্গে জাপানের সামাজিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক জীবনে বিরাট পরিবর্তনের সূচনা হয়। শাসনভার গ্রহণ করেই মিকাডো জাতীয় জীবনের সর্বক্ষেত্রে পাশ্চাত্য আদর্শে প্রভাবিত হয়ে সংস্কার-সাধনে ব্রতী হলেন। পাশ্চাত্য রীতি ও আদর্শ অনুযায়ী জাপান নূতন করে দেশের শিল্প, সামরিকশক্তি, রাষ্ট্রপদ্ধতি প্রভৃতি পুনর্গঠন কাজে মনোনিবেশ করল।

রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক ও সামরিক ব্যবস্থার পাশ্চাত্তীকরণ ঃ সামন্ততন্ত্রের অবসান ঘোষণা করা হল। গোষ্ঠীপ্রথা লোপ করা হল এবং সমাজের পুরাতন শ্রেণীবিন্যাস ভেঙে দেওয়া হল। যুদ্ধবৃত্তিতে সামুরাই শ্রেণীর একাধিপত্য লোপ করে জার্মান পদ্ধতিতে নূতন সৈন্যদল গঠন করা হল। ব্রিটিশ নৌশক্তির আদর্শে নূতন নৌবল গঠনের কাজ আরম্ভ হল। পাশ্চাত্য পদ্ধতিতে রেলপথ, টেলিগ্রাফ লাইন, কলকারখানা প্রভৃতি গড়ে উঠতে লাগল। ১৮৭২ খ্রীস্টাব্দে জাপানে প্রতিটি নাগরিকের জন্য বাধ্যতামূলকভাবে বিনা বেতনে প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করা হয় এবং বিদেশ থেকে শিক্ষক আমদানি করে বিশ্ববিদ্যালয় ও কারিগরি বিদ্যালয়ে শিক্ষাদানের ব্যবস্থা করা হয়। সমস্ত বিদ্যালয়ে মাতৃভাষা ও ইংরেজী ভাষা বাধ্যতামূলকভাবে পাঠ্যতালিকাভুক্ত করা হয়। দলে দলে জাপানীদের বিভিন্ন পাশ্চাত্য দেশে পাঠান হল, সেখানকার আধুনিকতম জ্ঞানলাভের উদ্দেশ্যে। দেশের প্রচলিত আইনবিধির সংস্কার সাধন করা হয় এবং বিদেশী আইনজ্ঞদের সাহায্য নিয়ে জাপানী ফৌজদারী দণ্ডবিধি নূতন করে রচনা করা হয়।

১৮৮৯ খ্রীস্টাব্দে জাপান প্রাশিয়া রাজ্যের সংবিধানের মত একটা সংবিধান গ্রহণ করে। অর্থনৈতিক ক্ষেত্রে উন্নতির জন্য শিল্প ও বাণিজ্যের প্রসার হল। স্বর্ণমুদ্রা প্রচলিত হল। ১৮৭২ খ্রীস্টাব্দে টোকিওতে জাতীয় ব্যাঙ্ক স্থাপিত হল। কৃষিক্ষেত্রেও রাষ্ট্রীয় খামার গড়ে তোলা হল। সামরিক দিক থেকে জাপানে ২১ থেকে ৪০ বছর পর্যন্ত সমস্ত পুরুষকে সেনাদলে তিন বছরের জন্য যোগদান বাধ্যতামূলক করা হল। ১৮৭৬ খ্রীস্টাব্দে ইয়াকোহামা বন্দরে প্রথম যুদ্ধজাহাজ তৈরী হল। ইউরোপীয় আদর্শে অনুপ্রাণিত হয়ে জাতীয় জীবনে আমূল পরিবর্তনের চেষ্টা সত্ত্বেও জাপান কিন্তু মনে প্রাণে ইউরোপীয় হয়ে যায় নি, জাপানের হৃদয়-আসনে প্রাচ্য ভাবধারাই রয়ে গেছে।

চীন-জাপান যুদ্ধ (১৮৯৪—৯৫ খ্রীঃ)ঃ জাপানী সাম্রাজ্যবাদের সূচনাঃ পাশ্চাত্য ভাবধারার আদর্শে রাষ্ট্র ও সমাজজীবন পুনর্গঠিত হবার চেষ্টায় জাপানের শক্তি দ্রুত বৃদ্ধি পায়। জাপানী কর্তৃপক্ষ ১৮৭১ খ্রীস্টাব্দে 'ইয়াকুরা মিশন' নামে একটি

দৌত্য ইউরোপের বিভিন্ন দেশে পাঠায়। এই দেশগুলির সঙ্গে জাপান যেসব অসম চুক্তি করেছিল তা প্রত্যাহার করার দাবি জানায়। কিন্তু পাশ্চাত্যের কোন রাষ্ট্রই জাপানের দাবিতে কর্ণপাত করল না। এই অবস্থায় জাপানের মনে বদ্ধমূল ধারণা হল যে সামরিক শক্তির প্রয়োগ ছাড়া তাদের উদ্দেশ্য সিদ্ধ হবে না। ১৮৭২ খ্রীস্টাব্দে জাপান চীনের কাছে পাশ্চাত্য রাষ্ট্রগুলির অনুরূপ বাণিজ্যিক ও ভৌমিক সুযোগ-সুবিধা দাবি করে। কোরিয়ার কাছে জাপান দাবি করল যে, কোরিয়ার বন্দরে জাপানকে অবাধ প্রবেশাধিকার দিতে হবে। কোরিয়া এই দাবি পূরণে অস্বীকৃত হলে জাপানী সৈন্যরা কোরিয়ার জাহাজের উপর আক্রমণ চালিয়ে গুলি বর্ষণ করে। ১৮৭৯ খ্রীস্টাব্দে জাপান জোর করে চীনের কাছ থেকে লুচু দ্বীপপুঞ্জ কেড়ে নেয়। শেষ পর্যন্ত ১৮৯৫ খ্রীস্টাব্দে জাপান কোরিয়ার প্রশ্ন নিয়ে চীনের সঙ্গে ব্যাপকতর সংগ্রামে অবতীর্ণ হল। এই যুদ্ধে জাপানের কাছে পরাজিত হয়ে চীন **সিমানোসোকির** সন্ধিপত্র স্বাক্ষর করতে বাধ্য হয়। সন্ধির শর্তানুসারে চীন সরকার পোর্ট আর্থার বন্দর সহ লিয়াওটুং উপদ্বীপে জাপানের অধিকার মেনে নিতে রাজী হল।

১৯০২ খ্রীস্টাব্দের ইঙ্গ-জাপান মৈত্রীঃ কয়েক বছর পরই যখন রাশিয়া পোর্ট আর্থারকে নৌঘাঁটিরূপে ব্যবহার করার জন্য চীনকে অনুমতি দিতে বাধ্য করল তখন রাশিয়া ও জাপানের মধ্যে অবিশ্বাস আরও ঘনীভূত হল। প্রাচ্য মহাদেশের রাশিয়ায় এই প্রভাব বৃদ্ধিতে ইংলন্ডও শঙ্কাগ্রস্ত হল। এর ফলে ইংলন্ড ও জাপান ১৯০২ খ্রীস্টাব্দে 'ইঙ্গ-জাপান মৈত্রী' নামে এক চুক্তিতে আবদ্ধ হল। এই মৈত্রী বন্ধন দ্বারা স্থির হল যে এদের কোন একটি রাষ্ট্র যদি ভবিষ্যতে একাধিক শত্রু দ্বারা আক্রান্ত হয় তবে অপর রাষ্ট্র অবিলম্বে আক্রান্ত রাষ্ট্রকে সামরিক সাহায্য দান করবে। এই সন্ধির ফলে জাপানের মর্যাদা বিশেষভাবে বৃদ্ধি পায়, কারণ ইতিপূর্বে কোন প্রাচ্য দেশীয় রাষ্ট্রের সঙ্গে পাশ্চাত্যের কোনও রাষ্ট্র সমানাধিকারের ভিত্তিতে সন্ধি স্থাপন করেনি।

রুশ জাপান যুদ্ধ (১৯০৪—১৯০৫ খ্রীঃ)ঃ বক্সার বিদ্রোহের গোলযোগের সুযোগে রাশিয়া চীনের বিনানুমতিতে মাঞ্চুরিয়া অধিকার করে নেয়। রাশিয়ার মাঞ্চুরিয়া অধিকার অন্যান্য পাশ্চাত্য জাতি প্রসন্নচিত্তে গ্রহণ করতে পারেনি। জাপানেও এই ব্যাপার উপলক্ষ করে রাশিয়ার বিরুদ্ধে অবিশ্বাসের ভাব তীব্র হয়ে উঠেছিল। চীন সরকার ও ইউরোপীয় শক্তিবর্গের প্রতিবাদে রাশিয়া মাঞ্চুরিয়া থেকে সৈন্য অপসারণে সম্মত হলেও প্রথম কিস্তিতে রাশিয়া মাঞ্চুরিয়ার এক অঞ্চল থেকে অন্য অঞ্চলে সৈন্যবাহিনী স্থানান্তরিত করল মাত্র, সমগ্র সেনাবাহিনী অপসৃত করার কোন ব্যবস্থা গ্রহণ করল না। পক্ষান্তরে, মাঞ্চুরিয়ায় রুশ সামরিক ঘাঁটি দৃঢ়তর করার ব্যবস্থা হল। রাশিয়ার এই আক্রমণাত্মক কার্যকলাপে জাপানী কর্তৃপক্ষ স্বভাবতই সন্দেহাকুল হয়ে উঠলেন। এই অবস্থায় তাঁরা রাশিয়ার কাছে প্রস্তাব করে পাঠালেন যে রাশিয়া কোরিয়াতে জাপানের বিশেষ অধিকার স্বীকার করে নিলে জাপানও মাঞ্চুরিয়াতে রাশিয়ার বিশেষ অধিকার মেনে নেবে। কিন্তু রাশিয়া এই প্রস্তাব বিনা শর্তে গ্রহণ না করায় রাশিয়া ও জাপানের মধ্যে যুদ্ধের সূত্রপাত হল। যুদ্ধের প্রথমাবস্থা থেকেই রাশিয়া জাপানের হাতে পরাজিত হতে

থাকে। শেষ পর্যন্ত সুসিমার নৌ-যুদ্ধে রাশিয়ার চূড়ান্ত পরাজয় হয়। উভয়-পক্ষের সম্মতিক্রমে পোর্টসমাউথের যে সন্ধিপত্র স্বাক্ষরিত হয় তার শর্ত অনুসারে রাশিয়া কোরিয়াতে জাপানের দাবি স্বীকার করে নিতে বাধ্য হয় এবং মাঞ্চুরিয়ার উপর সর্ববিধ দাবি ত্যাগ করে সৈন্যাপসারণে সম্মত হয়। এর ফলে শাখালিন দ্বীপের দক্ষিণার্ধে ও লিয়াও-টুং উপদ্বীপে জাপানের আধিপত্য প্রতিষ্ঠিত হল।

কোরিয়া দখল (১৯১০ খ্রীঃ)ঃ রুশ-জাপান যুদ্ধে সাফল্য লাভ করার ফলে জাপানের মর্যাদা বহুগুণ বৃদ্ধি পায় এবং জাপান প্রাচ্য জগতের শ্রেষ্ঠ শক্তিরূপে পরিগণিত হয়। এই যুদ্ধের পর থেকেই জাপানী সাম্রাজ্যবাদের পূর্ণ অভ্যুত্থান লক্ষ্য করা যায়। ১৯১০ খ্রীস্টাব্দে কোরিয়াতে দেশপ্রেমিকদের জাপান বিরোধী মনোভাবের কারণ হল কোরিয়াকে জোর করে অধিকার করে নেওয়াতে জাপানী সাম্রাজ্যবাদের নির্লজ্জ অভিব্যক্তির প্রকাশ।

প্রথম বিশ্বযুদ্ধ এবং দুর্বল চীনের উপর জাপানের ২১ দফা দাবিঃ ১৯১৪ খ্রীস্টাব্দে প্রথম বিশ্বযুদ্ধে জাপান মিত্রপক্ষে যোগ দিয়েছিল। চীন ছিল নিরপেক্ষ। এই সময় মিত্রপক্ষ ইউরোপে যুদ্ধে ব্যস্ত থাকায় জাপান চীনের সাণ্টুং এবং অন্যান্য জার্মান প্রভাবাধীন অঞ্চল অধিকার করে। ১৯১৫ খ্রীস্টাব্দে জাপান গোপনে চীনের তৎকালীন রাষ্ট্রপতি ইউয়ান-শী-কাই এর কাছে একুশ দফা দাবি জানায়। পাঁচটি ভাগে বিভক্ত এই দাবির অন্তর্ভুক্ত ছিলঃ সানটুং মাঞ্চুরিয়া, অন্তর্মঙ্গোলিয়া প্রভৃতি অঞ্চলের উপর জাপানের অধিকার দাবি, চীনের নানাস্থানে কয়লা ও লোহা উত্তোলনে জাপানের অধিকার, চীনের উপকূলভাগে জাপানের অবাধ বাণিজ্যের অধিকার, চীনের অভ্যন্তরীণ শাসন ব্যাপারে জাপানী উপদেষ্টা নিয়োগ এবং ফুকিয়েন প্রদেশে জাপানের বিশেষ অর্থনৈতিক সুযোগ-সুবিধা লাভ। কার্যত এই দাবিগুলি জাপানের সাম্রাজ্যবাদের প্রতি লক্ষ্য রেখেই করা হয়েছিল। বস্তুত এই দাবিগুলির মাধ্যমে জাপান প্রাচ্য জগতে সবচেয়ে শক্তিশালী রাষ্ট্র হতে চেয়েছিল।

অনুশীলনী

বাস্তবভিত্তিক প্রশ্নাবলীঃ

১। ইস্ট ইণ্ডিয়া কোম্পানী চীনদেশে কোন্ পণ্য আমদানি করে প্রচুর অর্থ উপার্জন করত? ২। তাই-পিং বিদ্রোহের প্রধান নেতা কে ছিলেন? ৩। বক্সার বিদ্রোহ কত খ্রীস্টাব্দে হয়েছিল? ৪। ডঃ সান ইয়াৎ-সেন কে? ৫। ইউয়ান-শী-কাই কে? ৬। কত খ্রীস্টাব্দে জাপানে শোগুনের ক্ষমতা বিলুপ্ত হয়েছিল? ৭। কত খ্রীস্টাব্দে জাপানে নূতন শাসনতন্ত্র গৃহীত হয়েছিল?

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলীঃ

১। নানকিং-এর সন্ধির শর্তাবলী আলোচনা কর। ২। চীনে বিদেশী রাষ্ট্রগুলির অতিরাষ্ট্রিক ক্ষমতা বলতে কি বুঝ? ৩। তিয়েনসিনের সন্ধির শর্তাবলী উল্লেখ কর। ৪। চি-ফু বন্দোবস্তের দ্বারা ইংলণ্ড চীনে কি অধিকার লাভ করেছিল? ৫। চীন-জাপান যুদ্ধের কারণগুলি বর্ণনা কর। ৬। ইঙ্গ-জাপান চুক্তি স্বাক্ষরিত হয়েছিল কেন? ৭। কি পরিস্থিতিতে জাপান ১৯১০ খ্রীস্টাব্দে কোরিয়া অধিকার করেছিল?

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্নাবলী:

১। কিভাবে আমেরিকা যুক্তরাষ্ট্র চীনদেশে 'উন্মুক্ত দ্বার নীতি' প্রচলন করে? ২। তাই-পিং বিদ্রোহের বিবরণ দাও। ৩। চীনে "একশ দিনের সংস্কার" সম্বন্ধে যা জান লেখ। ৪। চীনে বক্সার বিদ্রোহের সংক্ষিপ্ত বিবরণ দাও। ৫। রাশিয়া ও জাপানের মধ্যে যুদ্ধের (১৯০৪-০৫ খ্রীঃ) কারণগুলি বর্ণনা কর। ৬। প্রথম বিশ্বযুদ্ধে অংশগ্রহণ করে জাপান চীনে যেসব ভৌমিক অধিকার লাভ করেছিল তার বিবরণ দাও।

রচনাভিত্তিক প্রশ্নাবলী:

১। প্রথম অহিফেন যুদ্ধের কারণগুলি আলোচনা কর। ২। দ্বিতীয় চীন যুদ্ধের কারণগুলি বর্ণনা কর। ৩। ইউরোপীয় শক্তিবর্গের চীনে আধিপত্য বিস্তারের ইতিহাস বর্ণনা কর। চীনে বাণিজ্য সম্বন্ধে আমেরিকা কি নীতি গ্রহণ করেছিল? ৪। ১৯০২-১৯০৮ খ্রীস্টাব্দ পর্যন্ত ডাওয়েজার সম্রাজ্ঞীর সংস্কার প্রচেষ্টা সম্বন্ধে যা জান লেখ। ৫। ডঃ সান ইয়াৎ-সেনের নেতৃত্বে চীনে সাধারণতন্ত্রী আন্দোলনের বিবরণ দাও। ৬। মেইজী রাজতন্ত্র পুনঃ প্রতিষ্ঠিত হবার পর জাপানে বিভিন্ন ক্ষেত্রে যে সংস্কার প্রবর্তিত হয় তার বিবরণ দাও। ৭। জাপান চীনের কাছে যে ২১ দফা দাবি পাঠিয়েছিল তার বিষয়গুলি আলোচনা কর।

মৌখিক প্রশ্নাবলী:

১। লিন্ কে ছিলেন? ২। নানকিং-এর সন্ধি কত খ্রীস্টাব্দে হয়েছিল? ৩। কাং-ওয়েউই কে ছিলেন? ৪ 'ডাইমিও' কাদের বলা হত? ৫ 'শোগুন' কারা ছিলেন? ৬। 'সামুরাই' কারা ছিলেন? ৭। কত খ্রীস্টাব্দে জাপানে বাধ্যতামূলক সামরিক শিক্ষা প্রবর্তিত হয়েছিল? ৮ কত খ্রীস্টাব্দে জাপানে 'ইঙ্গ-জাপানী' মৈত্রী চুক্তি স্বাক্ষরিত হয়েছিল?

সময়ানুক্রমে নিম্নলিখিত ঘটনাগুলিকে সাজাও:

(ক) তাইপিং বিদ্রোহ, (খ) প্রজাতান্ত্রিক চীন গঠন, (গ) রুশ-জাপান যুদ্ধ, (ঘ) জাপানের প্রথম বিশ্বযুদ্ধে যোগদান, (ঙ) টিয়েনসিনের সন্ধি, (চ) শতদিনের সংস্কার, (ছ) বক্সার বিদ্রোহ।

S.C.E.R.T. West Bengal Library Calcutta 25/3, B. T. Road

একাদশ অধ্যায়

ব্রিটিশ রাজের অধীনে ভারতবর্ষ

(১৮৫৮-১৯১৪ খ্রীস্টাব্দ)

প্রথম পরিচ্ছেদ

নূতন শাসন-ব্যবস্থা

১৮৫৭ খ্রীস্টাব্দের বিদ্রোহের পর ভারতের মত বিরাট একটি দেশের শাসনভার যে একটি বাণিজ্য প্রতিষ্ঠানের উপর ন্যস্ত রাখা সংগত নয় ব্রিটিশ সরকার তা উপলব্ধি করতে পারলেন। ভারতে কোম্পানীর শাসনের অবসান হল। ১৮৫৮ খ্রীস্টাব্দের ভারত শাসন আইন বলে ভারতের শাসনভার ইংলণ্ডের রানী স্বহস্তে গ্রহণ করলেন। সিপাহী বিদ্রোহের আগে ইস্ট ইণ্ডিয়া কোম্পানীর কাজ তদারকি করার জন্য যে "বোর্ড অব কন্ট্রোল" ইংলণ্ডে ছিল তার পরিবর্তে ব্রিটিশ মন্ত্রি-সভার একজন সদস্য "সেক্রেটারী অব স্টেট" ছোট একটি কাউন্সিলের পরামর্শ নিয়ে ভারত শাসনের ভার গ্রহণ করে। রাজশক্তি ভারতীয় শাসন-ব্যবস্থার দায়িত্ব গ্রহণ করার ফলে ভারতে এক উন্নত ও দক্ষ শাসন-ব্যবস্থা প্রবর্তিত হল। কোম্পানী ও "বোর্ড অব কণ্ট্রোল"-এর ঈর্ষা ও প্রতিদ্বন্দ্বিতার অবসান হল এবং পার্লামেণ্টের একক শাসন ভারতে প্রতিষ্ঠিত হল। এর পর থেকে ভারতের গভর্নর জেনারেলের উপাধি হল "ভাইসরয়" বা রাজপ্রতিনিধি। মুঘল সাম্রাজ্যের যে নামমাত্র অস্তিত্ব এতদিন টিকে ছিল তা বিলুপ্ত হল। ইংলণ্ডের মহারানী ভিক্টোরিয়া এক ঘোষণা বাণীতে প্রচার করলেন যে, এর পর থেকে ন্যায় বিচার, সর্বসাধারণের জন্য কল্যাণ কামনা, ধর্ম ও সামাজিক ব্যাপারে নিরপেক্ষতা ও উদারতা রাজ্যশাসনের মূলমন্ত্র হবে। জাতি-ধর্ম-বর্ণ-নির্বিশেষে সকল ভারতীয় যোগ্যতা অনুযায়ী উচ্চ পদ পাবার অধিকারী বলে স্বীকৃত হল।

লর্ড ক্যানিং-এর শাসনকালেই ভারতে উল্লেখযোগ্য রাজস্ব ও বিচার সংক্রান্ত সংস্কার প্রবর্তিত হয়েছিল। তাঁর শাসনকালেই ভারতে আয়কর ও শুল্ককর ধার্য হওয়ায় সরকারের প্রভূত আয়ের ব্যবস্থা হল। তিনটি প্রেসিডেন্সীর প্রত্যেকটিতে একটি করে হাইকোর্ট প্রতিষ্ঠিত হল। ১৮৫৪ খ্রীস্টাব্দের শিক্ষাসংক্রান্ত প্রতিবেদন অনুসারে ১৮৫৭ খ্রীস্টাব্দে কলকাতা, বোম্বাই ও মাদ্রাজ—এই তিনটি শহরে একটি করে বিশ্ববিদ্যালয় স্থাপিত হল। সামাজিক ও ধর্মীয় ক্ষেত্রে গুরুত্বপূর্ণ সংস্কার প্রবর্তিত হওয়ায় ভারতবাসীর জীবনযাত্রায় বৈপ্লবিক পরিবর্তনের সূচনা হয়। ১৮৫৭ খ্রীস্টাব্দের বিদ্রোহের পর পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত ভারতবাসীর চিন্তাধারা একটি শান্ত ও নিয়মতান্ত্রিক পথে পরিচালিত হল। এইভাবে শাসক ও শাসিতের মধ্যে সহযোগিতা বৃদ্ধি করে স্বায়ত্তশাসনের ক্ষেত্র প্রস্তুত হল।

দ্বিতীয় পরিচ্ছেদ
সাম্রাজ্য বিস্তার

১৮৫৮ খ্রীস্টাব্দের পর ইংরেজরা ভারতের অভ্যন্তরে কোনও যুদ্ধ-বিগ্রহ করেনি। লর্ড লিটন মধ্য এশিয়ায় ব্রিটিশ সাম্রাজ্যবাদী শক্তি প্রসারে সচেষ্ট হলে দ্বিতীয় আফগান যুদ্ধ (১৮৭৮—৮১ খ্রীঃ) সংঘটিত হয়। লিটনের সম্প্রসারণশীল আফগান নীতির ফলে মধ্য এশিয়ার রুশ সাম্রাজ্য বিস্তারে বাধাপ্রাপ্ত হয়।

লর্ড লিটনের শাসনকালে উত্তর-পশ্চিম সীমান্তের উপজাতি অঞ্চল অধিকার করে ইংরেজরা ভারতের বৈজ্ঞানিক ও 'প্রাকৃতিক সীমান্ত' স্থাপন করার নীতি গ্রহণ করেছিল। তিনি পাঞ্জাব ও সিন্ধু সরকারকে উত্তর-পশ্চিম সীমান্ত অঞ্চল অধিকার করার নির্দেশ দিয়েছিলেন। ইংরেজরা ক্রমে পেশোয়ার, হাজারা, কোহাট বান্নু, ডেরা গাজি খাঁ, ডেরা ইসমাইল খাঁ প্রভৃতি অঞ্চল অধিকার করে। লর্ড ল্যান্সডাউন বড়লাট হয়ে এসে লিটনের আগ্রাসী নীতিকেই অনুসরণ করেছিলেন। লর্ড ল্যান্সডাউন সার মার্টিমার ডুরাণ্ডকে কাবুলে দূত পাঠিয়ে সেখানে "ডুরাণ্ড লাইন" চিহ্নিত করেন। উত্তর-পশ্চিম সীমান্ত অঞ্চলের উপজাতিরা ইংরেজদের নিয়ন্ত্রণে যাওয়ায় আফগানিস্তানের আমীর তাঁর মর্যাদা ক্ষুণ্ণ হয়েছে বলে আপত্তি জানান। লর্ড লিটন কালাতের খানের কাছ থেকে কোয়েটা দখল করেন। ফলে বোলান গিরিবর্ত্ম ইংরেজদের নিয়ন্ত্রণে আসে। লিটন গিলগিটে একজন ব্রিটিশ এজেণ্টও নিয়োগ করেন।

১৮৮৫ খ্রীস্টাব্দে লর্ড ডাফরিনের শাসনকালে তৃতীয় ব্রহ্মযুদ্ধের ফলে ব্রহ্মরাজ থিব আত্মসমর্পণ করেন। ব্রহ্মরাজের আসাম আক্রমণ ইংরেজ বণিকদের প্রতি তাঁর দুর্ব্যবহার এবং দেশে কুশাসনের অজুহাতে ইংরেজরা ব্রহ্মদেশ আক্রমণ করেছিল। ইংরেজশক্তি সাম্রাজ্যবাদী মনোভাব নিয়েই যে ব্রহ্মদেশ ব্রিটিশ সাম্রাজ্য-ভুক্ত করেছিল সে বিষয়ে কোনও সন্দেহ নাই। ইংরেজ শক্তি ১৯০৩—০৪ খ্রীস্টাব্দে কর্ণেল ইয়ং-হাজব্যাণ্ডের নেতৃত্বে তিব্বতে অভিযান চালিয়ে তিব্বতের উপরও অংশত অধিকার স্থাপন করল। ১৯০৪—০৫ খ্রীস্টাব্দে লর্ড কার্জন ওয়াজিরিস্তান ও মালাকন্দের উপজাতিদের সঙ্গে বন্দোবস্ত করে "কার্জন লাইন" ঠিক করেন। লর্ড কার্জন পেশোয়ার থেকে চিত্রল রাজ্য পর্যন্ত পথ নির্মাণের ব্যবস্থা করেন এবং চিত্রলকে ব্রিটিশের কুক্ষিগত করে রাখেন। উপজাতীয়দের নিয়ে ব্রিটিশ ফৌজ গঠন করে সীমান্ত নিরাপত্তার আয়োজনও তিনি করেছিলেন। এইভাবে ভারতের মাটিতে বসে ইংরেজরা তাদের সাম্রাজ্যবাদ প্রসার করেছে। মোট কথা, ভারতীয় সৈনিকরাই কিন্তু ইংরেজদের সঙ্গে সহযোগিতা করেছিল সবচেয়ে বেশী।

তৃতীয় পরিচ্ছেদ
ভারতে উনবিংশ শতাব্দীতে সমাজ সংস্কার

উনবিংশ শতাব্দীতে ভারতে ইংরেজী শিক্ষা ও সংস্কৃতি বিস্তারের ফলে ভারতীয় সংস্কৃতির ক্ষেত্রে এক যুগান্তকারী পরিবর্তনের সূচনা হয়েছিল। এই সময় রাজা রামমোহন রায়, ডিরোজিও, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, স্যার সৈয়দ আহমদ

খান, দয়ানন্দ, রামকৃষ্ণ পরমহংস এবং স্বামী বিবেকানন্দের সমাজ, ধর্ম ও সংস্কৃতিতে অবদান ভারতের ইতিহাসে এক নব যুগের সূচনা করেছিল। এইসব মনীষীদের সামাজিক সংস্কারের আন্দোলন বিশেষ গুরুত্বপূর্ণ। জাতিভেদ প্রথা পরিহার না করেও রামমোহন প্রথাগুলির বিকৃত ফলাফলের নিন্দা করেছিলেন। বেণ্টিঙ্কের শাসনকালে সতীদাহ নিবারণের চেষ্টা রামমোহনের অক্লান্ত সহযোগিতা ও সমর্থন ছাড়া সম্ভব হত কিনা সন্দেহ। হিন্দু বিধবারা যাতে সম্পত্তির উত্তরাধিকার পায় এবং সমাজে স্ত্রী-জাতির মর্যাদা বৃদ্ধি পায় সেদিকে তাঁর আগ্রহ ছিল ; বিধবা-বিবাহের সপক্ষেও তাঁর রচিত প্রবন্ধ আছে। ডিরোজিও নামে হিন্দু কলেজের জনৈক শিক্ষকের প্রভাবে এই শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্ররা হিন্দু সমাজের প্রচলিত রীতি-নীতির বিরুদ্ধে বিদ্রোহী হয়ে ওঠে। এদের বলা হত 'ইয়ং বেঙ্গল'।

বিধবা-বিবাহের সমর্থনে ১৮৫৩ খ্রীস্টাব্দে বিদ্যাসাগর একটি গ্রন্থ প্রণয়ন করেন। ফলে ১৮৫৬ খ্রীস্টাব্দে বহু প্রাচীনপন্থী হিন্দু নেতার বিরোধিতা সত্ত্বেও বিধবা-বিবাহ আইন বিধিবদ্ধ হল। বিধবা বিবাহ প্রবর্তনের সমর্থনে লিখিত পুস্তকে তিনি কৌলীন্য প্রথার দোষত্রুটিসমূহ আলোচনা করেছিলেন। কুলীনরা বহু-বিবাহ করতেন। অর্থলাভের উদ্দেশ্যে বিবাহ করাই তাঁদের প্রধান লক্ষ্য ছিল। সর্ব শুভকরী পত্রিকায় বিদ্যাসাগর বাল্য-বিবাহের কুফল সম্বন্ধেও আলোচনা করে-ছিলেন। মদ্যপান বন্ধ করার জন্যও বিদ্যাসাগর সক্রিয়ভাবে চেষ্টা করেছিলেন।

স্বামী বিবেকানন্দ

মুসলমান সম্প্রদায় প্রথমে পাশ্চাত্য শিক্ষা গ্রহণ না করায় সরকারী চাকুরির ক্ষেত্রে হিন্দুদের সঙ্গে প্রতিযোগিতায় পশ্চাদ্‌বর্তী হয়ে পড়ল। মুসলমান সম্প্রদায়ের অগ্রগতির পক্ষে আধুনিক পাশ্চাত্য শিক্ষা গ্রহণ অপরিহার্য উপলব্ধি করে তাদের মধ্যে পাশ্চাত্যশিক্ষা প্রবর্তনে উদ্যোগী হয়েছিলেন দিল্লীর স্যার সৈয়দ আহমদ খান। দয়ানন্দ জাতিভেদ, বাল্য-বিবাহ প্রভৃতি প্রথা অবান্তর ও অসঙ্গত বলে উল্লেখ করেন। স্ত্রী-শিক্ষা, বিধবা বিবাহ ও প্রয়োজনবোধে সমুদ্রযাত্রা তিনি অনুমোদন করেছিলেন। শ্রীরামকৃষ্ণের (১৮৩৪—৮৬ খ্রীঃ) সহজ সরল শিক্ষা ও সকল ধর্মের সারবস্তু সর্বসমক্ষে উপস্থাপিত হওয়ায় সারা দেশে যেন নূতন উপলব্ধির সঞ্চার হতে থাকে। বিবেকানন্দের বাণী "হে ভারত ভুলিও না—নীচ-জাতি ; মূর্খ, দরিদ্র, অজ্ঞ, মুচি, মেথর, তোমার রক্ত, তোমার ভাই"—ভারতে এক নূতন সামাজিক চেতনার সঞ্চার করেছিল।

চতুর্থ পরিচ্ছেদ
জাতীয়তাবাদী মনোভাবের বিকাশ

এদেশে ইংরেজ শাসন প্রতিষ্ঠিত হবার ফলে পাশ্চাত্যের সঙ্গে ভারতের ঘনিষ্ঠ যোগাযোগ স্থাপিত হয়। আধুনিক চিন্তাধারা ও জ্ঞান-বিজ্ঞানের সঙ্গেও তাদের পরিচয় ঘটে। ১৮৫৭ খ্রীস্টাব্দের পর পাশ্চাত্য শিক্ষার প্রসার অপেক্ষাকৃত দ্রুত-গতিতে ঘটতে থাকে। ইংরাজী শিক্ষা প্রসারের ফলে মিলটন, এডমণ্ড বার্ক, মিল, মেকলে, ভলতেয়ার, রুশো প্রমুখ ইউরোপীয় চিন্তাবিদদের রচনার সঙ্গে শিক্ষিত ভারতবাসীর ঘনিষ্ঠ পরিচয় ঘটে। পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত ভারতবাসীর মনে গতানুগতিকতার স্থলে দেখা দিল অনুসন্ধানী সমালোচকের দৃষ্টি। এতে বহির্বিশ্ব সম্বন্ধে তাদের জানবার ইচ্ছা যেমন বৃদ্ধি পেল, তেমনি নিজেদের পূর্ব গৌরব ও বর্তমান দুরবস্থা সম্বন্ধেও তারা সচেতন হল।

এডমণ্ড বার্ক

পাশ্চাত্যের সঙ্গে পরিচয় নিবিড় হবার ফলে ঊনবিংশ শতাব্দীর ইউরোপের দুই মহান চিন্তাধারা—গণতন্ত্র ও জাতীয়তাবাদ—শিক্ষিত ভারতবাসীদের মনে গভীর প্রভাব বিস্তার করে। ভারতবাসীরা ব্যক্তি-স্বাধীনতা, আত্ম-নিয়ন্ত্রণের অধিকার, জাতীয়তাবাদ প্রভৃতি সম্বন্ধে চিন্তা করতে শুরু করেন। তাঁরা উপলব্ধি করেন যে প্রতিটি জাতির স্বাধীনতা অর্জনের এবং আত্মনিয়ন্ত্রণের স্বাভাবিক অধিকার আছে। এইভাবে পাশ্চাত্য শিক্ষার প্রভাবে আধুনিক জাতীয়তাবাদ জন্ম নেয়। পাশ্চাত্য সাহিত্য ও চিন্তাধারার সংস্পর্শে যে আধুনিক জাতীয়তাবাদের প্রেরণা ভারতবাসী লাভ করেছিল তার প্রতিফলন সেই যুগের সাহিত্যেও প্রস্ফুটিত দেখা যায়। বাংলার বিদ্রোহী কবি রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় লিখলেন, "স্বাধীনতা হীনতায় কে বাঁচিয়ে চায় রে?" ভারতের বিভিন্ন ভাষায় প্রকাশিত বিভিন্ন পত্রপত্রিকায় জাতীয়তাবাদীদের আন্দোলনের প্রতিফলন দেখা গেল। স্বাধীনতার সপক্ষে প্রবন্ধ ও কবিতা প্রকাশিত হতে থাকল। আধুনিক চিন্তাধারাপুষ্ট ভারতীয় বুদ্ধিজীবীরা প্রথমদিকে আশা করতেন যে ইংরেজ শাসকদের দাক্ষিণ্যে এদেশের সার্বিক অগ্রগতি ঘটবে। কিন্তু ক্রমেই তাঁরা ইংরেজ শাসকদের সদিচ্ছা সম্বন্ধে সন্দিহান হয়ে উঠতে থাকেন। ইংরেজদের সদিচ্ছা সম্বন্ধে এই সন্দেহের ফলেই ভারতের জাতীয়তাবাদী আন্দোলন ক্রমশ শক্তিশালী হয়ে উঠতে থাকে।

পঞ্চম পরিচ্ছেদ
ভারতের জাতীয় কংগ্রেস

ভারতের বিভিন্ন জায়গা থেকে পত্র-পত্রিকায় ইংরেজ শাসনের সমালোচনা করে মাতৃভাষায় প্রকাশিত প্রবন্ধগুলির জন্য ইংরেজ শাসকরা ১৮৭৮ খ্রীস্টাব্দে 'ভার্নাকুলার প্রেস অ্যাক্ট' জারি করল। এর ফলে মাতৃভাষায় প্রকাশিত ইংরেজ শাসনের বিরুদ্ধে সমালোচনার কণ্ঠরোধ করা হল। এর আগেই ১৮৭৩ খ্রীস্টাব্দে প্রথম সর্বভারতীয় জাতীয় প্রতিষ্ঠান 'ভারত সভা' প্রতিষ্ঠিত হল কলকাতায়। ১৮৭৭ ও ১৮৭৮ খ্রীস্টাব্দে 'ভারত সভা'র অন্যতম নেতা সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ভারতের বিভিন্ন শহর পরিভ্রমণ করে 'ভারত সভা'র কয়েকটি শাখা তৈরি করলেন। ১৮৭৮ খ্রীস্টাব্দে 'ভারত সভা'র আহ্বানে ভার্নাকুলার প্রেস অ্যাক্ট-এর বিরুদ্ধে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। ১৮৮২ সালে ইংরেজ সরকারের স্বরাষ্ট্র সচিব ইলবার্ট ইংরেজদের বিচারের ভার ভারতীয় বিচারকদের হাতে দেবার জন্য 'ইলবার্ট বিল' নামে একটি বিল আনেন, কিন্তু সাম্রাজ্যবাদী ইংরেজ শাসকদের চক্রান্তে সেটি শেষ পর্যন্ত নাকচ হয়ে যায়। কলকাতা, বোম্বাই ও মাদ্রাজের জাতীয়তাবাদীরা ইংরেজদের এই নোংরামির বিরুদ্ধে এক-যোগে সঙ্ঘবদ্ধ হন। বোম্বাইতে ১৮৮৫ খ্রীস্টাব্দে ইংরেজ সিভিলিয়ান অ্যালান্ অক্টেভিয়ান হিউমের সভাপতিত্বে প্রথম জাতীয় কংগ্রেসের সৃষ্টি হল। এর ফলে এই সংগঠনের মাধ্যমে ইংরেজদের সঙ্গে আলাপ-আলোচনার পথ খানিকটা প্রশস্ত হল। ক্রমে এই প্রতিষ্ঠানে সর্বভারতীয় নেতারা যোগ দেন। বাঙ্গালীরা তার পুরো-ভাগে ছিলেন—যেমন উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়। সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, আনন্দমোহন বসু প্রমুখ। পরবর্তী কালে প্রতিনিধিত্বমূলক এই প্রতিষ্ঠানের মাধ্যমে ইংরেজদের সঙ্গে বোঝাপড়ার চেষ্টা চলতে লাগল। একথা স্বীকার করতে হবে ১৯০৫ খ্রীস্টাব্দ পর্যন্ত জাতীয় কংগ্রেস ইংরেজ শাসকদের সঙ্গে আবেদন নিবেদন ও আন্দোলনের মাধ্যমে সরকারকে শাসনতান্ত্রিক সংস্কার প্রবর্তনে অনেকখানি বাধ্য করেছিল। ভারতের জাতীয় কংগ্রেসই প্রথম প্রতিষ্ঠান যা ভারতীয়দের মনে বিপুল সাড়া জাগিয়েছিল।

সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

অ্যালান্ অক্টেভিয়ান হিউম

ষষ্ঠ পরিচ্ছেদ

চরমপন্থী আন্দোলন (১৯০৫-১৯১৪ খ্রীস্টাব্দ)

১৮৮৫ খ্রীস্টাব্দ থেকে ১৯০৫ খ্রীস্টাব্দ পর্যন্ত কংগ্রেসের নেতারা ব্রিটিশ শাসকদের প্রতি সম্পূর্ণ অনুগত ছিলেন। তাঁরা বিশ্বাস করতেন যে ইংরেজ জাতির বিচার-বুদ্ধি ও ন্যায়পরায়ণতা তাদের দুঃখকষ্ট দূর করতে সহায়তা করবে। কিন্তু কালক্রমে 'আবেদন-নিবেদনমূলক নীতির অসারতা প্রমাণিত হল। ইতিমধ্যে ইংরেজদের অর্থনৈতিক শোষণ ভারতীয়দের নিঃশেষিত করেছিল। অর্থনৈতিক দুর্দশা থেকে দেশকে মুক্ত করার উদ্দেশ্যে কংগ্রেসের নেতৃবর্গ উপযুক্ত ব্যবস্থা গ্রহণের বিষয় চিন্তা করছিলেন। ১৮৯৭ খ্রীস্টাব্দের দুর্ভিক্ষে ভারতের দুই কোটি লোক ক্ষতিগ্রস্ত হয়েছিল। এই দুর্ভিক্ষ এবং বোম্বাইতে প্লেগ মহামারীর প্রাদুর্ভাবে যে ক্ষতি হয়েছিল, তার জন্য সরকার যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেনি। এর ফলে সাধারণ মানুষের মনে বিক্ষোভ দানা বাঁধছিল। এছাড়া হিন্দুধর্মের পুনরুত্থান ও স্বামী বিবেকানন্দের প্রচার চরমপন্থী মতবাদ প্রসারে সহায়তা করেছিল। দক্ষিণ আফ্রিকা প্রভৃতি ব্রিটিশ উপনিবেশে ভারতীয়দের প্রতি দুর্ব্যবহার তাদের মধ্যে স্বাধীনতার আকাঙ্ক্ষা জাগরিত করেছিল। ১৯০৪-০৫ খ্রীস্টাব্দে রুশ-জাপান যুদ্ধে রাশিয়া জাপানের কাছে পরাজিত হলে একটা অখ্যাত প্রাচ্যশক্তির জয় ভারতীয়দের গভীরভাবে অনুপ্রাণিত করেছিল। ১৯০৫ খ্রীস্টাব্দে কার্জনের বঙ্গভঙ্গ বাংলার জাতীয়তাবাদীদের মনে গভীর আঘাত হেনেছিল। বঙ্গভঙ্গ আন্দোলনের সৃষ্টি হল বাংলাদেশে। দেশের যুবশক্তি এই আন্দোলনে ঝাঁপিয়ে পড়ল। নেতৃত্ব দিলেন উগ্র জাতীয়তাবাদীদের নেতাগণ—বালগঙ্গাধর তিলক, অরবিন্দ ঘোষ, বিপিনচন্দ্র পাল এবং লালা লাজপত রায় প্রমুখ। ভারতের যেসব অঞ্চলে ইংরেজ সরকারের বিরুদ্ধে বিপ্লবাত্মক সংগ্রাম পরিচালিত হয়েছিল তাদের মধ্যে বাংলা, পাঞ্জাব ও মহারাষ্ট্রের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

বালগঙ্গাধর তিলক

স্বদেশী আন্দোলনের সময় বাংলাদেশের অনেক শহরে 'অনুশীলন সমিতি' নামে বিপ্লবাত্মক সমিতি গঠিত হয়েছিল। ১৯০৫ খ্রীস্টাব্দ থেকে পুলিন দাসের পরিচালনায় ঢাকার 'অনুশীলন সমিতি' বিশেষ খ্যাতি অর্জন করেছিল। অরবিন্দ ঘোষ ও তাঁর ভাই বারীন্দ্র কুমার ঘোষের নেতৃত্বে বাংলার বিপ্লবাত্মক আন্দোলন বিশেষ শক্তি সঞ্চয় করেছিল। বারীন্দ্র একদল উৎসাহী যুবককে নিজ দলভুক্ত করতে সমর্থ হলেন। এঁদের মধ্যে অবিনাশ ভট্টাচার্য ও ভূপেন্দ্রনাথ দত্তের নাম বিশেষ

উল্লেখযোগ্য। এই সময়ের বিপ্লবী ভাবধারাপুষ্ট বইগুলির মধ্যে ১৯০৫ খ্রীস্টাব্দে প্রকাশিত 'ভবানী মন্দির' (রচনা অরবিন্দ ঘোষ) এবং ১৯০৭ খ্রীস্টাব্দে অবিনাশ ভট্টাচার্য প্রণীত 'বর্তমান রণনীতি' বই দুটি বিশেষ উল্লেখযোগ্য। চরমপন্থী আন্দোলনের মূল বক্তব্য ছিল, আলাপ-আলোচনা বা তোষণনীতির দ্বারা ইংরেজ শাসনের সঙ্গে লড়াই করা যাবে না। নেতৃবৃন্দ চাইলেন পূর্ণ স্বরাজ। তিলক বললেন, 'স্বরাজ আমাদের জন্মগত অধিকার।' দিকে দিকে স্বরাজের দাবি সোচ্চার হয়ে উঠল। বিপ্লবীরা বিপ্লবাত্মক 'যুগান্তর' দল গঠন ও পত্রিকা প্রকাশ করে জনসাধারণের মধ্যে রাজদ্রোহ ও বিপ্লবী মতবাদ প্রচার করেছিলেন। ১৯০৮ খ্রীস্টাব্দে যখন প্রফুল্ল চাকী ও ক্ষুদিরাম বিচারক কিংসফোর্ডকে হত্যার চেষ্টা করেছিলেন তখন এই ঘটনা সমস্ত দেশকে সচকিত করেছিল।

ক্ষুদিরাম বসু

যুগান্তর পত্রিকা প্রকাশিত হবার পর বাংলাদেশের বহু অঞ্চলে রাজনৈতিক ডাকাতি অনুষ্ঠিত হয়। ১৯০৮ খ্রীস্টাব্দ থেকে ১৯১৭ খ্রীস্টাব্দের মধ্যে অনুষ্ঠিত কয়েকটি রাজনৈতিক ডাকাতির বিবরণ পাওয়া যায়। ১৯০৭ খ্রীস্টাব্দ থেকে ১৯১৪ খ্রীস্টাব্দ পর্যন্ত পাঞ্জাবের রাজনৈতিক আন্দোলনগুলিতে আর্যসমাজের সদস্যরা প্রত্যক্ষভাবে যুক্ত ছিলেন। পাঞ্জাবের কয়েকজন বিপ্লবী ভারতের গভর্ণর-জেনারেল লর্ড হার্ডিঞ্জের প্রাণনাশের চেষ্টা করেছিলেন। বাংলায়, পাঞ্জাবে, মহারাষ্ট্রে বিপ্লবের আগুন ছড়িয়ে পড়ল। কত যুবক ফাঁসীর মঞ্চে জীবনের জয়গান গেয়ে গেল। আমেরিকায় পাঞ্জাবীদের প্রতিষ্ঠিত 'গদর' পার্টি সেখান থেকে পাঞ্জাবীদের ভারতে পাঠিয়ে ভারতে বিপ্লব ঘটাতে তৎপর হয়। ১৯১৪ খ্রীস্টাব্দে গদর পার্টির পত্রিকা 'গদর-ই-গঞ্জ' (বিপ্লবের পদধ্বনি) পাঞ্জাবে ব্যাপকভাবে প্রচার করা হয়। ১৯০৬ খ্রীস্টাব্দে সাভারকর মহারাষ্ট্রে 'অভিনব ভারত' নামে একটি বিপ্লবাত্মক সমিতি গঠন করেছিলেন। বোম্বাই-এর বহু কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠানে 'অভিনব ভারতে'র শাখা ছিল। ভারতের অভ্যন্তরে অথবা বিদেশ থেকে অস্ত্র সংগ্রহ 'অভিনব-ভারতে'র প্রধান কাজ ছিল।

অনুশীলনী

বাস্তবভিত্তিক প্রশ্নাবলী:

১। ডুরান্ড লাইন কি? ২। শের আলী কে? ৩। দ্বিতীয় আফগান যুদ্ধ কখন আরম্ভ হয়েছিল? ৪। ডিরোজিও কে? ৫। দয়ানন্দের মতবাদ কি? ৬। কংগ্রেসের প্রথম অধিবেশন কোথায় আহূত হয়েছিল? ৭। কংগ্রেসের প্রথম অধিবেশনে কে সভাপতি ছিলেন? ৮। অনুশীলন সমিতি কি? ৯। 'গদর' পার্টি কোথায় বিকাশ লাভ করেছিল? ১০। ক্ষুদিরাম বসু কে?

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলী:

১৮৫৮ খ্রীস্টাব্দের "ভারত শাসন আইন" দ্বারা ভারতের শাসনব্যবস্থায় কি পরিবর্তন হয়েছিল? ১৮৫৮ খ্রীস্টাব্দের পর ভারতের শিক্ষাক্ষেত্রে কি উন্নতি হয়েছিল? ৩। স্যার সৈয়দ আহমদ মুসলমানদের উন্নতির জন্য কি করেছিলেন? ৪। ভারতের কয়েকজন চরমপন্থী নেতার নাম উল্লেখ কর।

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্নাবলী:

১। ব্রহ্মদেশ কিভাবে ব্রিটিশ সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয়েছিল? ২। রাজা রামমোহনের সমাজ সংস্কার সম্বন্ধে কি জান? ৩। বিদ্যাসাগরের সমাজ সংস্কারের বিবরণ দাও। ৪। রামকৃষ্ণ কিভাবে হিন্দু সমাজে নূতন চেতনা এনেছিলেন? ৫। কংগ্রেসের মধ্যে চরমপন্থী মনোভাবের বিকাশ হয়েছিল কেন?

রচনাভিত্তিক প্রশ্নাবলী:

১। ১৮৫৮ খ্রীস্টাব্দের পর ইংরেজদের সাম্রাজ্য বিস্তারের বিবরণ দাও। ২। দ্বিতীয় আফগান যুদ্ধের বর্ণনা দাও। ৩। ঊনবিংশ শতাব্দীতে ভারতীয়দের উদ্যোগে সমাজ সংস্কারের বিবরণ দাও। ৪। ভারতে জাতীয়তাবাদী মনোভাবের বিকাশ কিভাবে হয়েছিল? ৫। ভারতের জাতীয় কংগ্রেসের উদ্ভব সম্বন্ধে যা জান লেখ। ৬। বাংলায় বিপ্লবাত্মক সংগ্রামের বিবরণ দাও।

মৌখিক প্রশ্নাবলী:

১। মহারানী ভিক্টোরিয়া কত খ্রীস্টাব্দে ভারতের শাসনভার গ্রহণ করেছিলেন? ২। 'ভাইস্‌রয়' কথার অর্থ কি? ৩। কত খ্রীস্টাব্দে কলকাতা, বোম্বাই ও মাদ্রাজে হাইকোর্ট স্থাপিত হয়েছিল? ৪। কে ভারতের 'বৈজ্ঞানিক ও প্রাকৃতিক সীমান্ত' স্থাপনের নীতি গ্রহণ করেছিলেন? ৫। 'কার্জন লাইন' কিভাবে নির্ধারিত হয়েছিল? ৬। কোন্ ইংরেজ গভর্নর জেনারেল সতীদাহ নিবারণের চেষ্টা করেছিলেন? ৭। 'ইয়ং বেঙ্গল' কাদের বলা হত? ৮। "স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় রে"—এই কথাগুলি কে লিখেছিলেন? ৯। কত খ্রীস্টাব্দে "ভার্নাকুলার প্রেস অ্যাক্ট" জারী হয়েছিল? ১০। অ্যালান অক্টেভিয়ান হিউম কে ছিলেন? ১১। "স্বরাজ আমাদের জন্মগত অধিকার" —এ কথা কে বলেছিলেন?

দ্বাদশ অধ্যায় | প্রথম বিশ্বযুদ্ধ

কারণঃ ঊনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধ থেকে ইউরোপীয় রাষ্ট্রগুলির মধ্যে এই ধারণা ক্রমশ বদ্ধমূল হচ্ছিল যে, জাতীয় আশা-আকাঙ্ক্ষা পূরণের জন্য যুদ্ধের মত কার্যকরী পন্থা আর কিছু নাই। সামরিক শক্তির সাহায্যেই নেপোলিয়ন ইউরোপে এক বিশাল সাম্রাজ্য গঠন করেছিলেন এবং এই সামরিক শক্তির সাহায্যেই জার্মানি ঐক্যবদ্ধ রাষ্ট্রের মর্যাদা লাভ করেছিল। নেপোলিয়ন ও জার্মানির সাফল্যে অনুপ্রাণিত হয়ে ইউরোপের ছোট-বড় রাষ্ট্রগুলি যুদ্ধের উপযোগিতা সম্বন্ধে নিঃসন্দেহ হল। এইভাবে ইউরোপীয় রাষ্ট্রগুলির মধ্যে যুদ্ধকামী মনোভাব গঠিত হয়েছিল। জার্মানি, অস্ট্রিয়া, ইংলণ্ড, ফ্রান্স ও রাশিয়া প্রত্যেকেই বিশ্বব্যাপী যুদ্ধের জন্য দায়ী ছিল। এইসব রাষ্ট্রের কর্ণধারগণ কিছুকাল যাবৎ যে নীতি ও কার্যক্রম অনুসরণ করে আসছিলেন তারই অবশ্যম্ভাবী পরিণতি প্রলয়ঙ্কর প্রথম বিশ্বযুদ্ধ।

এই মহাযুদ্ধের জন্য যে কোন রাষ্ট্রের চেয়ে অবশ্য জার্মানিই বেশী দায়ী। বিসমার্ক মনে করতেন যে, ১৮৭১ খ্রীস্টাব্দের পর জার্মানির সকল আশা-আকাঙ্ক্ষাই পরিতৃপ্ত হয়েছে; জার্মানির প্রাপ্য বলতে আর কিছুই বাকী নেই। কিন্তু জার্মান সম্রাট দ্বিতীয় কাইজার উইলিয়াম মনে করতেন যে জার্মানির সামনে অনন্ত সাম্রাজ্য বিস্তৃতির সম্ভাবনা আছে। জার্মানির আফ্রিকাতে উপনিবেশ বিস্তার, নৌবহর সম্প্রসারণ এবং বার্লিন থেকে বাগদাদ পর্যন্ত রেলপথ স্থাপনের পরিকল্পনা ইংলণ্ডকে শঙ্কিত করে তুলল। ফলে ফ্রান্স ও রাশিয়ার সঙ্গে ইংলণ্ড বন্ধুত্ব স্থাপন করল।

ঊনবিংশ শতকের শেষভাগ থেকে ইউরোপের বিভিন্ন রাষ্ট্রের মধ্যে পরস্পর-বিরোধী যেসব স্বার্থের সংঘাত দেখা দিয়েছিল তা প্রথম বিশ্বযুদ্ধের অন্যতম প্রধান কারণ। আলসাস-লোরেনের অধিকার নিয়ে জার্মানি ও ফ্রান্সের মধ্যে এবং ত্রিয়েস্ত, ত্রেনটিনো প্রভৃতি অঞ্চলের অধিকার নিয়ে ইটালী ও অস্ট্রিয়ার মধ্যে তীব্র মতান্তর দেখা দিয়েছিল। শান্তিপূর্ণ উপায়ে এইসব সমস্যার সমাধান না হলে প্রতিদ্বন্দ্বী রাষ্ট্রগুলি অস্ত্রশক্তির সাহায্যে যুদ্ধে অবতীর্ণ হতে প্রস্তুত ছিল। ১৮৯৮ খ্রীস্টাব্দে নীল নদের তীরে ফ্যাসোডা (Fashoda)-তে ব্রিটেন ও ফ্রান্সের সেনাবাহিনীর মধ্যে প্রায় যুদ্ধের উপক্রম হয়েছিল। ফরাসী প্রধানমন্ত্রী দেলকাসে (Delcasse) -র চেষ্টায় এই সংকট এড়ানো সম্ভব হয়। ইংরেজদের অধিকারভুক্ত দক্ষিণ আফ্রিকায় 'বুয়র'রা বিদ্রোহী হলে জার্মান সম্রাট দ্বিতীয় কাইজার উইলিয়াম বুয়রদের অভিনন্দন জানালে ইঙ্গ-জার্মান সম্পর্ক তিক্ত হয়। ১৯০৫ খ্রীস্টাব্দে রুশ-জাপান যুদ্ধে জাপান রাশিয়াকে পরাজিত করার পর সাম্রাজ্যবাদী কার্যকলাপে নিযুক্ত হল। ১৯০৫ খ্রীস্টাব্দ থেকে মরক্কোর উপর ফ্রান্সের কর্তৃত্বের বিরুদ্ধে জার্মানির কার্যকলাপ এই দুটি দেশের সম্পর্কের ক্ষেত্রে চরম অবনতি করিয়েছিল। অস্ট্রিয়া ১৯০৮ খ্রীস্টাব্দে হঠাৎ বসনিয়া (Bosnia) দখল করে। এর ফলে সার্বিয়াতে

অস্ট্রিয়ার বিরুদ্ধে প্রবল গণ-আন্দোলন দেখা দেয়। রাশিয়া অস্ট্রিয়ার বিরুদ্ধে আপত্তি জানালে জার্মানি অস্ট্রিয়ার বিরুদ্ধে দাঁড়ায়। জার্মানির শক্তিতে রাশিয়া ভীত হয় এবং বসনিয়া অস্ট্রিয়ার দখলে থাকে।

কাইজার দ্বিতীয় উইলিয়ামের নেতৃত্বে জার্মানি নৌ-শক্তি বৃদ্ধি করতে এবং ঔপনিবেশিক সাম্রাজ্য বিস্তারে ইংলন্ড নিষ্ক্রিয়তা ত্যাগ করে ফ্রান্সের সঙ্গে মৈত্রী বন্ধনে আবদ্ধ হতে বাধ্য হল (১৯০৪ খ্রীস্টাব্দে)। ১৯০৭ খ্রীস্টাব্দে ফ্রান্স, ইংলন্ড ও রাশিয়ার মধ্যে ত্রি-শক্তি মৈত্রী (Triple Entente) নামে পরিচিত আঁতাত স্থাপিত হয়েছিল। ইতিপূর্বে রাশিয়ার বিরুদ্ধে জার্মানির নিরাপত্তা সুদৃঢ় করার জন্য বিসমার্ক অস্ট্রিয়ার সঙ্গে দ্বি-শক্তি মৈত্রী (Dual Alliance) বন্ধনে আবদ্ধ হলেন। টিউনিসিয়ার ব্যাপারে যখন ফ্রান্স ও ইটালীর মধ্যে প্রতিদ্বন্দ্বিতার সৃষ্টি হল তখন ফ্রান্সের ব্যবহারে ক্রুদ্ধ হয়ে ইটালী জার্মানী ও অস্ট্রিয়ার সঙ্গে ত্রি-শক্তি মৈত্রী (Triple Alliance) বন্ধনে আবদ্ধ হয়েছিল (১৮৮২ খ্রীস্টাব্দ)।

প্রত্যক্ষ কারণঃ ১৯১৪ খ্রীস্টাব্দের ২৮শে জুন অস্ট্রিয়ার যুবরাজ ফার্ডিনান্ড বস্‌নিয়ার রাজধানী সেরাজেভো নগরে এক গুপ্ত আততায়ীর হাতে নিহত হন। আততায়ী জাতিতে সার্বিয়ান—এই অজুহাতে অস্ট্রিয়া সার্বিয়াকে এক চরমপত্র পাঠাল। সার্বিয়া এই চরমপত্র অগ্রাহ্য করার সঙ্গে সঙ্গে অস্ট্রিয়া সার্বিয়ার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করল। সার্বিয়া রাশিয়ার সাহায্যপ্রার্থী হলে রাশিয়া অস্ট্রিয়ার বিরুদ্ধে সৈন্য সমাবেশের আদেশ দিল। জার্মানি রাশিয়ার সঙ্গে যুদ্ধে লিপ্ত হওয়ামাত্র রুশ-ফরাসী মৈত্রী বন্ধনের শর্ত অনুসারে ফ্রান্স রাশিয়ার সাহায্যে অগ্রসর হল। জার্মানি ফ্রান্স আক্রমণ করার অভিপ্রায়ে বেলজিয়ামের মধ্য দিয়ে সৈন্য চালনা করল। এর ফলে বেলজিয়ামের আন্তর্জাতিক নিরপেক্ষতা ক্ষুণ্ণ হওয়ায় ইংলন্ড জার্মানির বিরুদ্ধে ফ্রান্স, রাশিয়া ও সার্বিয়ার পক্ষ নিয়ে যুদ্ধে অবতীর্ণ হল (৪ঠা আগস্ট, ১৯১৪)।

ব্যাপকতাঃ ১৯১৪ খ্রীস্টাব্দ থেকে ১৯১৮ খ্রীস্টাব্দ পর্যন্ত চার বছর প্রথম বিশ্বযুদ্ধের ভয়াবহতা ইউরোপকে আচ্ছন্ন করে রাখে। এত দীর্ঘস্থায়ী, ব্যয়বহুল ও লোকক্ষয়কারী সংগ্রাম এর আগে পৃথিবীর ইতিহাসে কখনও দেখা যায় নি।

মাত্র কয়েকটি নিরপেক্ষ দেশ ছাড়া পৃথিবীর সব কয়টি প্রধান শক্তি এই যুদ্ধে জড়িয়ে পড়েছিল। এই যুদ্ধের রণাঙ্গন পাঁচটি বিভিন্ন মহাদেশে প্রসারিত হয়েছিল। বিজ্ঞানের উন্নতি অথবা তার অপব্যবহারের ফলে এই যুদ্ধের মারাত্মক ধ্বংসাত্মক রূপ দেখা গিয়েছিল। এই যুদ্ধে সর্বপ্রথম বোমারু বিমান বাহিনী, সাবমেরিন (ডুবোজাহাজ), ট্যাঙ্ক, বড় বড় কামান ও বিষাক্ত গ্যাস ব্যবহৃত হয়। সামরিক ও বেসামরিক সকলেই সমান বিপদের সম্মুখীন হল। এই যুদ্ধের ফলে ইউরোপের বহু সমৃদ্ধ নগর ধূলিসাৎ হয়, বহু গ্রাম জনশূন্য হয়, শিল্প ও বাণিজ্য ধ্বংসপ্রাপ্ত হয় এবং বহু শতাব্দী নিরলস প্রয়াসে যে মানব-সভ্যতা গড়ে উঠেছিল তা নিশ্চিহ্ন হয়। শুধু ইউরোপ নয়, পৃথিবীর সর্বত্রই এই যুদ্ধের প্রভাব অল্পবিস্তর দেখা দিয়েছিল। অবশ্য ইউরোপের ইতিহাসে এই যুদ্ধ এক যুগান্তকারী পরিবর্তন এনেছিল। প্রথম বিশ্বযুদ্ধের ফলে আশি লক্ষ লোক নিহত, আড়াই কোটি লোক আহত এবং এইসব সংখ্যার অনেক গুণ লোক অন্যভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল।

প্রথম বিশ্বযুদ্ধের ফলাফলঃ প্রথম বিশ্বযুদ্ধ দীর্ঘ চার বছর ধরে চলেছিল। জনসংখ্যা, অর্থ, সম্পদ, সামরিক শক্তি এবং শিল্প-বাণিজ্যে শক্তিশালী মিত্রপক্ষের কাছে জার্মানি ও তার সহযোগী রাষ্ট্রগুলি পরাজয় স্বীকারে বাধ্য হল (১৯১৮ খ্রীস্টাব্দ)। ১৯১৯ খ্রীস্টাব্দে প্যারিসের কাছে ভার্সাই শহরে জার্মানির সঙ্গে মিত্রপক্ষের সন্ধি হয়; পরে অন্যান্য পরাজিত দেশের সঙ্গেও সন্ধি হয়। "এক জাতি, এক রাষ্ট্র"—এই নীতি অনুসারে ইউরোপের পুনর্গঠন হয়। বহুজাতি অধ্যুষিত অস্ট্রিয়া, হাঙ্গেরী সাম্রাজ্য—হাঙ্গেরী, চেকোশ্লোভাকিয়া প্রভৃতি স্বাধীন রাষ্ট্রে পর্যবসিত হয়। অবশ্য এই নীতি সর্বত্র মেনে চলা হয়নি। ভার্সাই সন্ধিতে জার্মানিকে প্রচুর ক্ষতি স্বীকার করতে হয়। ইউরোপে জার্মানির রাজ্য সঙ্কীর্ণ করা হল, পৃথিবীব্যাপী জার্মান উপনিবেশগুলি কেড়ে নেওয়া হল, জার্মানির সেনাবাহিনী ও নৌবাহিনী সঙ্কুচিত করা হল। এ ছাড়া যুদ্ধের ক্ষতিপূরণ বাবদ জার্মানির উপর এক অবিশ্বাস্য পরিমাণ অর্থের বোঝা চাপান হল। এইভাবে অন্যায় ও অসাম্যের উপর ভিত্তি করে ভার্সাই সন্ধিপত্র রচিত হয়েছিল। এই সন্ধির মধ্যে ভবিষ্যৎ যুদ্ধের বীজ নিহিত ছিল। বিশ বছর অতিক্রান্ত হবার আগেই ইউরোপে প্রলয়ঙ্কর দ্বিতীয় বিশ্বযুদ্ধের সূচনা হল। এই যুদ্ধ চলাকালে আর একটি ঘটনা স্মরণীয়। ১৯১৭ খ্রীস্টাব্দের নভেম্বরে রাশিয়ায় বিপ্লবের মাধ্যমে সমাজতন্ত্রের প্রতিষ্ঠা হল। যুদ্ধ শেষ হবার পর জন্ম নিল রাষ্ট্রসংঘ বা 'লীগ অব্ নেশনস্'। আমেরিকার প্রেসিডেন্ট উইলসন একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান গড়ার কথা ইতিমধ্যেই উত্থাপন করেছিলেন।

প্রথম বিশ্বযুদ্ধে ভারতের মিত্রপক্ষকে সাহায্যদানের কারণঃ প্রথম বিশ্বযুদ্ধ আরম্ভ হবার সঙ্গে সঙ্গে ব্রিটিশ সাম্রাজ্যের অংশরূপে ভারতও এই যুদ্ধে লিপ্ত হয়ে পড়ল। এই যুদ্ধে ইংরেজ সরকার নিজের স্বার্থেই ভারতের লোকবল ও ধনসম্পদ যথেচ্ছভাবে ব্যবহারের আয়োজন করেছিল। ভারতবর্ষ থেকে প্রচুর পরিমাণে খাদ্যশস্য, কাঁচামাল, খনিজ সম্পদ ও সৈন্যসামন্ত পাঠিয়ে ব্রিটেনকে সাহায্য করা হয়েছিল। এই যুদ্ধে ভারত থেকে যে নানা রকম সাহায্য পাঠান হয়েছিল তার জন্য ইংরেজ সরকার ভারতবাসীর মতামতের গ্রহণের কোন প্রয়োজনীয়তা উপলব্ধি করেন নি।

যুদ্ধের পর ইংরেজ সরকার ভারতবাসীর আশা-আকাঙ্ক্ষা পূরণে অগ্রণী হবে এবং ভারতবাসীকে স্বায়ত্তশাসনের অধিকার মঞ্জুর করবে—এই ধারণার বশবর্তী হয়ে তদানীন্তন জাতীয়তাবাদী নেতৃবর্গ ইংরেজ সরকারকে সমস্ত রকম সাহায্য করেছিলেন। প্রথম বিশ্বযুদ্ধের শুরুতে ভারত-সচিব সুস্পষ্টভাবে ঘোষণা করেছিলেন যে, ভারতে দায়িত্বশীল সরকার গঠনই ইংরেজ সরকারের উদ্দেশ্য। সুতরাং ভারতবাসী সঙ্গত ভাবেই আশা করেছিল যে যুদ্ধ অবসানের পর ব্রিটিশ সরকার শাসনতান্ত্রিক সংস্কার প্রবর্তন করে ভারতবাসীদের প্রতি কৃতজ্ঞতা দেখাবেন।

অর্থনৈতিক দুরবস্থা এবং জনসাধারণের অসন্তোষঃ প্রথম বিশ্বযুদ্ধ আরম্ভ হবার পর খাদ্যাভাব, দ্রব্যমূল্য বৃদ্ধি প্রভৃতির ফলে ভারতবাসীর মধ্যে ক্রমবর্ধমান অসন্তোষ দেখা দিয়েছিল। যুদ্ধের ব্যয় বাবদ এই দরিদ্র দেশ থেকে প্রভূত অর্থ

সংগৃহীত হল, মূল্যবৃদ্ধির ফলে এবং মুনাফাখোরদের তাণ্ডবে ভারতবাসী চরম অর্থনৈতিক দুর্গতির সম্মুখীন হয়েছিল।

ভারত ও বিদেশে বিপ্লবীদের কার্যাবলীঃ প্রথম বিশ্বযুদ্ধের (১৯১৪—১৮) সময় ভারতের ভিতরে এবং বিদেশে বিপ্লবী প্রচেষ্টা আবার শক্তিশালী হয়ে উঠে। ইউরোপে প্রবাসী একদল ভারতীয় জার্মান কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ স্থাপন করেন এবং ভারতে বিপ্লব প্রচেষ্টার জন্য জার্মান সাহায্যের আশ্বাস পান। আমেরিকার বন্দর থেকে জার্মান অস্ত্র ও সৈন্যবাহী জাহাজ পাঠিয়ে এই সংগ্রামে সাহায্য করবে এটাও স্থির হয়। বিদেশে এইসব প্রস্তুতির সঙ্গে বাংলার বিপ্লবীরা প্রথম থেকেই জড়িত ছিলেন। বাংলার দুই বিপ্লবী যতীন্দ্রনাথ মুখোপাধ্যায় ও রাসবিহারী বসু এই প্রচেষ্টাকে সফল করার জন্য বিপুল উৎসাহে অগ্রসর হলেন।

রাসবিহারী বসু



যতীন্দ্রনাথ মুখোপাধ্যায়

জার্মান অস্ত্র ও অর্থ সাহায্য ত্বরান্বিত করার জন্য যতীন্দ্রনাথ একাধিক কর্মীকে বাইরে পাঠান। বিদেশে প্রেরিত এই কর্মীদের মধ্যে ছিলেন নরেন্দ্রনাথ ভট্টাচার্য। তিনি সি. মার্টিন ছদ্মনাম গ্রহণ করে বাটাভিয়ায় যান। নরেন্দ্রনাথই পরে মানবেন্দ্রনাথ রায় নামে পরিচিত হন। যতীন্দ্রনাথ বাংলার বিচ্ছিন্ন বিপ্লবী সমিতিগুলিকে নিজ নেতৃত্বে ঐক্যবদ্ধ করতে সমর্থ হলেন এবং আসন্ন বিপ্লবী অভ্যুত্থানে কোন্ অঞ্চলে কার নেতৃত্বে কিভাবে কাজ হবে তা স্থির করে দেন। পাঞ্জাব ও উত্তর ভারতে বিপ্লবী আন্দোলনের নেতা রাসবিহারী বসুর সঙ্গে এক সাক্ষাৎকারে বারাণসীতে মিলিত হয়ে এই দুই নেতা সর্বভারতীয় বিপ্লবী অভ্যুত্থানের কর্মসূচী স্থির করেন।

জার্মান অস্ত্রবাহী জাহাজে "মাভেরিক" উড়িষ্যার উপকূলে এসে ভিড়বে এই আশায় যতীন্দ্রনাথ কয়েকজন সহকর্মীকে নিয়ে বালেশ্বরে আসেন। তিনি বালেশ্বর শহরের প্রায় ত্রিশ মাইল দূরবর্তী কাপ্তিপোদা গ্রামে আশ্রয় নিয়েছিলেন। পুলিশ সেই আশ্রয়ের সন্ধান পাওয়াতে যতীন্দ্রনাথ ও তাঁর সঙ্গীদের পুলিশের গুলি বিনিময় হয় এবং যতীন্দ্রনাথ নিহত হন (১৯১৫)।

মার্কিন প্রবাসী ভারতীয়দের মধ্যে "গদর পার্টি" নামে যে বিপ্লবী সংগঠনটি গড়ে ওঠে, তার অধিকাংশ সদস্যই ছিলেন পাঞ্জাবী, শিখ ও হিন্দু সম্প্রদায়ের লোক। গদর পার্টির সদস্যরা যুদ্ধের সুযোগে ভারতে স্বাধীনতা সংগ্রাম চালিয়ে ইংরেজ শাসনের অবসান ঘটানোর সংকল্প গ্রহণ করেন। এই উদ্দেশ্যে তাঁরা দলে দলে মার্কিন যুক্তরাষ্ট্র ও কানাডা থেকে দেশে ফিরতে থাকেন। পথে শ্যাম, মালয়, সিঙ্গাপুর ব্রহ্মদেশ প্রভৃতি অঞ্চলে এদের অনেকে ইংরেজ সরকারের সেনাবাহিনীভুক্ত সেনাদলের সঙ্গে সংযোগ স্থাপন করে ভারতীয় সৈন্যদের বিদ্রোহী করে তুলতে চেষ্টা করেন। গদর বিপ্লবীদের উদ্দেশ্য বুঝতে পেরে ভারত সরকার তাদের ভারতে প্রবেশ করার সঙ্গে সঙ্গে গ্রেপ্তার ও অন্তরীণ করতে থাকেন। সরকারের সতর্ক দৃষ্টি এড়িয়ে কয়েক হাজার গদর সদস্য পাঞ্জাবে প্রবেশ করতে সমর্থ হয়। অস্ত্র সংগ্রহ, অর্থ সংগ্রহ, রেল যোগাযোগ নষ্ট করা, সৈন্যদলে বিদ্রোহের সঞ্চার ইত্যাদি ছিল তাঁদের কর্মসূচী। এই কর্মসূচী অনুসরণ করতে গিয়ে কয়েকটি জায়গায় পুলিশের সঙ্গে তাঁদের সংঘর্ষ হয়। এই সব সংঘর্ষে কিছু পুলিশের লোকও যেমন নিহত হয়, বিপ্লবীদের মধ্যেও কেউ কেউ নিহত হন অথবা ধরা পড়ে প্রাণদণ্ডে দণ্ডিত হন। ১৯১৫ খ্রীস্টাব্দের প্রথম ভাগে রাসবিহারী বসুর সঙ্গে সংশ্লিষ্ট বহু বিপ্লবীকে পুলিশ গ্রেপ্তার করে। এদের বিরুদ্ধে পরপর কয়েকটি মামলা চালিয়ে মোট সতের জনের প্রাণদণ্ড বিধান করা হয়।

এম. এন. রায়

অ্যানি বেসান্ত

বালগঙ্গাধর তিলক

হোমরুল আন্দোলন ঃ ১৯১৪ খ্রীস্টাব্দে বিখ্যাত সমাজসেবিকা অ্যানি বেসান্ত জাতীয় আন্দোলনে যোগ দেন। ভারতের স্বায়ত্ত শাসনের দাবির অনুকূলে তিনি

ইংলণ্ডে জনমত গঠনের চেষ্টা করেছিলেন। এই উদ্দেশ্যে ১৯১৫ খ্রীস্টাব্দের সেপ্টেম্বর মাসে অ্যানি বেসান্ত "হোমরুল লীগ" নামে একটা সংস্থা গঠন করেন। বোম্বাই, মাদ্রাজ, এলাহাবাদ, কানপুর এবং অন্যান্য জায়গায় হোমরুল লীগের শাখা স্থাপিত হয়েছিল। স্বায়ত্ত শাসন আন্দোলন উদ্যোক্তারূপে বালগঙ্গাধর তিলকের নামও বিশেষ উল্লেখযোগ্য। তাঁর উদ্যোগে ১৯১৬ খ্রীস্টাব্দের এপ্রিল মাসে ভারতীয় হোমরুল লীগ নামে একটা সংস্থা স্থাপিত হয়েছিল। এই সংস্থার উদ্দেশ্য ছিল ব্রিটিশ সাম্রাজ্যের ভিতরে শাসনতান্ত্রিক উপায়ে স্বায়ত্ত শাসনের অধিকার অর্জন করা এবং এই লক্ষ্যে উপনীত হবার জন্য জনসাধারণকে শিক্ষিত করা ও জনমত গঠন করা।

অ্যানি বেসান্ত ও তিলকের হোমরুল লীগ দুটি সহযোগিতার ভিত্তিতে কাজ করেছিল। এই আন্দোলন দ্রুত প্রসার লাভ করে জনসাধারণের মধ্যে গভীর উদ্দীপনার সঞ্চার করে। সরকার এতে বিচলিত বোধ করে এই আন্দোলনের গতি রুদ্ধ করতে বদ্ধপরিকর হন। অ্যানি বেসান্তকে কারারুদ্ধ করা হয়। হোমরুলের জন্য আয়োজিত সভাগুলিতে রাজদ্রোহমূলক বক্তৃতা করার অপরাধে ১৯১৬ খ্রীস্টাব্দের জুলাই মাসে তিলকের বিরুদ্ধে একটি মামলা দায়ের করা হয়। এই মামলায় তিলক দোষী সাব্যস্ত হলে তাঁকে বিশহাজার টাকা অর্থদণ্ডে দণ্ডিত করা হয়। সরকারের এইসব দমনমূলক নীতি তিলক বা বেসান্তকে তাঁদের অভিষ্ট লক্ষ্য থেকে বিচ্যুত করতে পারল না এবং তাঁরা আরও উৎসাহ নিয়ে তাঁদের আন্দোলন পরিচালনা করতে থাকেন। ভারতের বাইরেও এই আন্দোলনের প্রভাব অনুভূত হয়েছিল।

লক্ষ্ণৌ চুক্তি ১৯১৬ঃ তুরস্ক একটা মুসলমান রাষ্ট্র। মিত্র শক্তিবর্গের বিরুদ্ধে তুরস্ক যুদ্ধ ঘোষণা করার ফলে মুসলীম লীগ ও কংগ্রেসের মধ্যে মৈত্রীর সম্ভাবনা দেখা দিল। ১৯১৬ খ্রীস্টাব্দে কংগ্রেস ও মুসলিম লীগের অধিবেশন লক্ষ্ণৌতে অনুষ্ঠিত হয়েছিল। এই দুইটি রাজনৈতিক দলের মধ্যে এই সময় যে মৈত্রী চুক্তি সম্পাদিত হয় তা "লক্ষ্ণৌ চুক্তি" নামে খ্যাত। এই চুক্তি দ্বারা (১) কংগ্রেস, লীগের পৃথক নির্বাচন ব্যবস্থার দাবি মেনে নিল। (২) কংগ্রেস ও মুসলিম লীগ যৌথভাবে শাসনতান্ত্রিক সংস্কারের দাবি সরকারের কাছে পেশ করতে রাজী হল। লক্ষ্ণৌ-চুক্তিকে ভারতীয় জাতীয়তাবাদের অগ্রগতির একটা উল্লেখযোগ্য সোপানরূপে অভিহিত করা যায়।

রাওলাট আইন (১৯১৯)ঃ প্রথম বিশ্বযুদ্ধের সময় ভারতের জাতীয়তাবাদী আন্দোলনের প্রসারতা ব্রিটিশ সরকারের আশঙ্কার কারণ হয়ে উঠেছিল। তাছাড়া সেই সময় ভারতে অসহযোগ আন্দোলনের তোড়জোড় চলছিল। সুতরাং ভবিষ্যতে জাতীয়তাবাদী আন্দোলনের মোকাবিলা করার জন্য সরকার আগে থেকেই এই ধরনের আইন প্রবর্তনের সংকল্প গ্রহণ করে। ১৯১৯ খ্রীস্টাব্দের ফেব্রুয়ারী মাসে কুখ্যাত রাওলাট আইন (Rowlatt Act) পাস করা হয়। এই আইনের দ্বারা সংবাদপত্রের কণ্ঠরোধ করা হয় এবং যথেচ্ছভাবে বিনাবিচারে কারাদণ্ড ও নির্বাসন দেবার ব্যবস্থা হয়।

জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডঃ রাওলাট আইনের প্রতিবাদে যে আন্দোলনের সূত্রপাত হয় তার চরম পরিণতি ঘটে জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডে (১৩ই এপ্রিল-১৯১৯ খ্রীস্টাব্দে)। ঐ দিন অমৃতসরে জালিয়ানওয়ালাবাগ নামে একটা উদ্যানে এক

জনসভা আহূত হয়। এই উদ্যানটির চারদিক বড় বড় অট্টালিকা-বেষ্টিত ছিল এবং একদিক একুশ ফুট উঁচু প্রাচীর দ্বারা ঘেরা ছিল। উদ্যান থেকে বের হবার জন্য চারটি সংকীর্ণ পথ ছিল। বিকালে বহু লোকের সমাবেশে সভা যথারীতি শুরু হয়। কিছুক্ষণ সভা চলার পর অমৃতসরের শাসক জেনারেল ডায়ার বিনা নোটিশে অতর্কিতে সৈন্যসহ সভাস্থলে চারিটি নির্গমন পথ অবরোধ করেন। তারপর শুরু হয় ইতিহাসের এক অভূতপূর্ব নাটকীয় ঘটনা। ডায়ারের আদেশে সৈন্যদল নিরস্ত্র নর-নারীর উপর দশ মিনিট কাল অবিশ্রান্ত গুলিবর্ষণ করে। সরকারী হিসাবে মৃতের সংখ্যা ৩৭৯ জন, কিন্তু আসলে তা এক হাজারেরও বেশী। হাজার হাজার আহত ব্যক্তিকে সারারাত বিনা সাহায্যে ও বিনা চিকিৎসায় সেই উদ্যানে ফেলে রাখা হয়। এই বর্বর হত্যাকাণ্ডের সংবাদে সারা দেশ প্রতিবাদে ফেটে পড়ে। বিশ্বকবি রবীন্দ্রনাথ এই ঘটনার প্রতিবাদে ইংরেজদের দেওয়া 'নাইট' বা 'স্যার' খেতাব ঘৃণাভরে পরিত্যাগ করেন। তখন কূট-কৌশলে ইংরেজ কর্তৃপক্ষ একটা কমিশন বসিয়ে সমস্ত ব্যাপারটাকে ধামাচাপা দেওয়ার চেষ্টা করেন।

রবীন্দ্রনাথ ঠাকুর

মণ্টেগু-চেমস্‌ফোর্ড সংস্কারসমূহের জন্য প্রস্তাব : 'হোমরুল আন্দোলন একটা অত্যন্ত শক্তিশালী সর্বভারতীয় রূপ অর্জন করে। এই আন্দোলনকে প্রতিহত করার জন্য ভারত সচিব মণ্টেগু এবং বড়লাট চেমস্‌ফোর্ডের উদ্যোগে একটি ভারত শাসন আইন প্রবর্তিত হয়। এটি মণ্টেগু-চেমস্‌ফোর্ড সংস্কার, সংক্ষেপে "মণ্ট-ফোর্ড সংস্কার" আইন নামে পরিচিত। এই আইনের বলে (১) কেন্দ্রীয় ও প্রাদেশিক সরকারের মধ্যে ক্ষমতা ও রাজস্ব বণ্টন করে দেওয়া হয়, (২) কেন্দ্রীয় কার্যনির্বাহক পরিষদে তিনজন ভারতীয় সদস্য গ্রহণের ব্যবস্থা করা হয় এবং (৩) কেন্দ্রীয় ও প্রাদেশিক আইন সভাগুলিকে দুটি কক্ষে বিভক্ত করা হয়। এইভাবে যদিও লোক দেখানো একটা গণতান্ত্রিক কাঠামো তৈরীর ব্যবস্থা করা হল, কিন্তু আসল ক্ষমতার চাবিকাঠি গভর্নর জেনারেল ও গভর্নরদের হাতেই রেখে দেওয়া হয়।

মুসলমানদের অসন্তোষ : এই সময়ে ভারতীয় মুসলমানদের মনে ব্রিটিশ-বিরোধী অসন্তোষ প্রবল আকার ধারণ করে। তুরস্কের খলিফার প্রতি ইংরেজের বৈরীতাই এই অসন্তোষের কারণ ; যদিও যুদ্ধের সময় ইংরেজ ও মার্কিন কর্তৃপক্ষ আশ্বাস দিয়েছিল যে যুদ্ধের পর তুরস্কের সাম্রাজ্য বা তুরস্কের খলিফার অধিকার ক্ষুণ্ণ করা হবে না। ১৯১৮ খ্রীস্টাব্দের শেষভাগে অনুষ্ঠিত যুদ্ধবিরোধী চুক্তিতে দেখা গেল যে এইসব আশ্বাস সম্পূর্ণ মিথ্যা। ভারতীয় মুসলমানরা ভারত ও বিলাতের নানা সভাসমিতি ও আন্দোলন করে খলিফার গৌরব ও মর্যাদা যাতে অক্ষুণ্ণ থাকে সেই দাবি জানালো ; কিন্তু

এতে কোন ফল হল না। ১৯২০ খ্রীস্টাব্দে তুরস্ককে যে সন্ধির শর্ত স্বাক্ষর করতে বাধ্য করা হল, তাতে তুরস্কের সাম্রাজ্য কেড়ে নেওয়া হয়। তুরস্কের সুলতান অর্থাৎ খলিফা মিত্রশক্তির কঠোর নিয়ন্ত্রণাধীন হলেন। গান্ধীজী প্রথম থেকেই মুসলমানদের ক্ষোভ ও দাবির প্রতি সহানুভূতিসম্পন্ন ছিলেন। তিনি তাদের পাশে দাঁড়ালেন। গান্ধীজীর নির্দেশক্রমে খিলাফৎ আন্দোলনের কর্মসূচী রচিত হল। খিলাফৎ কমিটির নির্দেশে ১৯২০ খ্রীস্টাব্দের ১লা আগস্ট সারা দেশে হরতাল ও সভাসমিতি অনুষ্ঠিত হয়। আন্দোলনে অংশগ্রহণ করার জন্য খিলাফৎ কমিটি জাতিধর্ম নির্বিশেষে সকল ভারতবাসীর নিকট আবেদন জানালেন।

অসহযোগের ক্ষেত্র প্রস্তুত : জালিয়ানওয়ালাবাগের ঘটনা সম্পর্কে অনুসন্ধানের জন্য ১৯১৯ খ্রীস্টাব্দের অক্টোবর মাসে 'হান্টার কমিটি" গঠিত হয়। হান্টার কমিটি প্রকৃত অপরাধীদের দোষ অপনোদনের চেষ্টা করেন। ভারতীয় জাতীয় কংগ্রেসের পক্ষ থেকেও এই নির্মম হত্যাকান্ডের তদন্তের উদ্দেশ্যে একটি কমিটি গঠিত হয়। মহাত্মা গান্ধী এই কমিটির অন্যতম সদস্য ছিলেন। আহত ও নিহত ব্যক্তিদের উপযুক্ত ক্ষতিপূরণ এবং দোষী ব্যক্তিদের কঠোর শাস্তির দাবি এই কমিটি করেছিলেন। কিন্তু সরকার এইসব দাবির প্রতি কর্ণপাত করেন নি। এতে গান্ধীজী অত্যন্ত বিক্ষুব্ধ হন। জালিয়ানওয়ালাবাগের হত্যাকান্ডের পর হতাহত ব্যক্তিদের প্রতি সরকারের ঔদাসীন্যনীতি এবং অপরাধীদের নির্দোষ প্রতিপন্ন করার প্রচেষ্টা গান্ধীজীকে ইংরেজদের সহযোগীর পরিবর্তে ১৯২০ খ্রীস্টাব্দের সেপ্টেম্বর মাসে ইংরেজ সরকারের বিরুদ্ধে অসহযোগ আন্দোলনের নেতারূপে পরিণত করল।

মহাত্মা গান্ধী

জাতীয় নেতারূপে গান্ধীজীর অভ্যুদয় : ভারতের স্বাধীনতা আন্দোলনে ১৯১৯ খ্রীস্টাব্দের বিশেষ গুরুত্ব আছে। ১৯১৯ খ্রীস্টাব্দের চারটি ঘটনার দ্বারা ইংলন্ডের সঙ্গে ভারতের ভবিষ্যৎ সম্পর্ক বিশেষভাবে নিয়ন্ত্রিত হয়েছিল; যথা, (১) মন্টেগু-চেমসফোর্ড রিপোর্টের উপর ভিত্তি করে ভারত সরকার আইনের বিধিবদ্ধতা, (২) রাওলাট আইন এবং এর দুঃখজনক পরিণতি, (৩) ভারতীয় রাজনীতিতে ইসলামের পুনরভ্যুদয় এবং (৪) ভারতীয় রাজনীতিতে গান্ধীজীর প্রবেশ। ভারতের রাজনৈতিক ক্ষেত্রে ১৯১৯ খ্রীস্টাব্দ থেকে ১৯৪৭ খ্রীস্টাব্দ পর্যন্ত সময়-সীমাকে "গান্ধীযুগ" আখ্যা দেওয়া যেতে পারে।

১৮৬৯ খ্রীস্টাব্দে কাথিয়াবাড়ের পোরবন্দরে মহাত্মা গান্ধী জন্মগ্রহণ করেন। উনিশ বৎসর বয়সে গান্ধীজী ইংলন্ডে ব্যারিস্টারি পড়তে যান। ১৮৯২ খ্রীস্টাব্দে তিনি ব্যারিস্টারি করার জন্য দক্ষিণ আফ্রিকায় যান। এইখানেই তাঁর রাজনৈতিক জীবনের সূত্র-পাত হয়। দক্ষিণ আফ্রিকায় ভারতীয়দের উপর শ্বেতাঙ্গ শাসকদের উৎপীড়নের প্রতিবাদে

তিনি 'অহিংস সত্যাগ্রহ' নীতি ও কৌশল গ্রহণ করেন। আত্মকষ্টের মাধ্যমে ও অহিংস উপায়ে প্রতিপক্ষকে জয় করাই হল সত্যাগ্রহের মূল লক্ষ্য। ১৯১৫ খ্রীস্টাব্দে গান্ধীজী ভারতে ফিরে আসেন। বিহারে নীলচাষীদের উপর নীলকরদের অত্যাচারের বিরুদ্ধে, আমেদাবাদে কারখানা-শ্রমিকদের ধর্মঘটের ব্যাপারে এবং গুজরাটে কৃষক আন্দোলনে গান্ধীজী নেতৃত্ব গ্রহণ করে অহিংস সত্যাগ্রহ নীতি প্রয়োগ করেন। এরপর গান্ধীজী খেদা জেলায় সত্যাগ্রহ আন্দোলন শুরু করেন। ১৯১৯ খ্রীস্টাব্দে রাওলাট আইনের প্রতিবাদে গান্ধীজী ১৩ই মার্চ দেশব্যাপী ধর্মঘট পালনের নির্দেশ দেন। কোন কোন স্থানে ধর্মঘটীদের সঙ্গে কর্তৃপক্ষের সংঘর্ষ হয়। দিল্লী ও পাঞ্জাবে সংঘর্ষ প্রবল আকার ধারণ করে। অবশ্য গান্ধীজীর পরিচালনায় বোম্বাই-এ সত্যাগ্রহ আন্দোলন শান্তিপূর্ণ-ভাবে উদ্‌যাপিত হয়। ১৯১৯ খ্রীস্টাব্দের ৬ই এপ্রিল ভারতের সর্বত্র আবার একদিনের জন্য হরতাল পালিত হয়। দিল্লী, লাহোর এবং অমৃতসরেও হরতাল পালিত হয়। এইসব স্থানের মধ্যে দিল্লীতে শোভাযাত্রার উপর পুলিশ গুলিবর্ষণ করলে বহু ব্যক্তি হতাহত হয়। ১৯১৯ খ্রীস্টাব্দের ৬ই এপ্রিলের হরতাল গান্ধীজীকে সর্বভারতীয় নেতৃত্বের আসনে প্রতিষ্ঠিত করে।

অনুশীলনী

বাস্তবভিত্তিক ও মৌখিক প্রশ্নাবলী

১। দ্বিতীয় কাইজার উইলিয়াম কে? ২। অস্ট্রিয়ার যুবরাজ কোন্ দেশের আততায়ীর হাতে নিহত হয়েছিলেন? ৩। কত খ্রীস্টাব্দে আমেরিকা যুক্তরাষ্ট্র জার্মানির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছিল? ৪। রাশিয়া সার্বিয়ার পক্ষে যোগ দিয়েছিল কেন? ৫। ভার্সাই শান্তিচুক্তি কত খ্রীস্টাব্দে স্বাক্ষরিত হয়েছিল? ৬। ভার্সাই সন্ধিপত্রে কোন্ যুদ্ধের বীজ নিহিত ছিল? ৭। মানবেন্দ্রনাথ রায়ের আসল নাম কি? ৮। যতীন্দ্রনাথ মুখোপাধ্যায় কে? ৯। রাসবিহারী বসু কে? ১০। 'মাভেরিক' কি? ১১। অ্যানি বেসান্ত কে? ১২। বালগঙ্গাধর তিলক কে? ১৩। কত খ্রীস্টাব্দে কাদের মধ্যে লক্ষ্ণৌ চুক্তি সম্পাদিত হয়েছিল? ১৪। জেনারেল ডায়ার কে? ১৫। জালিয়ানওয়ালাবাগের ঘটনার প্রতিবাদে কে "স্যার" খেতাব ঘৃণাভরে প্রত্যাখ্যান করেছিলেন? ১৬। "হান্টার-কমিটি" গঠিত হয়েছিল কেন?

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলী

১। দ্বিতীয় কাইজার উইলিয়াম কিভাবে জার্মানিকে যুদ্ধের দিকে এগিয়ে দিয়েছিলেন? ২। কি পরিস্থিতিতে ইটালী, জার্মান ও অস্ট্রিয়া হাঙ্গেরীর মধ্যে ত্রি-শক্তি চুক্তি সম্পাদিত হয়েছিল? ৩। প্রথম বিশ্বযুদ্ধে ভারত কিভাবে ইংরেজ সরকারকে সাহায্য করেছিল? ৪। যতীন্দ্রনাথ মুখোপাধ্যায় কিভাবে নিহত হন? ৫। কি পরিস্থিতিতে লক্ষ্ণৌ চুক্তি (১৯১৬) সম্পাদিত হয়েছিল? ৬। রাওলাট আইন (১৯১৯) প্রবর্তিত হয়েছিল কেন? ৭। ইংরেজ সরকার মন্টেগু-চেমস্‌ফোর্ড সংস্কারের প্রস্তাব করেছিলেন কেন? ৮। অসহযোগ আন্দোলনের ক্ষেত্র কিভাবে প্রস্তুত হয়েছিল?

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্নাবলী

১। প্রথম বিশ্বযুদ্ধে মিত্রপক্ষে কোন্ কোন্ শক্তি এবং তাদের বিরুদ্ধে কোন্ কোন্ রাষ্ট্র যোগ দিয়েছিল? ২। প্রথম বিশ্বযুদ্ধে পরাজয়ের ফলে জার্মানিকে কি ক্ষতি স্বীকার করতে হয়েছিল? ৩। প্রথম বিশ্বযুদ্ধের পর ভারতীয়দের অসন্তোষ কিভাবে হয়েছিল? ৪। 'গদর পার্টি' কিভাবে ভারতের স্বাধীনতা সংগ্রামে অংশগ্রহণ করেছিল? ৫। "হোমরুল আন্দোলন" সম্বন্ধে যা জান লিখ। ইংরেজদের প্রতি মুসলমানরা অসন্তুষ্ট হয়েছিল কেন?

রচনাত্মক প্রশ্নাবলী

১। প্রথম বিশ্বযুদ্ধের জন্য জার্মানি কতটা দায়ী ছিল? কিভাবে ইউরোপ দুটি বিবদমান শিবিরে বিভক্ত হয়েছিল? ৩। প্রথম বিশ্বযুদ্ধের প্রত্যক্ষ কারণ আলোচনা কর। ৪। প্রথম বিশ্বযুদ্ধের ব্যাপকতা কি রকম ছিল? ৫। প্রথম বিশ্বযুদ্ধের ফলাফল আলোচনা কর। ৬। প্রথম বিশ্বযুদ্ধকালে (১৯১৪-১৮)-ভারতের ভিতরে এবং বাইরে বিপ্লবী প্রচেষ্টা সম্বন্ধে যা জান লিখ। ৭। জালিয়ান ওয়ালাবাগের হত্যাকাণ্ডের বিবরণ দাও। ৮। জাতীয় নেতারূপে গান্ধীজীর অভ্যুদয় কিভাবে হয়েছিল?

ত্রয়োদশ অধ্যায় | রুশ বিপ্লব

প্রথম পরিচ্ছেদ
কারণ

আধুনিক ইউরোপ তথা বিশ্বের ইতিহাসে রাশিয়ার বলশেভিক বিপ্লব বা রুশবিপ্লব এক যুগান্তকারী ঘটনা। প্রচলিত সমাজ-ব্যবস্থার বিরুদ্ধে ফরাসী-বিপ্লব যে স্বাধীনতা, সাম্য ও মৈত্রীর বাণী প্রচার করে এক নতুন ব্যবস্থার সূত্রপাত করে তারই পূর্ণাঙ্গ পরিণতি ঘটে রুশ-বিপ্লবে। রুশ-বিপ্লবের কারণগুলি রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক ও মানসিক—এই চার ভাগে ভাগ করা যায়।

রাজনৈতিক কারণ ঃ রাশিয়ার সম্রাটদের জার বলা হত। রোমানফ্ বংশীয় জাররা রাশিয়ায় তিনশ বছর ধরে রাজত্ব করেছিলেন। তাঁরা সকলেই ছিলেন অত্যন্ত স্বেচ্ছাচারী। ইউরোপে জার-শাসিত রাশিয়া ছিল সবচেয়ে পশ্চাৎপদ রাষ্ট্র। উনবিংশ শতাব্দীর শেষভাগে স্বেচ্ছাচারী জার, তাঁর অনুগ্রহপুষ্ট সামন্তজমিদার ও প্রতিক্রিয়াশীল ধর্মযাজকগোষ্ঠী—এই তিন শক্তির মিলিত অত্যাচারে সাধারণ প্রজার জীবন অতিষ্ঠ হয়ে উঠেছিল। ইংলণ্ড আমেরিকা বা ফ্রান্সের মত কোনও গণতান্ত্রিক শাসন-ব্যবস্থা রাশিয়ায় প্রচলিত ছিল না। গোয়েন্দা পুলিশ ও সেনাবাহিনীর সহায়তায় জার সম্রাটরা দেশ শাসন করতেন। ইউরোপের অন্যান্য দেশ থেকে গণতান্ত্রিক আন্দোলনের ঢেউ যখন রাশিয়ায় পেঁছিল তখন রাশিয়ার শিক্ষিত, সম্ভ্রান্ত ও মধ্যবিত্ত শ্রেণীর মানুষ জারের স্বেচ্ছাচার ও অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ করতে থাকে। জারের কুশাসনের ফলে যেসব সন্ত্রাসবাদী দল গড়ে ওঠে তাতেও জারের অনেক কর্মচারী নিহত হন। রাশিয়ায় যেসব রাজনৈতিক দল গঠিত হল তারা শাসন সংস্কারের দাবি জানালে জার তাদের দাবি অগ্রাহ্য করেন। জার দমনমূলক আইন ও কঠোর নির্যাতন দ্বারা সংস্কার আন্দোলন দমন করতে চাইলেন। অসংখ্য বিপ্লবীকে সুদূর সাইবেরিয়ায় নির্বাসিত করা হল। কিন্তু এই সময় রাজনৈতিক দলগুলির মধ্যে ঐক্য না থাকায় জারের নিরঙ্কুশ ক্ষমতাকে ধ্বংস করা গেল না। জার দ্বিতীয় নিকোলাসের শাসনকালে (১৮৯৪-১৯১৭ খ্রীস্টাব্দ) রানী আলেকজান্দ্রার খুব বেশী প্রভাব ছিল জার নিকোলাসের উপর। আর রানী ছিলেন রাসপুটিন নামে সাইবেরিয়ার জনৈক যাজকের-ক্রীড়নক। কুচক্রী রাসপুটিন জার দ্বিতীয় নিকোলাসের দুর্বলতার সুযোগে দোর্দণ্ড প্রতাপে যথেচ্ছাচার চালিয়েছিলেন। রাজনৈতিক ক্ষেত্রে রাশিয়ার জনসাধারণ বিশেষ কোন অধিকার পায়নি। ১৯০৫ খ্রীস্টাব্দে জার দ্বিতীয় নিকোলাস ডুমা (Duma) নামে এক জাতীয় প্রতিনিধি সভা স্থাপন করেছিলেন। এর ফলে রুশ প্রজারা কিছু রাজনৈতিক অধিকার লাভ করেছিল। কিন্তু ডুমাতে জনসাধারণের ভূমিকা ছিল অতি সামান্য। এই সভাতে যেখানে জমিদারদের প্রতিনিধি ছিল দুহাজারে একজন, সেখানে কৃষকদের প্রতিনিধি ছিল ত্রিশ হাজারে একজন এবং শ্রমিকদের নব্বই হাজারে একজন। এই সভার ক্ষমতা ছিল অত্যন্ত

সীমাবদ্ধ। জারের মন্ত্রীরা তাঁরই নির্দেশে রাজকর্মচারীদের সহায়তায় দেশ শাসন করতেন। ডুমার কাছে তাঁদের কাজের জন্য তাঁরা কৈফিয়ত দিতে বাধ্য ছিলেন না। ডুমার সদস্যদের মধ্যে স্বল্পসংখ্যক জনহিতৈষী থাকলেও অধিকাংশ ছিল প্রতিক্রিয়াপন্থী। দেশের সংবাদপত্রগুলির স্বাধীন মত প্রকাশের অধিকার ছিল না। রাজনৈতিক দলগুলি যারা বিপ্লবের বাণী প্রচার করত, তাদের প্রকাশ্যে সভা-সমিতি আহ্বান বা নির্বাচনে অংশগ্রহণ করার অধিকার ছিল না। ১৯১৭ খ্রীস্টাব্দের ফেব্রুয়ারীতে পেট্রোগ্রাড শহরের শ্রমিক বিক্ষোভ অল্পকালের মধ্যেই বিপ্লবে রূপান্তরিত হওয়ায় জার নিকোলাস সিংহাসন ত্যাগ করতে বাধ্য হন। কুখ্যাত রাসপুটিন পূর্বেই নিহত হয়েছিলেন। জার-শাসন শেষ হবার পর সরকার পরিচালনার ভার নিলেন ধনবাদী নেতা কেরেনস্কী। ঐ বছরই নভেম্বর মাসে সাম্রাজ্যবাদের অনুচর কেরেনস্কীর পতন ঘটিয়ে রাশিয়ায় সমাজতান্ত্রিক বিপ্লব সংঘটিত হল। এই বিপ্লবে কৃষক, মজুর ও সাধারণ মানুষই অংশ নিয়েছিল।

সামাজিক কারণ ঃ রাশিয়ার সমাজ-ব্যবস্থা রুশ জনসাধারণের মঙ্গলের পরিপন্থী ছিল। জনসাধারণের ব্যক্তিগত স্বাধীনতা বলে কিছু ছিল না। ভূস্বামীরাই সমাজের যাবতীয় সুযোগ-সুবিধা ভোগ করতো। জার দ্বিতীয় নিকোলাস বহুজাতিভিত্তিক রাষ্ট্রের শাসক ছিলেন। এই সব জাতির সংস্কৃতি ও সভ্যতার স্তরে বিশেষ তারতম্য ছিল। রুশরা ইউরোপীয় সভ্যতায় যেমন বিশেষ অগ্রণী ছিল, তেমনি সাইবেরিয়ার অধিবাসীরা বর্বর জীবন যাপন করত। রুশ ছাড়া স্লাভ, ফিন (Finn) এবং ইহুদী (Jew) প্রমুখ জাতি ও উপজাতির বহু নরনারী রাশিয়ায় বসবাস করত। ভাষা, ধর্ম ও সংস্কৃতির দিক থেকে এদের মধ্যে কোন যোগসূত্র ছিল না। রাশিয়ার চার্চ ছিল অত্যন্ত রক্ষণশীল ও উৎপীড়ক। রাশিয়ায় ধর্মযাজকরা অভিজাত সম্প্রদায়ভুক্ত ছিল। তাদের অধিকাংশই ছিল বিলাসী ও আরামপ্রিয় ; রাশিয়ার সমাজজীবন তারা কলুষিত করেছিল। সমসাময়িক ইউরোপে রাশিয়ায় অশিক্ষিতের হার ছিল সর্বাধিক—শতকরা ৭৩ জন। জারতন্ত্র জাতীয় শিক্ষার ক্ষেত্রে বিশেষ কিছুই করেনি। রাশিয়ায় বিশ্ববিদ্যালয় থাকলেও শিক্ষাক্ষেত্রে অবাধ আলোচনা বা চিন্তার স্বাধীনতা ছিল না। এই সময় কৃষক ও শ্রমিকদের মধ্যে মদ্যপান প্রভৃতি কু-অভ্যাস ব্যাপকভাবে দেখা দিয়েছিল। শিক্ষা, স্বাস্থ্য ও জনসাধারণের মানবিক অধিকারের ক্ষেত্রে রাশিয়া পশ্চাৎপদ ছিল। পশ্চিমী ইউরোপের তুলনায় রুশ সমাজ ছিল অনেক আদিম। রুশ সমাজে ইহুদীরা বিশেষভাবে উৎপীড়িত হত। জার শাসকদের আমলে লক্ষ লক্ষ ইহুদী আত্মরক্ষার জন্য রাশিয়া ত্যাগ করে চলে যায়। সামাজিক দিক দিয়ে রুশ জাতি যখন হতাশায় মুহ্যমান সেই সময় তাদের মধ্যে রাশিয়ার সাহিত্যিকরা এক নতুন প্রাণের সাড়া জাগিয়ে তুলেছিলেন।

অর্থনৈতিক কারণ ঃ অর্থনৈতিক ক্ষেত্রে রাশিয়ার জনগণের দুরবস্থা প্রচণ্ড অসন্তোষ ও ক্ষোভের সৃষ্টি করেছিল। ১৯১৪ খ্রীস্টাব্দে রাশিয়ার প্রতি হাজার অধিবাসীর মধ্যে ১৭ জন অভিজাত, ১২৫ জন ব্যবসায়ী ও শহরবাসী এবং ৮০০ জনের বেশী কৃষক সম্প্রদায়ভুক্ত ছিল। কৃষকদের অবস্থা ভাল ছিল না। জার দ্বিতীয় আলেকজান্ডারের আমলে ১৮৬১ খ্রীস্টাব্দে ভূমিদাসপ্রথা রহিত হলেও কৃষকদের প্রতি

শোষণ ও অত্যাচার অব্যাহত ছিল। তাদের জমি বিক্রীর কোনও স্বাধীনতা ছিল না। ইউরোপের অন্যান্য প্রগতিশীল দেশের তুলনায় রাশিয়ার কৃষি-পদ্ধতি অনুন্নত ছিল। কৃষিকার্যে বৈজ্ঞানিক যন্ত্রপাতির তখনও প্রচলন হয় নি। রাশিয়ার অধিকাংশ কৃষিক্ষেত্র ছিল আকারে ক্ষুদ্র। সমগ্র ইউরোপের মধ্যে রাশিয়াতেই কৃষি উৎপাদনের হার ছিল সবচেয়ে কম। ১৯১৪ খ্রীস্টাব্দে লক্ষ লক্ষ কৃষক-পরিবার অতি শোচনীয় দুরবস্থার মধ্যে কালাতিপাত করত। ঊনবিংশ শতাব্দীর শেষদিকে জার তৃতীয় আলেকজান্ডারের আমলে (১৮৮১-৯৪ খ্রীঃ) রাশিয়াতে শিল্প বিপ্লবের সূচনা হয়েছিল। কারখানাগুলির আয়তন ছিল অত্যন্ত ক্ষুদ্র; মূলধন ও যন্ত্রপাতির বিশেষ অভাব ছিল। ঊনবিংশ শতাব্দীর শেষে রাশিয়ায় রেলপথ নির্মাণের কাজ আরম্ভ হলে প্রথম বিশ্বযুদ্ধের আগে

লেনিন

ট্রটস্কি

রাশিয়া এই ব্যাপারে বিশেষ সাহায্য লাভ করেনি। ঐ সময় রাশিয়ায় কারখানার শ্রমিকের সংখ্যা ছিল ২৫ লক্ষ। রাশিয়ায় শিল্পোন্নতি হলেও শ্রমিকদের অসহনীয় দুর্দশার মধ্যে জীবন কাটাতে হত। অধিকাংশ কলকারখানার মালিক ছিল বিদেশী। তারা শ্রমিকদের শোচনীয় অবস্থা সম্বন্ধে উদাসীন ছিল। জারতন্ত্র শ্রমিকদের সংগঠন নিষিদ্ধ করেছিল। শ্রমিকদের দুঃখ-দুর্দশা স্থায়ী করাই ছিল জার-শাসিত শাসন ব্যবস্থার লক্ষ্য। এই পরিস্থিতিতে সমাজতন্ত্রবাদ সহজেই রাশিয়ার কৃষক ও শ্রমিকদের উপর গভীর প্রভাব বিস্তার করেছিল।

মানসিক কারণ ঃ যখন রাশিয়ার রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে জনসাধারণের মধ্যে গভীর অসন্তোষ দেখা দিল তখন মানসিক ক্ষেত্রে কিন্তু বিপ্লবের প্রস্তুতি চলতে থাকে। গোগল, টুর্গেনিভ, টলস্টয়, গোর্কি, ডস্টয়ভস্কি প্রভৃতি সাহিত্যিক ও দার্শনিকগণ অকর্মণ্য ও অযোগ্য স্বৈরাচারী জার-তন্ত্রের বিরুদ্ধে তাঁদের সাহিত্য-সৃষ্টির মাধ্যমে শিক্ষিত জনসাধারণের মনে এক দারুণ ঘৃণার সৃষ্টি করেন। জনসাধারণের দুঃখদুর্দশার সুযোগ গ্রহণ করে সমাজতান্ত্রিক প্রচারকরা তাদের মধ্যে বৈপ্লবিক বাণী প্রচার করতে থাকেন। লেনিন ও ট্রটস্কির নেতৃত্বে রুশ বলশেভিক্ বিপ্লবীদের 'প্রাভদা' পত্রিকাটি শ্রমিকদের মধ্যে বিশেষ জনপ্রিয়তা লাভ করে। অবশ্য পরে লেনিনের সঙ্গে ট্রটস্কির মতান্তর হয়।

প্রত্যক্ষ কারণ : ক্রিমিয়ার যুদ্ধে (১৮৫৪-১৮৫৬ খ্রীঃ) রাশিয়ার পরাজয় এই দেশের ব্যাপক ক্ষতি করেছিল। ১৯০৫ খ্রীস্টাব্দে জাপানের সঙ্গে যুদ্ধে রাশিয়ার বহু ক্ষতি হয়। ১৯১৪ খ্রীস্টাব্দে প্রথম বিশ্বযুদ্ধে রুশ সেনাবাহিনীকে মূলত জার্মানি ও অস্ট্রিয়া-হাঙ্গেরীর বাহিনীর বিরুদ্ধে যুদ্ধ করতে হয়। জার্মান সেনাপতি হিন্ডেনবার্গের কাছে রুশ সৈন্যরা বারবার পরাজয় বরণ করে। জার সরকার উপযুক্ত সামরিক প্রশিক্ষণ ও উপকরণ না দিয়ে জোর করে লক্ষ লক্ষ রুশ কৃষককে সৈন্যদলে যোগ দিতে বাধ্য করে। সুশিক্ষিত জার্মান সেনাদলের বিরুদ্ধে তারা দাঁড়াতে পারল না। ১৯১৬ খ্রীস্টাব্দেই রুশ-বাহিনীর দশ লক্ষ সৈন্য যুদ্ধে বন্দী বা নিহত হল। কৃষকদের সৈন্যবাহিনীতে যোগদানে বাধ্য করায় কৃষিকার্য ব্যাহত হল; দেশে খাদ্যাভাব দেখা দিল। কলকারখানাগুলিও সামরিক চাহিদা মেটাতে ব্যস্ত থাকায় ভোগ্যপণ্যের অভাব দেখা দিল। ঐ সময় বিভিন্ন কলকারখানায় শ্রমিক ধর্মঘট হওয়ায় এই অবস্থা আরও খারাপের দিকে গেল। আন্দোলনকারীদের প্রতি সৈন্যদের গুলি চালানোর নির্দেশ দিলে সৈন্যরা সে নির্দেশ অমান্য করল। সৈনিক, কৃষক ও শ্রমিক সংঘবদ্ধভাবে শান্তির দাবি জানাল। শেষ পর্যন্ত ১৯১৭ খ্রীস্টাব্দে পেট্রোগ্রাডে গণ-অভ্যুত্থান ঘটল। ঐ বছরই নভেম্বরে লেনিনের নেতৃত্বে জারতন্ত্রের অবসান ঘটিয়ে রাশিয়ার মাটিতে পৃথিবীর প্রথম সমাজতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠিত হল।

দ্বিতীয় পরিচ্ছেদ
ইউরোপ ও অন্যান্য দেশে রুশ-বিপ্লবের প্রতিক্রিয়া

রুশ-বিপ্লব অবিভক্ত সাম্রাজ্যবাদের আধিপত্য ধ্বংস করেছিল। পৃথিবীর এক-ষষ্ঠাংশ জনসংখ্যা সমাজতন্ত্র গঠনে অতঃপর নিয়োজিত হল। পৃথিবী এর পর দুটি গোষ্ঠীতে বিভক্ত হল—ক্ষয়িষ্ণু ধনতন্ত্র এবং উদীয়মান সমাজতন্ত্র। রুশ-বিপ্লব পৃথিবীর শ্রমিকদের গভীর আত্মবিশ্বাসে উদ্বুদ্ধ করেছিল। এই বিপ্লব তাদের বিজয়ের এবং মুক্ত ও সুখী জীবনের পথ দেখিয়েছিল। ১৭৮৯ খ্রীস্টাব্দের ফরাসী-বিপ্লবের চেয়েও রুশ-বিপ্লব আরও অনেক ব্যাপক। পৃথিবীর অন্যান্য বিপ্লবে এক শ্রেণীর পরিবর্তে অন্য আর এক শোষক শ্রেণী ক্ষমতায় এসেছে। কিন্তু একমাত্র রুশ-বিপ্লবেই শোষক শ্রেণীকে বিলুপ্ত করে নতুন এক শ্রেণী যারা ছিল এতকাল শোষিত, বঞ্চিত ও সর্বহারা তারা ক্ষমতা দখল করে, মানুষ কর্তৃক মানুষের শোষণের অবসান করে সৃষ্টি করেছে এক শোষণহীন সমাজ। রুশ-বিপ্লবের নূতনত্ব ও গুরুত্ব এখানেই। রুশ-বিপ্লবের ফলে শ্রমিক, কৃষক ও ঔপনিবেশিক দেশগুলির নিপীড়িত জনগণের মনে মুক্তির যে আশা জেগেছিল বিপ্লবের পঞ্চাশ বছর পরে তা আজও জাগ্রত আছে। রুশ-বিপ্লবের জন্ম মুহূর্তেই সোভিয়েত রাশিয়া ঘোষণা করেছিল—আমরা যুদ্ধ চাই না, শান্তি চাই। সোভিয়েত রাশিয়া সেই আদর্শ এখনও অক্ষুণ্ণ রেখেছে।

রুশ-বিপ্লবের পরই যুদ্ধরত মিত্রশক্তিগুলি সমাজতন্ত্র সম্বন্ধে সতর্ক হয়ে ওঠে। জার্মানি যাতে রাশিয়ার সঙ্গে স্বাভাবিক কোনও ভৌগোলিক যোগাযোগ রাখতে না পারে এজন্য প্রথম বিশ্বযুদ্ধের পর জার্মানিকে ছোট ছোট সাম্যবাদ-বিরোধী রাষ্ট্রের দ্বারা পরিবেষ্টিত করা হয়। কিন্তু তা সত্ত্বেও জার্মানিতে সাম্যবাদী আন্দোলন প্রবল হয়। ১৯২৫ খ্রীস্টাব্দ পর্যন্ত জার্মানিতে সোভিয়েত রাশিয়ার প্রভাব অটুট থাকে। জার্মানির মত ইটালীতেও সাম্যবাদ আন্দোলন প্রথম বিশ্বযুদ্ধের পর জোরদার হয়ে ওঠে। কিন্তু শেষ পর্যন্ত জার্মানিতে হিটলারের এবং ইটালিতে মুসোলিনির আবির্ভাবের ফলে সাম্যবাদ এই দুটি দেশে প্রণমিত হয়, একনায়কতন্ত্রের আবির্ভাব ঘটে। পশ্চিম ইউরোপের ফ্রান্স ও ব্রিটেনেও সাম্যবাদী আন্দোলন আত্মপ্রকাশ করেছিল। তবে এই দুটি দেশে এই আন্দোলনের গতি রুদ্ধ করা হয়।

রুশ-বিপ্লবের প্রভাবে চেকোশ্লোভাকিয়া, রুমানিয়া, বুলগেরিয়া, হাঙ্গেরী, পোল্যান্ড, যুগোশ্লাভিয়া এবং আলবেনিয়াতেও শ্রেণীসংগ্রাম তীব্র হয়ে ওঠে। একমাত্র চেকোশ্লোভাকিয়া ছাড়া অন্যান্য দেশগুলি ছিল কৃষির উপর নির্ভরশীল। এইসব দেশে দীর্ঘকাল ধরে জমিদারী অত্যাচার চলায় কৃষকদের মধ্যে সহজেই সাম্যবাদ প্রতিষ্ঠিত হয়। কৃষকদের উপর যথেষ্ট অত্যাচার-উৎপীড়ন হয়েছিল—তা সত্ত্বেও এইসব দেশে সাম্যবাদের দুর্বার গতি মন্থর করা সম্ভব হয়নি।

সোভিয়েত বিপ্লবের পর সাম্যবাদের প্রভাব এশিয়া ও দক্ষিণ আমেরিকায় বিস্তার লাভ করে। ১৯২০ খ্রীস্টাব্দে এশিয়ার বিভিন্ন দেশ থেকে আগত প্রতিনিধিদের নিয়ে বাকুতে একটি সম্মেলন অনুষ্ঠিত হয়। এই সম্মেলনে সাম্যবাদী উপায় অবলম্বনে ঔপনিবেশিক দেশগুলির মুক্তির সমস্যা আলোচিত হয়। এর পর মধ্যপ্রাচ্য, চীন, ইন্দোচীন, ভারতবর্ষ ও ফিলিপাইন দ্বীপপুঞ্জে সাম্যবাদী আন্দোলন আত্মপ্রকাশ করতে থাকে। ভারতের সাম্যবাদী আন্দোলনের প্রভাবে শ্রমিকদের ট্রেড ইউনিয়ন আন্দোলন প্রবল হয়ে ওঠে। সাম্যবাদ ইন্দোনেশিয়া ও মালয় উপদ্বীপেও বিস্তার লাভ করে। মেক্সিকো, কিউবা, ইকোয়েডর, বলিভিয়া, আর্জেন্টিনা, ব্রাজিল প্রভৃতি দেশগুলিতেও কৃষক ও শ্রমিকদের মধ্যে ক্রমশ সাম্যবাদের প্রভাব গভীর হয়ে ওঠে। তুরস্কের মুক্তি-আন্দোলনে কামাল পাশাকে রুশ নেতারা সাহায্য করেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর আফ্রিকা ও এশিয়ার বহু দেশ—ভিয়েতনাম, বাংলাদেশ, আরব, কিউবা, অ্যাঙ্গোলা প্রভৃতি দেশের মুক্তিযুদ্ধে সাম্যবাদী রাশিয়ার অবদান স্মরণীয়। মুক্তিপ্রাপ্ত দেশগুলির পুনর্গঠনে রাশিয়া অনেকক্ষেত্রে অকাতরে সাহায্য দিয়েছে।

অনুশীলনী

বাস্তবভিত্তিক ও মৌখিক প্রশ্নাবলী :

১। কত খ্রীস্টাব্দে রুশ-বিপ্লব ঘটেছিল ? ২। রুশ-বিপ্লবীরা কার মতবাদকে বাস্তব রূপ দিয়েছিল ? ৩। রাশিয়া কোন্ প্রাচ্য শক্তির হাতে শোচনীয়ভাবে পরাজিত হয়েছিল ? ৪। রাশিয়ার শেষ জার কে ছিলেন ?

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলী :

১। প্রথম বিশ্বযুদ্ধে রাশিয়ার ভূমিকা কি রকম ছিল ?

২। রুশ-বিপ্লবের সামাজিক কারণগুলি আলোচনা কর।

৩। এশিয়ার বাকুতে ১৯২০ খ্রীস্টাব্দে সাম্যবাদী প্রতিনিধিদের সম্মেলনের কার্যকলাপ বর্ণনা কর।

৪। পশ্চিম ইউরোপের দেশগুলিতে রুশ-বিপ্লবের প্রভাব কি রকম ছিল ?

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্নাবলী :

১। রুশ-বিপ্লবের জন্য জারতন্ত্র পরোক্ষভাবে কতটা দায়ী ছিল ?

২। রুশ-বিপ্লবের অর্থনৈতিক কারণগুলি আলোচনা কর।

৩। পূর্ব ইউরোপের দেশগুলিতে রুশ-বিপ্লবের প্রতিক্রিয়া কি রকম হয়েছিল ?

রচনাত্মক প্রশ্নাবলী :

১। রুশ-বিপ্লবের কারণগুলি আলোচনা কর।

১। ইউরোপ ও পৃথিবীর অন্যান্য দেশে এই বিপ্লবের প্রতিক্রিয়া আলোচনা কর।

চতুর্দশ অধ্যায় | ইউরোপের ইতিহাস (১৯১৯—১৯৩৯ খ্রীস্টাব্দ)

প্রথম পরিচ্ছেদ
প্যারিসের শান্তি সম্মেলন ও ইউরোপের পুনর্গঠন

১৯১৮ খ্রীস্টাব্দের নভেম্বর মাসে জার্মানি বিনা শর্তে যুদ্ধবিরতি ঘোষণা করলে প্রথম বিশ্বযুদ্ধের পরিসমাপ্তি ঘটে। এর পর সন্ধির শর্তগুলি আলোচনার জন্য ৩২টি দেশের প্রতিনিধিরা প্যারিসে আলোচনায় অংশগ্রহণ করেন। সম্মেলন পরিচালনার প্রকৃত কার্যক্ষমতা ন্যস্ত ছিল চারটি দেশের নেতাদের (Big four) উপর। এঁরা ছিলেন যথাক্রমে ইংলন্ডের প্রধানমন্ত্রী লয়েড জর্জ, ফ্রান্সের প্রধানমন্ত্রী ক্লিমেনসোঁ, আমেরিকা যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি উড্রো উইলসন এবং ইটালীর প্রধানমন্ত্রী অর্লেন্ডো।

শান্তির আদর্শ কি হবে তা নিয়ে বিজয়ী রাষ্ট্রগুলির মধ্যে চরম বিরোধ দেখা দিয়েছিল। এইসব রাষ্ট্রের প্রত্যেকটির স্বার্থ ছিল ভিন্ন। তাছাড়া প্রথম বিশ্বযুদ্ধের সময় রাষ্ট্রগুলি নিজেদের মধ্যে বহু গোপন চুক্তি সম্পন্ন করার ফলে একটা সর্ববাদী-সম্মত শান্তি চুক্তি স্থাপন করা অসুবিধা ছিল। কেবল উড্রো উইলসন তাঁর নিজ রাষ্ট্র আমেরিকা যুক্তরাষ্ট্রের স্বার্থ বিসর্জন দিয়ে ন্যায় বিচার ও স্বাধীনতার ভিত্তিতে স্থায়ী শান্তি স্থাপনের প্রয়াসী ছিলেন। জাতীয়তার ভিত্তিতে ইউরোপের পুনর্গঠন ও স্থায়ী শান্তি অব্যাহত রাখার উদ্দেশে তিনি "চৌদ্দ দফা নীতি" নামে কতকগুলি নীতি প্রকাশ করেছিলেন। উইলসনের এই নীতিগুলি ইংলন্ড, ইটালী প্রভৃতি রাষ্ট্রগুলি সরাসরি বাতিল না করলেও এইগুলি পুরোপুরি গ্রহণ করা তাদের পক্ষে সম্ভব ছিল না। শান্তি সম্মেলনে উড্রো উইলসনের সঙ্গে অন্যান্য রাজনীতিবিদদের তীব্র মতান্তর উপস্থিত হয়। একদিকে যেমন ছিল ন্যায়, সততা ও স্থায়ী শান্তির ভিত্তিতে ইউরোপ পুনর্গঠনের প্রচেষ্টা অন্যদিকে ছিল জার্মানিকে দুর্বল করে রেখে ইউরোপের শক্তি সাম্য অব্যাহত রাখার চেষ্টা। প্যারিসের শান্তি সম্মেলনে মিত্রশক্তিবর্গ পরাজিত রাষ্ট্রগুলির সঙ্গে পাঁচটি সন্ধিপত্র রচনা করে ইউরোপের পুনর্গঠন করেছিলেন। এগুলি হল—জার্মানির সঙ্গে সম্পাদিত ভার্সাই-এর সন্ধি; অস্ট্রিয়ার সঙ্গে স্বাক্ষরিত সেন্ট জার্মাইন-এর সন্ধি; হাঙ্গেরীর সঙ্গে সম্পাদিত ট্রিয়াননের সন্ধি; বুলগেরিয়ার সঙ্গে স্বাক্ষরিত নিউলির সন্ধি এবং তুরস্কের সঙ্গে স্বাক্ষরিত সেভয়ের সন্ধি।

মিত্রশক্তির সঙ্গে জার্মানির স্বাক্ষরিত ভার্সাই-এর সন্ধির শর্ত অনুসারে জার্মানি ফ্রান্সকে আলসাস-লোরেন, বেলজিয়ামকে ইউপেন, সেসাভি ও মরেস্‌নেট এবং পোল্যান্ডকে পোজেন ও পশ্চিম প্রাশিয়ার অধিকাংশ ছেড়ে দিতে বাধ্য হয়। ইউরোপ মহাদেশের বাইরে জার্মানি তার সমস্ত উপনিবেশ এইভাবে হারাল। ইংলন্ড, ফ্রান্স, জাপান প্রভৃতি বিজয়ী দেশগুলি নিজেদের মধ্যে জার্মান উপনিবেশগুলি ভাগাভাগি করে নিল।

সেন্ট জার্মাইন-এর সন্ধি দ্বারা ভিয়েনা শহর এবং তার চতুষ্পার্শ্ববর্তী একটা ক্ষুদ্র

জার্মান ভাষাভাষী অঞ্চল নিয়ে অস্ট্রিয়া সাধারণতন্ত্র গঠিত হল। ট্রিয়াননের সন্ধি দ্বারা হাঙ্গেরীকে অস্ট্রিয়া থেকে বিচ্ছিন্ন করে সেখানে একটি প্রজাতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠিত করা হল। হাঙ্গেরী থেকে কয়েকটি প্রদেশ বিচ্ছিন্ন করে সেখানে একটি প্রজাতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠিত করা হল। হাঙ্গেরীর বিচ্ছিন্ন অঞ্চলগুলি নিয়ে রুমানিয়া, যুগোশ্লাভিয়া এবং চেকোশ্লোভাকিয়া গঠিত হল। বুলগেরিয়ার সঙ্গে মিত্রপক্ষের স্বাক্ষরিত নিউলির সন্ধি (১৯১৯ খ্রীঃ) দ্বারা বুলগেরিয়ার কিছু অংশ যুগোশ্লাভিয়া এবং গ্রীসকে দেওয়া হল। ১৯২০ খ্রীষ্টাব্দে তুরস্কের সঙ্গে মিত্রপক্ষের সেভরের শান্তি চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তি দ্বারা তুরস্ক তার বিশাল সাম্রাজ্য ত হারালই, কার্যত এই দেশটি পশ্চিম এশিয়ার একটা রাজ্যরূপে পরিগণিত হল। প্রত্যেক জাতির একটা স্বাধীন রাষ্ট্র থাকবে প্রথম বিশ্বযুদ্ধের পর এই নীতি গৃহীত হয়। "এক জাতি এক রাষ্ট্র" এই নীতির ভিত্তিতে ইউরোপ পুনর্গঠিত হয়।

দ্বিতীয় পরিচ্ছেদ

ফ্যাসিবাদ ও নাৎসীবাদের উদ্ভব

ইটালীতে ফ্যাসিবাদের উদ্ভব ঃ প্রথম বিশ্বযুদ্ধ শুরু হলে ইটালী প্রথমে নিরপেক্ষতা অবলম্বন করেছিল, পরে মিত্রপক্ষে যোগ দিয়ে যুদ্ধে অবতীর্ণ হয়। ভার্সাই সন্ধি দ্বারা ইটালী আশানুরূপ লাভবান না হওয়ায় ইটালীবাসীদের মনে বিক্ষোভের সঞ্চার হয়েছিল। প্রথম বিশ্বযুদ্ধের পর ইটালীতে চরম অর্থনৈতিক দুরবস্থা দেখা দেয়। সমাজতান্ত্রিকরা ক্ষমতা দখল করতে চাইল। জাতির এই সংকটকালে ইটালীতে মধ্যবিত্ত সম্প্রদায়ের একদল লোক ইটালীর সামাজিক অবস্থা অপরিবর্তিত রেখে একটি দল গড়ে তুলল। ফলস্বরূপ 'ফ্যাসিস্ট' নামে এক রাজনৈতিক দলের আবির্ভাব হয়। **বেনিটো মুসোলিনি** ছিলেন এই দলের প্রধান নেতা।

মুসোলিনি ঃ প্রথম জীবনে মুসোলিনি একটি সংবাদপত্রের সম্পাদক ছিলেন। এই সংবাদপত্রের নাম ছিল 'Avanti', যার অর্থ 'প্রগতি'। ফ্যাসিস্টরা উগ্র জাতীয়তাবাদী ছিল। ফ্যাসিস্ট দলের সঙ্গে ইটালীর সমাজতান্ত্রিক রাজনৈতিক দলগুলির মতবিরোধ ঘটে এবং শেষ পর্যন্ত ফ্যাসিস্ট দল এই রাজনৈতিক দ্বন্দ্বে জয়লাভ করে। ফলে মুসোলিনির প্রতি স্বদেশবাসী আকৃষ্ট হল। বাধ্য হয়ে ইটালীরাজ তৃতীয় ভিক্টর ইমানুয়েল ১৯২২ খ্রীস্টাব্দে মুসোলিনিকে প্রধানমন্ত্রীর পদে অভিষিক্ত করলেন। দু বছর পর ইটালীর পার্লামেন্ট মুসোলিনির হাতে রাষ্ট্রের সমস্ত ক্ষমতা অর্পণ করলে ইটালীতে একনায়কতন্ত্র প্রতিষ্ঠিত হল। মুসোলিনি ইটালীর সব বিরুদ্ধ দলগুলিকে ধ্বংস করে ফ্যাসিবাদী এই একনায়কতন্ত্র প্রতিষ্ঠা করেছিলেন। এইভাবে তিনি ইটালীতে সর্বেসর্বা হয়েছিলেন।

মুসোলিনি

ক্ষমতা হস্তগত করার পরই মুসোলিনির প্রথম কাজ হল দেশের অভ্যন্তরীণ অবস্থার উন্নতি করা। তিনি প্রথমেই কঠোর হাতে দেশের সাম্যবাদী ও সরকারবিরোধী প্রতিষ্ঠানগুলির উচ্ছেদ সাধন করে রাষ্ট্রের সমস্ত ক্ষমতা নিজে কুক্ষিগত করলেন। ইটালীতে সমস্ত রকম আন্দোলন নিষিদ্ধ হল। কেবল ফ্যাসিবাদী সংবাদপত্র ছাড়া অন্য সমস্ত সংবাদপত্র নিষিদ্ধ হল। ফ্যাসিস্টরা ইটালীর সমস্ত স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের কর্তৃত্ব গ্রহণ করল। সরকারী ব্যয় হ্রাস করা হল। বৈজ্ঞানিক পদ্ধতিতে কৃষির উন্নয়ন করে কৃষি-পণ্যের উৎপাদন বৃদ্ধি করা হল। ব্যবসা-বাণিজ্য ও শিল্পের প্রসারের জন্য কতকগুলি ব্যবস্থা গ্রহণ করা হল এবং বেকার-সমস্যা সমাধানের জন্য কতকগুলি জনকল্যাণমূলক কর্মসূচী গ্রহণ করা হল। শিল্পের উন্নতি যাতে ব্যাহত না হয় তার জন্য তিনি কলকারখানায় ধর্মঘট বে-আইনী বলে ঘোষণা করলেন। অর্থনৈতিক উন্নতির জন্য তিনি শ্রমিক ও মালিকদের নিয়ে কতগুলি সংস্থা গঠন করেন। বহুদিন ধরে পোপের সঙ্গে ইটালীর রাজার যে মতবিরোধ চলছিল মুসোলিনির চেষ্টায় তার অবসান হল। ১৯২৯ খ্রীস্টাব্দে পোপ-অধিকৃত ভ্যাটিকান শহর স্বাধীন বলে স্বীকৃত হল।

ফ্যাসিস্টরা বিশ্বাস করত যে সংগ্রামের মধ্য দিয়ে জাতির প্রগতি আসে। এই মতবাদে বিশ্বাসী হয়ে মুসোলিনি ইটালীর সামরিক শক্তি বৃদ্ধি করলেন। ১৯২৩ খ্রীস্টাব্দে লুসানের সন্ধি অনুসারে ইটালী ডেডোক্যানিজ দ্বীপপুঞ্জ লাভ করেছিল। ১৯২৭ খ্রীস্টাব্দে তাঞ্জিয়ার বন্দরে ইটালী আধিপত্য প্রতিষ্ঠা করলে ফ্রান্স এই বন্দরে ইটালীর কিছু বিশেষ সুযোগ-সুবিধা মেনে নিল। মুসোলিনি ৯১৩৫ খ্রীস্টাব্দে আফ্রিকার আবিসিনিয়া রাজ্য আক্রমণ করেন এবং পরের বছর বিনা বাধায় আবিসিনিয়া জয় করে নেন। আবিসিনিয়ার সম্রাট **হাইলে সেলাসি** এই আক্রমণের বিরুদ্ধে লীগ অব নেশনসের সাহায্য আশা করে ব্যর্থ হলেন। লীগের নিষ্ক্রিয়তার ফলে মুসোলিনির শক্তি অত্যন্ত বৃদ্ধি পায়। এর পর মুসোলিনি হিটলারের সঙ্গে বন্ধুত্বসূত্রে আবদ্ধ হন এবং উভয়ে মিলে স্পেনে ফ্রাঙ্কোকে একনায়কত্ব স্থাপনে সাহায্য করেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রাক্কালে ইটালী জার্মানি ও জাপানের সঙ্গে মৈত্রীসূত্রে আবদ্ধ হয়ে এক শক্তিশালী রাষ্ট্র-জোট গঠন করল। কিন্তু শেষ পর্যন্ত এদের ঐক্যবদ্ধ জোট ততটা সাফল্য লাভ করেনি। পরবর্তী কালে দ্বিতীয় বিশ্বযুদ্ধে এই তিনজোটকে কিন্তু পরাজয় বরণ করতে হয়েছিল।

জার্মানিতে নাৎসীবাদের উদ্ভব : প্রথম বিশ্বযুদ্ধের পর জার্মানির অবস্থা ছিল অত্যন্ত শোচনীয়; ভার্সাই সন্ধির দ্বারা জার্মানির সমস্ত উপনিবেশ, সার উপত্যকা, রাইনের পশ্চিম তীর এবং পশ্চিম প্রাশিয়া প্রভৃতি স্থান কেড়ে নেওয়া হয়েছিল। জার্মানির শিল্প ও বাণিজ্য এক অচল অবস্থায় উপনীত হল। যুদ্ধপ্রত্যাগত সৈন্যদের মধ্যে অধিকাংশেরই জীবিকা অর্জনের কোনও উপায় ছিল না। ভার্সাই সন্ধির অপমানজনক ব্যবস্থার কথা জার্মান জনসাধারণ ভুলতে পারেনি; এই অবস্থার মধ্যে জার্মানিতে হিটলারের আবির্ভাব হল।

হিটলার : হিটলার ছিলেন মূলত অস্ট্রিয়া সাম্রাজ্যের প্রজা। তিনি জার্মান

সৈন্যদলে যোগদান করে প্রথম বিশ্বযুদ্ধে অংশগ্রহণ করেছিলেন। জার্মানির লাঞ্ছনা হিটলারকে অত্যন্ত ব্যথিত করে তুলেছিল। জার্মানির অর্থনৈতিক দুরবস্থার সুযোগে সাম্যবাদের অগ্রগতি হওয়ায় তিনি ক্ষুব্ধ হয়েছিলেন। ১৯২০ খ্রীস্টাব্দে অল্প কয়েকজন সদস্য নিয়ে তিনি জাতীয় সমাজতন্ত্রী দল (**National Socialist Party**) বা নাৎসী দল (**Nazi Party**) গঠন করেন। ১৯২৩ খ্রীস্টাব্দে মিউনিকে রাষ্ট্রবিরোধী কাজের অপরাধে তিনি কারারুদ্ধ হন। কারাগারেই তিনি তাঁর বিখ্যাত গ্রন্থ "আমার সংগ্রাম" (**Mein Kempf—My Struggle**) রচনা করেন। এই গ্রন্থই ছিল নাৎসী দলের বাইবেল। কারাগার থেকে মুক্তিলাভের পর ১৯২৫ খ্রীস্টাব্দে হিটলার নাৎসী দলকে পুনর্গঠিত করেন।

হিটলার

নাৎসী দলের নীতিগুলির মধ্যে উল্লেখযোগ্য ছিল উগ্র জাতীয়তাবাদ প্রচার. জার্মানি থেকে ইহুদীদের বিতাড়ন এবং জার্মান গণতন্ত্রের ধ্বংস সাধন। প্রাচীন আর্যদের "স্বস্তিকা" চিহ্ন হিটলার নাৎসী দলের প্রতীক হিসাবে গ্রহণ করেন। নাৎসীদলের প্রধান লক্ষ্য ছিল সমস্ত জার্মান ভাষাভাষী জনগণকে নিয়ে একটা শক্তিশালী জার্মান রাষ্ট্র গঠন করা এবং জাতীয় সমাজতন্ত্রবাদ স্থাপন করা। হিটলারের নাৎসী দলে আকৃষ্ট হয়ে অসংখ্য যুবক, কৃষক ও ব্যবসায়ী এই দলে যোগ দেয়। অনতিবিলম্বে হিটলার ও তাঁর নাৎসী দল জার্মানিতে বিশেষ জনপ্রিয় হয়ে ওঠে।

ইটালীর ফ্যাসিস্ট-দলের অনুকরণে হিটলার তাঁর "ঝটিকা বাহিনী" (**Strom Troops**) গঠন করেন। এদের কাজ ছিল নাৎসীদের সভাসমিতি রক্ষা করা এবং বিপক্ষ দলের সভাসমিতি ভেঙ্গে দেওয়া। ১৯৩২ খ্রীস্টাব্দে জার্মানির আইনসভার নির্বাচনে হিটলারের দল অন্যান্য দলের চেয়ে বেশী আসন লাভ করল। ১৯৩৩ খ্রীস্টাব্দে রাষ্ট্রপতি হিন্ডেনবার্গ হিটলারকে প্রধানমন্ত্রী নিযুক্ত করেন। ১৯৩৫ খ্রীস্টাব্দে হিন্ডেনবার্গের মৃত্যু হলে হিটলার হলেন একাধারে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী। জার্মানিতে তাঁর ব্যক্তিগত শাসন-ব্যবস্থা দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হল।

ক্ষমতা লাভের পরই হিটলার তাঁর বিরোধী দলগুলিকে নির্মমভাবে দমন করেন। সমাজতন্ত্রী ও সাম্যবাদী দলগুলি ভেঙে দেওয়া হল এবং এইসব দলের নেতৃবৃন্দকে কারারুদ্ধ করা হল। নাৎসী দলের মধ্যেও হিটলার তাঁর বিরোধীদের কঠোর হাতে দমন করলেন, নাৎসী নীতির বিরোধী সরকারী কর্মচারীদের অপসারিত করলেন। এইভাবে সামরিক ও বেসামরিক বিভাগের সব ক্ষেত্রে তিনি সর্বময় কর্তৃত্ব গ্রহণ করলেন। তাঁর উপাধি হল ফুয়েরার (**Fuehrer**) বা সর্বময় কর্তা।

নাৎসী দলের অন্যতম মুখ্য নীতি ছিল ইহুদী নির্যাতন। জীবিকা অর্জনের সমস্ত

উপায় থেকে ইহুদীদের বঞ্চিত করা হয়েছিল। পরে বহুসংখ্যক ইহুদীকে নিষ্ঠুরভাবে হত্যা করা হয়। এর ফলে ইহুদীরা দলে দলে অন্যত্র পলায়ন করতে থাকে।

জার্মানির মর্যাদা পুনঃপ্রতিষ্ঠিত করার জন্য হিটলার ভার্সাই সন্ধির শর্তাবলী বাতিল করতে আরম্ভ করলেন। ১৯৩৩ খ্রীস্টাব্দে জার্মান জাতিসংঘ পরিত্যাগ করল। ১৯৩৫ খ্রীস্টাব্দে হিটলার জার্মানবাসীদের বাধ্যতামূলক সামরিক বৃত্তি গ্রহণে বাধ্য করেন, জার্মানির স্থল ও বিমানবাহিনীর শক্তি প্রভূত বৃদ্ধি করেন। স্পেনের গৃহযুদ্ধে জার্মানি ও ইটালী ফ্রাঙ্কোকে সাহায্য করেছিল। ১৯৩৬ খ্রীস্টাব্দে জাপান ও জার্মানি কমিন্টার্নবিরোধী চুক্তি (Anti-Comintern Pact) সম্পাদন করে। পরের বছর ইটালী এই চুক্তিতে যোগ দেয়। ১৯৩৮ খ্রীস্টাব্দে জার্মানি অস্ট্রিয়া অধিকার করে। ১৯৩৮ খ্রীস্টাব্দে জার্মানি চেকোশ্লোভাকিয়া আক্রমণ করলে পশ্চিমী রাষ্ট্রগুলি বিপদ সম্বন্ধে কিছুটা সচেতন হল। ১৯৩৮ খ্রীস্টাব্দে হিটলারকে "মিউনিক চুক্তি" দ্বারা চেকোশ্লোভাকিয়ার সুদেতান অঞ্চল উপহার দেওয়া হল। ১৯৩৯ খ্রীস্টাব্দে হিটলার সমগ্র চেকোশ্লোভাকিয়া অধিকার করেন। ঐ বছরের ১লা সেপ্টেম্বর হিটলার পোল্যান্ড আক্রমণ করেন এবং এই ঘটনার পরিণতিতে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সূচনা হয়।

তৃতীয় পরিচ্ছেদ
জাতিসংঘের ব্যর্থতা

জাতিসংঘ গঠন : প্রথম বিশ্বযুদ্ধ আরম্ভ হবার সময় থেকে মানুষ যুদ্ধ-নিবারণ ও আন্তর্জাতিক সংস্থার মাধ্যমে নিরাপত্তা রক্ষার জন্য উদ্‌গ্রীব হয়ে পড়ে। আমেরিকা যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি উইলসন প্রস্তাব করেন যেআন্তর্জাতিক বিরোধের শান্তিপূর্ণভাবে মীমাংসার জন্য এবং ক্ষুদ্র ও বৃহৎ সমস্ত রাষ্ট্রের রাজনৈতিক স্বাধীনতা ও অখণ্ডতা বজায় রাখার জন্য একটা আন্তর্জাতিক সংস্থা প্রতিষ্ঠা করা অবশ্য প্রয়োজন। তাছাড়া পৃথিবীর বিভিন্ন জায়গায় ঐ সময়কার শ্রমিক আন্দোলন আন্তর্জাতিক সংস্থা গঠনের প্রয়োজনীয়তাকে ত্বরান্বিত করল। বিভিন্ন শ্রমিক সংগঠন যুদ্ধ নিরসন এবং শ্রমিকদের প্রতি সুবিচারের দাবিতে একটি আন্তর্জাতিক শ্রমিক সংস্থার মত সংগঠন স্থাপন করতে বদ্ধপরিকর হল। প্রথম বিশ্বযুদ্ধের পর উপরিউক্ত উদ্দেশ্যগুলি চরিতার্থ করার জন্য "লীগ অব নেশনস্" বা জাতিসংঘ স্থাপিত হয়। জাতিসংঘের চুক্তিপত্র ভার্সাই সন্ধির অঙ্গ হিসাবে গৃহীত হয়। এই আন্তর্জাতিক প্রতিষ্ঠানের মুখ্য উদ্দেশ্য হল আলাপ-আলোচনার মাধ্যমে আন্তর্জাতিক বিরোধের নিষ্পত্তি করা এবং স্থায়ীভাবে পৃথিবীতে শান্তি রক্ষা করা। বিজয়ী ও নিরপেক্ষ দেশগুলি নিয়ে জাতিসংঘ গঠিত হয়। পরে জার্মানি, অস্ট্রিয়া প্রভৃতি দেশও এতে যোগ দেয়। যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি জাতিসংঘের উদ্যোক্তা হলেও আমেরিকানরা তাঁর নীতি গ্রহণ করায়, এই দেশটি জাতিসংঘে যোগ দেয়নি। রুশ-বিপ্লবের পর সোভিয়েত রাশিয়া জাতিসংঘে যোগ দেয়। সুইজারল্যান্ডের জেনিভাতে জাতিসংঘের দপ্তর স্থাপিত হয়েছিল। একটি সাধারণ সভা, একটি পরিষদ, একটি দপ্তরখানা এবং একটি স্থায়ী আন্তর্জাতিক আদালত নিয়ে জাতিসংঘ গঠিত হল। জাতিসংঘের সকল রাষ্ট্র নিয়ে সাধারণ সভা গঠিত হয়েছিল।

প্রত্যেক সদস্য রাষ্ট্রের একটি করে ভোটদানের অধিকার ছিল, যদিও প্রত্যেকটি রাষ্ট্র তিনজন করে প্রতিনিধি ও কয়েকজন উপদেষ্টা সাধারণ সভায় পাঠাতে পারত। জাতিসংঘের সমস্ত নীতি ও কাজকে বাস্তব রূপদান করত পরিষদ। পরিষদের সদস্যসংখ্যা প্রথমে ছিল নয়জন। এদের মধ্যে পাঁচজন স্থায়ী সদস্য ও চারজন অস্থায়ী সদস্য ছিল। কিন্তু মার্কিন যুক্তরাষ্ট্র জাতিসংঘে যোগদান না করায় স্থায়ী সদস্যের সংখ্যা প্রথমে চারজন ছিল। এই রাষ্ট্রগুলি ছিল ব্রিটেন, ফ্রান্স, ইটালী ও জাপান। পরে অস্থায়ী সদস্যসংখ্যা বৃদ্ধি পায় এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রাক্কালে এগারোতে এসে পেঁছায়। জাতিসংঘের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য দপ্তরখানা (Secretariat) সৃষ্টি করা হয়েছিল। সমস্ত আন্তর্জাতিক বিবাদের মীমাংসার জন্য পনেরো জন বিচারক নিয়ে একটি স্থায়ী আন্তর্জাতিক আদালতও গঠিত হয়েছিল।

কৃতিত্ব ঃ ১৯২০ খ্রীস্টাব্দে আল্যান্ড দ্বীপটিকেকেন্দ্র করে ফিনল্যান্ড ও সুইডেনের মধ্যে বিরোধ দেখা দিলে, জাতিসংঘ তাতে হস্তক্ষেপ করে বিরোধ মেটায়। ১৯২১ খ্রীস্টাব্দে গ্রীস ও আলবেনিয়ার সীমানা নিয়ে বিরোধের নিষ্পত্তি জাতিসংঘ করেছিল। জাতিসংঘের চেষ্টায় ব্রিটেন ও ইরানের মধ্যে মোসুল-এর তৈলক্ষতি-বিরোধ শান্তিপূর্ণ ভাবে মিটে যায়। ১৯২৫ খ্রীস্টাব্দে গ্রীস বুলগেরিয়া আক্রমণ করলে বুলগেরিয়া গ্রীসের এই আক্রমণের বিরুদ্ধে জাতিসংঘে আবেদন করে। জাতিসংঘের নির্দেশে গ্রীস যুদ্ধ বন্ধ করে। তাছাড়া আন্তর্জাতিক সহযোগিতার ভিত্তিতে সামাজিক, অর্থনৈতিক এবং মানবিকতার ক্ষেত্রেও জাতিসংঘের বিভিন্ন কাজ প্রশংসনীয়। এশিয়া, আফ্রিকা প্রভৃতি অনুন্নত দেশগুলিতে ম্যালেরিয়া, কলেরা, প্লেগ প্রভৃতি মারাত্মক রোগের প্রকোপ প্রতিরোধ করার ব্যাপারে জাতিসংঘের অবদান বিশেষ উল্লেখযোগ্য। আন্তর্জাতিক সহযোগিতার ভিত্তিতে শিক্ষা ও সংস্কৃতির প্রসারে জাতিসংঘ অসাধারণ কৃতিত্বের পরিচয় দিয়েছিল।

ব্যর্থতা ঃ ১৯৩০ খ্রীস্টাব্দের পর জাতিসংঘের অক্ষমতা ও দুর্বলতা প্রকট হতে থাকে। ১৯৩১ খ্রীস্টাব্দেই জাপান চীনের মাঞ্চুরিয়া প্রদেশ আক্রমণ করে। জাতিসংঘ জাপানকে মাঞ্চুরিয়া থেকে বিতাড়িত করার জন্য কোনরকম শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করতে পারেনি। পরিবর্তে জাপান জাতিসংঘের সদস্যপদে ইস্তফা দেয়। ১৯৩৫ খ্রীস্টাব্দে ইটালী আবিসিনিয়া আক্রমণ করে, পরে এই দেশটি অধিকার করে। আবিসিনিয়া জাতিসংঘের কাছে করুণ আবেদন জানালে জাতিসংঘ এই ক্ষেত্রে নীরব দর্শকের ভূমিকা গ্রহণ করে। স্পেনের গৃহযুদ্ধের সময় স্পেনের গণতান্ত্রিক সরকার লীগের কাছে সাহায্য প্রার্থনা করে ব্যর্থ হয়। হিটলারের নেতৃত্বে নাৎসী জার্মানি অস্ট্রিয়া ও চেকোশ্লোভাকিয়া অধিকার করলে এবং পোল্যান্ড আক্রমণ করলে জাতিসংঘ আবার নীরব দর্শকের ভূমিকা গ্রহণ করে। জাতিসংঘ তার সদস্য রাষ্ট্রদের উপর কোন রকম সিদ্ধান্ত জোর করে আরোপ করতে সমর্থ ছিল না, কারণ জাতিসংঘের নিজস্ব কোনও সেনাবাহিনী ছিল না। এর ফলে জাতিতে জাতিতে অবিশ্বাস দেখা দিল। ক্ষমতালোভী হিটলার সমগ্র পৃথিবী অধিকার করার স্বপ্ন দেখতে শুরু করলেন। অন্যান্য সাম্রাজ্যবাদী শক্তি, যেমন ব্রিটেন, আমেরিকা, ফ্রান্স প্রভৃতি নিজেদের সাম্রাজ্যরক্ষায় শুধু ব্যস্ত রইল। জাতিসংঘকে বাঁচিয়ে রাখার দায়িত্ব তারা সম্পূর্ণ

পালন করতে পারল না। এই কারণে জাতিসংঘ প্রকৃতপক্ষে নিষ্ক্রিয় হয়ে পড়ায় দ্বিতীয় বিশ্বযুদ্ধের সূচনা হল, অপমৃত্যু ঘটল জাতিসংঘের।

অনুশীলনী

বাস্তবভিত্তিক প্রশ্নাবলী ঃ

১। প্রথম বিশ্বযুদ্ধের পর মিত্ররাষ্ট্রগুলি সন্ধির শর্ত আলোচনার জন্য কোথায় মিলিত হয়েছিল ? ২। ভার্সাই সন্ধি কাদের মধ্যে স্বাক্ষরিত হয়েছিল ? ৩। সেণ্ট জার্মাইনের সন্ধি কাদের মধ্যে স্বাক্ষরিত হয়েছিল ? ৪। নিউলির সন্ধি কাদের মধ্যে স্বাক্ষরিত হয়েছিল ? ৫। ট্রিয়াননের সন্ধি কাদের মধ্যে সম্পন্ন হয়েছিল ? ৬। বেনিটো মুসোলিনী কে ছিলেন ? ৭। ইটালী কত খ্রীস্টাব্দে আবিসিনিয়া আক্রমণ করেছিল ? ৮। হিটলার কোন্ তারিখে পোল্যান্ড আক্রমণ করেছিলেন ? ৯। জাতিসংঘের প্রধান কার্যালয় কোথায় ছিল ? ১০। জাতিসংঘ স্থাপনের প্রস্তাব কে করেছিলেন ?

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলী ঃ

১। প্যারিস বৈঠকে কে কে প্রধান ভূমিকায় অবতীর্ণ হন ?

২। প্রথম বিশ্বযুদ্ধের পর তুরস্কের অবস্থা কি রকম হয়েছিল ?

৩। কার নেতৃত্বে জার্মানিতে নাৎসী দল গড়ে উঠেছিল ? এই দলের প্রধান লক্ষ্য কি ছিল ?

৪। হিটলারের পররাষ্ট্রনীতির সংক্ষিপ্ত বিবরণ দাও।

৫। জাতিসংঘের ব্যর্থতার কারণগুলি আলোচনা কর।

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্নাবলী ঃ

১। ভার্সাই সন্ধির শর্তাবলী আলোচনা কর।

২। প্রথম বিশ্বযুদ্ধের পর ইটালীর অবস্থা কি রকম ছিল ?

৩। হিটলারের পররাষ্ট্রনীতি সম্বন্ধে যা জান লিখ।

৪। জাতিসংঘ যেসব সমস্যার সন্তোষজনক মীমাংসা করেছিল সেগুলি আলোচনা কর।

রচনাত্মক প্রশ্নাবলী ঃ

১। প্যারিসের শান্তি সম্মেলনে ইউরোপ কিভাবে পুনর্গঠিত হয়েছিল ?

২। মুসোলিনির নেতৃত্বে ইটালীতে ফ্যাসিবাদের উদ্ভব সম্বন্ধে যা জান লেখ।

৩। হিটলারের নেতৃত্বে জার্মানিতে নাৎসী দলের উত্থান সম্বন্ধে আলোচনা কর।

৪। জাতিসংঘের গঠন, সাফল্য ও ব্যর্থতার সংক্ষিপ্ত বিবরণ দাও।

———

পঞ্চদশ অধ্যায় | দ্বিতীয় বিশ্বযুদ্ধ

যুদ্ধের কারণসমূহ : ১৯১৯ খ্রীস্টাব্দে সম্পাদিত ভার্সাই সন্ধিই দ্বিতীয় বিশ্বযুদ্ধকে (১৯৩৯ খ্রীস্টাব্দে) ডেকে আনে। এই সন্ধিটি জার্মানির উপর এত কঠোর শর্তাদি আরোপ করেছিল যে এই রাষ্ট্রের পক্ষে কোনক্রমেই এগুলি মেনে চলা সম্ভব ছিল না। জার্মানি সামরিক শক্তি বৃদ্ধি করে ঐ সব শর্ত থেকে মুক্তি পাবার চেষ্টা করে। ভার্সাই চুক্তি রচনাকালে জার্মান প্রতিনিধিদের মতামতের কোন মূল্য দেওয়া হয়নি। এমনকি সেই সময় জার্মান প্রতিনিধিদের প্রতি সাধারণ ভদ্রতা ও সৌজন্যও দেখান হয়নি। এর ফলে জার্মানরা অত্যন্ত অপমানিত বোধ করে।

জার্মানিতে নাৎসী দলের অভ্যুত্থান দ্বিতীয় বিশ্বযুদ্ধের আর একটা প্রধান কারণ ছিল। নাৎসীদের একমাত্র উদ্দেশ্য ছিল, ইউরোপের যেসব অঞ্চলে জার্মান জাতির লোক বাস করে ঐ সব অঞ্চল নিয়ে এক বৃহত্তর জার্মানি গড়ে তোলা। হিটলারের পররাষ্ট্র-নীতিও দ্বিতীয় বিশ্বযুদ্ধের ক্ষেত্র প্রস্তুত করেছিল। হিটলার যখন চেকোশ্লোভাকিয়া অধিকার করলেন তখন পর্যন্ত ইউরোপের শক্তিগুলি তাঁকে বাধা দেয়নি। অস্ট্রিয়া ও চেকোশ্লোভাকিয়া দখল করেও জার্মানি যদি সন্তুষ্ট থাকত তা হলে বিশ্বযুদ্ধকে রোধ করা যেত। কিন্তু হিটলার তখন পৃথিবী জয়ের স্বপ্ন দেখেছিলেন। হিটলারের আক্রমণাত্মক নীতির ফলে ইংলণ্ড ও ফ্রান্স আর নীরব দর্শক হয়ে থাকতে পারল না। জার্মানির বিরুদ্ধে তারা অবশেষে যুদ্ধে অবতীর্ণ হল।

দূর প্রাচ্যে জাপানের সাম্রাজ্যবাদ নীতিও দ্বিতীয় বিশ্বযুদ্ধের অন্যতম কারণ। ১৯৩১ খ্রীস্টাব্দে জাপান মাঞ্চুরিয়া আক্রমণ করলেও,জাতিসঙ্ঘ জাপানের বিরুদ্ধে কোনও সামরিক বা অর্থনৈতিক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণে অপারগ হয়। জাতিসংঘের এই ব্যর্থতায় জাপান উৎসাহিত বোধ করতে থাকে এবং অত্যন্ত তৎপরতার সঙ্গে সুদূর প্রাচ্যের বিস্তীর্ণ অঞ্চল অধিকার করে।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের জন্য ইটালীর পররাষ্ট্রনীতিও দায়ী ছিল। প্রথম বিশ্বযুদ্ধে ইটালীকে যে পরিমাণ ক্ষতি স্বীকার করতে হয়েছিল সে তার ক্ষতিপূরণ পায়নি। ইটালীর উপর যে অন্যায় করা হয়েছিল, মুসোলিনি ক্ষমতা লাভ করে তার প্রতিশোধ নেবার জন্য চেষ্টা করেন। ইটালীর আবিসিনিয়া দখলের ফলে জাতিসংঘ কোন ব্যবস্থাই নিতে পারল না। জাতিসংঘের এই দুর্বলতা ও শোচনীয় ব্যর্থতা দ্বিতীয় বিশ্বযুদ্ধের অন্যতম কারণ।

জার্মানি, জাপান ও ইটালী কর্তৃক একটা রাষ্ট্রজোট গঠন করার ফলেও দ্বিতীয় বিশ্বযুদ্ধের সম্ভাবনা বৃদ্ধি পেয়েছিল। ১৯৩৬ খ্রীস্টাব্দে হিটলার জাপানের সঙ্গে

কমিণ্টার্ন বিরোধী চুক্তি সম্পাদন করেন। ১৯৩৭ খ্রীস্টাব্দের নভেম্বর মাসে ইটালীও ঐ চুক্তিতে স্বাক্ষর করায় এই তিনটি রাষ্ট্রের মধ্যে মিত্রতা প্রতিষ্ঠিত হয়। জার্মানি, জাপান ও ইটালীর প্রতি ব্রিটেন ও ফ্রান্সের তোষণনীতিও এই যুদ্ধের জন্য দায়ী।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রত্যক্ষ কারণ হল, ১৯৩৯ খ্রীস্টাব্দের ১লা সেপ্টেম্বর জার্মানি কর্তৃক পোল্যান্ড আক্রমণ। অস্ট্রিয়া ও চেকোশ্লোভাকিয়া অধিকার করেও হিটলার সন্তুষ্ট থাকতে পারলেন না। জার্মানি মিউনিক চুক্তি ভেঙে পোল্যান্ডের ডানজিগ বন্দর ও পোলিশ করিডর দাবি করল। ব্রিটেন ও ফ্রান্স তাদের তোষণনীতি যে ব্যর্থতায় পর্যবসিত হয়েছে তা বুঝতে পারল। ফলে হিটলার পোল্যান্ড আক্রমণ করলে ব্রিটেন ও ফ্রান্স ১৯৩৯ খ্রীস্টাব্দের ৩রা সেপ্টেম্বর জার্মানির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করল। এইভাবে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সূচনা হল।

যুদ্ধের গতিপ্রকৃতি : জার্মানির আক্রমণ ছিল ভয়াবহ। জলে, স্থলে আকাশপথে জার্মান সৈন্য আক্রমণ চালাল নানা দিক থেকে। প্রথম দেড় বছরে উত্তরদিকে নরওয়ে

রুজভেল্ট

চার্চিল

পর্যন্ত, দক্ষিণদিকে গ্রীস পর্যন্ত, ফ্রান্স ও প্রায় সমগ্র ইউরোপ তারা গ্রাস করল। জার্মানি ও ইটালী একযোগে দখল করল উত্তর আফ্রিকার বিস্তৃত অঞ্চল। ১৯৪১ খ্রীস্টাব্দে জার্মানি প্রায় আট কোটি সৈন্য নিয়ে রাশিয়ার বুকে ঝাঁপিয়ে পড়ল; অধিকার করল প্রায় অর্ধেক রাশিয়া। ঐ সালেই ব্রিটেন ও আমেরিকার বিরুদ্ধে জাপান যুদ্ধ ঘোষণা করল। জার্মানি, ইটালী ও জাপান—অক্ষশক্তি (**Axis Power**) নামে পরিচিত এই ত্রিশক্তি —পৃথিবীর বিভিন্ন জায়গায় আক্রমণ চালাতে লাগল। অন্য দিকে ব্রিটেন, আমেরিকা, সোভিয়েত রাশিয়া ও ফ্রান্স—মিত্রশক্তি (**Allied Power**) নামে পরিচিত এই চতুঃশক্তি —অক্ষশক্তিকে বাধা দেবার প্রবল চেষ্টা চালিয়ে যেতে লাগল। তখন আমেরিকার রাষ্ট্রপতি রুজভেল্ট, ব্রিটেনের প্রধানমন্ত্রী উইনস্টন চার্চিল এবং রাশিয়ার রাষ্ট্রপ্রধান স্ট্যালিন প্রশান্ত মহাসাগরের বুকে এক যুদ্ধজাহাজে এক গোপন বৈঠকে মিলিত হন। একসঙ্গে জার্মানিকে বাধা দিতে তাঁরা বদ্ধপরিকর হন। ইতিমধ্যে জাপান জয় করে

নিল ইন্দোচীন, ইন্দোনেশিয়া, ফিলিপাইন, ব্রহ্মদেশ ও মালয়। ভারতের দিকেও এগিয়ে এল তারা। হঠাৎ যুদ্ধের গতি গেল বদলে। রাশিয়া প্রতি-আক্রমণ চালিয়ে স্ট্যালিনগ্রাদের কাছে জার্মান সৈন্যকে প্রবলভাবে বাধা দিল। জার্মান সৈন্য পরাজিত হল। উত্তর আফ্রিকাতেও ব্রিটেন ও আমেরিকার হাতে ইটালি ও জার্মানির সৈন্যবাহিনী পরাজয় স্বীকার করল। ১৯৪৫ খ্রীস্টাব্দে আমেরিকা, ব্রিটেন ও রাশিয়ার সৈন্যবাহিনীর কাছে জার্মানি আত্মসমর্পণ করে। হিটলার আত্মহত্যা করলেন। পৃথিবীকে এক ধ্বংসস্তূপে পরিণত করে ছ'বছর পর দ্বিতীয় বিশ্বযুদ্ধ থামল। এই যুদ্ধে বিভিন্ন ধরনের আধুনিক অস্ত্রশস্ত্র ব্যবহৃত হয়। সবচেয়ে মারাত্মক ঘটনা হল, ১৯৪৫ খ্রীস্টাব্দে জাপানের নাগাসাকি ও হিরোশিমা শহরে আমেরিকার আণবিক বোমা নিক্ষেপ। এর ফলে ঐ দুটি শহরের প্রায় সমস্ত মানুষই হয় মারা গেল, না হয় চিরকালের জন্য পঙ্গু হয়ে গেল। যুদ্ধের ফলে পৃথিবীর অনেক বিখ্যাত শহরের প্রভূত ক্ষতি হল। প্রায় ৫ কোটি মানুষ প্রাণ হারাল এই যুদ্ধের ফলে। আমাদের এই বাংলাদেশেই যুদ্ধের ফলে কৃত্রিম দুর্ভিক্ষ সৃষ্টি হওয়ায় প্রায় ৫০ লক্ষ মানুষ প্রাণ হারাল।

স্টালিন

দ্বিতীয় বিশ্বযুদ্ধের ফলাফল: দ্বিতীয় বিশ্বযুদ্ধের ফলাফল যেমন ছিল গুরুত্বপূর্ণ তেমনি সুদূরপ্রসারী। দ্বিতীয় বিশ্বযুদ্ধকে আধুনিক কালের সর্ববৃহৎ ও সর্বাত্মক যুদ্ধ বলা যেতে পারে। মারণাস্ত্রের ব্যবহার ও প্রাণনাশের দিক দিয়ে এই যুদ্ধটি ছিল ভয়াবহ। ইউরোপের বহু প্রধান শহর সম্পূর্ণভাবে বা অংশত এই যুদ্ধের ফলে ধ্বংসপ্রাপ্ত হয়। এই যুদ্ধের ফলে ইউরোপের বাইরে জাপান, চীন এবং ফিলিপাইন দ্বীপপুঞ্জের বিপুল ক্ষতি হয়। এই যুদ্ধের ফলে পৃথিবীতে সর্বত্র তীব্র অর্থনৈতিক সংকট অনুভূত হয় এবং মূল্যস্ফীতি ও কালোবাজারের সৃষ্টি প্রায় সব দেশেই কম-বেশী দেখা দেয়। যুদ্ধের পর বহু লোক বেকার ও গৃহহীন হয়েছিল। পরাজিত দেশগুলির অবস্থা বিজয়ী দেশগুলির তুলনায় কিছুটা খারাপ ছিল সত্য কিন্তু বিজয়ী দেশগুলিও ভয়ানকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ইংলন্ড, ফ্রান্স, ইটালী, জার্মান প্রভৃতি দেশের গুরুত্ব হ্রাস পেল। জার্মানিকে চারটি পৃথক অঞ্চলে ভাগ করে রাশিয়া, মার্কিন যুক্তরাষ্ট্র, ব্রিটেন ও ফ্রান্সের কর্তৃত্বাধীনে রাখা হল। ১৯৪৯ খ্রীস্টাব্দে মার্কিন যুক্তরাষ্ট্র, ব্রিটিশ ও ফরাসী অঞ্চল তিনটি একত্র করে জার্মান যুক্তরাষ্ট্রীয় প্রজাতন্ত্র গঠিত হয় এবং সোভিয়েত অঞ্চলে জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্র স্থাপিত হয়। বিশ্ব রাজনীতিতে মার্কিন যুক্তরাষ্ট্র ও সোভিয়েত ইউনিয়ন এই দুটি চরম শক্তি আবির্ভূত হল। দ্বিতীয় বিশ্বযুদ্ধের শেষ

পর্যায় থেকে রাশিয়ার নেতৃত্বে সমাজতান্ত্রিক এবং মার্কিন যুক্তরাষ্ট্রের নেতৃত্বে সমাজতন্ত্র বিরোধী দেশগুলির মধ্যে যে ঠান্ডা লড়াই চলছিল বিশ্বরাজনীতিতে তা বিরাট উত্তেজনার সৃষ্টি করেছিল। দ্বিতীয় বিশ্বযুদ্ধের ভয়াবহতা বুঝতে পেরে বিশ্বের রাষ্ট্রগুলি পরস্পর সহযোগিতার ভিত্তিতে পররাষ্ট্রনীতি পরিচালনায় উদ্যোগী হয়েছে এবং যথাসময়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করে যুদ্ধের উত্তেজনা প্রশমনের চেষ্টা করেছে। এই কারণেই মানবজাতির শান্তি আকাঙ্ক্ষার প্রতিফলন স্বরূপ জন্ম নিল **সম্মিলিত জাতিপুঞ্জ (U.N.O.—United Nations Organisation)**।

অনুশীলনী

বাস্তবভিত্তিক প্রশ্নাবলী ঃ

১। দ্বিতীয় বিশ্বযুদ্ধের জন্য কোন্ রাষ্ট্র প্রধানত দায়ী ছিল ? ২। হিটলার কে ছিলেন ? ৩। মুসোলিনি কে ছিলেন ? ৪। উইনস্টন চার্চিল কে ছিলেন ? ৫। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর সমাজতান্ত্রিক রাষ্ট্রগুলির নেতৃত্ব কোন্ দেশ করছে ? ৬। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ধনতান্ত্রিক রাষ্ট্রগুলির নেতৃত্ব কোন্ দেশ দিচ্ছে ?

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলী ঃ

১। হিটলার ক্ষমতা লাভ করে কি ভাবে ভার্সাই সন্ধির শর্তাবলী অগ্রাহ্য করেছিলেন ? ২। মিউনিক চুক্তি কাদের মধ্যে স্বাক্ষরিত হয়েছিল ? এই চুক্তি দ্বারা কি ফল হয়েছিল ? ৩। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ইউরোপে মার্কস্‌বাদী আদর্শে কোন্ কোন্ সমাজতান্ত্রিক রাষ্ট্র গঠিত হয়েছিল ? ৪। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর দক্ষিণ-পূর্ব এশিয়ায় কি পরিবর্তিত অবস্থা লক্ষ্য করা গেছে ?

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্নাবলী ঃ

১। ১৯৩৬ খ্রীস্টাব্দের পর হিটলারের পররাষ্ট্রনীতি আলোচনা কর। ২। রাশিয়া ১৯৩৯ খ্রীস্টাব্দে হিটলারের সঙ্গে অনাক্রমণ চুক্তি করেছিল কেন ? ৩। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর জার্মানির রাজনৈতিক অবস্থার কি পরিবর্তন হয়েছে ? ৪। আমেরিকা ও সোভিয়েত রাশিয়ার মধ্যে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর প্রতিদ্বন্দ্বিতার কারণ কি ?

রচনাত্মক প্রশ্নাবলী ঃ

১। দ্বিতীয় বিশ্বযুদ্ধের জন্য ভার্সাই সন্ধির শর্তাবলী ও হিটলার কতটা দায়ী ?
২। দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রধান কারণগুলি আলোচনা কর।
৩। দ্বিতীয় বিশ্বযুদ্ধের ফলাফলগুলি সংক্ষেপে আলোচনা কর।

মৌখিক প্রশ্নাবলী ঃ

১। প্রথম বিশ্বযুদ্ধের কতদিন পরে দ্বিতীয় বিশ্বযুদ্ধ আরম্ভ হয়েছিল ?
২। ভার্সাই সন্ধির শর্তগুলি জার্মানির পক্ষে মেনে চলা সম্ভব ছিল না কেন ?
৩। বিশ্বের কোন্ কোন্ রাষ্ট্র "কমিন্টার্ন বিরোধী" চুক্তি সম্পাদন করেছিল ?

৪। তোষণ-নীতি বলতে কি বুঝ? ৫। জার্মানিকে বাধা দেওয়ার জন্য প্রশান্ত মহাসাগরের বুকে এক যুদ্ধ জাহাজে কারা গোপন বৈঠক করেছিলেন? ৬। "অক্ষ-শক্তি' নামে পরিচিত তিনটি শক্তির নাম বল। ৭। 'মিত্র শক্তি' নামে পরিচিত চারটি শক্তির নাম উল্লেখ কর। ৮। দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রত্যক্ষ কারণ কি? ৯। 'জার্মান যুক্তরাষ্ট্রীয় প্রজাতন্ত্র ও জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রে'র মধ্যে পার্থক্য কি? ১০। সম্মিলিত জাতিপুঞ্জের জন্ম হয়েছিল কেন? ১১। দ্বিতীয় বিশ্বযুদ্ধের ফলে কত লোক প্রাণ হারিয়েছিল? ১২। দ্বিতীয় বিশ্বযুদ্ধ কত খ্রীস্টাব্দে আরম্ভ হয়েছিল? ১৩। কত খ্রীস্টাব্দে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরিসমাপ্তি হয়েছিল? ১৪। জাপানের কোন্ দুটি শহরে আমেরিকা আণবিক বোমা নিক্ষেপ করেছিল? ১৫। দ্বিতীয় বিশ্বযুদ্ধের শেষে কাদের মধ্যে ঠান্ডা লড়াই চলেছিল?

দ্বিতীয় বিশ্বযুদ্ধে অংশগ্রহণকারী প্রধান বিবদমান রাষ্ট্রগুলির তালিকা দুটি ঠিক করে লেখ—

প্রথম পক্ষ	দ্বিতীয় পক্ষ
(১) ফ্রান্স	(১) ইংলন্ড
(২) রাশিয়া	(২) জার্মানি
(৩) জাপান	(৩) আমেরিকা
(৪) ইটালী	

ভারতের স্বাধীনতা আন্দোলনের বিভিন্ন স্তর

প্রথম পরিচ্ছেদ

অসহযোগ আন্দোলন

'ভারত সভা' সৃষ্টি হবার পর থেকেই ভারতে নবপর্যায়ে স্বাধীনতা আন্দোলনের ধারা অব্যাহত থাকে। পরবর্তী কালে জাতীয় কংগ্রেসের নরমপন্থী ও চরমপন্থীদের মতবাদে যখন স্বাধীনতাপ্রিয় ভারতবাসী বিভ্রান্ত, তখন দেশের বিভিন্ন প্রান্ত থেকে কয়েকজন নেতা এলেন ভারতের স্বাধীনতা আন্দোলনের সার্থক রূপ দিতে। বর্তমান অধ্যায়ে বিভিন্ন পর্যায়ে স্বাধীনতা সংগ্রাম ও ভারতের স্বাধীনতাপ্রাপ্তির সময় পর্যন্ত আলোচনা করা হল।

১৯১৯ খ্রীস্টাব্দে ভারতশাসন-আইন প্রবর্তন হবার পর দেখা গেল, ভারতীয়দের জন্য স্বাধিকারের কোন রক্ষাকবচ ছিল না। ভারতের জাতীয় কংগ্রেস তিন কথায় এটি প্রত্যাখ্যান করল—যথেষ্ট নয় (inadequate), অসন্তোষজনক (unsatisfactory) ও হতাশাব্যঞ্জক (disappointing)। যুদ্ধের পর ইংরেজরা তুরস্ক, আরবের কয়েকটি দেশ, পারস্য ও আফগানিস্তানের স্বাধীনতা হরণ করতে চাইল। এর প্রতিবাদ-স্বরূপ ভারতের মুসলমানরা গড়ে তুললেন **সারা ভারত খিলাফৎ কমিটি**। ইংরেজ সরকার কংগ্রেস ও খিলাফৎ আন্দোলন স্তব্ধ করার জন্য রচনা করল **রাউল্যাট আইন**—যার প্রধান উদ্দেশ্য ছিল নির্বিচারে ধরপাকড় ও বিচার করা। এই আইনের বিরুদ্ধে কংগ্রেস ও খিলাফৎ কমিটি একযোগে আন্দোলনে নামল। কংগ্রেসের নেতৃত্ব দিলেন দক্ষিণ আফ্রিকা থেকে আগত অসহযোগ আন্দোলনের নেতা **মহাত্মা গান্ধী (মোহনদাস করমচাঁদ গান্ধী)** ও খিলাফৎ কমিটির পক্ষ থেকে **মহম্মদ আলি** ও **সৌকত আলি** ভ্রাতৃদ্বয়। ১৯১৯-এর এপ্রিল মাসে জালিয়ানওয়ালাবাগে ইংরেজ সৈন্য মেশিনগান চালিয়ে অসংখ্য নরনারী ও শিশুকে হত্যা করে। এর প্রতিবাদে বিশ্বকবি রবীন্দ্রনাথ 'স্যার' উপাধি ত্যাগ করেন। গান্ধীজী বললেন, "এই শয়তান সরকারকে সংশোধনকরা যাবে না। একে নিশ্চিহ্ন করতে হবে।" ইংরেজ সরকারের ন্যায়বিচারের প্রতি গান্ধীজীর দীর্ঘকাল আস্থা ছিল। কিন্তু জালিয়ানওয়ালাবাগের শোচনীয় হত্যাকান্ড এবং পাঞ্জাবে সামরিক আইনের প্রয়োগ তাঁকে হতাশ করেছিল। এই সময় কংগ্রেস চরমপন্থীদল দ্বারা নিয়ন্ত্রিত হবার ফলে



মহাত্মা গান্ধী

বিপ্লবাত্মক কার্যক্রম গ্রহণ সহজ হয়েছিল। তুরস্কের প্রতি ইংরেজ সরকার কঠোর মনোভাব গ্রহণ করলে গান্ধীজী ব্রিটিশ শাসকবর্গের বিরুদ্ধে ভারতের হিন্দু ও মুসলমান সম্প্রদায় দুটিকে ঐক্যবদ্ধ করেছিলেন। ১৯২০ খ্রীস্টাব্দে কংগ্রেসের এক বিশেষ অধিবেশনে জাতীয় কংগ্রেস অসহযোগ আন্দোলন আরম্ভ করার প্রস্তাব গ্রহণ করল। চিত্তরঞ্জন দাশ, বিপিনচন্দ্র পাল, জিন্না প্রমুখের বিরোধিতা সত্ত্বেও বিপুল ভোটাধিক্যে এই প্রস্তাব গৃহীত হল। গৃহীত প্রস্তাবে উল্লেখ করা হল যে, ভারতবাসীদের প্রতি অন্যায়-অবিচারের প্রতিকার এবং স্বরাজ প্রতিষ্ঠিত না হওয়া পর্যন্ত অহিংস অসহযোগ আন্দোলন ভিন্ন জনসাধারণের কাছে অন্য কোনও পথ খোলা নাই। ১৯২০ খ্রীস্টাব্দের ৩১শে জুলাই লোকমান্য তিলকের মৃত্যুর পর গান্ধীজী কংগ্রেসের অবিসংবাদী নেতৃত্বে প্রতিষ্ঠিত হলেন। এতদিন পর্যন্ত ব্রিটিশ সাম্রাজ্যের ভিতরে স্বায়ত্তশাসন কংগ্রেসের লক্ষ্য ছিল। কিন্তু নাগপুর কংগ্রেসে গান্ধীজী ঘোষণা করলেন যে তাঁদের লক্ষ্য হচ্ছে স্বরাজ অর্জন করা। গান্ধীজী হিন্দু-মুসলমান ঐক্য প্রতিষ্ঠা এবং অস্পৃশ্যতা দূর করার উপর গুরুত্ব আরোপ করেছিলেন। তাঁর মতে অস্পৃশ্যতা দূর না করে স্বরাজ প্রতিষ্ঠা সম্ভব ছিল না। একমাত্র আত্মত্যাগ ও দুঃখ-কষ্টের মধ্যেই স্বরাজ অর্জন সম্ভব—গান্ধীজী এই মতবাদে বিশ্বাসী ছিলেন। মহাত্মা গান্ধীর নেতৃত্বে কংগ্রেস অসহযোগ আন্দোলনের কর্মসূচী গ্রহণ করেছিল। সেগুলি ছিল ঃ

(১) সরকারী উপাধি বর্জন ; (২) সরকারী অনুষ্ঠান বর্জন ; (৩) সরকারী ও সরকার অনুমোদিত স্কুল-কলেজ বর্জন এবং বিভিন্ন প্রদেশে জাতীয় বিদ্যালয় প্রতিষ্ঠা ; (৪) সরকারী আদালত বর্জন ও মামলা নিষ্পত্তির জন্য সালিশী আদালত গঠন ; (৫) সৈন্যদের মেসোপটেমিয়ায় কর্মগ্রহণে অস্বীকৃতি ; (৬) নির্বাচন বর্জন ও (৭) বিদেশী দ্রব্য বয়কট। কংগ্রেস ও খিলাফৎ কমিটি একযোগে এই আন্দোলনে অংশগ্রহণ করে।

ভারতের সর্বত্র সর্বশ্রেণীর ও সর্বস্তরের মানুষের মধ্যে মহাত্মা গান্ধীর অহিংস অসহযোগের বার্তা দ্রুত প্রচারিত হল। হিন্দু-মুসলমান উভয় সম্প্রদায়ের বহু ব্যক্তি এই আন্দোলনে যোগ দিয়েছিল। চিত্তরঞ্জন দাশ, রাজেন্দ্রপ্রসাদ, মতিলাল নেহেরু, লালা লাজপত রায়, মদনমোহন মালব্য প্রভৃতি শত শত ভারত সন্তানের অপূর্ব স্বার্থত্যাগে ভারত-ইতিহাস গৌরবোজ্জ্বল হয়ে উঠল। মতিলাল নেহেরু এবং চিত্তরঞ্জন দাশ আইন ব্যবসা পরিত্যাগ করলেন এবং সুভাষচন্দ্র বসু ভারতীয় সিভিল সার্ভিস থেকে পদত্যাগ করেন। বিভিন্ন শিক্ষাকেন্দ্রের ছাত্ররা দলে দলে স্কুল-কলেজ পরিত্যাগ করল। অন্য দিকে ছাত্রদের জন্য বিভিন্ন কেন্দ্রে জাতীয় শিক্ষায়তনও গড়ে উঠল। কংগ্রেসের উদ্যোগে কাশী বিদ্যাপীঠ, জামিয়া মিলিয়া, বারাণসী বিদ্যাপীঠ, গুজরাট বিদ্যাপীঠ এবং আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হল। চরকায় সুতা কাটা এবং খদ্দর বস্ত্র উৎপাদন জাতির নব চেতনার প্রতীক হয়ে উঠল। মহাত্মা গান্ধী

চিত্তরঞ্জন দাশ

ভারতের সর্বত্র পরিভ্রমণ করে স্বরাজের বার্তা প্রচার করতে থাকেন। ভারতবর্ষে অকস্মাৎ কর্মচঞ্চল হয়ে উঠল। অসহযোগ আন্দোলন দেশের জনগণকে হতাশা, অলসতা ও অসহায় অবস্থা থেকে মুক্ত করে তাদের মধ্যে গভীর অনুপ্রেরণার সৃষ্টি করেছিল। এই আন্দোলন জনগণকে সাংগঠনিক, নিয়মানুবর্তিতা এবং আত্মত্যাগের শিক্ষা দিয়ে জাতীয় মর্যাদা বৃদ্ধি করেছিল। অসহযোগ আন্দোলনের ফলে জাতীয় কংগ্রেসও বিশেষ শক্তিশালী হয়েছিল।

১৯২১ খ্রীস্টাব্দে অসহযোগ আন্দোলন চলার সময় চৌরিচৌরায় ইংরেজদের প্রতি চাষীদের প্রতি-আক্রমণের ফলে গান্ধীজী এই আন্দোলন বন্ধ করে দেন।

দ্বিতীয় পরিচ্ছেদ
কৃষক-শ্রমিকদের অংশগ্রহণ

ভারতবর্ষ কৃষিপ্রধান দেশ, সুতরাং সাধারণ মানুষ বলতে প্রধানত কৃষিজীবীকেই বোঝাত। কৃষকদের দাবি ছিল জমিদারী প্রথার বিলোপ সাধন, জমির খাজনা ও অন্যান্য করের পরিমাণ হ্রাস করা, জমি থেকে উচ্ছেদ বন্ধ করা ও মহাজনদের অত্যাচার থেকে তাদের রক্ষা করা। প্রজাস্বত্ব আইনের বিরুদ্ধে উত্তরপ্রদেশের কৃষকরা বিক্ষুব্ধ হয়ে উঠেছিল।

এলাহাবাদের কাছে প্রতাপগড়ে কৃষকরা সভা-সমিতি করে তাদের অভাব-অভিযোগের কথা জানাতে থাকে। জওহরলাল নেহেরু ও তাঁর সহকর্মীরা উত্তরপ্রদেশের কৃষকদের বিক্ষোভের কারণ জানবার চেষ্টা করেন। মহাত্মা গান্ধী বিহারে ও গুজরাটে কৃষকদেরও রাজনৈতিক আন্দোলনে টেনে আনলেন, তাদের নির্ভীকভাবে অন্যায়ের বিরুদ্ধে দাঁড়াতে শিক্ষা দিলেন এবং শান্তিপূর্ণভাবে নির্যাতন সহ্য করতে অভ্যস্ত করালেন। ফলে কংগ্রেসের সঙ্গে কৃষকদের ঘনিষ্ঠ সম্বন্ধ স্থাপিত হল। অসহযোগ আন্দোলন উপলক্ষে কৃষকরা বিলাতী কাপড় এবং বিলাতী লবণ বর্জন করল; পুলিশের লাঠি তাদের নিবৃত্ত করতে পারল না। ১৯২১ খ্রীস্টাব্দে রাইবেরিলী, ফৈজাবাদ প্রভৃতি অঞ্চলের কৃষকেরা বিদ্রোহী হয়ে ওঠে; পুলিশের সঙ্গে সংঘর্ষে বহু কৃষক প্রাণ হারায়। কৃষক-বিদ্রোহ পাঞ্জাব ও মাদ্রাজেও বিস্তার লাভ করে।

১৯২৮ খ্রীস্টাব্দে সর্দার বল্লভভাই প্যাটেল গুজরাটের কৃষকদের খাজনা না দেওয়ার জন্য আন্দোলনে নেতৃত্ব করেন। ১৯৩৬ খ্রীস্টাব্দে যখন সর্বভারতীয় 'কিষাণ-সভা'-র প্রতিষ্ঠা হল তখন থেকেই কৃষকরা স্বতঃস্ফূর্ত ভাবে জাতীয় আন্দোলনে অংশ গ্রহণ করতে থাকল।

অসহযোগ আন্দোলনের বহু পূর্ব থেকেই শ্রমিকরাও শোষণের বিরুদ্ধে সংঘবদ্ধ হয়ে উঠেছিল। তাদের বেতন ছিল অত্যন্ত কম, কাজের সময় ছিল খুবই দীর্ঘ এবং জীবনযাত্রার মান ছিল অস্বাভাবিক নিম্ন। ১৯১৭ খ্রীস্টাব্দে গান্ধীজী আহমেদাবাদে বয়নশিল্পের মজুরদের নিয়ে একটি সংগঠন করেছিলেন। ১৯১৯ খ্রীস্টাব্দের প্রথম দিকে বোম্বাই প্রেসিডেন্সীর কাপড়কলগুলিতে যে ধর্মঘট হয়েছিল তাতে মোট এক লক্ষ পঁচিশ হাজার শ্রমিক অংশগ্রহণ করেছিল। ১৯২০ খ্রীস্টাব্দে অসহযোগ

আন্দোলনের প্রভাবে প্রায় পনের লক্ষ শ্রমিক ধর্মঘটগুলিতে অংশগ্রহণ করেছিল। ১৯২১ খ্রীস্টাব্দে বোম্বাইতে 'নিখিল ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেস' গঠিত হয়। ঐ বছরই বোম্বাইতে নিখিল ভারত ট্রেড ইউ নয়ন সম্মেলন অনুষ্ঠিত হয়। ১৯২৫ খ্রীস্টাব্দে ভারতে কমিউনিস্ট পার্টির প্রতিষ্ঠার পর কলকারখানা ও রেলের শ্রমিকদের মধ্যে দারুণ উৎসাহ-উদ্দীপনার সঞ্চার হয়। ১৯২৭ সালে শ্রমিক-ধর্মঘটের ঢেউ সারা ভারত জুড়ে দেখা দিল। নেতৃত্ব দিল সমাজতন্ত্রী ও সাম্যবাদী দলগুলি। ১৯২৭ খ্রীস্টাব্দে সাইমন কমিশনের বিরুদ্ধে যে হরতাল পালিত হয়েছিল তাতে শ্রমিক সংঘগুলি অংশ গ্রহণ করেছিল। 'কীর্তি', 'মজদুর', 'কিষাণ' প্রভৃতি কমিউনিস্ট সংবাদপত্রগুলি সর্বসমক্ষে শ্রমিকদের সমস্যাগুলি তুলে ধরেছিল। ১৯২৯ খ্রীস্টাব্দে মীরাট ষড়যন্ত্র মামলায় বহু কৃষক ও শ্রমিক নেতাকে গ্রেপ্তার করে শাস্তি দেওয়া হল। ১৯২৮ খ্রীস্টাব্দে খড়্গপুরে রেলকর্মীদের এক ব্যাপক ধর্মঘট হয়; এই সময়ই জামসেদপুরের টাটা কোম্পানীর কারখানার শ্রমিকরাও ধর্মঘট করে। সুভাষচন্দ্র বসুর চেষ্টায় এই ধর্মঘটের সুষ্ঠু মীমাংসা হয়। ১৯২৯ খ্রীস্টাব্দে মুজাফ্‌ফর আহমেদ, ডাঙ্গে ও পি. সি. যোশীর নেতৃত্বে শ্রমিকদের একটা সাধারণ ধর্মঘটের ডাক দেওয়া হল। এইসব ঘটনার পর থেকে ভারতের শ্রমশক্তি ঐক্যবদ্ধ হতে থাকে।

তৃতীয় পরিচ্ছেদ

আইন অমান্য আন্দোলন

ভারতবর্ষের রাজনৈতিক অবস্থা সম্পর্কে পর্যালোচনা এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে সরকার ১৯২৭ খ্রীস্টাব্দে **'সাইমন কমিশন'** নামে একটি কমিশন নিয়োগ করেন। এই কমিশনে কোনও ভারতীয়কে গ্রহণ না করায় এবং ভারতকে ডোমিনিয়নের (স্বায়ত্তশাসিত রাষ্ট্রের) মর্যাদা না দেওয়ায় ভারতবাসী ক্রমশ বিক্ষুব্ধ হয়ে উঠেছিল। এর স্বাভাবিক পরিণতি স্বরূপ বাংলা. পাঞ্জাব ও মহারাষ্ট্রের বিভিন্ন রাজনৈতিক ঘটনা ও হত্যাকাণ্ডের ফলে সারা দেশে এক উত্তেজনার ঢেউ খেলে গেল। ১৯২৮ খ্রীস্টাব্দে কলকাতার কংগ্রেসের অধিবেশনে ভারতের পূর্ণ স্বাধীনতা দাবি সোচ্চার হল। ১৯২৯ খ্রীস্টাব্দে লাহোর কংগ্রেসের অধিবেশনে পূর্ণ স্বাধীনতার প্রস্তাব গৃহীত হল। ১৯২৯ খ্রীস্টাব্দের ৩১শে ডিসেম্বর মধ্যরাত্রে জওহরলাল নেহেরু ভারতীয় ত্রি-রঞ্জিত পতাকা উত্তোলন করলেন; জাতির কাছে স্বাধীনতার আদর্শ তুলে ধরবার জন্য প্রতি বছর ২৬শে জানুয়ারী পূর্ণ স্বরাজ দিবস (পূর্ণ স্বাধীনতা দিন) রূপে পালিত হবে বলে স্থির হল। তারপর থেকে ১৯৪৭ খ্রীস্টাব্দের স্বাধীনতার প্রাপ্তির বছর পর্যন্ত ঐ দিনটি স্বরাজ দিবস রূপে পালিত হয় এবং বর্তমানে প্রতি বছর ২৬শে জানুয়ারী 'প্রজাতন্ত্র দিবস' রূপে পালিত হচ্ছে। জাতীয় আন্দোলনের ইতিহাসে এই দিনটিকে স্মরণীয় করে রাখার উদ্দেশ্যে স্বাধীন ভারতের শাসনতন্ত্র ঐ দিনই গৃহীত হয়েছে। ভারতবাসীর কাছে এই দিনটির গুরুত্ব অনস্বীকার্য।

লবণ ভারতের দরিদ্রদের নিত্য আহার্যের এক অতি প্রয়োজনীয় অঙ্গ। সমুদ্রের জল থেকে বিনা আয়াসে লবণ প্রস্তুত করা সম্ভব। ব্রিটিশ সরকার এই লবণ তৈরি করার একচেটিয়া অধিকারী ছিল এবং ভারতবাসীর কাছে বেশী দামে এই সামগ্রীটি তারা

বিক্রি করত। গান্ধীজী এই অন্যায়ের বিরুদ্ধে দেশবাসীকে প্রতিবাদ জানাতেও উপযুক্ত প্রতিরোধ-সংগ্রামের ডাক দিলেন। লবণ সত্যাগ্রহের মধ্য দিয়ে গান্ধীজী আইন অমান্য আন্দোলনের কর্মসূচী গ্রহণ করলেন। ১৯৩০ খ্রীস্টাব্দের ১২ই মার্চ সবরমতি আশ্রম থেকে দু'শ মাইল দূরে সমুদ্রতীরবর্তী ডান্ডী অভিমুখে ৭৮ জন বিশিষ্ট সঙ্গীসহ গান্ধীজী তাঁর পদযাত্রা অভিযান শুরু করলেন। ৫ই এপ্রিল ডান্ডীতে পৌঁছবার পর পূর্ব ঘোষণা অনুযায়ী তিনি লবণ আইন অমান্য করেন। দেশব্যাপী আইন অমান্য আন্দোলন আরম্ভ হল—খাজনা বন্ধ, বিদেশী দ্রব্য বর্জন, ধর্মঘট, সভা ও শোভাযাত্রার মাধ্যমে। এই আন্দোলনের এক উল্লেখযোগ্য বৈশিষ্ট্য ছিল এই যে হাজার হাজার মহিলাও এই আন্দোলনের সামিল হয়েছিলেন। দিল্লীতে প্রায় দেড় হাজার নারী এই আন্দোলনে যোগ দিয়ে কারাবরণ করেন। এর ফলে বিদেশী শাসনের মূল ভিত্তি নড়ে উঠল। এই গণ-অভ্যুত্থানকে চূর্ণ করার উদ্দেশ্যে সরকারের দিক থেকেও নিত্য নূতন বিধিনিষেধ প্রবর্তন, পাইকারী হারে গ্রেপ্তার, লাঠিচালনা, গুলি বর্ষণ ও নৃশংস পুলিশী অত্যাচার পূর্বের সমস্ত নির্যাতনের সীমা ছাড়িয়ে গেল।

বাংলাদেশের চব্বিশ পরগনার মহিষবাথান ও মেদিনীপুর জেলার কাঁথিতে প্রবল আন্দোলন আরম্ভ হয়। কংগ্রেসের নীতি অনুসরণ করে উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশের আব্দুল গফুর খান নামে মহাত্মা গান্ধীর একজন অনুচর "খোদা-ই-খিদমৎগার" (ভগবানের সেবক) দল গঠন করেছিলেন। ইতিপূর্বে এই দল আবদুল গফুর খানের নেতৃত্বে অসহযোগ আন্দোলনে সক্রিয় ভূমিকা গ্রহণ করেছিল। আইন অমান্য আন্দোলনের প্রথম পর্যায়ে দুর্ধর্ষ পাঠান জাতি অধ্যুষিত উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশে করদানে বিরত থেকে সরকারবিরোধী এক প্রবল অহিংস আন্দোলন সংগঠিত করেছিলেন। সীমান্ত প্রদেশে কোনও দাঙ্গা বা প্রাণনাশের ঘটনা না ঘটলেও এই অঞ্চলে কংগ্রেসের কার্যকলাপ বন্ধ করার উদ্দেশ্যে সরকার এক দমনমূলক অর্ডিনান্স জারী করলেন। ১৯৩০ খ্রীস্টাব্দের ২৩শে এপ্রিল পেশোয়ারের অহিংস ও নিরস্ত্র আন্দোলনকারীদের উপর পুলিশ গুলিবর্ষণ করলে ৩০ জন নিহত হল; ৩১শে মে আবার গুলিবর্ষণ করে পুলিশ ১৭ জনকে নিহত করল।

গান্ধীজীর সঙ্গে শেষ পর্যন্ত বড়লাট লর্ড আরউইনের একটি চুক্তি হয় (গান্ধী-আরউইন চুক্তি, মার্চ, ১৯৩১)। এই চুক্তি অনুসারে রাজনৈতিক বন্দীরা মুক্তিলাভ করলেন এবং আইন অমান্য আন্দোলনও প্রত্যাহার করা হল। কিন্তু ব্রিটিশ সরকারের দমনমূলক মনোভাবের কোনও পরিবর্তন দেখা গেল না। সরকার দমনের মাধ্যমেই ভারতবাসীকে বশীভূত করার পথ ধরলেন। ১৯৩১ খ্রীস্টাব্দে খড়্গপুরের কাছে হিজলী কারাগারে সন্তোষ মিত্র ও তারকেশ্বর সেনকে হত্যা করা হল। নূতন বড়লাট লর্ড উইলিংডন গান্ধীজী ও কংগ্রেস সম্বন্ধে বিরূপ মনোভাবাপন্ন ছিলেন। গান্ধীজীর চেষ্টা সত্ত্বেও তিনি কোনরকম আলাপ-আলোচনায় অগ্রসর হলেন না। ফলে গান্ধীজী আবার আইন অমান্য আন্দোলনের ডাক দিলেন। গান্ধীজী, সর্দার বল্লভভাই প্যাটেল প্রমুখ নেতাকে অনতিবিলম্বে কারারুদ্ধ করা হল; কংগ্রেসকে নিষিদ্ধ প্রতিষ্ঠান রূপে ঘোষণা করা হল। ব্রিটিশ সরকার আন্দোলন দমনের জন্য যতই চেষ্টা করতে থাকল আন্দোলন ততই তীব্র ও ব্যাপক আকার ধারণ করল। ব্যাপক ও স্বতঃস্ফূর্ত গণ-সমর্থন

লাভ করে এই আন্দোলন এক জাতীয় অভ্যুত্থানের রূপ গ্রহণ করল। কয়েক মাসের মধ্যে এক লক্ষের উপর সত্যাগ্রহী কারাবরণ করল। পুলিশ নির্বিচারে লাঠি ও গুলি চালাতে থাকে। আইন অমান্য আন্দোলনের দ্বিতীয় পর্যায়ে সম্পত্তি ও অর্থ বাজেয়াপ্ত করা, পাইকারী জরিমানা আরোপ, মহিলা ও শিশুদের উপর দুর্ব্যবহার প্রভৃতি বর্বরোচিত শাস্তির ব্যবস্থা করা হয়েছিল। ১৯৩৩ খ্রীস্টাব্দের ৩১শে মার্চ সরকারের নিষেধাজ্ঞা সত্ত্বেও কংগ্রেসের অধিবেশনে আইন অমান্য আন্দোলন চালিয়ে যাওয়ার প্রস্তাব গৃহীত হয়। হরিজনদের কল্যাণ সাধন ও আত্মশুদ্ধির উদ্দেশ্যে অনশনের জন্য গান্ধীজী ছয় সপ্তাহ আইন অমান্য আন্দোলন স্থগিত রাখার কথা ঘোষণা করেন। কিন্তু তিনি নিজে ব্যক্তিগত আইন অমান্য আন্দোলনের সিদ্ধান্ত নিলেন। গান্ধীজী ও তাঁর ৩৪ জন সহযোগীকে গ্রেপ্তার করা হল। ১৯৩৪ খ্রীস্টাব্দের জানুয়ারী মাসে বিহারের ভূমিকম্পের পর থেকে এই আন্দোলনের অবসান হয়।

চতুর্থ পরিচ্ছেদ

'ভারত ছাড়ো' আন্দোলন

১৯৪১ খ্রীস্টাব্দে জাপান ইঙ্গ-মার্কিন শক্তিজোটের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হয় এবং অত্যন্ত ক্ষিপ্রতার সঙ্গে সমস্ত দক্ষিণ-পূর্ব এশিয়া ও ব্রহ্মদেশ অধিকার করে নেয়। জাপানের শীঘ্রই ভারত আক্রমণের সম্ভাবনা দেখা দিল। তাই জাপানকে প্রতিরোধের জন্য ব্রিটিশ সরকার ভারতীয়দের সহযোগিতার প্রয়োজন অনুভব করলেন। ইংলণ্ডের প্রধান মন্ত্রী চার্চিল ভারতীয় সমস্যার সমাধানকল্পে তাঁর মন্ত্রিসভার বিশিষ্ট সদস্য স্যার স্ট্যাফোর্ড ক্রীপ্‌সকে কতকগুলি প্রস্তাবসহ ভারতে পাঠালেন। ক্রীপ্‌স ১৯৪২ খ্রীস্টাব্দের মার্চ মাসে ভারতে আসেন। তিনি ভারতের নেতাদের কাছে ভারতের জন্য একটি যুক্তরাষ্ট্র গঠনের প্রস্তাব করেন। তিনি আরও প্রস্তাব করেন যদি কোন প্রদেশ বা দেশীয় রাজ্যের শাসকরা প্রস্তাবিত ভারত যুক্তরাষ্ট্রে যোগ দিতে না চান তা হলে তাঁরা স্বতন্ত্রভাবে নিজেদের ভবিষ্যৎ নির্ধারণ করতে পারবেন। ক্রীপ্‌সের প্রস্তাবে অখণ্ড ভারতের স্থলে বহুধাবিভক্ত ভারতের সম্ভাবনাকেই তুলে ধরা হয়েছিল। সুতরাং ঐক্যবদ্ধ কংগ্রেস ক্রীপ্‌স্ প্রস্তাব প্রত্যাখ্যান করল।

এর পর থেকেই কংগ্রেসী নেতৃবৃন্দের মনে এক সুস্পষ্ট পরিবর্তন দেখা দেয়। ১৯৪২ খ্রীস্টাব্দের ১৪ই জুলাই কংগ্রেস কার্যনির্বাহক সমিতি প্রথমে 'ভারত ছাড়' প্রস্তাব গ্রহণ করে। প্রস্তাবে ভারতের পূর্ণ স্বাধীনতা দাবি করা হয়। প্রস্তাবে উল্লেখ করা হয় যে স্বাধীন ভারত যুদ্ধে ইংরেজদের সঙ্গে সব রকম সহযোগিতা করতে সম্মত। ৮ই আগস্ট ভারত ছাড়ো (Quit India) প্রস্তাব বিপুল ভোটাধিক্যে গৃহীত হল। ইংরেজ ভারতবাসীর সঙ্গে সহযোগিতায় অনিচ্ছুক হওয়ায় ইংরেজকে ভারত ছেড়ে চলে যেতে বলা হল। পরদিন ৯ই আগস্ট সূর্যোদয়ের পূর্বেই গান্ধীজী, জওহরলাল নেহেরু, মৌলানা আজাদ ও অন্যান্য নেতৃবৃন্দকে গ্রেপ্তার করা হল। কংগ্রেস বে-আইনী প্রতিষ্ঠানরূপে ঘোষিত হল এবং কংগ্রেসের সমস্ত সম্পত্তি সরকার বাজেয়াপ্ত করল। নেতাদের গ্রেপ্তারের সংবাদে ভারতের সর্বত্র হরতাল, সভাসমিতি ও বিক্ষোভ-মিছিল

অনুষ্ঠিত হয়। বোম্বাই, আহমেদাবাদ, পুনা, দিল্লী ও উত্তরপ্রদেশের বহু শহরে হাঙ্গামা হয়। পুলিশ লাঠিচালনা ও গুলিচালনা করে। দেশের এক বিস্তীর্ণ অংশে উত্তেজিত জনতা ধ্বংসাত্মক কার্যকলাপে লিপ্ত হয়। 'ভারত ছাড়' বা আগস্ট আন্দোলনে ২৫০টি রেল-স্টেশন ধ্বংস বা ক্ষতিগ্রস্ত হয়, ৫০০টি পোস্ট-অফিস আক্রান্ত ও ৫০টি ভস্মীভূত হয়। ৩৫০০ জায়গায় টেলিগ্রাফ ও টেলিফোনের তার কাটা যায়। ৭০টি থানা এবং ৮৫টি অন্যান্য সরকারী ভবন পুড়ে যায়। পুলিশ বিভিন্ন স্থানে গুলি চালিয়ে যথাক্রমে ১০২৮ ও ৩০০০ ব্যক্তিকে হতাহত করে। অন্তত পাঁচ জায়গায় উড়োজাহাজ থেকে গুলিবর্ষণ করা হয়। আগস্ট আন্দোলনে প্রায় ষাট হাজার মানুষ গ্রেপ্তার বরণ করেন।

দেশের নানা জায়গায় জনতা ব্রিটিশ শাসনের অবসান ঘোষণা করে নিজেদের জাতীয় সরকার স্থাপন করেছিল। মহারাষ্ট্রের সাতারা জেলায়, বিহারের বহু অঞ্চলে, উত্তর-প্রদেশের বালিয়া জেলায়, বাংলার মেদিনীপুর জেলার তমলুক এবং আসামের নওগাঁ জেলায় এই রকম জাতীয় সরকার প্রতিষ্ঠিত হয়েছিল। তমলুকে কুড়ি হাজার মানুষের এক মিছিল সরকারী ভবন দখল করার চেষ্টা করলে পুলিশ গুলি চালায়। এই গুলিতে আত্মাহুতি দেন তিয়াত্তর বৎসর বয়স্কা মাতঙ্গিনী হাজরা। পর পর গুলির আঘাতে তাঁর দেহ জর্জরিত—তবুও তিনি দৃঢ়মুষ্টিতে জাতীয় পতাকা ঊর্ধ্বে তুলে ধরে মিছিলের পুরোভাগে এগিয়ে যাচ্ছিলেন। এমন সময় আর একটি গুলির আঘাতে তাঁর মৃত্যু ঘটে।

কংগ্রেসের নেতৃবর্গ প্রথমেই কারারুদ্ধ হওয়াতে জনতার মধ্য থেকে উদ্ভূত নূতন নেতারা আন্দোলন পরিচালনা করেন। 'ভারত ছাড়' বা আগস্ট আন্দোলনের নেতাদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন জয়প্রকাশ নারায়ণ, রাম মনোহর লোহিয়া, অরুণা আসফ আলি, মহারাষ্ট্রের নানা পাতিল, মেদিনীপুরের সতীশ সামন্ত প্রভৃতি। আন্দোলন শেষ পর্যন্ত হিংসার আকার নেয়।

এই বিদ্রোহ সারা দেশে প্রচণ্ডভাবে আত্মপ্রকাশ করেছিল। গান্ধীজী জেল থেকে এই আন্দোলনকে বন্ধ করার জন্য দেশবাসীর কাছে আবেদন জানালেন। এর ফলে অহিংস আন্দোলনের স্বেচ্ছাসেবীরা আন্দোলন বন্ধ করলেও বিদ্রোহী আন্দোলনকারীরা আন্দোলনকে কিছুদিন জিইয়ে রাখেন। ব্রিটিশ সরকারের চরম দমননীতির ফলে এই আন্দোলন আস্তে আস্তে কিছুদিন পরে থেমে যায়।

পঞ্চম পরিচ্ছেদ

স্বাধীনতা আন্দোলনে আজাদ হিন্দ ফৌজের ভূমিকা

যে সময় ক্রীপ্‌স ভারতীয় নেতাদের সঙ্গে ব্যর্থ আলোচনায় লিপ্ত হয়েছিলেন তার আগেই কিন্তু সুভাষচন্দ্র বসু ভারত থেকে ছদ্মবেশে পালিয়ে গিয়ে জার্মানিতে উপস্থিত হন। তিনি তখন ভারতের ভাগ্য নির্ধারণের জন্য জার্মানি ও ইটালীর সঙ্গে সম্পূর্ণ পৃথক ধরনের আলোচনায় ব্রতী ছিলেন। নেতাজী সুভাষচন্দ্র ইতিপূর্বে দুবার ভারতীয় জাতীয় কংগ্রেসের সভাপতি নির্বাচিত হয়েছিলেন। পরে গান্ধীজীর সঙ্গে তাঁর মতানৈক্য হওয়ায় তিনি 'ফরওয়ার্ড ব্লক' নামে একটি রাজনৈতিক দল গঠনে বাধ্য হয়েছিলেন।

গান্ধীজীর অহিংসা নীতিতে পূর্ণ আস্থা ও ইংলন্ডের প্রতি সহানুভূতি ভারতকে অভীষ্ট লক্ষ্যে উপনীত হবার পথে সাহায্য করতে পারে না, সুভাষচন্দ্র এই মতবাদে বিশ্বাসী ছিলেন।

ব্রিটিশ সরকার সুভাষচন্দ্রকে মারাত্মক বিপ্লবীরূপে পরিগণিত করে তাঁকে প্রথমে কারারুদ্ধ এবং পরে কলকাতায় স্বগৃহে অন্তরীণ করে রেখেছিলেন। সুভাষচন্দ্র গোপনে ১৯৪১ খ্রীস্টাব্দের ১৭ই জানুয়ারী কলকাতা থেকে লুকিয়ে পেশোয়ার, কাবুল এবং মস্কো হয়ে বার্লিনে পৌঁছলেন। হিটলারের সঙ্গে আলোচনার পর জার্মানির হাতে বন্দী ভারতীয় সৈন্যদের নিয়ে একটি সেনাবাহিনী গঠনের প্রস্তাব জার্মান কর্তৃপক্ষের কাছে সুভাষচন্দ্র রেখেছিলেন। ১৯৪২ খ্রীস্টাব্দের জানুয়ারী মাসে জার্মানিতে সুভাষচন্দ্রের নেতৃত্বে দুটি ভারতীয় সেনাদল গঠিত হল। জার্মান সরকারের সাহায্য ও সহানুভূতি লাভ করে ভারতীয় সেনাদল পর্যাপ্ত সামরিক শিক্ষা লাভ করল। জার্মানির ভারতীয় সম্প্রদায় সুভাষচন্দ্রকে 'নেতাজী' আখ্যা প্রদান এবং 'জয় হিন্দ' বলে অভ্যর্থনার রীতি আরম্ভ করলেন। ইতিমধ্যে সুভাষচন্দ্র ইংরেজদের বিরুদ্ধে জাপানের সাফল্য এবং ১৯৪২ খ্রীস্টাব্দের ১৫ই ফেব্রুয়ারী সিঙ্গাপুরের পতনের সংবাদ জানতে পারেন। ইংরেজদের বিরুদ্ধে সামরিক ঘাঁটি হিসেবে সুদূর প্রাচ্যকে ব্যবহার করার সিদ্ধান্ত তখন গ্রহণ করেন।

নেতাজী সুভাষচন্দ্র

সিঙ্গাপুরের পতনের পর ইংরেজ সেনাবাহিনীর কর্নেল হান্ট চল্লিশ হাজার ভারতীয় বন্দীকে জাপানী সেনাপতি মেজর ফুজিহারার কাছে সমর্পণ করেছিলেন। এর আগে চতুর্দশ পাঞ্জাব বাহিনীর ক্যাপ্টেন মোহন সিং জাপানের কাছে সসৈন্য আত্মসমর্পণ করেছিলেন। মেজর ফুজিহারা তখন তাঁকে ভারতের স্বাধীনতা সংগ্রামে অংশগ্রহণ করতে প্রণোদিত করেছিলেন। বন্দী ভারতীয় সেনাদের নিয়ে ক্যাপ্টেন মোহন সিং 'ভারতীয় জাতীয় বাহিনী' (**Indian National Army**) বা 'আজাদ হিন্দ ফৌজ' গঠন করেন (১লা সেপ্টেম্বর, ১৯৪২)। ইতিমধ্যে ব্যাংককে ভারতীয়দের একটি সমাবেশে ভারতের স্বাধীনতা আন্দোলন পরিচালনা এবং এর উদ্দেশ্যে যুদ্ধ চালিয়ে যাবার একটি প্রস্তাব গৃহীত হল। ব্যাংকক সম্মেলনের সদস্যরা সুভাষচন্দ্রকে তাঁদের সঙ্গে মিলিত হবার আমন্ত্রণ জানালেন। সুভাষচন্দ্র তাঁদের আমন্ত্রণ গ্রহণ করে একটি জার্মান ডুবোজাহাজে চড়ে টোকিওতে উপস্থিত হলেন (১৩ই জুন, ১৯৪৩)।

টোকিওতে পেঁছিবার পর জাপানের প্রধানমন্ত্রী তোজো তাঁকে সাদর অভ্যর্থনা করে ভারতের স্বাধীনতার জন্য সব রকম সাহায্য করতে প্রতিশ্রুতি দিলেন। ১৯৪৩ খ্রীস্টাব্দের ২রা জুলাই সুভাষচন্দ্র সিঙ্গাপুরে উপনীত হলে এক বিশাল জনতা তাঁকে দেশমাতৃকার মুক্তিদাতারূপে অভিহিত করলেন। ৪ঠা জুলাই রাসবিহারী বসু পূর্ব

এশিয়ায় ভারতীয় স্বাধীনতা আন্দোলনের নেতৃত্ব সুভাষচন্দ্রের হাতে অর্পণ করলেন। ঐ সময় তিনি সুভাষচন্দ্রকে "নেতাজী" নামে অভিহিত করেন। নেতাজী "ভারতীয় জাতীয় বাহিনী" পর্যবেক্ষণ করে তাঁদের দিল্লী অভিযানের ("দিল্লী চলো") আহ্বান করেন। মহাত্মা গান্ধী, মৌলানা আজাদ ও জওহরলাল নেহেরুর নামে "ভারতীয় জাতীয় বাহিনী"র তিনটি ব্রিগেড গঠিত হল। ১৯৪৩ খ্রীস্টাব্দের ২৫শে আগস্ট নেতাজী আজাদ হিন্দ্ ফৌজের নেতৃত্বভার গ্রহণ করলেন। এরপর নেতাজী সিঙ্গাপুরে স্বাধীন ভারতের জন্য সাময়িক সরকার প্রতিষ্ঠার কথা ঘোষণা করেন (২১শে অক্টোবর, ১৯৪৩)। 'ভারতীয় জাতীয় বাহিনী'র তিনটি ব্রিগেড থেকে নির্বাচিত সৈন্যদের নিয়ে গঠিত "সুভাষ ব্রিগেড" ১৯৪৪ খ্রীস্টাব্দের জানুয়ারী মাসে রেঙ্গুন যাত্রা করল। এই বিগ্রেডের সেনাপতি শাহ নওয়াজ খান ভারত-ব্রহ্মদেশ সীমান্তে অভিযান চালাতে প্রস্তুত হলেন। ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধ পরিচালনার উদ্দেশ্যে আজাদ হিন্দের সাময়িক সরকার সিঙ্গাপুর থেকে রেঙ্গুনে স্থানান্তরিত হল।

১৯৪৪ খ্রীস্টাব্দের ফেব্রুয়ারী মাসে ইটালী আত্মসমর্পণ করলে আজাদ হিন্দ্ আন্দোলনের গুরুতর ক্ষতি হল। প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে আমেরিকা আবার শক্তি সঞ্চয় করলে জাপান কেবল স্বদেশ রক্ষায় সর্বশক্তি নিয়োগ করতে বাধ্য হল। ফলে জাপান, ভারত-ব্রহ্মদেশ সীমান্তে আজাদ হিন্দ্ ফৌজকে উপযুক্ত সাহায্য দান করতে সক্ষম হল না। ভারতীয় জাতীয় বাহিনী সর্বস্ব পণ করে ইংরেজদের বিরুদ্ধে সংগ্রামে অবতীর্ণ হলেও তাদের ইম্ফল ও কোহিমা অভিযান সাফল্যমণ্ডিত হল না। তবুও একথা গর্বের সঙ্গে বলতে হয় যে, ভারতের মাটিতে ইম্ফলেই আজাদ হিন্দ্ বাহিনী ভারতের জাতীয় পতাকা প্রথম উত্তোলন করেছিল। ভারত-ব্রহ্ম সীমান্ত অঞ্চলে আজাদ হিন্দ্ বাহিনীকে ১৯৪৪ খ্রীস্টাব্দের সেপ্টেম্বর মাসে ইংরেজের হাতে পরাজয় স্বীকার করতে হল। ১৯৪৫ খ্রীস্টাব্দের শুরুতে ইংরেজ সেনাবাহিনী ব্রহ্মদেশের উত্তর ও দক্ষিণ অঞ্চলে প্রবেশ করে মান্দালয় ও রেঙ্গুন পুনরধিকার করল। ১৯৪৫ খ্রীস্টাব্দের আগস্ট মাসে জাপান আত্মসমর্পণ করার পর আজাদ হিন্দ্ আন্দোলনেরও অবসান হল। জাপানের সক্রিয় সাহায্য ও সহযোগিতা লাভ করে আজাদ হিন্দের সাময়িক সরকার ইংরেজদের বিরুদ্ধে সংগ্রামে অবতীর্ণ হয়েছিল, সুতরাং জাপানের পতনের পর এই সংগ্রাম অব্যাহত রাখার সামর্থ্য আজাদ হিন্দের সাময়িক সরকারের ছিল না। তা ছাড়া পূর্ব এশিয়ার ভারতীয়েরা ১৯৪৫ খ্রীস্টাব্দের শুরুতে এই আন্দোলনের প্রতি উদাসীন হয়ে পড়েছিলেন।

গণমনে প্রতিক্রিয়া ঃ আজাদ হিন্দ্ আন্দোলন কার্যত ব্যর্থ হলেও ভারতীয় জনমানসে এই আন্দোলন গভীর দেশাত্মবোধের উদ্রেক করেছিল। আজাদ হিন্দ্ ফৌজের কয়েকজন সেনানায়কের বিরুদ্ধে রাজদ্রোহের অভিযোগ এনে ইংরেজ সরকার দিল্লীর 'লাল কেল্লা'য় তাঁদের প্রকাশ্য বিচারের ব্যবস্থা করেছিল। ভারতের প্রধান রাজনৈতিক দলগুলি এবং জনগণ ভারতের স্বাধীনতা সংগ্রামের যোদ্ধারূপে তাঁদের পরিগণিত করে। তাঁদের মুক্তির দাবিতে দেশব্যাপী প্রবল বিক্ষোভ চলতে থাকে। ভারতীয় জাতীয় বাহিনীর নেতৃবর্গকে সমর্থনের জন্য জওহরলাল নেহেরু এবং ভুলাভাই দেশাই সহ একদল আইনজ্ঞ এগিয়ে এলেন। বিচারে সেনানায়করা দোষী সাব্যস্ত হলেও

প্রবল জনমতের চাপে ইংরেজ সরকার শেষ পর্যন্ত তাঁদের মুক্তি দিতে বাধ্য হলেন। তাঁদের দুঃসাহসিকতা, দেশপ্রেম ও আত্মত্যাগের জন্য সমগ্র বিশ্বের সপ্রশংস দৃষ্টি তাঁরা আকর্ষণ করলেন। ব্রহ্মদেশ পুনরায় অধিকার করার সময় ব্রিটিশের অধীন ভারতীয় সৈন্যদের সঙ্গে বন্দী ভারতীয় জাতীয় বাহিনীর সৈন্যদের সৌভ্রাত্র লক্ষ্য করে ইংরেজ সরকার অত্যন্ত বিচলিত হয়েছিল। ভারতীয় জাতীয় বাহিনীর জনপ্রিয়তা ভারতের স্বাধীনতা লাভ যে ত্বরান্বিত করেছিল তাতে কোনও সন্দেহ নেই।

ষষ্ঠ পরিচ্ছেদ

ক্ষমতা হস্তান্তর ও ভারতের স্বাধীনতা লাভ

১৯৪৬ খ্রীস্টাব্দের ফেব্রুয়ারী মাসে সংগঠিত ভারতীয় নৌ-বাহিনীর বিদ্রোহ ভারতের স্বাধীনতা সংগ্রামের আর এক উল্লেখযোগ্য ঘটনা। এই বিদ্রোহ উপলক্ষে বোম্বাই শহরে প্রবল গোলযোগ দেখা দেয়। এই শহরে ধর্মঘট পালিত হয় এবং বিশৃঙ্খলকারী জনতা, ব্যাংক, দোকান, ডাকঘর, থানা এবং শস্যগুদাম লুটতরাজ করে এগুলিতে অগ্নিসংযোগ করল। নৌ-বাহিনীর বিদ্রোহ উপলক্ষে প্রায় ২০০ ব্যক্তি নিহত হয় এবং এর তীব্র প্রতিক্রিয়া করাচী, মাদ্রাজ ও কলকাতাতেও অনুভূত হয়। এই বিদ্রোহের ফলে ইংরেজরা বুঝতে পারল যে স্বাধীনতাকামী বিদ্রোহী-ভারতকে অস্ত্রবলে আর

জওহরলাল নেহেরু

মাউণ্টব্যাটেন

শাসন করা সম্ভব নয়। ভারতের রাজনৈতিক অচলাবস্থা দূরীকরণের উদ্দেশ্যে ১৯৪৬ খ্রীস্টাব্দের ২৩শে মার্চ ইংলণ্ডের শ্রমিক মন্ত্রিসভার তিনজন সদস্য—ভারত সচিব লর্ড পেথিক লরেন্স, স্যার স্ট্যাফোর্ড ক্রীপ্‌স্‌ এবং এ. ভি. আলেকজাণ্ডার ভারতে আসেন।

মন্ত্রী-মিশনের পরিকল্পনা অনুসারে স্থির হল যে ব্রিটিশ-ভারত ও দেশীয় রাজ্যগুলি নিয়ে 'ভারত ইউনিয়ন' গঠন করা হবে। মন্ত্রী-মিশন গভর্নর জেনারেলকে ভারতের প্রধান রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের নিয়ে যথাশীঘ্র একটি অন্তর্বর্তী সরকার গঠনের ক্ষমতা দিলেন। ১৯৪৬ খ্রীস্টাব্দের ২৪শে আগস্ট অন্তর্বর্তী সরকার গঠনের জন্য জওহরলাল নেহেরুকে আমন্ত্রণ জানানো হল। মহম্মদ আলি জিন্নার নেতৃত্বে মুসলিম লীগ এই পরিকল্পনার অন্তর্ভুক্ত প্রস্তাবগুলি প্রত্যাখ্যান করে। শেষ পর্যন্ত লর্ড ওয়াভেলের চেষ্টায় মুসলিম লীগ অন্তর্বর্তী সরকারে যোগ দিলেও লীগের নেতা লিয়াকত আলি খান ঘোষণা করেন যে তাঁর দল নেহেরুকে নেতারূপে মানবে না। ১৯৪৭ খ্রীস্টাব্দের ২০শে ফেব্রুয়ারী ব্রিটিশ প্রধানমন্ত্রী এটলী ঘোষণা করলেন যে ব্রিটিশ সরকার জুন মাসের পূর্বেই ভারতীয়দের হাতে রাজনৈতিক ক্ষমতা হস্তান্তর করতে চায়। এই হস্তান্তরের দায়িত্ব পালনের জন্য লর্ড মাউন্টব্যাটেন ১৯৪৭ খ্রীস্টাব্দের ২৭শে মার্চ ভারতের গভর্নর জেনারেল নিযুক্ত হন। ১৯৪৬ খ্রীস্টাব্দ থেকেই পাকিস্তান প্রতিষ্ঠার দাবিতে মুসলিম লীগ প্রত্যক্ষ সংগ্রাম আরম্ভ করল। কলকাতা, লাহোর, মুলতান, রাওয়ালপিণ্ডি, নোয়াখালিতে দাঙ্গা-হাঙ্গামা ছড়িয়ে পড়ল। মাউন্টব্যাটেন দেখলেন যে এই পরিস্থিতিতে দেশ বিভাগ ছাড়া গত্যন্তর নেই। ১৯৪৭ খ্রীস্টাব্দের জুলাই মাসে ব্রিটিশ পার্লামেন্টে "ভারতীয় স্বাধীনতা আইন" বিধিবদ্ধ হল। এই আইন অনুসারে ভারত ও পাকিস্তান দুটি স্বাধীন রাষ্ট্রের সৃষ্টি হল।

১৫ই আগস্ট ভারত স্বাধীনতা লাভ করল। ভারতের প্রথম প্রধানমন্ত্রী হন পণ্ডিত জওহরলাল নেহেরু। ১৯৫০ খ্রীস্টাব্দের ২৬শে জানুয়ারী ভারতের প্রথম রাষ্ট্রপতি হন ডঃ রাজেন্দ্র প্রসাদ। ভারতবাসীর সুদীর্ঘ স্বাধীনতা আন্দোলনের ফলে স্বাধীন ভারতের জন্ম হল এইভাবে।

অনুশীলনী

বাস্তবভিত্তিক ও মৌখিক প্রশ্নাবলী

১। কোন্ কোন্ অঞ্চলের কৃষকরা অসহযোগ আন্দোলনে অংশগ্রহণ করেছিল? ২। কত খ্রীস্টাব্দের কোন্ তারিখে গান্ধীজী ডাণ্ডী অভিযান করেছিলেন? ৩। আইন অমান্য আন্দোলনের অবসান কত খ্রীস্টাব্দে হয়েছিল? ৪। "ভারত ছাড়" আন্দোলন কত খ্রীস্টাব্দে হয়? ৫। মাতঙ্গিনী হাজরা কে ছিলেন? ৬। আগস্ট আন্দোলনের নেতাদের মধ্যে উল্লেখযোগ্য কে কে ছিলেন? ৭। গান্ধীজীর সঙ্গে মতানৈক্যের ফলে সুভাষচন্দ্র কোন্ রাজনৈতিক দল গঠন করেছিলেন? ৮। তোজো কে ছিলেন? ৯। ভারতীয় নৌ-বাহিনীর বিদ্রোহ কত খ্রীস্টাব্দে হয়েছিল? ১০। লিয়াকত আলি খান কে ছিলেন? ১১। "ভারতীয় স্বাধীনতা আইন" কত খ্রীস্টাব্দে বিধিবদ্ধ হয়েছিল? ১২। ভারতের প্রথম প্রধানমন্ত্রী ও প্রথম রাষ্ট্রপতি কে ছিলেন?

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলী

১। গান্ধীজী অসহযোগ আন্দোলন আরম্ভ করেছিলেন কেন? ২। গান্ধীজী

অসহযোগ আন্দোলন কেন প্রত্যাহার করে নিয়েছিলেন ? ৩। অসহযোগ আন্দোলনের গুরুত্ব আলোচনা কর। ৪। স্ট্যাফোর্ড ক্রীপ্‌স্‌ কে ছিলেন ? ৫। নেতাজী সুভাষচন্দ্র কি ভাবে জার্মানিতে পৌঁছেছিলেন। ৬। আজাদ হিন্দ্‌ ফৌজের কার্যকলাপ জনসাধারণের মনে কি প্রতিক্রিয়ার সৃষ্টি করেছিল ?

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্নাবলী

১। অসহযোগ আন্দোলনের কর্মসূচী কি ছিল ? ২। কৃষক ও শ্রমিকদের অসহযোগ আন্দোলনে অংশগ্রহণ সম্বন্ধে যা জান লেখ। ৩। মহাত্মা গান্ধী "আইন অমান্য আন্দোলন" আরম্ভ করেছিলেন কেন ? ৪। "ভারত ছাড়" আন্দোলনে জনতা ভারতের কোন্‌ কোন্‌ জায়গায় জাতীয় সরকার গঠন করেছিল ? ৫। আজাদ হিন্দ্‌ ফৌজের ব্যর্থতার কারণগুলি আলোচনা কর।

রচনাত্মক প্রশ্নাবলী

১। অসহযোগ আন্দোলনের সংক্ষিপ্ত বিবরণ দাও। ২। আইন অমান্য আন্দোলন সম্বন্ধে যা জান লেখ। ৩। ভারত ছাড় আন্দোলনের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৪। আজাদ হিন্দ ফৌজ কিভাবে গঠিত হয়েছিল ? এই বাহিনী ভারত-ব্রহ্মদেশ সীমান্তে কি ভাবে অভিযান করেছিল ? ৫। ইংরেজদের ক্ষমতা হস্তান্তর ও ভারতের স্বাধীনতা লাভ সম্বন্ধে যা জান লেখ।

———

সপ্তদশ অধ্যায় | চীনের গণবিপ্লব (১৯১১—১৯৪৯ খ্রীস্টাব্দ)

ইউয়ান শী-কাই ও সানের অন্তর্কলহে প্রজাতন্ত্রের ভাঙ্গন ঃ ১৯১১ খ্রীস্টাব্দে চীনে গণবিপ্লবের ফলে কয়েকদিনের মধ্যে মাঞ্চু শাসন শেষ হল। চীনাবাহিনীর সর্বাধিনায়ক ইউয়ান শী-কাই রাজতন্ত্র বিলোপের জন্য যে প্রয়াস চালিয়েছিলেন এবং চীনের উত্তরাঞ্চলে ইউয়ানের অবিসংবাদী যে প্রতিপত্তি ছিল তা অনুভব করেই ডক্টর সান ইয়াৎ-সেন রাষ্ট্রপতির পদে ইউয়ানকেই নির্বাচিত করা হোক—নানকিং গণ-পরিষদে সেরূপ ব্যবস্থাই করেছিলেন। সান ইয়াৎ-সেন ও তাঁর কুয়োমিনতাঙ্ দলের সঙ্গে প্রথম দিকে ইউয়ান শী-কাই-এর সম্পর্ক ভালই ছিল। চীনের দক্ষিণাঞ্চলের জনগণের ইউয়ানের প্রতি কোন সমর্থন ছিল না। ইউয়ান গণতান্ত্রিক রীতি-নীতি মেনে চলতে প্রস্তুত ছিলেন না। কুয়োমিনতাঙ্ দলের বিরুদ্ধে শক্তি সঞ্চয় করার উদ্দেশ্যে কুয়োমিনতাঙ্ দলের বিরোধিতা সত্ত্বেও ইউয়ান শী-কাই প্রচুর অর্থ বিদেশী গ্রেট ব্রিটেন, ফ্রান্স, জার্মান, সোভিয়েত রাশিয়া ও জাপান প্রভৃতি দেশের ব্যাঙ্ক থেকে ঋণস্বরূপ গ্রহণ করেছিলেন। এই ঋণ শোধের ব্যবস্থা করা হল নুন থেকে চীনের আদায়কৃত রাজস্ব থেকে। এই ঋণ আদায়ের শর্তের মধ্যে একটি ছিল চীনের অভ্যন্তরীণ শাসনের উপর বিদেশী ব্যাঙ্কগুলির কিছু কিছু নিয়ন্ত্রণ ক্ষমতা অর্পণ। ইউয়ানের এইসব কার্যকলাপে বিক্ষুব্ধ হয়ে কুয়োমিনতাঙ্ দল সান ইয়াৎ-সেনের নেতৃত্বে ইউয়ানের বিরুদ্ধে বিদ্রোহী হল। এই বিদ্রোহের ফলে চীনদেশ দুই ভাগে বিভক্ত হল। একভাগ অর্থাৎ উত্তরাংশ রইল ইউয়ান-শী-কাই-এর অধীন এবং অন্য ভাগটি অর্থাৎ দক্ষিণ ভাগ চলে গেল সান ইয়াৎ-সেনের অধীনে। সান-ইয়াৎ-সেন এক শক্তিশালী সেনাবাহিনী গঠন করে ইউয়ানকে শাস্তি দিতে অগ্রসর হলেন। ফলে উত্তর ও দক্ষিণ চীনের মধ্যে যুদ্ধ আরম্ভ হল। এই অবস্থায় জাপান চীনকে একটা ঐক্যবদ্ধ রাষ্ট্র মনে না করে উত্তর চীন ও দক্ষিণ চীনকে দুটি পৃথক দেশ-রূপে পরিগণিত করে। চীনের অভ্যন্তরীণ ও বৈদেশিক অবস্থা এরকম সংকটাপন্ন হলে ইউয়ান অত্যন্ত হতাশ হয়ে পড়লেন; "চীনের বলবান মানুষ" ইউয়ান সহজেই এই বিদ্রোহ দমন করলেন, কুয়োমিনতাঙ্ সদস্যদের পার্লামেন্ট থেকে বিতাড়িত করলেন (১৯১৩ খ্রীস্টাব্দ) এবং শেষ পর্যন্ত পার্লামেন্ট ভেঙ্গে দিলেন। ১৯১৩ খ্রীস্টাব্দে তিনি চীনের স্থায়ী রাষ্ট্রপতি নির্বাচিত হলেন। এর ফলে অস্থায়ী সংবিধান বাতিল হল। রাষ্ট্রপতির ক্ষমতা অস্থায়ী সংবিধানে সীমিত করা হয়েছিল, সে ক্ষমতাও আর রইল না। ইউয়ান শী-কাই রাজতন্ত্রের যাবতীয় ক্ষমতা নিজের হাতে গ্রহণ করার চেষ্টা

করলেন। সাময়িকভাবে সান ইয়াৎ-সেনও চীন ছেড়ে জাপানে আশ্রয় নিতে বাধ্য হয়েছিলেন। ইউয়ান প্রজাতন্ত্রের অবসান ঘটিয়ে রাজতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার চেষ্টা করলে ইউয়ান প্রদেশে বিদ্রোহ দেখা দিল এবং এই বিদ্রোহের আগুন চীনের সর্বত্র ছড়িয়ে পড়ল। বিদ্রোহীরা রাষ্ট্রপতির পদ থেকে ইউয়ানের অপসারণ দাবি করল। প্রথম বিশ্বযুদ্ধের কিছু পরে জাপান চীনের সমৃদ্ধ অঞ্চল শানটুং দখল করে নিল। ইউয়ান শী-কাই কোন বাধা দিতে পারলেন না। পরম দুশ্চিন্তার মধ্যে ভগ্নস্বাস্থ্য ইউয়ান প্রাণ ত্যাগ করলেন (১৯১৬ খ্রীস্টাব্দে)।

ইউয়ানের মৃত্যুর পর তাঁর সমর্থক সমরনেতারা সংঘবদ্ধভাবে চীনের উত্তরাঞ্চলে স্বাধীনতা ঘোষণা করল। চীন প্রজাতন্ত্র চরম বিপদের সম্মুখীন হল। এই সমর-নেতারা নিজ নিজ প্রতিপত্তি ও সমৃদ্ধি বৃদ্ধির জন্য যুদ্ধ আরম্ভ করল। দেশে চরম বিশৃঙ্খলার ফলে বহু লোকের রুজিরোজগার বন্ধ হয়ে গেল, বেকারের সংখ্যা বৃদ্ধি পেল। জীবনধারণের তাগিদেই বেকাররা সামরিক সামন্তদের অধীনে চাকুরি নিয়েছিল। এই সমরনেতাদের (তু-চুনদের) সমর্থন ও সক্রিয় সহযোগিতায়ই ইউয়ান রাষ্ট্রপতির পদ লাভ করেছিলেন। উত্তরাঞ্চলে সমরনেতারা একটি সংসদ বা পার্লামেণ্ট গঠন করেছিলেন, যার নাম ছিল 'তু চুনদের' (সমরনেতাদের) পার্লামেন্ট। এই সময় চীনের জাতীয় সংহতি বিনষ্ট হয়ে গিয়েছিল, দেশ খণ্ড-বিখণ্ড হয়ে গিয়েছিল। সমরনেতারা নিজ নিজ অঞ্চলে প্রাধান্য বিস্তার করে পরস্পর বিবাদ-বিসম্বাদ এমন কি যুদ্ধবিগ্রহেও লিপ্ত হয়েছিল।

সান ইয়াৎ-সেনের কুয়োমিনতাঙ্ দল (জাতীয়তাবাদী দল) ঃ চীনের কুয়োমিনতাঙ্ বা জাতীয়তাবাদী দলের প্রতিষ্ঠাতা ছিলেন সান ইয়াৎ-সেন। ১৯১১ খ্রীস্টাব্দে চীনের গণবিপ্লবে কুয়োমিনতাঙ্ দল বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল। ইউয়ানের মৃত্যুর পর চীনের উত্তরাঞ্চলে সমরনেতাদের প্রভাব থাকায় কুয়োমিনতাঙ্ দল দক্ষিণ চীনে তাদের নিজস্ব অঞ্চল গড়ে তুলেছিল। সান ইয়াৎ-সেনের মৃত্যুর পর চিয়াং কাই-শেক এই দলের প্রধান হলেন। তিনি সোভিয়েত রাশিয়ার সক্রিয় সহযোগিতায় উত্তরে নানকিং পর্যন্ত এই দলের প্রভাব-প্রতিপত্তি বিস্তার করেছিলেন। ১৯৩৯ খ্রীস্টাব্দের মে মাসে কুয়োমিনতাঙ্ দল চীনের জন্য একটি শাসনতন্ত্র গ্রহণ করেছিল। বিংশ শতাব্দীর তৃতীয় দশকে চীন প্রধানত কুয়োমিনতাঙ্ দলের প্রচেষ্টায় জাপানী আক্রমণ প্রতিরোধে সক্ষম হয়েছিল। পরবর্তীকালে এই দলে নানা দুর্নীতি প্রবেশ করেছিল এবং ১৯৪৫ খ্রীস্টাব্দের মধ্যে দলটি নানা আদর্শ থেকে বিচ্যুত হয়েছিল। ১৯৪৫-৪৮ খ্রীস্টাব্দ ব্যাপী গৃহযুদ্ধে চীনের কম্যুনিস্টরা কুয়োমিনতাঙ্দের পরাজিত করে। দলের প্রধান চিয়াং-কাই-শেক ফরমোসায় পালিয়ে যেতে বাধ্য হন। চীনের মূল ভূখণ্ড থেকে কুয়োমিনতাঙ্ দলের চিরবিদায় ঘটল।

সান ইয়াৎ-সেনের তিনটি মৌলিক নীতি ঃ সান ইয়াৎ-সেন পাশ্চাত্য গণতান্ত্রিক বিপ্লবের আদর্শে উদ্বুদ্ধ হয়েছিলেন। তাঁর সমগ্র কর্মসূচীর তিনটি ভিত্তি ছিল। এগুলিকে তিনি "সান সিন চু-আই" বা 'তিনটি গণ-নীতি' (Three peoples'

Principles) আখ্যা দিয়েছিলেন। এই তিনটি নীতি ছিল ঃ (১) গণতন্ত্র অর্থাৎ সাধারণের দ্বারা পরিচালিত ও তাদের কল্যাণের জন্য প্রশাসন, (২) সমাজতন্ত্র অর্থাৎ সর্বসাধারণের জীবনধারণের উপযোগী ব্যবস্থাকরণ এবং (৩) জাতীয়তাবাদ অর্থাৎ বিদেশী নিয়ন্ত্রণের হাত থেকে মুক্তি।

৪ঠা মে, ১৯১৯ খ্রীস্টাব্দের আন্দোলন ঃ প্রথম বিশ্বযুদ্ধের পর চীনের প্রাচীন সংস্কৃতি ও বিদ্যাচর্চার গৌরবোজ্জ্বল দিনগুলির সঙ্গে বিপ্লব পরবর্তী চীনের সাংস্কৃতিক অবস্থা পর্যবেক্ষণ করে চীনের ছাত্র ও যুবসমাজ হতাশ হয়ে পড়েছিল। ছাত্রদের একাংশ জাপান, ইউরোপ ও আমেরিকায় শিক্ষালাভ করেও বিপ্লবোত্তর চীনে উপযুক্ত চাকুরি না পেয়ে সরকারের উগ্র সমালোচক হল। প্যারিসের শান্তি বৈঠকে জাপানী সাম্রাজ্যবাদকে সমর্থন করে চীনে জার্মান অধিকৃত এলাকা সান্টুং জাপানকে অধিকার করতে দেওয়া হয়। ভার্সাই সন্ধিতে চীনকে সান্টুং ফিরিয়ে দেবার কোনও শর্ত ছিল না। সান্টুং ফিরিয়ে দেবার দাবিতে স্কুল ও বিশ্ববিদ্যালয়ের হাজার হাজার ছাত্রছাত্রী এক ব্যাপক আন্দোলনের সামিল হল। বহু শিক্ষিত বেকার বিপ্লবী শক্তির হাতিয়ারে পরিণত হয়ে ১৯১৯ খ্রীস্টাব্দের ৪ঠা মে সরকারের বিরুদ্ধে এক তীব্র আন্দোলন করেছিল। ছাত্র-সমাজ যে আন্দোলনের ডাক দিয়েছিল তাতে চীনের কৃষক, শ্রমিক,ব্যবসায়ী ও বুদ্ধি-জীবীরাও যোগ দিয়েছিল। চীনা ছাত্র হিসাবে মাও সে-তুঙ্‌ও এই আন্দোলনে যোগ দিয়েছিলেন। ঐ দিনটি থেকে পিকিং ও অন্যান্য শহরে ভার্সাই সন্ধি ও জাপানী সাম্রাজ্যবাদের বিরুদ্ধে ছাত্ররা প্রচন্ড আন্দোলনে ঝাঁপিয়ে পড়ে। ছাত্রেরা চীনা সরকারের মন্ত্রীদের পদত্যাগ দাবি করে ও সরকারী কর্মচারীদের বাসগৃহ অবরোধ করে। জাপানী পণ্যসামগ্রী বয়কট করা হয়। শেষ পর্যন্ত এই আন্দোলন প্রশমিত হলেও চীনের জাতীয়তাবাদী আন্দোলনে গুরুত্বপূর্ণ প্রভাবের সৃষ্টি করে।

১৯২৫ খ্রীস্টাব্দে ডাঃ সান ইয়াৎ-সেনের মৃত্যু ঃ ১৯২১ খ্রীস্টাব্দে ক্যান্টনে সান ইয়াৎ-সেন চীনের প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছিলেন। কিন্তু তখনও উত্তরাঞ্চল অথবা দক্ষিণাঞ্চলের প্রদেশগুলির উপর তিনি আধিপত্য স্থাপন করতে পারেন নি। ১৯২৫ খ্রীস্টাব্দে দেশের ঐক্য সাধনের জন্য উত্তরাঞ্চলের নেতাদের সঙ্গে আলোচনার জন্য তিনি রওনা হন। কিন্তু আলোচনায় বসবার আগেই পিকিং শহরে ক্যান্সারে তাঁর মৃত্যু হয়।

কুয়োমিনতাঙ্‌ ও চীনের কম্যুনিস্ট দলের মধ্যে পারস্পরিক সম্পর্ক (১৯২১—১৯২৪) ঃ ১৯২১ খ্রীস্টাব্দে চীনে একটি কম্যুনিস্ট পার্টি স্থাপিত হয়। ঐ বছরই নব-নির্বাচিত প্রেসিডেন্ট সান ইয়াৎ-সেন রুশ সাহায্য গ্রহণে স্বীকৃত হন। রুশদেশ থেকে আসা পরামর্শদাতারা ছিলেন কম্যুনিস্ট, কুয়োমিনতাঙ্‌ দলের অধিকাংশ সদস্যই কম্যুনিস্ট ছিলেন। চীনের অবস্থার সঙ্গে সঙ্গতি রেখে পরিবর্তিত আকারে সাম্যবাদ প্রবর্তনের চেষ্টা এই দেশে চলছিল। কিন্তু সান ইয়াৎ-সেন রাশিয়ার সাম্যবাদের মার্ক্সীয় শ্রেণীসংগ্রামের কর্মসূচী গ্রহণ করেন নি। ঐ সময় চীনে কুয়োমিনতাঙ্‌ ও কম্যুনিস্ট সহযোগিতার বিশেষ প্রয়োজন ছিল। কুয়োমিনতাঙ্‌ দল গঠিত হয়েছিল বুর্জোয়া ও শিক্ষিত সম্প্রদায়কে নিয়ে। কৃষিজীবী ও শ্রমিকদের উপর এই দলের বিশেষ প্রভাব ছিল না। অন্যদিকে এই দুটি শ্রেণীর উপর কম্যুনিস্টদের বিশেষ প্রভাব

ছিল। কম্যুনিস্টদের লক্ষ্য ছিল সমরনায়কদের উচ্ছেদ, জমিদারী প্রথার বিলুপ্তি এবং শিল্পে অনুন্নত চীন থেকে বিদেশী শিল্পপতিদের বিতাড়ন। এই সময় চীনে কম্যুনিস্টদের আন্দোলন অনেকটা জাতীয়তাবাদের আদর্শে পরিচালিত হয়েছিল।

চিয়াং কাই-শেকের দমনমূলক নীতি ঃ বিদেশী কর্তৃক শুল্ক আদায়ের ব্যবস্থার বিরুদ্ধে কম্যুনিস্টরা ১৯২৫ খ্রীস্টাব্দের ৩০শে জুন সাংহাইতে একটি জাপানী ফ্যাক্টরীতে দাঙ্গা বাধায়। ১৯২৬ খ্রীস্টাব্দে সান ইয়াৎ-সেনের সুযোগ্য অনুচর চিয়াং কাই-শেক ক্যান্টন থেকে উত্তর চীনের দিকে সেনাবাহিনীসহ অগ্রসর হলেন। এই সেনাবাহিনী শহরের পর শহর অধিকার করে চলল। এইভাবে চীনের ঐক্য যখন দৃঢ় হতে চলেছিল তখন কুয়োমিনতাঙ্ দলের অকম্যুনিস্ট ও কম্যুনিস্টদের মধ্যে বিরোধের সূত্রপাত হল। ১৯২৭ খ্রীস্টাব্দে কম্যুনিস্ট ভাবাপন্ন একদল সৈনিক নানকিং অধিকার করে বিদেশীদের নির্যাতন ও হত্যা করে। কম্যুনিস্টরা হ্যাংকৌ ও কিউকিয়াং শহরেও ইংরেজদের আক্রমণ করেছিল। বিদেশী সরকারগুলি ক্ষতিপূরণ দাবি করল এবং কুয়োমিনতাঙ্ নেতাদের ক্ষমা চাইতে হবে বলে প্রস্তাব করল, দোষী ব্যক্তিদের শাস্তি দিতে হবে এই দাবিও করল। নরমপন্থী চিয়াং কাই-শেক এই সব ঘটনায় অত্যন্ত বিচলিত হয়েছিলেন। জনমত কম্যুনিস্টদের বিরুদ্ধে গেলে কয়েকজন কম্যুনিস্টকে কুয়োমিনতাঙ্ দল থেকে বহিষ্কৃত করা হল ; কিছু উগ্রপন্থী কম্যুনিস্টকে প্রাণদণ্ডে দণ্ডিত করা হল। এরপর তিনি কম্যুনিস্টদের দমনে প্রবৃত্ত হলেন। কম্যুনিস্ট ও কুয়োমিনতাঙ্ দল দুটির মধ্যে সংঘর্ষের প্রথম দিকে মনে হল উভয় দলেরই ধ্বংস বোধ হয় আসন্ন, কিন্তু শেষ পর্যন্ত কুয়োমিনতাঙ্ বাহিনীর আক্রমণে হ্যাংকৌ, লিংপো, অ্যাময় ও ক্যানটনে কম্যুনিস্টদের উচ্ছেদ করা হল। ১৯২৮ খ্রীস্টাব্দে কুয়োমিনতাঙ্ বাহিনী পিকিং দখল করলে চীনের ঐক্য সম্পন্ন হল কিন্তু ঐ সময় কম্যুনিস্টরা কিয়াংসি, ফুকিয়েন এবং আনলুই প্রদেশগুলিতে তাদের অধিকার বিস্তার করেছিল।

ছ'হাজার মাইল দীর্ঘ পদযাত্রা ঃ মাও সে-তুঙ্-এর নেতৃত্বে কম্যুনিস্টরা চীনের কিয়াংসি প্রদেশটিকে তাদের শক্ত ঘাঁটিরূপে গড়ে তুলেছিল। কিন্তু কুয়োমিনতাঙ্ বাহিনীর ক্রমাগত আক্রমণে এই প্রদেশে তারা নিশ্চিন্তে থাকতে পারল না। চিয়াং কম্যুনিস্টদের বিরুদ্ধে সর্বশক্তি নিয়ে অগ্রসর হলেন এবং কিয়াংসি থেকে তাদের বিতাড়িত করলেন। মাও সে-তুঙ-এর যুদ্ধকৌশল অনুসরণ না করায় কম্যুনিস্টরা পরাজিত হতে থাকে। ১৯৩৪ খ্রীস্টাব্দে কুয়োমিনতাঙ্দের আক্রমণে কম্যুনিস্টরা মারাত্মক ক্ষতির সম্মুখীন হল এবং অবরুদ্ধ হয়ে পড়ল। লি-টে নামে জনৈক কম্যুনিস্ট নেতা এই অবরোধ ভেঙ্গে উত্তর-পশ্চিম চীনে অগ্রসর হবার পরিকল্পনা করলেন। ছয় হাজার মাইল দূরে পীত নদীর বাঁকে সেন্সি প্রদেশের ইয়েনান শহরে তাদের মূল ঘাঁটি স্থানান্তরিত করতে বাধ্য হল। ১৯৩৪ খ্রীস্টাব্দের ১৫ই অক্টোবর ৮৫ হাজার সৈন্য এবং ১৫ হাজার সরকারী কর্মচারী ও কম্যুনিস্ট দলের নেতারা দীর্ঘ-দিনের পরিশ্রম ও আত্মত্যাগের এই ঘটনা চীনের ইতিহাসে সুদীর্ঘ পদযাত্রা (Long March) নামে খ্যাত।

১৯৩৫ খ্রীস্টাব্দে ইয়েনানে পেঁছিলে দেখা গেল মাত্র ত্রিশ হাজার সৈন্য রক্ষা পেয়েছে। এখানে মাও সে-তুঙ কম্যুনিস্ট দলকে পুনর্গঠিত করলেন। সেন্‌সির পার্বত্য অঞ্চলে কম্যুনিস্টরা গেরিলা যুদ্ধ করে কুয়োমিনতাঙদের আক্রমণ প্রতিহত করেছিল। সেন্‌সি প্রদেশে কম্যুনিস্টরা ভূমিসংস্কার প্রভৃতি জনকল্যাণমূলক কাজ করায় ব্যাপক জনসমর্থন পায় এবং কম্যুনিস্টদলের জনপ্রিয়তা বৃদ্ধি পেয়ে সমস্ত চীনে ছড়িয়ে পড়ে। মাও সে-তুঙ বিপ্লবী কৃষকদের নিয়ে একটা জাতীয় সেনাদল গঠিত করেন। এই সেনাবাহিনী খুবই শক্তিশালী হয়ে উঠেছিল। অন্যদিকে কুয়োমিনতাঙ্ দলের শাসনব্যবস্থা ছিল দুর্নীতিপূর্ণ। চিয়াং কাই-শেক কর্মহীন ব্যক্তিদের রুজি-রোজগারের কোনও ব্যবস্থা করেন নি, চীনদেশের শিল্প প্রসারের কোনও চেষ্টা করেন নি ; তিনি কেবলমাত্র সেনাবাহিনী বৃদ্ধি করেছিলেন। এই সময় বিদেশী বিশেষ করে আমেরিকান পণ্যদ্রব্যে চীনের বাজার ছেয়ে যায়।

সিয়ান-ফুর ঘটনা (১৯৩৬ খ্রীস্টাব্দ) ঃ ১৯৩১খ্রীস্টাব্দে জাপান চীনের পূর্বাঞ্চলে অবস্থিত মাঞ্চুরিয়া প্রদেশ আক্রমণ করে। এরপর জাপানী সেনাবাহিনী চীনের উত্তরাঞ্চলে প্রবেশ করে। কুয়োমিনতাঙ্ সরকার এই সময় সাম্রাজ্যবাদী জাপানকে বাধাদানের চেয়ে কম্যুনিস্টদের দমনেই বেশী ব্যস্ত ছিল। এই অবস্থায় চীনের স্বাধীনতা বিপন্ন হল। মাও-এর নেতৃত্বে কম্যুনিস্টরা সেন্‌সি প্রদেশে একটা সাম্যবাদী রাষ্ট্র প্রতিষ্ঠা করেছিল। এই রাষ্ট্রের রাজধানী ছিল সিয়ান শহর। কুয়োমিনতাঙ্ বাহিনীর সেনাপতি চ্যাং যখন তাঁর বাহিনী নিয়ে সিয়ান-এ উপস্থিত হলেন তখন কম্যুনিস্টরা তাঁর সঙ্গে যুদ্ধ না করে চীনে জাপানী আক্রমণ প্রতিরোধের জন্য তাঁর সহযোগিতা প্রার্থনা করলেন। চ্যাং এই প্রস্তাবে সম্মত হলেন। এরপর চিয়াং কাই-শেক যখন চ্যাংকে সাহায্য করার জন্য সিয়ানে উপস্থিত হলেন তখন তিনি চ্যাং-এর সেনাদলের হাতে বন্দী হলেন। কিছুকাল পরে চিয়াং মুক্ত হয়ে কম্যুনিস্টদের সঙ্গে মিলিতভাবে জাপানী আক্রমণ প্রতিরোধের সিদ্ধান্ত নিলেন (১৯৩৬ খ্রীস্টাব্দ)।

ক্রমাগত জাপানী আক্রমণ দ্বিতীয় বিশ্বযুদ্ধে রূপান্তরিত ঃ চীনারা বিস্ফোরকের সাহায্যে মুকডেন শহরের কাছে একটি রেলপথ ধ্বংস করার চেষ্টা করেছে,—এই অজুহাতে ১৯৩১ খ্রীস্টাব্দে জাপান মাঞ্চুরিয়া আক্রমণ ও অধিকার করে। জাপান মাঞ্চুরিয়ায় 'মাঞ্চুকুয়ো' নামে একটি তাঁবেদার রাষ্ট্র গঠন করে। জাতিসংঘ মাঞ্চুকুয়োকে স্বীকৃতি দিতে অনিচ্ছুক হলে জাপান জাতিসংঘের সদস্যপদ ত্যাগ করে (১৯৩৩ খ্রীস্টাব্দ)। ১৯৩৭ খ্রীস্টাব্দে জাপানীরা সাংহাই, এর কিছুকাল পর চীনের রাজধানী নানকিং এবং ১৯৩৮ খ্রীস্টাব্দে হ্যানকৌ ও ক্যানটন অধিকার করে। ১৯৩৯ খ্রীস্টাব্দে দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হলে চীনের বড় বড় শহরগুলি জাপান অধিকার করে। কম্যুনিস্ট ও কুয়োমিনতাঙ্ ঐক্যবোধে মিলিত জনগণ তখন এই আক্রমণের বিরুদ্ধে রুখে দাঁড়ায়। ১৯৪০ খ্রীস্টাব্দে জাপানীরা ইয়াংসি নদীতীরে গিরিকন্দরে অবস্থিত আই চিং শহর অধিকার করলে জাপানের এই আক্রমণ দ্বিতীয় বিশ্বযুদ্ধের রূপ নেয়। ১৯৪৫ খ্রীস্টাব্দে জাপান যুদ্ধে পরাস্ত হয়ে আত্মসমর্পণ করে।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর কুয়োমিনতাঙ্ ও কম্যুনিস্টদের মধ্যে গৃহযুদ্ধ ঃ এর পরিণতি ঃ ১৯৩৭ খ্রীস্টাব্দে চীনে কম্যুনিস্টদের সদস্য সংখ্যা ছিল এক লক্ষ মাত্র। এই সংখ্যা দ্রুতগতিতে বেড়ে ১৯৪৫ খ্রীস্টাব্দে দলের সদস্য সংখ্যা দাঁড়াল বারো লক্ষ। কম্যুনিস্টদের অধিকাংশই ছিল কৃষক; এদের প্রধান নেতা ছিলেন মাও সে-তুং। হুনানের এক অবস্থাপন্ন কৃষক পরিবারে ১৮৯০ খ্রীস্টাব্দে মাও সে-তুং জন্মগ্রহণ করেছিলেন। মাও ছিলেন মেধাবী ছাত্র; সাহিত্য ও দর্শনের প্রতি তাঁর গভীর অনুরাগ ছিল। ১৯২০ খ্রীস্টাব্দে মাও কার্ল মার্কসের আদর্শে দীক্ষিত হন। চীনের পরিবর্তিত অবস্থার সঙ্গে সামঞ্জস্য রেখে মার্কসবাদের প্রয়োগ তিনি করেছিলেন। তাঁর নীতিকে মাওবাদ বলা হয়। আধুনিক সমাজতান্ত্রিক চীনের তিনিই ছিলেন জনক। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর চীনে কুয়োমিনতাঙ্ ও কম্যুনিস্ট—এই দল দুটির মধ্যে রক্তক্ষয়ী গৃহযুদ্ধ শুরু হলে সমস্ত চীনে এক বিভীষিকার সৃষ্টি হয়। জেনারেল চু-তের নেতৃত্বে কম্যুনিস্টদের হাতে পরাজিত হয়ে শেষ পর্যন্ত কুয়োমিনতাঙ্ দলের নেতা চিয়াং কাই-শেক চীনের মূল ভূখণ্ড ত্যাগ করে ফরমোসায় পালিয়ে গিয়ে আশ্রয় গ্রহণ করতে বাধ্য হন। ১৯৪৯ খ্রীস্টাব্দের ১লা অক্টোবর 'চীনের জনগণের প্রজাতন্ত্র' (Peoples' Republic of China) প্রতিষ্ঠিত হল; এই প্রজাতন্ত্রের প্রথম রাষ্ট্রপতি হন চীনের কম্যুনিস্ট দলের প্রধান নেতা মাও সে-তুং।

মাও সে-তুং

অষ্টাদশ অধ্যায়

দক্ষিণ-পূর্ব এশিয়ার বিপ্লব

(১৯৪৫ খ্রীস্টাব্দের পর)

এশিয়া মহাদেশের পশ্চিমে ব্রহ্মদেশ থেকে পূর্বে ফিলিপাইন এবং উত্তরে ভিয়েতনাম থেকে দক্ষিণে ইন্দোনেশিয়া পর্যন্ত বিস্তৃত অঞ্চল 'দক্ষিণ-পূর্ব এশিয়া' নামে পরিচিত। দ্বিতীয় বিশ্বযুদ্ধের আগে এই অঞ্চলের প্রায় সমস্তটাই ইউরোপীয় সাম্রাজ্যবাদী রাষ্ট্রগুলির অধিকারে ছিল। জাপান ইউরোপীয় রাষ্ট্রগুলিকে শোচনীয়ভাবে পরাজিত করে এই অঞ্চল অধিকার করে। জাপানের কাছে ইউরোপীয় শক্তিগুলির পরাজয় এই অঞ্চলের দেশগুলিকে গভীরভাবে অনুপ্রাণিত করেছিল। যুদ্ধে জাপানের পরাজয়ের পর ইউরোপীয় সাম্রাজ্যবাদী শক্তিগুলি এই অঞ্চলের বিভিন্ন দেশে তাদের আধিপত্য পুনঃপ্রতিষ্ঠিত করতে উদ্যত হল। এই অঞ্চলের নির্যাতিত মানুষরা তখন সংঘবদ্ধ হয়ে স্বাধীনতা আন্দোলনের সূত্রপাত করল। যুদ্ধের সময় বা পরে জাপানের পরিত্যক্ত অস্ত্রশস্ত্র এই অঞ্চলের অধিবাসীরা হস্তগত করায় জাতীয় সংগ্রামে তারা সাফল্য

লাভ করে। তাদের সামনে ভারতের স্বাধীনতা লাভ ও চীনের বিপ্লব ছিল সংগ্রামের আদর্শ।

ইন্দোচীন ঃ ভিয়েতনাম, লাওস ও কাম্পুচিয়া—এই তিনটি দেশ ও জাতি নিয়ে গঠিত ইন্দোচীন। দ্বিতীয় বিশ্বযুদ্ধের আগে ইন্দোচীন ফরাসীদের অধিকারে ছিল। লিয়াচৌ নামে এক ব্যক্তি ভিয়েতনামের প্রাচীন ইতিহাস রচনা করলে এই দেশের জনগণ ভিয়েতনামের প্রাচীন সংস্কৃতির কথা জানতে পারে। তাদের মধ্যে দেশাত্মবোধের উদ্রেক হয় এবং ভিয়েতনামী জাতীয় আন্দোলন দেখা দেয়। ১৯০৫ খ্রীস্টাব্দে রুশ-জাপানী যুদ্ধে জাপানের সাফল্য এবং ১৯১১ খ্রীস্টাব্দে চীনে প্রজাতন্ত্রী বিপ্লব ভিয়েতনামীদের আত্মবিশ্বাস বাড়ায়। ডক্টর হো-চি-মিন নামে জনৈক কম্যুনিস্ট নেতা ভিয়েতনামের জাতীয়তাবাদী আন্দোলনে নেতৃত্ব দেন। ১৯৩১ খ্রীস্টাব্দে জাতীয়তাবাদী দল শাসক ফরাসীদের বিরুদ্ধে বিদ্রোহ আরম্ভ করে। হো-চি-মিন কৃষক শ্রমিক ও মধ্যবিত্তদের ঐক্যবদ্ধ করে ভিয়েতনামের স্বাধীনতা আন্দোলন চালিয়ে যান। ১৯৪৫ খ্রীস্টাব্দের মার্চ মাসে ইন্দোচীন জাপানের অধিকারে আসে। জাপান আনামের সম্রাট বাও-দাইকে জাপানী অধিকৃত ইন্দোচীন সরকারের প্রধান করেছিলেন। কিন্তু হো-চি-মিনের নেতৃত্বে ভিয়েতমিন দল এই সরকারকে মানতে অস্বীকার করে। ভিয়েতমিন দল জাপানকে বাধা দেয়। জাপানের পরাজয়ের পর হো-চি-মিনের নেতৃত্বে ভিয়েতমিন দল ভিয়েতনাম নামে একটা স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠা করে (১৯৪৫ খ্রীস্টাব্দ)। কিন্তু ফ্রান্স ইংরেজ সাম্রাজ্যবাদের সহযোগিতায় ভিয়েতনামে আধিপত্য স্থাপনের চেষ্টা করলে ভিয়েতমিন দলের সঙ্গে ফ্রান্সের সংঘর্ষ দেখা দেয়। ১৯৫৪ খ্রীস্টাব্দে দিয়েন-বিয়েন ফুর যুদ্ধে ভিয়েতনামী সেনাপতি গিয়াপ দুর্ধর্ষ ফরাসী বাহিনীকে পরাজিত করেন। এই যুদ্ধে পরাজিত হয়ে ফরাসীরা ভিয়েতনাম ত্যাগ করতে বাধ্য হয়। ১৯৫৪ খ্রীস্টাব্দে জেনেভা চুক্তি দ্বারা স্থির হয় যে—(১) ভিয়েতনামকে ১৭শ অক্ষাংশ রেখায় দুই ভাগে ভাগ করে উত্তর ভাগে হো-চি-মিন পরিচালিত কম্যুনিস্ট শাসন প্রতিষ্ঠিত হবে এবং দক্ষিণ ভাগে বাও দাই-এর শাসন চলবে। (২) ভারতের নেতৃত্বে গঠিত একটা কমিশন সমগ্র ভিয়েতনামে একটা গণভোট গ্রহণ করবে। এই ভোটের মাধ্যমে নির্ধারিত সংখ্যাগরিষ্ঠ দল ভিয়েতনামে কেন্দ্রীয় সরকার গঠন করবে। (৩) ফরাসী সৈন্যরা ভিয়েতনাম থেকে চলে যাবে। ফরাসীরা ভিয়েতনাম ত্যাগ করার পর আমেরিকার প্রভাবে ভিয়েতনামে গণভোটের ব্যবস্থা বাতিল করা হয়। মার্কিন যুক্তরাষ্ট্র দক্ষিণ ভিয়েতনামে তার এক তাঁবেদার সরকার গঠন করে উত্তর ভিয়েতনামের সমাজতন্ত্রী সরকারকে বিপন্ন করার চেষ্টা করে। প্রবল বাধা ও অভূতপূর্ব আত্মত্যাগের মধ্য দিয়ে হো-চি-মিনের নেতৃত্বে শেষ পর্যন্ত ১৯৫৪ খ্রীস্টাব্দে উত্তর ভিয়েতনাম স্বাধীন হলেও এবার সমগ্র ইন্দোচীন অঞ্চল জুড়ে আক্রমণ চালায় মার্কিন যুক্তরাষ্ট্র। দক্ষিণ ভিয়েতনামের পক্ষ নিয়ে উত্তর ভিয়েতনামের কম্যুনিস্টদের প্রতিরোধ করার নামে তারা সমগ্র অঞ্চলে আধুনিক অস্ত্রশস্ত্র নিয়ে আক্রমণ চালায়। ১৯৫৭ খ্রীস্টাব্দে দক্ষিণ ভিয়েতনামে যে গেরিলা যুদ্ধের সূত্রপাত হয় তা ক্রমশঃ সমগ্র ভিয়েতনামে ছড়িয়ে পড়ে। সাম্যবাদী উত্তর ভিয়েতনামকে চীন ও সোভিয়েত রাশিয়া এবং দক্ষিণ ভিয়েতনামকে আমেরিকা যুক্তরাষ্ট্র সাহায্য করতে থাকে। ভিয়েতনামের এই

দুই অংশের মধ্যে দীর্ঘকাল যুদ্ধ চলেছিল এবং শেষ পর্যন্ত আমেরিকার সাহায্যপুষ্ট দক্ষিণ ভিয়েতনামের সামরিক শাসকদের পরাজয় ঘটে সায়গন শহরকে যুক্ত করার পর (১৯৭৫ খ্রীস্টাব্দ)। সত্তর দশকের মধ্যভাগে সাম্যবাদীদের নেতৃত্বে উত্তর ও দক্ষিণ ভিয়েতনাম ঐক্যবদ্ধ হয় এবং স্বাধীন ভিয়েতনাম রাষ্ট্রের উদ্ভব হয়। বর্তমানে ভিয়েতনাম, লাওস ও কাম্পুচিয়া সবাই স্বাধীন।

ব্রহ্মদেশ ঃ ভারতের পূর্বে এবং চীন ও থাইল্যান্ডের পশ্চিমে দক্ষিণ-পূর্ব এশিয়ার আর একটা উল্লেখযোগ্য দেশ ব্রহ্মদেশের অবস্থান। ১৮৮৬ খ্রীস্টাব্দে ইংরেজরা ব্রহ্মদেশ ব্রিটিশ সাম্রাজ্যের অন্তর্ভুক্ত করেছিল। ১৯৪২ খ্রীস্টাব্দ থেকে ১৯৪৫ খ্রীস্টাব্দ পর্যন্ত যখন ব্রহ্মদেশ জাপানীদের অধিকারে ছিল তখন এই দেশে 'থার্টি কমরেডস্' (Thirty Comrades) নামে এক জাতীয়তাবাদী দলের উদ্ভব হয়। ব্রহ্মদেশ জাপানের অধিকারে থাকাকালীন স্বাধীনতার প্রতিশ্রুতি পেয়েছিল। ১৯৪৫ খ্রীস্টাব্দে ইংরেজরা ব্রহ্মদেশ পুনরায় অধিকার করে এই দেশকে স্বায়ত্তশাসিত ডোমিনিয়নের মর্যাদা দিতে স্বীকৃত হয়। থার্টি কমরেডস্ দলের নেতা আয়ুং-সান পূর্ণ স্বাধীনতার দাবি করেছিলেন। যুদ্ধের অবসানে এই দলের নেতা আয়ুং-সান কম্যুনিস্ট নেতা থান টুনের সহযোগিতায় ব্রহ্মদেশে একটা সরকার গঠনে সমর্থ হন এবং দেশের পূর্ণ স্বাধীনতার জন্য ইংরেজদের সঙ্গে আলাপ-আলোচনা করতে থাকেন। দুর্ভাগ্যক্রমে ১৯৪৭ খ্রীস্টাব্দের জুলাই মাসে আয়ুং-সান এক আততায়ীর হাতে নিহত হন। এরপর উ-নু (U-Nu), 'থার্টি কমরেডস্' দলের নেতা হন। 'নু-অ্যাট্‌লী চুক্তি' অনুসারে ১৯৪৮ খ্রীস্টাব্দে ব্রহ্মদেশ স্বাধীন হল। ভারতের মত ব্রহ্মদেশ কমনওয়েলথ-এর সদস্য হয় নি। এছাড়া জাতীয় ঐক্য সম্পন্ন করা উ-নুর সবচেয়ে বড় সমস্যা ছিল। ১৯৪৮ খ্রীস্টাব্দে কম্যুনিস্টরা বিদ্রোহী হয়ে সরকারকে বিশেষভাবে বিব্রত করতে থাকে। এইসঙ্গে মারাত্মক সমস্যা সৃষ্টি করেছিল সান্, কারেন, আরাকানী প্রভৃতি জাতি। ১৯৬২ খ্রীস্টাব্দের মার্চ মাসে এক সামরিক অভ্যুত্থানের ফলে জেনারেল নে উইন (General Ne Win) য়ু-নুকে ক্ষমতাচ্যুত করে ব্রহ্মদেশে সামরিক শাসন প্রতিষ্ঠা করেন।

মালয়েশিয়া ঃ ব্রহ্মদেশ জয় করার পর ইংরেজরা সিঙ্গাপুর ও মালয়দেশ অধিকার করে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় এইসব দেশে একটা প্রবল জাতীয়তাবাদী আন্দোলন গড়ে উঠেছিল। ভারত ও ব্রহ্মদেশ স্বাধীন হবার পর ব্রিটিশের পক্ষে মালয়কে ব্রিটিশ সাম্রাজ্যের অধীন রাখা কষ্টকর হল। ১৯৪৮ খ্রীস্টাব্দে মালয়ে সশস্ত্র গণ-অভ্যুত্থান হয়। তারই ফলস্বরূপ ১৯৬৩ খ্রীস্টাব্দের ১৫ই সেপ্টেম্বর মধ্যরাত্রির পর মালয়ের ছোট-বড় কয়েকটি রাজ্য মিলে মালয়েশিয়া ফেডারেশন বা যুক্তরাষ্ট্রের জন্ম হল। সিঙ্গাপুর আলাদা রইল। মালয়েশিয়া যুক্তরাষ্ট্রকে দুটি পৃথক অঞ্চলে ভাগ করা যায়। প্রথম অংশে আছে মালয় উপদ্বীপ আর দ্বিতীয় অংশে রয়েছে এই উপদ্বীপের উত্তর-পশ্চিমে বোর্নিও দ্বীপের উপকূল ভাগ। মালয় উপদ্বীপ ও বোর্নিও দ্বীপের উপকূলে কতকগুলি ক্ষুদ্র দ্বীপও মালয়েশিয়ার অন্তর্ভুক্ত। ব্রিটিশ-অধিকৃত মালয় উপদ্বীপ সর্বপ্রথম ১৯৫৭ খ্রীস্টাব্দের ৩১শে আগস্ট স্বাধীন হয়। ইংরেজদের বিশ্বস্ত বন্ধু

টেঙ্কু আবদুল রহমান মালয়ের প্রধানমন্ত্রী হন। সিঙ্গাপুরের সামরিক গুরুত্ব থাকায় ইংরেজরাও আরও কিছুকাল এই ঘাঁটিটির উপর নিয়ন্ত্রণ রাখেন এবং ১৯৬৩ খ্রীস্টাব্দের ৩১শে আগস্ট সিঙ্গাপুর স্বাধীন হয়। সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী হন লি-কুয়ান-ইউ। সাম্যবাদী চীন যাতে এই অঞ্চলে সাম্রাজ্যবাদী বিস্তারনীতি প্রসার করতে না পারে এই উদ্দেশ্যে টেঙ্কু আবদুল রহমান মালয়, সিঙ্গাপুর, সারাবাক, সারা ও ব্রুনো নামে পাঁচটি রাষ্ট্র নিয়ে মালয়েশিয়া যুক্তরাষ্ট্র গঠনের প্রস্তাব করেছিলেন। ব্রুনো এই যুক্তরাষ্ট্রে যোগদানের অনিচ্ছা প্রকাশ করায় প্রথমোক্ত চারটি রাষ্ট্র নিয়ে মালয়েশিয়া যুক্তরাষ্ট্রের জন্ম হয়।

ইন্দোনেশিয়া ঃ দক্ষিণ-পূর্ব এশিয়ার সুমাত্রা, জাভা, বোর্নিও, সিলিভিস নিউ গিনির অধিকাংশ এবং অন্যান্য দ্বীপ নিয়ে ইন্দোনেশিয়া রাষ্ট্র গঠিত। দ্বিতীয় বিশ্ব-যুদ্ধের আগে ইন্দোনেশিয়া দু'শ বছর ধরে ওলন্দাজদের অধিকারে ছিল। সুদূর অতীতকাল থেকে ভারতের সঙ্গে এই দেশের সাংস্কৃতিক সম্পর্ক। ১৯৪২ খ্রীস্টাব্দে জাপান ইন্দোনেশিয়া অধিকার করে। ঐ সময় থেকে সুকর্ণের নেতৃত্বে জাতীয়তাবাদী দল ইউরোপের সাম্রাজ্যবাদের বিরুদ্ধে তীব্র আন্দোলন চালাতে থাকেন। জাপানের আত্মসমর্পণের পর সুকর্ণের নেতৃত্বে স্বাধীন ইন্দোনেশিয়া প্রজাতন্ত্র গঠিত হয়। ১৯৪৫ খ্রীস্টাব্দে কিন্তু ওলন্দাজ সরকার এই রাষ্ট্রকে স্বীকৃতি দেয় নি। ওলন্দাজ সেনাবাহিনীর সঙ্গে জাতীয়তাবাদীদের তীব্র সংঘর্ষ দেখা দেয়। দেশের সাধারণ মানুষ ইংরেজ সাহায্যপুষ্ট ওলন্দাজদের বিরুদ্ধে রুখে দাঁড়ায়। শেষ পর্যন্ত জাতিপুঞ্জের মধ্যস্থতায় ১৯৪৯ খ্রীস্টাব্দে স্বাধীন ইন্দোনেশিয়া রাষ্ট্রের প্রতিষ্ঠা ঘোষিত হয়।

১৯৫০ খ্রীস্টাব্দে বান্দুং সম্মেলনে ভারত ও চীনের সমর্থনে এশিয়াকে রক্ষা করার জন্য "পঞ্চশীল" নীতি গ্রহণ করা হয়। ১৯৫৩ খ্রীস্টাব্দে সুকর্ণ ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি হন।

ঊনবিংশ অধ্যায় | দ্বিতীয় বিশ্বযুদ্ধজনিত পরিস্থিতি ও জাতীয়তাবাদের প্রসার

অতলান্তিক সনদ ঃ দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হবার দুবছরের মধ্যেই এই যুদ্ধের ধ্বংসলীলা এবং লোকক্ষয় মানুষের মনে এক গভীর উদ্বেগের সৃষ্টি করেছিল। এই সময় ঔপনিবেশিক দেশগুলিতে জাতীয়তাবাদী ভাবধারা প্রবল হয়ে উঠে। পৃথিবীর শান্তি ও নিরাপত্তা অব্যাহত রাখতে এবং ফ্যাসিস্ট শক্তিগুলির বিরুদ্ধে বিশ্বজনমতকে অনুকূলে রাখার জন্য যে সব ঘোষণা করা হল, তাদের মধ্যে অতলান্তিক সনদ হল সর্বপ্রথম। ১৯৪১ খ্রীস্টাব্দের ১২ই আগস্ট অতলান্তিক মহাসাগরের বুকে ভাসমান এক রণতরীতে মিলিত হয়ে মার্কিন রাষ্ট্রপতি রুজভেল্ট ও ইংরেজ প্রধানমন্ত্রী চার্চিল যে সনদ প্রকাশ করেন তা **অতলান্তিক সনদ (Atlantic Charter)** নামে পরিচিত। মার্কিন যুক্তরাষ্ট্র এই সময় যুদ্ধে লিপ্ত না হলেও ফ্যাসিবাদের বিভীষিকায় বিচলিত হয়ে উঠেছিল। ব্রিটেন ও রাশিয়াকে যথাসাধ্য সমরোপকরণ সরবরাহ করতে এবং প্রকাশ্যে

তাদের প্রতি সহানুভূতি জানাতে যুক্তরাষ্ট্রের আর কোনও দ্বিধা ছিল না। ফ্যাসিবাদী জার্মানি যে বিশ্বের স্বাধীনতা নষ্ট করতে উদ্যত হয়েছে সে বিষয়ে যুক্তরাষ্ট্রের কোনও সন্দেহ ছিল না। গণতান্ত্রিক আদর্শ রক্ষা করতে হলে বিশ্বের সমস্ত দেশগুলিকে ফ্যাসিবাদের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে—এটাই ছিল অতলান্তিক সনদের মূল কথা। এই সনদে প্রতিশ্রুতি দেওয়া হল যে যুদ্ধ জয়ের পর পৃথিবীকে চারটি রক্ষাকবচ দিয়ে গড়া হবে। সেগুলি হল—যুদ্ধের বিপদ থেকে, পরাধীনতার জ্বালা থেকে, স্বৈরাচারের দাপট থেকে ও অভাবের তাড়না থেকে মুক্তি। পরের বছর ২৬টি দেশ এই ঘোষণাপত্রে স্বাক্ষর করে। এই দেশগুলির মধ্যে ভারত ছিল অন্যতম। অতলান্তিক সনদ স্বাক্ষরিত হবার পর তা সম্মিলিত জাতিপুঞ্জের ঘোষণাপত্র নামে পরিচিত হয়।

সম্মিলিত জাতিপুঞ্জের প্রতিষ্ঠা ঃ দ্বিতীয় বিশ্বযুদ্ধের ব্যাপকতা, মারণাস্ত্রের ভয়াবহতা, অতুলনীয় সম্পত্তির ক্ষয়ক্ষতি এবং অগণিত জনগণের প্রাণনাশ নিঃসন্দেহে প্রমাণিত করল যে শান্তি ও নিরাপত্তা রক্ষা করতে না পারলে পৃথিবী ধ্বংস হয়ে যাবে। যুদ্ধের থেকে পৃথিবীকে রক্ষা করার তাগিদে ওয়াশিংটনের কাছে ডাম্বার্টন ওকস্ নামে একটি জায়গায় সম্মিলিত জাতিপুঞ্জের গঠনতন্ত্র সম্পর্কে ইংলন্ড, রাশিয়া, মার্কিন যুক্তরাষ্ট্র ও চীনের প্রতিনিধিদের মধ্যে আলাপ-আলোচনা হল। ১৯৪৫ খ্রীস্টাব্দের ২৫শে এপ্রিল সান্‌ফ্রান্সিস্কো শহরে পঞ্চান্নটি সদস্য রাষ্ট্র নিয়ে সম্মিলিত জাতিপুঞ্জে (U.N.O.—United Nations Organisation) প্রতিষ্ঠিত হল। এর বর্তমান সদস্য সংখ্যা দেড়শটি।

সম্মিলিত জাতিপুঞ্জের উদ্দেশ্য ঃ চারটি মৌলিক উদ্দেশ্য চরিতার্থ করার জন্য সম্মিলিত জাতিপুঞ্জ প্রতিষ্ঠিত হয়েছিল। এগুলি হল ঃ (১) আন্তর্জাতিক নিরাপত্তা বিধান করা ও শান্তি বজায় রাখা ; (২) বিভিন্ন রাষ্ট্রগুলির মধ্যে পরস্পর সৌহার্দ্য স্থাপন করা ; (৩) পৃথিবীর বিভিন্নাংশে মানবজাতির অর্থনৈতিক, সামাজিক, বৈজ্ঞানিক ও কৃষ্টিমূলক সমস্যার সমাধান করা এবং (৪) মানবজাতির যাবতীয় দুঃখ-দুর্দশা মোচন করে মানুষমাত্রকেই প্রকৃত মানুষের অধিকার. মর্যাদাবোধ ও মৌলিক স্বাধীনতা দান করা। বর্তমান সময় পর্যন্ত পৃথিবীতে তৃতীয় বিশ্বযুদ্ধের সম্ভাবনাকে সম্মিলিত জাতিপুঞ্জ বাধা দিয়ে চলেছে।

সম্মিলিত জাতিপুঞ্জের ছয়টি বিভাগ আছে। এগুলি হল সাধারণ সভা, স্বস্তি পরিষদ, আন্তর্জাতিক আদালত, অছি পরিষদ, সামাজিক ও অর্থনৈতিক পরিষদ ও দপ্তরখানা।

সমাজতান্ত্রিক শক্তির সাফল্য ঃ দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর সাম্যবাদী রাশিয়া এবং ধনতন্ত্র আমেরিকা বিশ্বের দুটি শ্রেষ্ঠ শক্তিরূপে আবির্ভূত হল। এই রাষ্ট্র দুটির খ্যাতি ও প্রতিপত্তি একদিকে যেমন বৃদ্ধি পেল তেমনি অন্যদিকে ব্রিটেন, ইটালী এবং ফ্রান্স প্রভৃতি ঔপনিবেশিক ও সাম্রাজ্যবাদী দেশগুলির শক্তি ও মর্যাদা হ্রাস পেল। দ্বিতীয় বিশ্বযুদ্ধে প্রচণ্ড ক্ষয়ক্ষতি স্বীকার করেও সোভিয়েত রাশিয়া যুদ্ধাবসানে ইউরোপের শ্রেষ্ঠ শক্তিতে পরিণত হয়েছে। এই যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ফল হল সোভিয়েত রাশিয়ার নেতৃত্বে সমাজতন্ত্রবাদের সম্প্রসারণ। যুদ্ধে নাৎসীবাদকে সম্পূর্ণ প্রতিরোধ করে সমাজতান্ত্রিকরা মধ্য ও পূর্ব ইউরোপে শক্তিশালী হয়ে

উঠেছিল। রাশিয়ার সামরিক জয় ও আধিপত্যের সুযোগে সমাজতান্ত্রিকরা অনেক দেশে রাষ্ট্রক্ষমতা অধিকার করেছিল। মস্কো থেকে পূর্ব-বার্লিন পর্যন্ত প্রসারিত দেশগুলিতে যথা পোল্যান্ড, রুমানিয়া, বুলগেরিয়া, যুগোশ্লাভিয়া, চেকোশ্লোভাকিয়া, আলবেনিয়া, হাঙ্গেরী ও পূর্ব-জার্মানিতে সমাজতান্ত্রিক সরকার প্রতিষ্ঠিত হয়। জাপানের পরাজয়ের পর কোরিয়া এবং চীনেও সমাজতন্ত্রবাদী রাষ্ট্রের উৎপত্তি হল। মধ্যপ্রাচ্য, গ্রীস ও দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলিতেও সমাজতান্ত্রিক আদর্শ প্রসারিত হল। এমনকি ধনতান্ত্রিক রাষ্ট্র আমেরিকা যুক্তরাষ্ট্র সংলগ্ন কিউবাতে একটা সমাজতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠা হওয়ায় উত্তর আমেরিকার দক্ষিণাঞ্চলের রাষ্ট্রগুলিতে মার্কিন ঔপনিবেশিক শোষণের বিরুদ্ধে একটা কেন্দ্র গড়ে উঠেছে। আজ পৃথিবীর এক-তৃতীয়াংশ জুড়ে সমাজতন্ত্রের আসন সুদৃঢ় হয়েছে।

সমাজতান্ত্রিক ও উপনিবেশ বিরোধী আন্দোলনের বিস্তার ঃ এশিয়া ও আফ্রিকার অধিকাংশ দেশই ছিল সাম্রাজ্যবাদী ইউরোপীয় রাষ্ট্রগুলির পদানত। এই পরাধীন দেশগুলি নিজেদের দুরবস্থা সম্বন্ধে সচেতন হয়ে উঠল এবং পরাধীনতার শৃঙ্খল ছিন্ন করতে উদ্‌গ্রীব হয়ে উঠল। ইতিপূর্বে ভারত ও দক্ষিণ-পূর্ব এশিয়ার পরাধীন রাষ্ট্রগুলির স্বাধীনতা আন্দোলনের ইতিহাস আলোচিত হয়েছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ইউরোপের ঔপনিবেশিক রাষ্ট্রগুলি হীনবল হয়ে পড়ে এবং অর্থনৈতিক দিক থেকে তারা চরম সংকটের সম্মুখীন হয়। ফলে দ্বিতীয় বিশ্বযুদ্ধের শেষে ঔপনিবেশিক সাম্রাজ্যবাদ প্রচণ্ড আঘাতের সম্মুখীন হয়। ইউরোপের সাম্রাজ্যবাদী রাষ্ট্রগুলি পৃথিবীর বিভিন্ন অঞ্চলে তাদের উপনিবেশগুলিকে অধীনে রাখার চেষ্টা করেও ব্যর্থ হয়েছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর সমগ্র পৃথিবীব্যাপী স্বাধীনতা আন্দোলন ব্যাপকভাবে দেখা দিয়েছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের শেষে পৃথিবীর এক-তৃতীয়াংশ লোক পরাধীন ছিল ; কয়েক বছরের মধ্যে এই সংখ্যা কমে মাত্র ছয় শতাংশ নেমে এসেছে। দক্ষিণ-পূর্ব এশিয়াতেই স্বাধীনতা আন্দোলন সবচেয়ে গুরুত্বপূর্ণ আকার ধারণ করে। এই অঞ্চলে ভারত, ইন্দোনেশিয়া, ব্রহ্মদেশ, সিংহল, মালয়, সিঙ্গাপুর এবং ভিয়েতনামে স্বাধীন রাষ্ট্রের উদ্ভব হয়।

ইউরোপীয় সাম্রাজ্যবাদী রাষ্ট্রগুলির বহু উপনিবেশ আফ্রিকায় ছিল। এই মহাদেশে এক অভূতপূর্ব নবজাগরণের সৃষ্টি হয়। ইউরোপীয় শক্তিবর্গের শাসনাধীন আফ্রিকার দেশগুলিতে ঔপনিবেশিক-বিরোধী ও সমাজতান্ত্রিক আন্দোলনের সূত্রপাত একই সঙ্গে হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধ কালে সামদুরিয়া ও সেঙ্গোরের নেতৃত্বে পশ্চিম আফ্রিকায় এবং জুলিয়াস নেরেরার নেতৃত্বে পূর্ব আফ্রিকার উপনিবেশ-বিরোধী ও সমাজতন্ত্রী আন্দোলন শক্তি সঞ্চয় করে। যুদ্ধের সময় উত্তর আফ্রিকার আলজেরিয়ায় ফ্রান্সের বিরুদ্ধে সমাজতান্ত্রিক ও স্বাধীনতা আন্দোলনের উদ্ভব হয়। ১৯৪৫ খ্রীস্টাব্দে ইংলন্ডের ম্যাঞ্চেস্টার শহরে উপনিবেশ-বিরোধী নিখিল আফ্রিকা ঐক্য সম্মেলনের পর আফ্রিকার উপনিবেশ-বিরোধী আন্দোলন শক্তিশালী হয়। সুদান, টিউনিশিয়া, লিবিয়া, মরোক্কো ও আলজেরিয়া রক্তক্ষয়ী সংগ্রামের পর স্বাধীনতা লাভ করে। কতকগুলি নিগ্রো অধ্যুষিত অঞ্চলেও স্বাধীনতা আন্দোলন দুর্বার হয়ে উঠে এবং ঘানা, গিনি, ক্যামেরুনস্, নাইজেরিয়া প্রভৃতি স্বাধীন রাষ্ট্রের অভ্যুত্থান বিশ্বের ইতিহাসে

এক অভিনব ঘটনা। একমাত্র দক্ষিণ আফ্রিকা ছাড়া সাম্রাজ্যবাদের ভিত আর কোথাও অবশিষ্ট নেই। ১৯৫৬ খ্রীস্টাব্দে বান্দুং-এর আফ্রো-এশীয় সম্মেলনে গণতান্ত্রিক সমাজতন্ত্রের আদর্শ গৃহীত হল। নূতন পৃথিবী জাগছে। ঔপনিবেশিক শক্তিগুলির একত্রিত হবার সুযোগ কমে আসছে। চেতনা বিকাশের সঙ্গে সঙ্গে পৃথিবীর মানুষ প্রগতির পথে এগিয়ে চলেছে।

অনুশীলনী

বাস্তবভিত্তিক ও মৌখিক প্রশ্নাবলী

১। সান ইয়াৎ-সেন কে? ২। ইউয়ান শী-কাই কে? ৩। 'তু-চুন' কারা? ৪। চিয়াং কাই-শেক কে? ৫। 'সান-মিন-চুই' কি? ৬। সান ইয়াৎ-সেনের মৃত্যু কত খ্রীস্টাব্দে হয়েছিল? ৭। 'দক্ষিণ-পূর্ব এশিয়া' কোন্ অঞ্চলকে বলা হয়? ৮। হো-চি-মিন কে? ৯। য়ু-নু কে? ১০। টেংকু আব্দুল রহমান কে? ১১। সুকর্ণ কে? ১২। অতলান্তিক সনদ কারা স্বাক্ষর করেছিলেন? ১৩। সম্মিলিত জাতিপুঞ্জের প্রতিষ্ঠা কত খ্রীস্টাব্দে হয়েছিল?

সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলী

১। সান ইয়াৎ-সেনের তিনটি মৌলিক নীতির বিবরণ দাও। ২। ১৯১৯ খ্রীস্টাব্দের ৪ঠা মে-র বিপ্লব সম্বন্ধে কি জান? ৩। ছ' হাজার মাইল দীর্ঘ পদযাত্রার বিবরণ দাও। ৪। সিয়ান-ফুর ঘটনাটি কি? ৫। কিভাবে ভিয়েতনাম রাষ্ট্রের উদ্ভব হয়েছিল? ৬। ব্রহ্মদেশ কিভাবে স্বাধীন হয়েছিল? ৭। মালয়েশিয়া যুক্ত-রাষ্ট্রের জন্ম কি ভাবে হয়েছিল?

সংক্ষিপ্ত রচনাত্মক প্রশ্নাবলী ঃ

১। প্রতিষ্ঠার পর থেকে ১৯৪৯ খ্রীস্টাব্দ পর্যন্ত কুয়োমিনতাঙ্ দলের ইতিহাস বর্ণনা কর। ২। ১৯২১ থেকে ১৯২৪ খ্রীস্টাব্দ পর্যন্ত চীনে কুয়োমিনতাঙ্ ও কম্যুনিস্ট দল দুটির মধ্যে সম্পর্ক কি রকম ছিল? ৩। চীনের উপর জাপানী আক্রমণের বিবরণ দাও। ৪। দ্বিতীয় বিশ্বযুদ্ধের অবসানে কুয়োমিনতাঙ্ ও কম্যুনিস্টদের মধ্যে গৃহযুদ্ধের বিবরণ দাও। এর পরিণতি কি হয়েছিল? ৫। সম্মিলিত জাতিপুঞ্জের প্রতিষ্ঠা কি ভাবে হয়েছিল? এর উদ্দেশ্য কি ছিল?

রচনাত্মক প্রশ্নাবলী ঃ

১। ইউয়ান শী-কাই-এর মৃত্যুর পর চীনের রাজনৈতিক অবস্থা বর্ণনা কর। ২। চিয়াং কাই-শেক কম্যুনিস্টদের কি ভাবে দমন করেছিলেন? ৩। ১৯৪৫ খ্রীস্টাব্দের পর দক্ষিণ-পূর্ব এশিয়ার বিপ্লবের বিবরণ দাও। ৪। ইন্দোনেশিয়া যুক্তরাষ্ট্রের জন্ম কিভাবে হয়েছিল? ৫। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর সমাজতান্ত্রিক ও উপনিবেশ-বিরোধী আন্দোলনের সংক্ষিপ্ত বিবরণ দাও।

S.C.E.R.T., West Bengal Library